যদ্যপি স্থানভেদাৎ প্রাণাদিত্যৌ ভিন্নাবিব লক্ষ্যেতে তথাপি ন স তত্ত্বভেদস্তয়োঃ। কথং সমান উ এব তুল্য এব প্রাণঃ সবিত্রা গুণতঃ সবিতা চ প্রাণেন। যস্মাদুষ্ণোঽয়ং প্রাণঃ উষ্ণশ্চাসৌ সবিতা। কিঞ্চ স্বর ইতীমং প্রাণমাচক্ষতে কথয়ন্তি তথা স্বর ইতি প্রত্যাস্বর ইতি চামুং সবিতারম্। যস্মাৎ প্রাণঃ স্বরত্যেব ন পুনর্মৃতঃ প্রত্যাগচ্ছতি। সবিতা ত্বস্তমিত্বা পুনরপ্যহন্যহনি প্রত্যাগচ্ছতি। অতঃ প্রত্যাস্বরোঽস্মাদ্‌গুণতো নামতশ্চ

উদিত হইয়া নৈশ অন্ধকার ও তজ্জনিত প্রাণিদিগের ভয় অপহরণ করেন। যে ব্যক্তি আদিত্যরূপী উদ্গীথের উপাসনা করে, তাহার জন্মমরণাদিরূপ আত্মভয় এবং সেই ভয়ের কারণ অজ্ঞান বিনষ্ট হইয়া যায় ॥ ১ ॥

যদিও স্থানভেদে প্রাণ ও আদিত্য এই উভয়কে বিভিন্ন বলিয়া প্রতীতি হয়, তথাপি প্রকৃতপক্ষে এই উভয়ের ভেদ নাই, অর্থাৎ গুণাগুণ বিবেচনা করিলে প্রাণও আদিত্যের তুল্য এবং আদিত্যও প্রাণের তুল্য, অর্থাৎ উভয় এক বলিয়া বোধ হইবে; যেহেতু প্রাণ ও আদিত্য এই উভয়ই উষ্ণগুণশালী। প্রাণকে স্বর ও আদিত্যকে স্বর এবং প্রত্যাস্বর বলে। যেমন আদিত্য প্রত্যহ উদয়াস্তগামী হইতেছেন, প্রাণও সেইরূপ জন্মমৃত্যুরূপ উদয়াস্তশীল হইতেছে। যে ব্যক্তি উক্ত উভয়কে অভেদজ্ঞান করিয়া উদ্গীথজ্ঞানে উপাসনা করে, সে পুনঃপুনঃ

অথ খল্বু ব্যানমেবোদ্গীথমুপাসীত যদ্বৈ প্রাণিতি স প্রাণো যদপানিতি সোঽপানঃ। অথ যঃ প্রাণাপানয়োঃ

সমানমিতরেতরং প্রাণাদিত্যৌ। অতঃ সতত্বাভেদাদেতং প্রাণমিমমমুষ্মাদিত্যমুদ্গীথমুপাসীত ॥ ২ ॥

অথ খল্বিতি। প্রকারান্তরেণোপাসনমুদ্গীথস্যোচ্যতে ব্যানমেব বক্ষ্যমাণলক্ষণম্। প্রাণস্যৈব বৃত্তিবিশেষমুদ্গীথমুপাসীত। অধুনা তৎসতত্বং নিরূপ্যতে। যদ্বৈ পুরুষঃ প্রাণিতি মুখনাসিকাভ্যাং বায়ুং বহির্নিঃসারয়তি স প্রাণাখ্যো বায়োর্বৃত্তিশেষো যদপানিত্যপখসিতি তাভ্যামেব অন্তরাকর্ষতি বায়ুং সোঽপানোঽপানাখ্যা বৃত্তিঃ। ততঃ কিমিত্যুচ্যতে অথ য উক্তলক্ষণয়োঃ প্রাণাপানয়োঃ সন্ধিস্তয়োরন্তরাবৃত্তিবিশেষঃ স ব্যানো যঃ সাঙ্খ্যাদিশাস্ত্রপ্রসিদ্ধঃ শ্রুত্যা বিশেষনিরূপণান্নাসৌ ব্যান ইত্যভিপ্রায়ঃ। কস্মাৎ পুনঃ প্রাণাপানৌ হিত্বা মহতায়াসেন ব্যানস্যৈবোপাসনমুচ্যতে। বীর্য্যবৎ-

---

জন্মমৃত্যুভাগী হয় না। সবিতা প্রতিদিন অস্তগমন করিয়া পুনর্ব্বার উদিত হয়েন, অতএব গুণ ও নামদ্বারা প্রাণ ও আদিত্য এই উভয়কে পরস্পর তুল্যরূপী জ্ঞান করিয়া উদ্গীথরূপে উপাসনা করিবে ॥ ২ ॥

অনন্তর প্রকারান্তরে উদ্গীথোপাসনা কথিত হইতেছে।—প্রাণের বৃত্তিবিশেষ ব্যানাদিকেও উদ্গীথরূপে উপাসনা করিবে। লোকে মুখ ও নাসিকাদ্বারা যে বায়ুকে বহির্দ্দেশে নিঃসারিত করে, তাহাই প্রাণ। আর যে মুখনাসিকাদ্বারা বায়ুকে অন্তরে আকর্ষণ করে, তাহাকে অপান বলাযায়। উক্ত প্রাণ ও অপানের যে সন্ধি, অর্থাৎ বৃত্তিবিশেষ, তাহাকেই ব্যান বলাযায়। (সাঙ্খ্যাদিশাস্ত্রে যাহাকে ব্যান বলিয়া উক্ত করিয়াছে, শ্রুতিতে বিশেষ নিরূপণহেতু তাহা ব্যান বলিয়া বোধ হয় না; অতএব প্রাণ ও অপানকে পরিত্যাগ করিয়া মহা আয়াসসহকারে ব্যানের উপাসনা করিবে)। শ্রুতিতে উক্ত আছে যে, বাক্য ব্যানের কার্য্যবশতঃ সেই ব্যানই বাক্য। এই ব্যানের উপাসনাতেই মহৎকার্য্য সাধিত হয়। যেহেতু বাক্য ব্যানের কার্য্য, অতএব প্রাণ ও অপানের ব্যাপার পরিত্যাগ

সন্ধিঃ স ব্যানো যো ব্যানঃ সা বাক্। তস্মাদপ্রাণন্নন-পানন্বাচমভিব্যাহরতি ॥ ৩ ॥

যা বাক্ সৎর্ক্স্মাদপ্রাণন্নপানন্ৃচমভিব্যাহরতি যর্ক্ৎ-সাম তস্মাদপ্রাণন্নপানন্সাম গায়তি যৎ সাম স উদ্গীথ-স্তস্মাদপ্রাণন্নপানন্ৃদ্গায়তি ॥ ৪ ॥

অতো যান্যন্যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি যথাগ্নের্ম্মন্থনমাজ্যেঃ

কর্ম্মহেতুত্বাৎ। কথং বীর্য্যবৎকর্ম্মহেতুত্বমিত্যাহ। যো ব্যানঃ সা বাক্। ব্যানকার্য্যত্বাদ্বাচঃ। যস্মাদ্ব্যাননির্ব্বর্ত্ত্যা বাক্তস্মাদপ্রাণন্নপানন্ প্রাণা-পানব্যাপারাবকুর্ব্বন্ বাচমভিব্যাহরত্যুচ্চারয়তি লোকঃ ॥ ৩ ॥

তথা বাগ্বিশেষামৃচমৃক্সংস্থঞ্চ সাম সামাবয়বঞ্চোদ্গীথমপ্রাণন্নপানন্ ব্যানেনৈব নির্ব্বর্ত্তয়তীত্যভিপ্রায়ঃ। ন কেবলং বাগাদ্যভিব্যাহরণমেবা-তোঽস্মাদন্যান্যপি যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি প্রযত্নাদধিকনির্ব্বর্ত্ত্যানি যথাগ্নে-র্ম্মন্থনমাজের্ম্মর্য্যাদায়াঃ সরণং ধাবনং দৃঢ়স্য ধনুষ আয়মনমাকর্ষণমপ্রাণন্ন-পানংস্তানি করোতি। অতো বিশিষ্টো ব্যানঃ প্রাণাদিপ্রবৃত্তিভ্যঃ। বিশি-

---

করিয়া লোকসকল বাক্য উচ্চারণ করে, অর্থাৎ যখন লোকে বাক্য উচ্চারণ করিতে থাকে, তখন প্রাণের কার্য্য নিঃসারণ ও অপানের কার্য্য বায়ু আকর্ষণ ইহার কিছুই থাকে না ॥ ৩ ॥

বাক্যই ঋক্, যেহেতু প্রাণ ও অপানের কার্য্য পরিহার করিয়া ঋক্ উচ্চারিত হয় এবং সেই ঋক্ হইতেই সাম হইয়াছে। অতএব প্রাণ ও অপানের কার্য্য পরিত্যাগ করিয়াও সামগান করিবে। সেই সামও উদ্গীথস্বরূপ; অতএব শ্বাসপ্রশ্বাস অবরোধ করিয়া নিয়ত উদ্গীথ-রূপা সামগানে নিয়ত থাকিবে ॥ ৪ ॥

কেবল যে বাক্য উচ্চারণদ্বারা সামগানরূপ উদ্গীথোপাসনা করিবে, এমত নহে; প্রযত্নসহকারে মহৎফলপ্রদ অন্যান্য কর্ম্মসকলও সাধন করিবে। যেমন সামগানদ্বারা উদ্গীথোপাসনা করিবে, সেইরূপ অগ্নিষ্টো-মাদি যজ্ঞের অনুষ্ঠানাদিদ্বারাও সেই উদ্গীথোপাসনা করিতে হইবে।

সরণং দৃঢ়স্য ধনুষ আয়মনমপ্রাণনপানেষ্বস্তানি করোত্যে-
তস্য হেতোর্ব্যানমেবোদ্গীথমুপাসীত ॥ ৫ ॥

অথ খলূদ্গীথাক্ষরাণ্যুপাসীতোদ্গীথ ইতি প্রাণ এবোৎ-

ষ্টতোপাসনং জ্যায়ঃ ফলবত্ত্বাদ্রাজোপাসনবৎ। এতস্য হেতোরেতস্মাৎ কারণাদ্ব্যানমেবোদ্গীথমুপাসীত নাস্তবৃত্ত্যন্তরং কর্ম্ম বীর্য্যবত্তরত্বং ফলম্ ॥ ৪-৫ ॥

অথাধুনা খলূদ্গীথাক্ষরাণ্যুপাসীত ভক্ত্যক্ষরাণি মা ভূবন্নিত্যতো বিশি-
নষ্টি উদ্গীথ ইতি। উদ্গীথনামাক্ষরাণীত্যর্থো নামাক্ষরোপাসনেঽপি নামবত এবোপাসনং কৃতং ভবেদমুকমিশ্রা ইতি যদ্বৎ। প্রাণ এবোদিত্য-

---

পরন্তু প্রাণাদির বৃত্তিহইতে ব্যানের বিশেষ আছে। প্রাণাদির বৃত্তিকালে অগ্নিমন্থন, মর্য্যাদার অনুসরণ এবং দৃঢ় ধনুকের আকর্ষণপ্রভৃতি কার্য্য হইতে পারে; কিন্তু ব্যানের কার্য্যকালে অন্য কোন কার্য্যই হইতে পারে না। অতএব ব্যানের কার্য্যই বিশেষ বীর্য্যবান্; সুতরাং বিশিষ্টের উপাসনাই শ্রেয়স্কর। যেমন সাধারণের উপাসনা অপেক্ষা রাজার উপাসনায় বিশেষ ফললাভ হয়; সেইরূপ বিশিষ্ট ব্যানের উপাসনা, অর্থাৎ সর্ব্বদা বাক্যোচ্চারণদ্বারা উদ্গাথের কীর্ত্তন বিশেষ ফলদায়ক জানিবে। এই নিমিত্ত ব্যানকে উদ্গাথ জ্ঞান করিয়া উপাসনা করিবে। এই উপাসনাতেই ব্রহ্মবিজ্ঞানরূপ ফললাভ হয়। অন্যান্যকর্ম্মে এইরূপ বৃহৎ ফললাভের প্রত্যাশা নাই ॥ ৫ ॥

নিয়ত উদ্গীথাক্ষরেরই উপাসনা করিবে। (ভক্ত্যক্ষরকে উপাস্যরূপে জ্ঞান করিবে না। উদ্গাথাক্ষরের উপাসনার নিকট ভক্তিসূচক নামাক্ষরোপাসনা অকিঞ্চিৎকর। নামাক্ষরোপাসনাতে নামবৎ পুরুষেরই উপাসনা হয়। লোকে কৃষ্ণাদি নামোল্লেখে যে উপাসনা করে, তাহা "কৃষ্ণ" এই অক্ষরের উপাসনা নহে; কৃষ্ণপদবাচ্য কোন পুরুষেরই উপাসনা। অতএব উদ্গীথাক্ষরের উপাসনাদ্বারা উদ্গীথপদবাচ্য পরব্রহ্মেরই উপাসনা জানিবে।) উৎ, গী ও থ এই অক্ষরত্রয়ের অর্থদ্বারা পরব্রহ্মই প্রতিপাদিত হইতেছেন। উৎ অর্থাৎ প্রাণ, যেহেতু প্রাণদ্বারাই

প্রাণেন হ্যেবোত্তিষ্ঠতি বাগ্গীর্বাচো হ গির ইত্যাচক্ষতে অন্নং থমন্নে হীদং সর্ব্বং স্থিতম্ ॥ ৬ ॥

দ্যৌরেবোদন্তরিক্ষং গীঃ পৃথিবী থমাদিত্য এবোদ্বায়ুর্গী-রগ্নিঃ স্বং সামবেদ এবোদ্যজুর্ব্বেদো গীঃ ঋগ্বেদঃ স্বং দুগ্ধেঽস্মৈ-

---

স্মিন্নক্ষরে প্রাণদৃষ্টিঃ। কথং প্রাণস্তোত্বমিত্যাহ। প্রাণেন হ্যুত্তিষ্ঠতি সর্ব্বোৎ-প্রাণস্তাবসাদদর্শনাদতোঽস্ত্যয়ঃ প্রাণস্ত চ সামান্তম্। বাগ্গীঃ। বাচো হ গির ইত্যাচক্ষতে শিষ্টাঃ। তথান্নং থমন্নে হীদং সর্ব্বং স্থিতমতোঽস্ত্যন্নস্ত খাক্ষরস্ত চ সামান্তম্ ॥ ৬ ॥

ত্রয়াণাং শ্রুত্যুক্তানি সামান্যানি তানি তেনানুরূপেণ শেষেষ্বপি দ্রষ্ট-ব্যানি দ্যৌরেবোদুচ্চৈঃস্থানাৎ। অন্তরিক্ষং গীর্গিরণাদ্লোকানাম্। পৃথিবী থং প্রাণিস্থানাৎ। আদিত্য এবোদূর্দ্ধত্বাৎ। বায়ুর্গীরগ্ন্যাদীনাং গির-ণাৎ। অগ্নিস্থং যাজ্ঞীয়কর্ম্মাবস্থানাৎ। সামবেদ এবোৎস্বর্গসংস্তুতত্বাৎ।

সমস্ত জীব উৎক্রান্ত হয়; প্রাণবিহীনের সর্ব্বদাই অবসাদ দেখা যাই-তেছে; অতএব উৎশব্দ প্রাণবাচক বলিয়া জানিবে। গী অর্থাৎ বাক্য। শিষ্টব্যক্তিরা গির্ শব্দের অর্থে বাক্যই নিরূপণ করিয়া থাকেন। থ শব্দে অন্ন; যেহেতু অন্নেই সকল প্রতিষ্ঠিত আছে; অতএব অন্ন ও থকারাক্ষর এই উভয়কে একার্থক বলাযায়। সুতরাং উৎ, গী, থ এই অক্ষরত্রয়াত্মক উদ্গীথশব্দ পরব্রহ্মবাচক জানিবে। অতএব ইহার উপাসনাতেই পর-ব্রহ্মের উপাসনা সিদ্ধ হয় ॥ ৬ ॥

প্রকারান্তরে উদ্গীথাক্ষরের ব্রহ্মপ্রতিপাদকত্ব নিরূপণ করিতেছেন।— উৎ অর্থাৎ স্বর্গ, যেহেতু স্বর্গই সকলের উপরিতনস্থান। গী অর্থাৎ অন্তরীক্ষ, যেহেতু অন্তরীক্ষ হইতেই লোকসকল উদ্গীর্ণ হইয়াছে। থ অর্থাৎ পৃথিবী, কারণ এই পৃথিবীই প্রাণিমাত্রের অবস্থিতিস্থান। অতএব উদ্গীথশব্দে স্বর্গ, অন্তরীক্ষ ও পৃথিবী এই ত্রয়াত্মক পরব্রহ্ম জানাযায়। প্রকারান্তরে উৎ অর্থাৎ আদিত্য, যেহেতু আদিত্যই সকলের উর্দ্ধচারী। গী অর্থাৎ বায়ু, কারণ এই বায়ুই অগ্ন্যাদি উদ্গীরণ করে। থ অর্থাৎ

বাগেবাহং যো বাচো দোহঃ অন্নবানন্নাদো ভবতি য এতান্যেবং বিদ্বানুদ্‌গীথাক্ষরাণ্যুপাস্ত উদ্‌গীথ ইতি ॥ ৭ ॥

অথ খল্বাশীঃ সমৃদ্ধিরূপসরণানীত্যুপাসীত যেন সাম্না স্তোষ্যন্ স্যাত্তৎসামোপধাবেৎ ॥ ৮ ॥

যজুর্ব্বেদো গীর্যজুষা প্রত্তস্য হবিষো দেবতানাং গিরণাৎ। ঋগ্বেদস্থমৃচ্যক্ষূটত্বাৎ সাম্নঃ। উদ্‌গীথাক্ষরোপাসনফলমধুনোচ্যতে দুগ্ধে দোগ্ধ্যস্মৈ সাধকায়। কা সা বাক্ কং দোহং কোঽসৌ দোহ ইত্যাহ। যো বাচো দোহঃ। ঋগ্বেদাদিশব্দসাধ্যং ফলমিত্যভিপ্রায়স্তদ্বাচো দোহস্তং স্বয়মেব বাগেবাগ্নি আত্মানমেব দোগ্ধি কিঞ্চান্নবান্ প্রভূতান্নোঽন্নাদশ্চ দীপ্তাগ্নির্ভবতি য এতানি যথোক্তানি এবং যথোক্তগুণান্যুদ্‌গীথাক্ষরাণি বিদ্বান্ সন্নুপাস্তে উদ্‌গীথ ইতি ॥ ৭ ॥

অথ খলু ইদানীমাশীঃ সমৃদ্ধিরাশিষঃ কামস্য সমৃদ্ধির্যথা ভবেত্তদুচ্যত

আগ্ন, কারণ অগ্নিই যজ্ঞীয় কর্ম্মসকলের অবস্থানস্বরূপ; সুতরাং আদিত্য, বায়ু ও অগ্নি এই অর্থত্রয়বিশিষ্ট উৎ, গী ও থ এই অক্ষরত্রয়াত্মক উদ্‌গীথশব্দ আদিত্য বায়ু ও অগ্নিময় পরব্রহ্মপ্রতিপাদক জানিবে। প্রকারান্তরে উৎ অর্থাৎ সামবেদ, যেহেতু সামবেদই সকলের সংস্তুত; গী অর্থাৎ যজুর্ব্বেদ, যেহেতু যজুর্ম্মন্ত্রে প্রদত্ত হবিঃ দেবতারা গ্রহণ করিয়া থাকেন; থ অর্থাৎ ঋগ্বেদ, যেহেতু ঐ ঋগ্বেদই সামবেদের উৎপত্তিস্থান; অতএব সাম, যজুঃ ও ঋক্ এই অর্থত্রয়বিশিষ্ট উৎ, গী ও থ এই অক্ষরত্রয়াত্মক উদ্‌গীথশব্দ সাম, যজুঃ ও ঋক্ এই বেদত্রয়ময় পরব্রহ্মের প্রতিপাদক বলিয়া প্রতিপন্ন হইতেছে। যেব্যক্তি উক্তরূপে উদ্‌গীথাক্ষরের অর্থ পরিজ্ঞাত হইয়া পরব্রহ্মজ্ঞানে উপাসনা করে, সেই সাধকের নিমিত্ত বাগ্দেবী সর্ব্বদা দোহন করিতে থাকেন; অর্থাৎ তাহার ঋগ্বেদাদিসাধ্য ফললাভ হয়; সর্ব্বপ্রকারে তাহার বাক্‌সিদ্ধি হইয়া থাকে; বাক্য তাহার প্রতি প্রসন্ন হইয়া সর্ব্বতোভাবে তাহার বশীভূত হয় এবং সেই ব্যক্তিই প্রভূত-অন্নশালী এবং অন্নভোক্তা ও দীপ্তাগ্নি হইয়া থাকে। এইরূপে যথোক্তগুণশালী উদ্‌গীথাক্ষর জানিয়া উপাসনা করিবে ॥ ৭ ॥

যস্যামৃচি তামৃচং যদার্ষেয়ং তমৃষিং যাং দেবতামভিষ্টৌষ্যন্‌স্যাত্তাং দেবতামুপধাবেৎ ॥ ৯ ॥

যেন ছন্দসা স্তোষ্যন্‌স্যাত্তচ্ছন্দ উপধাবেদ্‌যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাৎ তংস্তোমমুপধাবেৎ ॥ ১০ ॥

ইতি বাক্যশেষঃ। উপসরণান্যুপসর্ত্তব্যান্যুপগন্তব্যানি ধ্যেয়ানীত্যর্থঃ। কথমিত্যুপাসীত এবমুপাসীত তদ্‌যথা যেন সাম্না বিশেষেণ স্তোষ্যন্ স্তুতিং করিষ্যন্ স্যাত্তবেদুদ্গাতা তৎসামোপধাবেদুপস্মরেচ্চিন্তয়েদুৎপত্ত্যাদিভিঃ ॥৮

যস্যামৃচি তৎসাম তাঞ্চর্চ্চং উপধাবেদ্দেবতাদিভিঃ। যদার্ষেয়ং সাম তঞ্চর্ষিম্। যাং দেবতামভিষ্টৌষ্যন্ স্যাত্তাং দেবতামুপধাবেৎ ॥ ৯ ॥

যেন ছন্দসা গায়ত্র্যাদিনা স্তোষ্যন্ স্যাত্তচ্ছন্দ উপধাবেৎ। যেন স্তোষ্যমাণঃ স্যাৎ স্তোমেন। স্তোমাঙ্গফলস্য কর্ত্তৃগামিত্বাদাত্মনেপদং স্তোষ্যমাণ ইতি। তং স্তোমমুপধাবেৎ ॥ ১০ ॥

এইক্ষণে যেরূপে কামনাসিদ্ধি হইতে পারে, তাহাই কথিত হইতেছে।—ধ্যেয়বিষয়ের সর্ব্বদা ধ্যান করিবে; যে সামবেদদ্বারা বিশেষরূপে স্তুতি করিলে স্বয়ংই উদ্গাতা হইতে পারে, সেই সামবেদের চিন্তা করিবে। ছন্দ, দেবতাপ্রভৃতি জানিয়া সামগানদ্বারা পরব্রহ্মের উপাসনা করিবে, তাহাতেই কার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥ ৮ ॥

যে ঋগ্বেদে সামবেদ প্রতিষ্ঠিত আছে, সেই ঋগ্বেদ চিন্তা করিবে। এই ঋগ্বেদের দেবতা ঋষিপ্রভৃতি নির্ণয় করিয়া চিন্তা করিতে হইবে। আর যে দেবতার স্তব করিয়া লোকসকল বেদবিৎ হয়, সেই দেবতার আরাধনা করিবে ॥ ৯ ॥

যে গায়ত্রীপ্রভৃতি ছন্দোদ্বারা স্তব করিয়া লোকসকল ছন্দোবিৎ হইতে পারে, সেই গায়ত্রীপ্রভৃতি ছন্দের চিন্তা করিবে। যে যজ্ঞাদিদ্বারা স্তব করিয়া তত্ত্বজ্ঞ হইতে পারে, সেই যজ্ঞাদি চিন্তা করিবে। ঋগাদি বেদচিন্তা ও যজ্ঞাদি আচরণদ্বারা সর্ব্বদা পরব্রহ্মের উপাসনা করা বিধেয় ॥১০॥

যাং দিশমভিষ্টোষ্যন্ স্যাত্তাং দিশমুপধাবেৎ ॥ ১১ ॥
আত্মানমন্তত উপসৃত্য স্তুবীত কামং ধ্যায়ন্নপ্রমত্তো-
ঽভ্যাসো হ যদস্মৈ স কামঃ সমৃদ্ধ্যেত যৎ কামঃ স্তুবী-
তেতি যৎ কামঃ স্তুবীতেতি ॥ ১২ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

যাং দিশং স্তোষ্যমাণঃ স্যাত্তাং দিশমুপধাবেদধিষ্ঠাত্রাদিভিঃ ॥ ১১ ॥

আত্মানমুদ্গাতা স্বং রূপং গোত্রনামাদিভিঃ সামাদীন্ ক্রমেণ স্বঞ্চাত্মা-
নমন্ততোঽন্তে উপসৃত্য স্তুবীত। কামং ধ্যায়ন্নপ্রমত্তঃ স্বরোষ্মব্যঞ্জনাদিভ্যঃ
প্রমাদমকুর্ব্বংস্ততোঽভ্যাসঃ ক্ষিপ্রমেব হ যদ্যত্রাস্মা এবস্মিদে স কামঃ
সমৃদ্ধ্যেত সমৃদ্ধিং গচ্ছেৎ কোঽসৌ যৎ কামঃ সন্ স্তুবীতেতি দ্বিরুক্তি-
রাদরার্থা ॥ ১২ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

যেদিকে সকলের স্তব করিয়া দিগস্ত হইতে পারে, সেই দিক্ সকলের চিন্তা করিবে। (ইন্দ্রাদিদিগধিষ্ঠাতাদি দেবগণের স্তবদ্বারাও সেই ঈশ্বরস্তব সাধিত হয়; সুতরাং দিক্‌পতি ও দিকের চিন্তাতেই ঈশ্বরচিন্তা নিষ্পন্ন হইতে পারে) ॥ ১১ ॥

যেব্যক্তি পূর্ব্বোক্তপ্রকারে ক্রমতঃ নামগোত্রাদিদ্বারা অপ্রমত্তভাবে, অর্থাৎ স্বরব্যঞ্জনাদি অতিক্রম না করিয়া অভ্যাসবশতঃ সামাদি ধ্যান করিয়া অনন্তর আত্মস্বরূপ চিন্তা করে, তাহার সর্ব্বকামনা সম্পূর্ণ হয়। (যে ব্যক্তি যে কামনা করিয়া উক্তরূপে আত্মস্বরূপ চিন্তা করে, তাহার সেই কামনা পরিপূর্ণ হয়) ॥ ১২ ॥

ইতি তৃতীয়খণ্ড ॥ ৩ ॥

প্রথমপ্রপাঠকে-

চতুর্থঃ খণ্ডঃ।

ওমিত্যেতদক্ষরমুপাসীতোমিতি হ্যুদ্‌গায়তি তস্যোপ-ব্যাখ্যানম্ ॥ ১ ॥

দেবা বৈ মৃত্যোর্ব্বিভ্যতস্ত্রয়ীং বিদ্যাং প্রাবিশংস্তে ছন্দোভিরচ্ছাদয়ন্যদেভিরচ্ছাদয়ংস্তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্ ॥ ২ ॥

ওমিত্যেতদিত্যাদিপ্রকৃতস্যাক্ষরস্য পুনরুপাদানম্। উদ্গীথাক্ষরাদ্যুপাসনান্তরিতত্বাদন্যত্র প্রসঙ্গো মাভূদিত্যেবমর্থং প্রকৃতস্যৈবাক্ষরস্যামৃতাভয়গুণবিশিষ্টস্যোপাসনং বিধাতব্যমিত্যারম্ভঃ। ওমিত্যাদি ব্যাখ্যাতম্ ॥ ১ ॥

দেবা বৈ মৃত্যোর্ম্মারকাদ্বিভ্যতঃ কিং কৃতবন্ত ইত্যুচ্যতে। ত্রয়ীং বিদ্যাং ত্রয়ীবিহিতং কর্ম্ম প্রাবিশন্ প্রবিষ্টবন্তো বৈদিকং কর্ম্ম প্রারব্ধবন্ত ইত্যর্থঃ। তন্মৃত্যোস্ত্রাণং মন্যমানাঃ। কিঞ্চ তে কর্ম্মণ্যবিনিযুক্তেঃ

প্রসঙ্গত উদ্গীথাক্ষরোপাসনা উক্ত হইল। এইক্ষণ পুনর্ব্বার প্রকৃত ওঙ্কারোপাসনা কথিত হইতেছে।—উদ্গীথাক্ষরোপাসনা ব্যতিরেকে ওঙ্কারোপাসনা হইতে পারে, এই নিমিত্ত উদ্গীথাক্ষরোপাসনা কথিত হইয়াছে। "ওঁ" এই অক্ষরের উপাসনা করিবে, যেহেতু ওঙ্কার হইতে আরম্ভ করিয়া উচ্চৈঃস্বরে গান হইয়া থাকে; অতএব "ওঁ" অক্ষরই সর্ব্বদা গান করিবে। পূর্ব্বে যেরূপ উপাসনাপ্রণালী উক্ত হইয়াছে, সেই প্রকারেই উপাসনা করা কর্ত্তব্য ॥ ১ ॥

দেবগণও মৃত্যুর ভয়ে ভীত হইয়া মৃত্যুভয় হইতে পরিত্রাণলাভের মানসে বেদবিদ্যা আশ্রয় করিয়া বৈদিককর্ম্ম সাধন করিয়াছেন। অসুরগণ সর্ব্বদাই দেবতাদিগকে উদ্বেজিত করিত; সুতরাং দেবগণ অনেক সময় বেদোক্ত যজ্ঞাদি আচরণ করিয়া সেই অসুরগণের হস্তহইতে পরিত্রাণ পাইয়াছেন। যখন দেবগণ বৈদিকযাগাদিতে নিযুক্ত না থাকিতেন, তখনও

তানু তত্র মৃত্যুর্যথা মৎস্যমুদকে পরিপশ্যেদেবং পর্য্য-

ছন্দোভির্মন্ত্রৈর্জ্জপহোমাদি কুর্ব্বন্ত আত্মানং কর্ম্মান্তরেষচ্ছাদয়ন্ ছাদিত-বন্তঃ। যদ্যস্মাদেভির্মন্ত্রৈরাচ্ছাদয়ন্তস্মাচ্ছন্দসাং মন্ত্রাণাং ছান্দনাচ্ছন্দস্ত্বং প্রসিদ্ধমেব॥ ২॥

তাংস্তত্র দেবান্ কর্ম্মপরান্মৃত্যুর্যথা লোকে মৎস্যঘাতকো মৎস্যমুদকে নাতিগম্ভীরে পরিপশ্যেদ্বড়িশোদকস্রাবোপায়সাধ্যং মন্যমান এবং পর্য্য-পশ্যদ্দৃষ্টবান্ মৃত্যুঃ। কর্ম্মক্ষয়োপায়সাধ্যান্ দেবান্ মেনে ইত্যর্থঃ। কাসৌ দেবান্দদর্শেত্যুচ্যতে। ঋচি সাম্নি যজুষি। ঋগ্যজুঃসামসম্বন্ধিকর্ম্মণীত্যর্থঃ। তে নু দেবা বৈদিকেন কর্ম্মণা সংস্কৃতা শুদ্ধাত্মানঃ সন্তো মৃত্যোশ্চিকীর্ষিতং বিদিতবন্তঃ। বিদিত্বা চ তদূর্দ্ধা ব্যাবৃত্তাঃ কর্ম্মভ্যঃ ঋচঃ সাম্নো যজুষঃ

ছন্দোগান, মন্ত্রজপ ও হোমাদিক্রিয়াদ্বারা কর্ম্মান্তরে নিযুক্ত থাকিতেন। তাঁহারা এইরূপে সর্ব্বদা বিবিধকর্ম্মে সমাচ্ছন্ন থাকিতেন, তাহাতেই তাঁহা-দিগের মৃত্যুভয় নিবারিত হইত। যেহেতু ঐ সকল মন্ত্র দেবগণকে সমাচ্ছাদিত করিয়া রাখিত; এই নিমিত্তই ঐ সকল মন্ত্রের ছন্দোনাম প্রসিদ্ধ হইয়াছে॥ ২॥

দেবতারা সর্ব্বদা কর্ম্মরত থাকিতেন, এই নিমিত্ত মৃত্যু তাঁহাদিগকে আক্রমণ করিতে পারে নাই। কর্ম্মই তাঁহাদিগকে আচ্ছাদন করিয়া রাখে; সুতরাং মৃত্যু দেখিতেও পায় না। যেমন মৎস্য অতিগম্ভীরজলে বাস করিলে মৎস্যজীবীরা তাহা দেখিতে পায় না, পরন্তু বড়িশ অথবা জল-প্রয়োগনিষ্ক্রামণাদি উপায়দ্বারা সেই সকল মৎস্য গ্রহণ করে, সেইরূপ মৃত্যুও কর্ম্মক্ষয়ে দেবতাদিগকে অভিভূত করে। যদি মৎস্য অল্পজলে বাস করে, তাহাহইলেই মৎস্যঘাতকেরা বিবেচনা করে যে, বড়িশদ্বারা কিম্বা জলনিষ্কাশনদ্বারা যে কোন উপায়েই হউক, এই মৎস্যদিগকে আয়ত্ত করিতে পারিব। ঐ সকল মৎস্য যদি অতিগভীরজলে বাস করে, তাহাহইলে ধীবরেরা তাহা অসাধ্যবিবেচনায় পরিত্যাগ করে, এইরূপ দেবতারা নিয়ত কর্ম্মে সমাচ্ছন্ন থাকিলে মৃত্যু তাঁহাদিগকে দর্শনও করিতে পারে না। মধ্যে মধ্যে ঐ কর্ম্মের বিচ্ছেদ হইলেই অবকাশ পাইয়া মৃত্যু

পশ্যদৃচি সাগ্নি যজুষি। তে নু বিদ্বোর্দ্ধা ঋচঃ সাম্নো যজুষঃ স্বরমেব প্রাবিশন্ ॥ ৩ ॥

যদা বা ঋচমাপ্নোত্যোমিত্বেবাতিস্বরত্যেবꣳ সামৈবং যজুরেষ উ স্বরো যদেতদক্ষরমেতদমৃতমভয়ং তৎ প্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্ ॥ ৪ ॥

ঋগ্‌যজুঃসামসম্বন্ধাৎ কর্ম্মণঃ অভ্যুত্থায়েত্যর্থঃ। তেন কর্ম্মণা মৃত্যুভয়াপগমং প্রতি নিরাশাস্তদপাস্যামৃতাভয়গুণমক্ষরং স্বরশব্দিতং প্রাবিশন্নেব প্রবিষ্টবন্তঃ। ওঙ্কারোপাসনপরাঃ সংবৃত্তাঃ। এবশব্দোঽবধারণার্থঃ সন্ সমুচ্চয়প্রতিষেধার্থঃ। তদুপাসনপরাঃ সংবৃত্তা ইত্যর্থঃ ॥ ৩ ॥

কথং পুনঃ স্বরশব্দবাচ্যত্বমক্ষরস্যেত্যুচ্যতে। যদা বৈ ঋচমাপ্নোত্যোমিত্যেবাতিস্বরত্যেবং সামৈবং যজুঃ। এষ এব উ স্বরঃ। কোঽসৌ যদেতদক্ষরমেতদমৃতমভয়ং তৎ প্রবিশ্য যথাগুণমেবামৃতা অভয়াশ্চাভবন্দেবাঃ ॥৪॥

আয়ত্ত করিতে চেষ্টা করে। এই নিমিত্ত তাঁহারা সর্ব্বদা ঋগ্‌যজুঃসাম-সম্বন্ধীয় কর্ম্মে নিযুক্ত থাকেন এবং ঐ সকল বৈদিক কর্ম্মদ্বারা সংস্কৃত হইয়া শুদ্ধাত্মা হইলে মৃত্যুর বাঞ্ছিত কর্ম্ম জানিতে পারেন। অনন্তর তাঁহারা মৃত্যুর চিকীর্ষিত জানিয়া ঋগ্‌যজুঃসাম-সম্বন্ধীয় কর্ম্মপরিত্যাগ করেন এবং তাঁহারা বিবেচনা করেন যে, এই কর্ম্মদ্বারা আমাদিগের মৃত্যু-ভয় নিবারণের আশা নাই; সুতরাং তখন তাঁহারা অমৃত ও উভয়গুণশালী ওঙ্কারাক্ষরের উপাসনায় প্রবিষ্ট হয়েন। ওঙ্কার-উপাসনাদ্বারা ব্রহ্মধ্যান করিলে তাহার আর মৃত্যুভয় থাকে না ॥ ৩ ॥

যখন নিয়ত অভ্যাস ও অধ্যয়নদ্বারা ঋগ্বেদ আয়ত্তীকৃত হয়, তখন অতিশয় যত্নপূর্ব্বক ওঙ্কারোচ্চারণ করিয়া ঋক্, যজুঃ, সাম এই বেদত্রয় অধ্যয়নের ফললাভ হইয়া থাকে। দেবতারাও উক্তরূপে উপাসনা করিয়া নিখিলভয় হইতে উত্তীর্ণ হইয়া অমৃতত্বলাভ করিয়াছেন। (যাঁহারা এইরূপে বেদত্রয় অধ্যয়ন ও ওঙ্কারোপাসনা করেন, তাঁহারাও সাংসারিক ভয়সকল অতিক্রম করিয়া অমর হইতে পারেন) ॥ ৪ ॥

স য এতদেবং বিদ্বানক্ষরং প্রণৌত্যেতদেবাক্ষরগ্ স্বরমমৃতমভয়ং প্রবিশতি তৎ প্রবিশ্য যদমৃতা দেবাস্তদমৃতো ভবতি ॥ ৫ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

স যোঽন্যোঽপি দেববদেবৈতদক্ষরমেবমমৃতাভয়গুণং বিদ্বান্ প্রণৌতি স্তৌতি উপাসনমেব চাত্র স্তুতিরভিপ্রেতা স তথৈবৈতদেবাক্ষরং স্বরমমৃতমভয়ং প্রবিশতি তৎ প্রবিশ্য চ রাজকুলং প্রবিষ্টানামিব রাজ্ঞোঽন্তরঙ্গবহিরঙ্গতাবত্ন পরস্য ব্রহ্মণোঽন্তরঙ্গবহিরঙ্গতাবিশেষঃ। কিন্তর্হি যদমৃতা দেবা যেনামৃতত্বেন যদমৃতা অভূবন্ তেনৈবামৃতত্বেন বিশিষ্টস্তদমৃতো ভবতি ন ন্যূনতা নাপ্যধিকতা অমৃতত্ব ইত্যর্থঃ ॥ ৫ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

অন্য যে কোন ব্যক্তি দেবগণের ন্যায় অমৃত ও অভয়-গুণসম্পন্ন ওঙ্কারাক্ষরের মাহাত্ম্য জানিয়া স্তব করেন, তিনিই সেই অমৃত অভয় ওঙ্কারাক্ষরে প্রবেশ করিতে পারেন এবং ওঙ্কারকে ব্রহ্মজ্ঞানে ধ্যান করিয়া দেবগণের ন্যায় অমৃতত্বলাভ করিতে পারেন। (রাজকুলে প্রবেশ করিলে যেমন রাজার অন্তরঙ্গ বহিরঙ্গ দৃষ্ট হয়, কিন্তু পরব্রহ্মের কোনরূপ অন্তরঙ্গ বহিরঙ্গ নাই। তাঁহার উপাসনাতে সকলেরই তুল্য অধিকার এবং সকলকেই ব্রহ্মজ্ঞানে ধ্যান করিবে) ॥ ৫ ॥

ইতি চতুর্থখণ্ড ॥ ৪ ॥

প্রথমপ্রপাঠকে-

পঞ্চমঃ খণ্ডঃ।

অথ খলু য উদ্‌গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্‌গীথ ইত্যসৌ বা আদিত্য উদ্‌গীথ এষ প্রণব ওমিতি হ্যেষ স্বরন্নেতি ॥ ১ ॥

প্রাণাদিত্যদৃষ্টিবিশিষ্টস্যোদ্গীথস্যোপাসনমুক্তমেবানূদ্য প্রণবোদ্গীথয়োরেকত্বং কৃত্বা তস্মিন্ প্রাণরশ্মিভেদগুণবিশিষ্টদৃষ্ট্যাঽক্ষরস্যোপাসনমনেকপুত্রফলমিদানীং বক্তব্যমিত্যারভ্যতে। অথ খলু য উদ্গীথঃ স প্রণবো বহ্বৃচানাম্। যশ্চ প্রণবস্তেষাং স এব ছান্দোগ্য উদ্গীথশব্দবাচ্যোঽসৌ বাদিত্য উদ্গাথ এষ প্রণবঃ প্রণবশব্দবাচ্যোঽপি স এব বহ্বৃচানাং নান্ত উদ্‌গাথ আদিত্যঃ কথং উদ্‌গীথাখ্যমক্ষরমোমিত্যেতদেষ হি যস্মাৎ স্বরন্নুচ্চারয়ন্নেকার্থত্বাদ্ধাতূনাম্। অথবা স্বরন্ গচ্ছন্নেতি অতোঽসাবুদ্‌গীথঃ সবিতা ॥ ১ ॥

প্রাণ ও আদিত্য-দৃষ্টিবিশিষ্ট উদ্গীথের উপাসনা উক্ত হইয়াছে, অর্থাৎ প্রাণ ও আদিত্য ইহারা উদ্গীথস্বরূপ বলিয়া প্রতিপন্ন হইয়াছে। এইক্ষণ প্রণব ও উদ্‌গীথ এই উভয়ের একত্বজ্ঞান করিয়া প্রাণ ও আদিত্যদৃষ্টিতে সেই ওঙ্কারাক্ষরের উপাসনা উক্ত হইতেছে।—(এই উপাসনা পুত্রফলপ্রদ। প্রাণদৃষ্টিদ্বারা অধিদৈবতরূপ এবং আদিত্যদৃষ্টিদ্বারা বিশিষ্ট উদ্গীথাক্ষরের যে উপাসনা উক্ত হইয়াছে, সেই উপাসনাকে নিন্দা করিয়া প্রাণ ও রশ্মির ভেদরূপগুণবিশিষ্ট দৃষ্টিদ্বারা উদ্‌গীথাবয়বাক্ষরের অনেকপুত্রফলদ উপাসনা এই গ্রন্থে বক্তব্য।) যিনি উদ্‌গাথ, তিনিই প্রণব আর যিনি প্রণব, তিনিই উদ্‌গাথ এবং আদিত্যই উদ্‌গীথ ও ইনিই প্রণব। যেহেতু এই উদ্‌গীথাক্ষর উচ্চারণপূর্ব্বক তৎপ্রতিপাদ্য পরব্রহ্মকে স্মরণ করিলেই ব্রহ্মত্বলাভ হয় ॥ ১ ॥

এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ রশ্মীংস্ত্বং পর্য্যাবর্ত্তয়াদ্বহবো বৈ তে ভবিষ্যন্তীত্যধিদৈবতম্ ॥ ২ ॥

অথাধ্যাত্মং য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসীতোমিতি হ্যেষ স্বরন্নেতি ॥ ৩ ॥

তমেতমু এবাহমভ্যগাসিষমাভিমুখ্যেন গীতবানস্ম্যাদিত্যরশ্ম্যভেদং কৃত্বা ধ্যানং কৃতবানস্মীত্যর্থস্তেন তস্মাৎ কারণান্মম ত্বমেকোঽসি পুত্র ইতি হ কৌষীতকিঃ কুষীতকস্যাপত্যং কৌষীতকিঃ পুত্রমুবাচোক্তবান্। অতো রশ্মীনাদিত্যঞ্চ ভেদেন ত্বং পর্য্যাবর্ত্তয়াৎ পর্য্যাবর্ত্তয়েত্যর্থঃ। ত্বং যোগাদেবং বহবো বৈ তে তব পুত্রা ভবিষ্যন্তীত্যধিদৈবম্ ॥ ২ ॥

অথানন্তরমধ্যাত্মমুচ্যতে। য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসীতেত্যাদি। তথা পূর্ব্ববদোমিতি হ্যেষ প্রাণোঽপি স্বরন্নেত্যোমিতি হ্যনুজ্ঞাং কুর্ব্বন্নিব বাগাদিপ্রবৃত্ত্যর্থমেতীত্যর্থঃ ॥ ৩ ॥

কুষীতকতনয় কৌষীতকি নামক ঋষি স্বীয় পুত্রকে বলিয়াছিলেন, আমি সেই উদ্গীথাক্ষর ওঙ্কারকে আদিত্যরূপে ধ্যান করিয়াছিলাম, এই নিমিত্ত তোমাকে পুত্রলাভ করিয়াছি। যেমন আদিত্য ও রশ্মি উভয়েই অভেদরূপে জ্ঞান হয়, সেইরূপ ওঙ্কারকে ব্রহ্মের অভিন্নরূপে উপাসনা করিবে। তুমিও এইরূপে যোগদ্বারা তাহার উপাসনা কর, তোমারও বহু বহু পুত্র হইবে। উক্তপ্রকারে দৈবতাদিগকে লক্ষ্য করিয়া যে যে উপাসনা করা হয়, তাহাও সেই ব্রহ্মেরই উপাসনা জানিবে। ইহাকেই আধিদৈবত ব্রহ্মোপাসনা বলা যায় ॥ ২ ॥

অনন্তর পরব্রহ্মের অধ্যাত্মোপাসনা কথিত হইতেছে।—যে ব্যক্তি "মুখ্যপ্রাণই উদ্গীথ" এইরূপ প্রাণকে পরব্রহ্মজ্ঞানে উপাসনা করে, তাহারই উদ্গীথাক্ষরপ্রতিপাদ্য ব্রহ্মোপাসনা সিদ্ধ হয় এবং সেই উপাসনাদ্বারাই পরব্রহ্মলাভ হইয়া থাকে। প্রাণিগণের প্রবৃত্তির নিমিত্ত প্রাণই

এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ প্রাণস্ত্বং ভূমানমভিগায়তাদ্বহবো মে ভবিষ্যন্তীতি ॥ ৪ ॥

অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ

ন হি মরণকালে মুমূর্ষোঃ সমীপস্থাঃ প্রাণস্যোঙ্করণং শৃণ্বন্তীতি। সামান্যাদাদিত্যেঽপ্যোঙ্করণমনুজ্ঞামাত্রং দ্রষ্টব্যম্। এবমু এবাহমভ্যগাসিষমিত্যাদি পূর্ব্ববদেব। অতো বাগাদীন্ মুখ্যঞ্চ প্রাণং ভেদগুণবিশিষ্টমুদ্গীথং পশ্যন্ ভূমানং মনসাঽভিগায়তাৎ। পূর্ব্ববদাবর্ত্তয়েত্যর্থঃ। বহবো বৈ মে মম পুত্রা ভবিষ্যন্তীত্যেবমভিপ্রায়ঃ সন্নিত্যর্থঃ। প্রাণাদিত্যেকত্বোদ্গীথদৃষ্টেরেকপুত্রত্বফলদোষেণাপোদিতত্বাদ্রশ্মিপ্রাণভেদদৃষ্টেঃ কর্ত্তব্যতা চোদ্যতেঽস্মিন্ কাণ্ডে বহুপুত্রফলত্বার্থম্ ॥ ৪ ॥

অথ খলু য উদ্গীথ ইত্যাদিপ্রণবোদ্গীথৈকত্বদর্শনমুক্তং তস্যৈতৎফল-

---

অনুজ্ঞা করিয়া থাকে, সেই প্রাণকেই পরব্রহ্মরূপে ধ্যান করিবে। ইহাই পরব্রহ্মের আধ্যাত্মিক উপাসনা ॥ ৩ ॥

মরণকালে মুমূর্ষু ব্যক্তির সমীপস্থ বন্ধুগণ প্রাণের ওঙ্কারোচ্চারণ শুনিতে পায় না, অর্থাৎ প্রাণের বাগাদিপ্রবৃত্তি হয় না, কেবল জীবিতাবস্থাতেই বাগাদির প্রবৃত্তি দৃষ্ট হয়; অতএব প্রাণের যে ওঙ্কারোচ্চারণ, তাহাও অনুজ্ঞামাত্র। সুতরাং প্রাণেতে অধ্যাত্মরূপে এবং আদিত্যে অধিদৈবতরূপে উদ্গাথের উপাসনা করিবে। উভয়কেই অবিশেষরূপে উদ্গীথজ্ঞানে ধ্যান করা কর্ত্তব্য। কৌষীতকি স্বীয় পুত্রকে বলিয়াছেন, আমি সেই উদ্গীথাক্ষর ওঙ্কারকে আদিত্য ও প্রাণ উভয়রূপে ধ্যান করিয়াছিলাম। এই নিমিত্ত তুমি আমার একমাত্র পুত্র উৎপন্ন হইয়াছ। যেমন আদিত্যের রশ্মি অনন্ত, তুমিও সেইরূপ ব্রহ্মকে অনন্তরূপে ধ্যান করিলে তোমারও অনন্তপুত্র লাভ হইবে। অতএব যে যেরূপে উদ্গীথাক্ষর উচ্চারণপূর্ব্বক পরব্রহ্মের ধ্যান করে, তাহারই সেই কামনা পরিপূর্ণ হয় ॥ ৪ ॥

যে উদ্গীথ, সেই প্রণব এবং যে, প্রণব, সেই উদ্গীথ; ইত্যাদি

ইতি হোতৃষদনাদ্ধৈবাপি দুরুদ্গীতমনুসমাহরতীত্যনুসমাহরতীতি ॥ ৫ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

[redacted]তে। হোতৃষদনাদ্ধোতা যত্রস্থঃ শংসতি তৎ স্থানং হোতৃষদনং হৌত্রাৎকর্ম্মণঃ সম্যক্ প্রযুক্তাদিত্যর্থঃ। ন হি দেশমাত্রাৎ ফলমাহর্ত্তুং শক্যং কিন্তদ্ধ এবাপি দুরুদ্গীতং দুষ্টমুদ্গীতমুদ্গানং কৃতং উদ্গাত্রা স্বকর্ম্মণি ক্ষতং কৃতমিত্যর্থস্তদনুসমাহরত্যনুসন্দত্ত ইত্যর্থঃ। চিকিৎসয়েব ধাতুবৈষম্যশমীকরণমিতি ॥ ৫ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

শ্রুতিতে প্রণব ও উদ্গীথের একত্ব উক্ত হইয়াছে। এইক্ষণ প্রণব ও উদ্গীথের ঐক্যজ্ঞানের ফল কথিত হইতেছে।—হোতা ব্যক্তি প্রণবগানদ্বারা সম্যক্‌রূপে কর্ম্মসাধন করিলেই সেই কর্ম্মের ফলভাগী হয়। যদ্যপি হোতা স্বীয় আসনে উপবিষ্ট হইয়া কর্ম্মসাধন করে, তথাপিও তাহার অভীষ্ট ফললাভ হয়। কারণ ইহা কেবল উদ্গীথ ও প্রণবের ঐক্যজ্ঞানের ফল বলিতে হইবে। অন্য কোন কারণেও দেশমাত্রে ফললাভ হইতে পারে না। হোতা ব্যক্তি কর্ম্মসাধন করে বটে, তাহাতেও কর্ত্তারই ফললাভ হইয়া থাকে। যদি বল, এক ব্যক্তির কর্ম্মদ্বারা কিরূপে অন্যের ফললাভ হইতে পারে? ইহা অসম্ভব নহে; কারণ লৌকিকেও ইহার ভূরি ভূরি প্রমাণ দৃষ্ট হইতেছে। কোন ব্যক্তির বায়ুপিত্তাদির ধাতুবৈষম্য হইলে চিকিৎসাদ্বারা সেই বাতাদির শাম্য হইয়া থাকে। এস্থলে দেখা যাইতেছে যে, চিকিৎসকের কার্য্যদ্বারা রোগীর ফললাভ হয়; সুতরাং হোতার কার্য্যদ্বারা যে কর্ত্তার ফললাভ হইবে, তাহাও অসম্ভব নহে ॥ ৫ ॥

ইতি পঞ্চমখণ্ড ॥ ৫ ॥

প্রথমপ্রপাঠকে-

ষষ্ঠঃ খণ্ডঃ।

ইয়মেবর্গগ্নিঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে ইয়মেব সাঽগ্নিরমস্তৎ সাম ॥ ১ ॥

অথেদানীং সর্ব্বফলসম্পত্ত্যর্থমুদ্গীথস্যোপাসনান্তরং বিধিৎস্যতে। ইয়মেব পৃথিব্যৃক্। ঋচি পৃথিবীদৃষ্টিঃ কার্য্যা। তথাগ্নিঃ সাম। সাম্ন্যগ্নিদৃষ্টিঃ। কথং পৃথিব্যগ্নোর্ঋক্সামত্বমিতি। উচ্যতে। তদেতদগ্ন্যাখ্যং সামৈতস্যাং পৃথিব্যামৃচ্যধ্যূঢ়মধিগতমুপরিভাবেন স্থিতমিত্যর্থঃ। ঋচীব সাম। তস্মাদত এব কারণাদৃচ্যধ্যূঢ়মেব সাম গীয়তে ইদানীমপি সামগৈঃ। যথা চ ঋক্সামনী নাত্যন্তভিন্নেঽন্যোন্যং তথৈতৌ পৃথিব্যগ্নী। কথমিয়মেব পৃথিবী সা সামনামার্দ্ধশব্দবাচ্যা ইতরার্দ্ধশব্দবাচ্যোঽগ্নিরমস্তদেতৎপৃথিব্যগ্নিদ্বয়ং সামৈকশব্দাভিধেয়ত্বমাপন্নং সাম। তস্মান্নান্যোন্যং ভিন্নং পৃথিব্যগ্নিদ্বয়ং নিত্যসংশ্লিষ্টমৃক্সামনী ইব। তস্মাচ্চ পৃথিব্যগ্ন্যোঃ ঋক্সামত্বমিত্যর্থঃ। সামাক্ষরয়োঃ পৃথিব্যগ্নিদৃষ্টিবিধানার্থাময়মেব সাগ্নিরম ইতি কেচিৎ ॥ ১ ॥

এক্ষণে কর্ম্মফলসমাপ্তির নিমিত্ত উদ্গীথের উপাসনান্তর বিবৃত হইতেছে।—পুত্রাদি ঐশ্বর্য্য উপাসনার একদেশফল; তাহারই উপদেশ উক্ত হইয়াছে। অবসরক্রমে জ্যোতিষ্টোমাদির অধিকৃত সমস্ত ঐশ্বর্য্যপ্রাপ্তির নিমিত্ত অধিদৈব ও অধ্যাত্মবিভাগদ্বারা উদ্গীথোপাসনাও কথিত হইয়াছে। এক্ষণ তদঙ্গীভূত উপাসনাই বিবৃত হইতে চলিল।—ঋক্ পৃথিবীস্বরূপ, অর্থাৎ ঋকে পৃথিবীজ্ঞান করিবে এবং অগ্নিই সাম, অর্থাৎ সামেতে অগ্নিজ্ঞান করিবে। যেমন পৃথিবী ও অগ্নি পরস্পর আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ অগ্ন্যাখ্য সামও পৃথিব্যাখ্য ঋকের উপরিভাবে অবস্থিত আছে। এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন ঋক্ ও সাম পরস্পর বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ পৃথিবী ও অগ্নি ইহাদিগকে অভিন্নজ্ঞান করিবে;

অন্তরিক্ষমেবর্গ্বায়ুঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳ সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তেঽন্তরিক্ষমেব সা বায়ুরমস্তৎ সাম ॥ ২ ॥

দ্যৌরেবর্গাদিত্যঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳ সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তে দ্যৌরেব সাঽহমস্তৎ সাম ॥ ৩ ॥

অন্তরিক্ষমেবর্গ্বায়ুঃ সামেত্যাদি পূর্ব্ববৎ ॥ ২-৩ ॥

কারণ "সাম" শব্দের প্রথমাক্ষর সা পৃথিবী এবং অপরাক্ষর অম শব্দ অগ্নিবাচ্য হয় ॥ ১ ॥

এই আকাশ ঋক্‌স্বরূপ, অর্থাৎ আকাশকে ঋক্‌স্বরূপে জ্ঞান করিবে এবং বায়ু সাম, অর্থাৎ বায়ুতে সামজ্ঞান করিবে। যেমন অন্তরীক্ষ ও বায়ু ইহারা আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ বায়ুরূপী সাম আকাশাখ্য ঋকের উপরিভাবে অবস্থিত আছে। এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন ঋক্ ও সাম এই উভয়ের পরস্পর বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ অন্তরিক্ষ ও বায়ু এই উভয়ের অভিন্নজ্ঞান করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে; কারণ "সাম" শব্দের প্রথমাক্ষর সা অন্তরিক্ষ এবং অম বায়ুবাচ্য হয় ॥ ২ ॥

এই স্বর্গ ঋক্‌স্বরূপ, অর্থাৎ স্বর্গকে ঋক্‌স্বরূপ জ্ঞান করিবে এবং আদিত্য সাম, অর্থাৎ আদিত্যে সামজ্ঞান করিবে। যেমন স্বর্গ ও আদিত্য ইহারা আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ সামরূপী আদিত্য স্বর্গাখ্য ঋকের উপরিভাবে অবস্থিত রহিয়াছে, এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন সাম ও ঋক্ এই উভয়ের বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ স্বর্গ ও আদিত্য এই উভয়কে পৃথক্ ভাবনা করিবে না, উহাদিগের অভিন্নতাজ্ঞান করিয়া

নক্ষত্রাণ্যেবর্ক্ চন্দ্রমাঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে নক্ষত্রাণ্যেব সা চন্দ্রমা অমস্তৎ সাম ॥ ৪ ॥

অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ তদ্বর্ণথ যন্নীলং পরঃ

নক্ষত্রাণামধিপতিশ্চন্দ্রমাঃ। অতঃ স সাম। অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ শুক্লা দীপ্তিঃ সৈবর্ক্। অথ যদাদিত্যে নীলং পরঃ কৃষ্ণং পরোঽতিশয়েন কার্ষ্ণ্যং তৎ সাম। তদ্ধ্যেকান্তসমাহিতদৃষ্টে দৃশ্যতে। অতএবৈতে ভাঃ শুক্লকৃষ্ণত্বে সা চামশ্চ সাম। অথ য এষোঽন্তরাদিত্যে আদিত্যস্যান্তর্মধ্যে হিরণ্ময়ো হিরণ্ময় ইব হিরণ্ময়ো ন হি সুবর্ণবিকারত্বং দেবস্য সম্ভবতি ঋক্সামগেষ্ণত্বাপহতপাপ্মত্বাসম্ভবাৎ। নহি সৌবর্ণেহ-

---

ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে; কারণ "সাম" শব্দের প্রথমাক্ষর সা স্বর্গ এবং অম আদিত্যবাচ্য হয় ॥ ৩ ॥

এই নক্ষত্রসকল ঋক্স্বরূপ, অর্থাৎ নক্ষত্রগণকে ঋক্স্বরূপ জ্ঞান করিবে এবং নক্ষত্রগণের অধিপতি চন্দ্র সাম, অর্থাৎ নক্ষত্রাধিপতি চন্দ্রকে সামরূপে জ্ঞান করিতে হইবে। যেমন নক্ষত্র ও চন্দ্র ইহারা আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ নক্ষত্ররূপী ঋক্ চন্দ্ররূপী সামের উপরিভাবে অবস্থিত রহিয়াছে, এই নিমিত্ত সামগানকর্ত্তারা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন সাম ও ঋক্ এই উভয়কে বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ নক্ষত্রগণ ও চন্দ্র এই উভয়কে পৃথক্জ্ঞান করিবে না। উহাদিগকে অভিন্নজ্ঞান করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে ধ্যান করিবে; কারণ "সাম" শব্দের প্রথমাক্ষর সা নক্ষত্র এবং অম চন্দ্রবাচ্য হয়। ওঙ্কারের সর্ব্বময়ত্বজ্ঞানপূর্ব্বক ধ্যান করিলেই পরব্রহ্মের আরাধনা সিদ্ধ হয় ॥ ৪ ॥

এই আদিত্যের যে শুক্লদীপ্তি, তাহাই ঋক্, অর্থাৎ আদিত্যের শুক্লদীপ্তিকে ঋক্স্বরূপে জ্ঞান করিবে। আর সেই আদিতের যে অতিশয় কৃষ্ণবর্ণতা, তাহাই সাম, অর্থাৎ আদিত্যের অতিশয় কৃষ্ণবর্ণতাকে সাম-

কৃষ্ণং তৎ সাম ভবেতদেতস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে ॥ ৫ ॥

অথ যদেবৈতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব সাথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎসামাথ য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ

চেতনে পাপ্ম্যাদিপ্রাপ্তিরস্তি যেন প্রতিষিধ্যেত চাক্ষুষে চাগ্রহণাৎ। অতো লুপ্তোপম এব হিরণ্ময়শব্দো জ্যোতির্ম্ময় ইত্যর্থঃ। উত্তরেষ্বপি সমানা যোজনা। পুরুষঃ পুরি শয়নাৎ পূরয়তি বা স্বেনাত্মনা জগদিতি দৃশ্যতে নিবৃত্তচক্ষুর্ভিঃ সমাহিতচেতোভির্ব্রহ্মচর্য্যাদিসাধনাপেক্ষৈস্তেজস্বিনোঽপি শ্মশ্রুকেশাদয়ঃ কৃষ্ণাঃ স্যুরিত্যতো বিশিনষ্টি। হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ ইতি ॥ জ্যোতির্ম্ময়াস্তেবাস্য শ্মশ্রূণি কেশাশ্চেত্যর্থঃ। আপ্রণখাৎ প্রণখো নখাগ্রং নখাগ্রেণ সহ সর্ব্বঃ সুবর্ণ ইব ভাস্বরূপ ইত্যর্থঃ। তস্যৈবং সর্ব্বতঃ সুবর্ণবর্ণস্যাপ্যক্ষ্ণোর্বিশেষঃ কথং তস্য যথা

স্বরূপে জ্ঞান করিবে। যেমন আদিত্যের শুক্লদীপ্তি ও কৃষ্ণবর্ণতা ইহারা আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ আদিত্যের শুক্লদীপ্তিরূপী ঋক্ কৃষ্ণবর্ণতারূপী সামের উপরিভাবে অবস্থিত আছে, এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন সাম ও ঋক্ এই উভয়কে অভিন্নজ্ঞান করিবে, সেইরূপ আদিত্যের শুক্লদীপ্তি ও কৃষ্ণবর্ণতাকে ভিন্নজ্ঞানে ধ্যান করিবে না। উহাদিগকে অভিন্নজ্ঞান করিয়া ওঙ্কারের সর্ব্বময়স্বরূপে ধ্যান করিবে; কারণ "সাম" শব্দের প্রথমাক্ষর সা আদিত্যের শুক্লবর্ণ এবং অম কৃষ্ণবর্ণবাচ্য হয়। ওঙ্কারের সর্ব্বময়ত্বজ্ঞানপূর্ব্বক ধ্যান করিলেই পরব্রহ্মের ধ্যান করা হয় ॥ ৫ ॥

এই যে আদিত্যের শুক্লদীপ্তি, তাহাই ঋক্ এবং সেই আদিত্যে যে পরম কৃষ্ণজ্যোতিঃ, তাহাই সাম। এই আদিত্যের মধ্যে যে হিরণ্ময় অর্থাৎ জ্যোতির্ম্ময় পুরুষ দৃষ্ট হয়, ইনি হিরণ্যশ্মশ্রু ও হিরণ্যকেশ, ইহাঁর নখাগ্র হইতে সমুদায়ই হিরণ্ময়, এই পুরুষই সকলের অন্তরাত্মা ও জগৎস্বরূপ।

পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ আপ্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণঃ ॥ ৬ ॥

তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেবমক্ষিণী তস্যোদিতি নাম স এষ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্য উদিত উদেতি হ বৈ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যো য এবং বেদ ॥ ৭ ॥

কপের্মর্কটস্যাসঃ কপ্যাসঃ। আসেরুপবেশনার্থস্য করণে ঘঞ্ কপিপৃষ্ঠাস্তো যেনোপবিশতি। কপ্যাস ইব পুণ্ডরীকমত্যন্ততেজস্ত্বেবমস্য দেবস্যাক্ষিণী। উপমিতোপমত্বান্ন হীনোপমা তস্যৈবং গুণবিশিষ্টস্য গৌণমিদং নামোদিতি। কথং গৌণত্বম্। স এষ দেবঃ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ পাপ্মনা সহ তৎকার্য্যেভ্য ইত্যর্থঃ। য আত্মাপহতপাপ্মেত্যাদি বক্ষ্যতি। উদিত উৎ ইত উদ্গত ইত্যর্থোঽতোঽসাবুন্নামা তমেবংগুণসম্পন্নমুন্নামানং যথোক্তেন প্রকারেণ যো বেদ সোঽপ্যেবমেবোদেত্যুদ্গচ্ছতি সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ। হ বৈ ইত্যবধারণার্থৌ নিপাতৌ। উদেত্যেবেত্যর্থঃ ॥ ৪-৭ ॥

(চক্ষুরাদি ইন্দ্রিয় নিবৃত্ত করিয়া সমাহিতচিত্তে ব্রহ্মচর্য্যাদিসাধনদ্বারা ধ্যান করিলে তাঁহাকে জানা যায়। তিনি তেজোময়; সুতরাং তাঁহার কেশ-শ্মশ্রু-নখাদি সমুদায়ই জ্যোতির্ম্ময়। যদিও আদিত্যমণ্ডলস্থ পুরুষ আমাদিগের দর্শনযোগ্য নহেন, তথাপি ইন্দ্রিয়নিগ্রহপূর্ব্বক ধ্যানযোগ করিলেই তিনি প্রত্যক্ষীভূত হইয়া থাকেন) ॥ ৬ ॥

সেই ওঙ্কারাত্মক পরব্রহ্ম সর্ব্বময়, কিন্তু তাঁহার প্রকৃত নাম নাই। যে সকল নাম কল্পিত হইয়াছে, তাহা গৌণ; যেহেতু সেই উদ্গাথাখ্য ওঙ্কার সর্ব্বপাপ হইতে অতীত। অতএব যে ব্যক্তি পূর্ব্বোক্তপ্রকারে উদ্গীথাখ্য ওঙ্কারকে সর্ব্বময়স্বরূপে জ্ঞান করিয়া ধ্যান করে, সে সর্ব্বপ্রকার পাপ ও পাপসহকৃত কার্য্যহইতে বিনির্ম্মুক্ত হইয়া পরব্রহ্মলাভ করিতে পারে; তাহাকে কোন পাপ আক্রমণ করিতে পারে না সে সর্ব্বদা অকুতোভয়ে বিচরণ করে ॥ ৭ ॥

তস্যর্ক্ চ সাম চ গেষ্ণৌ তস্মাদুদ্গীথস্তস্মাত্ত্বেবো-
দ্গাতৈতস্য হি গাতা স এষ যে চামুষ্মাৎপরাঞ্চো লোকা-
স্তেষাং চেষ্টে দেবকামানাং চেত্যধিদৈবতম্ ॥ ৮ ॥
ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

তস্যোদ্গীথত্বং দেবস্যাদিত্যাদীনামিব বিবক্ষিত্বাহ। তস্যর্ক্চ সাম চ গেষ্ণৌ পৃথিব্যাদ্যুক্তলক্ষণে পর্ব্বণী। সর্ব্বাত্মা হি দেবঃ পরাপরলোক-কামেশিতৃত্বাদুপপদ্যতে। পৃথিব্যগ্ন্যাদ্যাত্মাগেষ্ণত্বং সর্ব্বযোনিত্বাচ্চ। যত এবমুন্নামা চাসাবৃক্সামগেষ্ণশ্চ তস্মাদৃক্সামগেষ্ণত্বপ্রাপ্তমুদ্গীথত্বমুচ্যতে পরোক্ষেণ পরোক্ষপ্রিয়ত্বাদ্দেবস্য তস্মাদুদ্গীথ ইতি। তস্মাত্ত্বেব হেতোরুদ্গায়তীত্যুদ্গাতা। যস্মাদ্যেতস্য যথোক্তস্যোন্নাম্নো গাতাসৌ অতো যুক্তা উদ্গাতেতি নামপ্রসিদ্ধিরুদ্গাতুঃ। স এষ দেব উন্নামা যে চামুষ্মাদা-দিত্যাৎ পরাঞ্চঃ পরাগঞ্চনাদুদ্ধা লোকাস্তেষাং লোকানাঞ্চেষ্টে ন কেবল-মীশিতৃত্বমেব চ শব্দাদ্ধারয়তি চ। সদাধারপৃথিবীং দ্যামুতেমামিদিত্যাদি-মন্ত্রবর্ণাৎ। কিঞ্চ দেবকামানামিষ্ট ইত্যেতদধিদৈবতং দেবতাবিষয়ং দেবস্যোদ্গীথস্য স্বরূপমুক্তম্ ॥ ৮ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

যেমন আদিত্যাদির উদ্গীথত্ব কল্পনা করিয়া উপাসনা উক্ত হইয়াছে, সেইরূপ পরমাত্মারও উপাসনা কর্ত্তব্য। ঋক্ ও সাম ইহারা সকলই তাঁহার প্রভাব কীর্ত্তন করে। সামগেরা সেই পরমাত্মার মাহাত্ম্যগান করে, পৃথিব্যাদিরূপে তিনিই সর্ব্বময়। ইহকালে এবং পরকালে তিনিই কার্য্যার্থ লোকপ্রেরণ করেন। তিনিই পৃথিবী, অগ্নি, ঋক্, সাম ইহা-দিগের কারণ। যাহারা সেই পরব্রহ্মপ্রতিপাদক উদ্গীথাখ্য প্রণবগান করে, তাহাদিগকে উদ্গাতা বলা যায়। যিনি ইহলোকের অতীত, লোক-সকল তাঁহারই ইষ্টকার্য্য সাধন করিবে ॥ ৮ ॥

ইতি ষষ্ঠ খণ্ড ॥ ৬ ॥

প্রথমপ্রপাঠকে-

সপ্তমঃ খণ্ডঃ।

অথাধ্যাত্ম্যং বাগেবর্ক্ প্রাণঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে বাগেব সা প্রাণোঽমস্তৎ সাম ॥ ১ ॥

অথাধুনাধ্যাত্ম্যমুচ্যতে। বাগেবর্ক্ প্রাণঃ সাম অধরোপরিস্থানত্বসামান্যাৎ। প্রাণো ঘ্রাণমুচ্যতে সহ বায়ুনা বাগেব সা প্রাণোঽম ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ১ ॥

ইতিপূর্ব্বে আধিদৈবিক-উপাসনা-উক্ত হইয়াছে, এইক্ষণ অধ্যাত্ম-উপাসনা কথিত হইতেছে।—বাক্যই ঋক্, অর্থাৎ বাক্যকে ঋক্স্বরূপ জ্ঞান করিবে এবং প্রাণ সাম, অর্থাৎ প্রাণেতে সামজ্ঞান করিবে। পরন্তু বায়ুই প্রাণ বলিয়া কথিত হয়। অতএব এই প্রাণরূপী বায়ু ঘ্রাণে অবস্থিত আছে। বাক্য ও প্রাণ ইহারাও অধরোপরি অবস্থিতি করে। যেমন বায়ুরূপী প্রাণ বাক্যের উপরিভাগে বিদ্যমান আছে, সেইরূপ প্রাণরূপী সাম বাক্যরূপী ঋকের উপরে বর্ত্তমান রহিয়াছে। এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। যেমন ঋক্ ও সাম এই উভয়ের বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ বাক্য ও প্রাণ এই উভয়কে পৃথক্রূপে জ্ঞান না করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে। কারণ সামশব্দের প্রথমাক্ষর "সা" এবং অন্তিমবর্ণ "অম" এই উভয়ই প্রাণ-বাচক হয়; অতএব প্রাণ ও বাক্যের ঐক্যজ্ঞান করিয়া পরব্রহ্মের আরাধনা করিবে ॥ ১ ॥

চক্ষুরেবর্গাত্মা সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। চক্ষুরেব সাত্মামস্তৎ সাম ॥ ২ ॥

শ্রোত্রমেবর্গ্মনঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। শ্রোত্রমেব সা মনোঽমস্তৎ সাম ॥ ৩ ॥

চক্ষুরেবর্ক্ আত্মা সাম আত্মেতি ছায়াত্মা তৎস্থত্বাৎ সাম ॥ ২ ॥
শ্রোত্রমেবর্গ্মনঃ সাম শ্রোত্রস্যাধিষ্ঠাতৃত্বান্মনসঃ সামত্বম্ ॥ ৩ ॥

চক্ষু ঋক্, অর্থাৎ চক্ষুকে ঋক্স্বরূপে জ্ঞান করিবে এবং আত্মা সাম, অর্থাৎ আত্মাকে সামরূপে জ্ঞান করিবে। পরন্তু আত্মাই সাম বলিয়া অভিহিত হয়, যেহেতু সামশব্দের আদিমবর্ণ "সা" এবং অন্তিমাক্ষর "অম" এই উভয়ই আত্মার বাচক হয়। যেমন চক্ষু ও আত্মা ইহারা আধারাধেয়ভাবে বিদ্যমান আছে, সেইরূপ ঋক্ ও সাম এই উভয়ে আরাধেয়রূপে বর্ত্তমান রহিয়াছে, এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। অতএব যেমন ঋক্ ও সাম এই উভয়ের বিভিন্নজ্ঞান করিবে না, সেইরূপ চক্ষু ও আত্মা এই উভয়ের পৃথক্রূপে জ্ঞান না করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে। সেই সর্ব্বময় উদ্গীথাখ্য ওঙ্কারের ধ্যান করিলেই পরব্রহ্মের আরাধনা হইয়া থাকে ॥২॥

শ্রোত্র ঋক্, অর্থাৎ কর্ণকে ঋক্স্বরূপে জ্ঞান করিবে এবং মন সাম, অর্থাৎ মনেতে সামজ্ঞান করিতে হইবে। পরন্তু মনই সাম বলিয়া অভিহিত হয়; যেহেতু সামশব্দের আদিম অক্ষর "সা" এবং অন্ত্যবর্ণ "অম" এই উভয়ই মনের বাচক হয়। যেমন ঋক্ ও সাম ইহারা আধারাধেয়ভাবে বর্ত্তমান আছে, সেইরূপ শ্রোত্র ও মন ইহারাও আধারাধেয়রূপে বিদ্যমান রহিয়াছে। এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। অতএব যেমন ঋক্ ও সাম এই উভয়ের বিভিন্নতাজ্ঞান করিবে না, সেইরূপ শ্রোত্র ও মন এই উভয়কে পৃথক্রূপে জ্ঞান না

অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈবর্গথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে অথ যদেবৈতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈব সাথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎ সাম ॥ ৪ ॥

অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে সৈবর্ক্তৎ

অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈবর্ক্ অথ যন্নীলং পরঃ কৃষ্ণমাদিত্য ইব দৃক্‌শক্ত্যধিষ্ঠানং তৎ সাম ॥ ৪ ॥

অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে পূর্ব্ববৎ সৈবর্গধ্যাত্মং বাগাদ্যা

করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে। সেই সর্ব্বময় উদ্গীথাখ্য ওঙ্কারেব ধ্যান করিলেই পরব্রহ্মের আরাধনা হইয়া থাকে ॥ ৩ ॥

কতিপয় অঙ্গোপাসনা বলিয়া প্রকারান্তরে অঙ্গোপাসনা বলিতেছেন।—চক্ষুর যে শুক্লদীপ্তি, তাহাই ঋক্, অর্থাৎ চক্ষুর শুক্লদীপ্তিকে ঋক্‌স্বরূপে জ্ঞান করিবে এবং ঐ চক্ষুতে যে পরম নীল অথচ অতিশয় কৃষ্ণবর্ণ জ্যোতিঃ আছে, তাহাই সাম, অর্থাৎ চক্ষুর পরম নীলজ্যোতিকে সামস্বরূপে জ্ঞান করিতে হইবে। পরন্তু সেই পরম নীলজ্যোতিই সাম বলিয়া অভিহিত হয়। যেহেতু সামশব্দের আদিমবর্ণ "সা" শুক্লদীপ্তিবাচক এবং অন্তিমবর্ণ "অম" পরম নীলজ্যোতির বাচক হয়। যেমন ঋক্ ও সাম এই উভয় আধারাধেয়ভাবে বর্ত্তমান আছে, সেইরূপ চক্ষুর শুক্লদীপ্তি ও পরমনীল-জ্যোতি, ইহারাও আধারাধেয়ভাবে বিদ্যমান রহিয়াছে। এই নিমিত্ত সামগেরা ঋক্ ও সাম এই উভয়ের ঐক্যজ্ঞানে গান করিয়া থাকে। অতএব যেমন ঋক্ ও সাম এই উভয়ের বিভিন্নতাজ্ঞান করিবে না, সেইরূপ চক্ষুর শুক্লদীপ্তি ও পরম নীলজ্যোতি এই উভয়েব বিভিন্নতাজ্ঞান পরিত্যাগ করিয়া ওঙ্কারের সর্ব্বময়ত্বরূপে আরাধনা করিবে। এইরূপে সেই উদ্গীথাখ্য ওঙ্কারের ধ্যান করিলেই পরব্রহ্মের আরাধনা হইয়া থাকে ॥ ৪ ॥

আধ্যাত্মিক প্রধান উপাসনার অঙ্গীভূত অঙ্গোপাসনা বলিয়া এক্ষণে প্রধানোপাসনা কথিত হইতেছে।—চক্ষুর মধ্যে যে পুরুষ দৃষ্ট হইতেছে,

সাম তদুক্থং তদ্‌যজুস্তদ্‌ব্রহ্ম তস্যৈতস্য তদেব রূপং যদমুষ্য রূপং যাবমুষ্য গেষ্ণৌ তৌ গেষ্ণৌ যন্নাম তন্নাম ॥ ৫ ॥

পৃথিব্যাদ্যা চাধিদৈবতম্। প্রসিদ্ধা চ ঋক্ পাদবদ্ধাক্ষরাত্মিকা। তথা সামোক্থ্যসাহচর্য্যাদ্বা স্তোত্রং সাম ঋক্ছন্তঃ উক্থাদন্যৎ। তথা যজুঃ স্বাহা-স্বধা-বষড়াদি। সর্ব্বমেব বাগ্‌যজুস্তৎ স এব সর্ব্বাত্মকত্বাৎ সর্ব্বযোনিত্বাচ্চেতি হ্যবোচাম ঋগাদিপ্রকরণাৎ। তদ্‌ব্রহ্মেতি ত্রয়ো বেদাঃ। তস্যৈতস্য চাক্ষুষস্য পুরুষস্য তদেব রূপমতিদিশ্যতে। কিন্তদ্যদমুষ্যাদিত্যপুরুষস্য হিরণ্ময় ইত্যাদি যদধিদৈবতমুক্তং যাবমুষ্য গেষ্ণৌ পর্ব্বণী তাবেবাস্যাপি চাক্ষুষস্য গেষ্ণৌ। যচ্চামুষ্য নামোদিত্যুদ্গীথ ইতি চ তদেবাস্য নামস্থানভেদাৎ রূপগুণনামাতিদেশাদীশিতৃত্ববিষয়ভেদব্যপদেশাচ্চাদিত্যচাক্ষুষয়োর্ভেদ ইতি চেৎ। ন। অমুনা অনেনৈবেত্যেকস্তোভয়াত্মপ্রাপ্ত্যনুপপত্তেঃ। দ্বিধাভাবো নোপপদ্যত ইতি চেৎ। বক্ষ্যতি হি স একধা ভবতি দ্বিধা ভবতি ইত্যাদি। ন। চেতনস্যৈকস্য নিরবয়বত্বাদ্দ্বিধাভাবানুপপত্তিঃ। তস্মাদধ্যাত্মাধিদৈবতয়োরেকত্বমেব। যত্তু রূপাদ্যতিদেশো ভেদকারণমবোচো ন তদ্ভেদাবগমায়। কিং তর্হি স্থানভেদাদ্ভেদাশঙ্কা মাভূদিত্যেবমর্থঃ ॥ ৫ ॥

তাহাই ঋক্, অর্থাৎ সেই পুরুষকে ঋক্‌স্বরূপে জ্ঞান করিবে এবং সেই পুরুষই সাম, তিনিই উক্থ, তিনিই যজুঃ এবং সেই পুরুষই পরব্রহ্ম। এই জগৎই সেই পরব্রহ্মের রূপ, তিনি বাগাদি ও পৃথিব্যাদির অধিদেবতা। পাদবদ্ধাক্ষরাত্মিকা ঋক্, গীতস্তোত্রাত্মক সাম এবং স্বাহাস্বধা-বষট্‌কারাত্মক যজুঃ এই সমুদায়ই পরব্রহ্মস্বরূপ। সেই পরব্রহ্মই সর্ব্বাত্মা ও সর্ব্বযোনি; ঋগাদি বেদত্রয় তাঁহারই রূপ। চাক্ষুষ পুরুষেরও এই প্রকার রূপাতিদেশ করিতে হইবে। হিরণ্ময় আদিত্য পুরুষের যে প্রকার হিরণ্ময়াদিরূপ কল্পিত হইয়াছে, আত্মপুরুষেরও সেইরূপ জানিবে। যেমন পরব্রহ্মের উদ্গীথাদি নাম উক্ত হইয়াছে, আত্মপুরুষেরও সেইরূপ নাম নির্ণয় করিবে ॥ ৫ ॥

স এষ যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে মনুষ্যকামানাঞ্চেতি তদ্‌ষ ইমে বীণায়াং গায়ন্ত্যেতং তে গায়ন্তি তস্মাত্তে ধনসনয়ঃ ॥ ৬ ॥

অথ য এতদেবং বিদ্বান্ সাম গায়ত্যুভৌ স গায়তি সোঽমুনৈব স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি দেবকামাংশ্চ ॥ ৭ ॥

স এষ চাক্ষুষঃ পুরুষো যে চৈতস্মাদাধ্যাত্মিকাদাত্মনোঽর্ব্বাঞ্চোঽর্ব্বাগ্‌গতা লোকাস্তেষাং চেষ্টে মনুষ্যসম্বন্ধিনাঞ্চ কামানাং তত্তস্মাদ্ধ ইমে বীণায়াং গায়ন্তি গায়কাস্ত এতমেব গায়ন্তি। যস্মাদীশ্বরং গায়ন্তি তস্মাত্তে ধনসনয়ো ধনলাভযুক্তা ধনবন্ত ইত্যর্থঃ ॥ ৬ ॥

অথ য এতদেবং বিদ্বান্ যথোক্তং তদেবমুদ্গীথং বিদ্বান্ সাম গায়তি উভৌ স গায়তি চাক্ষুষমাদিত্যঞ্চ তস্যৈবংবিদঃ ফলমুচ্যতে। সোঽমুনৈ-

---

আধিদৈবিক পুরুষের ন্যায় আধ্যাত্মিক পুরুষেও নিরতিশয় ঐশ্বর্য্য বিদ্যমান আছে, অতএব আধিদৈবিক ও আধ্যাত্মিক উভয় পুরুষের ঐক্যজ্ঞান করিবে। যিনি চাক্ষুষ পুরুষ, তাঁহা হইতে যে সকল আধ্যাত্মিক আধুনিক লোক হয়, তাহাদিগের চেষ্টাতেই মনুষ্যের কামনাদির জ্ঞান হয়। ইন্দ্রিয়গণই আধ্যাত্মিক পুরুষ, তাহাদিগের চেষ্টাদ্বারা মনুষ্যের কামনা হয়। গায়কগণ বীণাদ্বারা যে গান করিয়া থাকে, তাহাতে সেই পুরুষকেই গান করে। যেহেতু ঈশ্বরকে গান করে, অতএব তাহারা ধনবান্ হইয়া থাকে, অর্থাৎ একমাত্র সেই ঈশ্বরোপাসনাতেই মনুষ্যের সর্ব্বকামনা পরিপূর্ণ হয় ॥ ৬ ॥

যে যথোক্তপ্রকারে উদ্গীথ জানিয়া সামগান করে, সে চাক্ষুষ পুরুষ ও আদিত্য উভয়ের আরাধনা করে; পরন্তু এই আদিত্যোপাসনাদ্বারা পরলোকপ্রাপ্তি হয়। যাহারা দেবযাজী, তাহারা দেবলোকে গমন করে এবং আদিত্যান্তর্গত পুরুষের ধ্যান করিলে তৎস্বরূপে দেবলোকভোগ হয়।

অথানেনৈব যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি মনুষ্যকামাংশ্চ তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রূয়াৎ ॥ ৮ ॥

কং তে কামমাগায়ানীত্যেষ হ্যেব কামাগানস্যেষ্টে য এতদেবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি ॥ ৯ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

বাদিত্যেন স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি আদিত্যাস্তর্গতদেবো ভূত্বেত্যর্থো দেবকামাংশ্চ ॥ ৭ ॥

অথানেনৈব চাক্ষুষেণৈব যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি মনুষ্যকামাংশ্চ চাক্ষুষো ভূত্বেত্যর্থঃ। তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রূয়াদ্যজমানং কমিষ্টস্তে ॥ ৮ ॥

তব কামমাগায়ানীতি। এষ হি যস্মাদুদ্গাতা কামাগানস্যোদ্গানেন

কারণ এই আদিত্যই চাক্ষুষ। আর যিনি পরব্রহ্ম, তাঁহার ধ্যানে কোন লোকপ্রাপ্তি হয় না, তৎস্বরূপ হইতে পারে ॥ ৭ ॥

যাহারা উক্ত প্রকারে আধুনিক ফলভোগে অভিলাষী হইয়া আরাধনা করে, তাহারা উদ্গাতা অর্থাৎ উচ্চৈঃস্বরে সামগান করিয়া থাকে। যাজ্ঞিকেরা নানাপ্রকার ফলকামনায় বিবিধ যজ্ঞাদি সমাচরণপূর্ব্বক বেদগান করে, সেই সকল যজমানগণ ইষ্টফলকামনায় কার্য্য করে। তাহাদিগের সেই সকল ফলবৎ কার্য্যে দেব-মনুষ্য-লোকপ্রাপ্তিরূপ ফলভোগ হয়; অতএব যাঁহারা এইরূপ উদ্গাতা, তাঁহারা যজমানকে ইহা কহিবেন ॥ ৮ ॥

তোমার কোন্ কামনায় আমি গান করিব? যেহেতু যিনি উদ্গাতা এইরূপ জানিয়া সামগান করেন, তিনি সামগানদ্বারা সমস্ত কামনা সম্পাদন করিতে সমর্থ হয়েন, যে উদ্গাতা ব্যক্তি সর্ব্বপ্রকার কামনাপরিত্যাগ করিয়া সামাদি গানদ্বারা ব্রহ্মোপাসনা করে, তাহারাই ব্রহ্মলাভ করিতে পারে। এবং "সেই ঈশ্বরই সর্ব্বময়" যাহারা এইরূপে তাঁহাকে জানে, তাহারাই বিদ্বান্, তাহারা যে সামগান করিয়া থাকে, তাহাতে প্রকৃত ব্রহ্মজ্ঞান-

প্রথমপ্রপাঠকে-

অষ্টমঃ খণ্ডঃ।

ত্রয়ো হোদ্গীথে কুশলা বভূবুঃ শিলকঃ শালাবত্যশ্চৈ-
কিতায়নো দাল্‌ভ্যঃ প্রবাহণো জৈবলিরিতি তে হোচু-

কামং সম্পাদয়িতুমীষ্টে সমর্থ ইত্যর্থঃ। কোঽসৌ য এবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি। দ্বিরুক্তিরুপাসনসমাপ্ত্যর্থা ॥ ৯ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

অনেকধোপাস্যত্বাদক্ষরস্য প্রকারান্তরেণ পরোবরীয়স্ত্বগুণফলমুপাসনান্তরমানিনায়। ইতিহাসস্তু সুখাববোধনার্থঃ। ত্রয়স্ত্রিসংখ্যকাঃ। হ ইতি ঐতিহ্যার্থঃ। উদ্গীথে উদ্গীথজ্ঞানং প্রতি কুশলা নিপুণা বভূবুঃ কস্মিংশ্চিদ্দেশে কালে চ নিমিত্তে বা সমেতানামিত্যভিপ্রায়ঃ। ন হি সর্ব্বস্মিন্ জগতি ত্রয়াণামেব কৌশলমুদ্গীথাদিবিজ্ঞানে। শ্রূয়ন্তে হ্যন্যেষ্বপি জানশ্রুতিকৈকেয়প্রভৃতয়ঃ সর্ব্বজ্ঞকল্পাঃ। কে তে ত্রয় ইত্যাহ। শিলকো নামতঃ শলাবতোঽপত্যং শালাবত্যঃ। চিকিতায়নস্যাপত্যং চৈকিতায়নঃ।

রূপ ফললাভ হয়। আর ব্রহ্মবিদ্ ব্যক্তিরাই সর্ব্বকামনার অধিকারী; সুতরাং তাহাদিগের কোন কামনাই অসম্পূর্ণ থাকে না ॥ ৯ ॥

ইতি সপ্তম খণ্ড ॥ ৭ ॥

বিবিধপ্রকারে উদ্গীথাক্ষর ওঙ্কারের উপাসনা উক্ত হইয়াছে, এইক্ষণ প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে।—শলাবততনয় শিলকনামা ঋষি, আর দলভ্যগোত্রোৎপন্ন চৈকিতায়ননামা ঋষি এবং জীবলতনয় প্রবাহণনামা মুনি, এই তিন মহাত্মাই উদ্গীথবিদ্যাপারদর্শী ছিলেন।

রুদ্গীথে বৈ কুশলাঃ স্মো হন্তোদ্গীথে কথাং বদাম ইতি ॥ ১ ॥

তথেতি হ সমুপবিবিশুঃ সহ প্রবাহণো জৈবলিরুবাচ ভগবন্তাবগ্রেবদতাং ব্রাহ্মণয়োর্ব্বদতোর্ব্বাচং শ্রোষ্যামীতি ॥ ২ ॥

দল্ভ্যগোত্রো দাল্ভ্যো দ্যামুষ্যায়ণো বা প্রবাহণো নামতো জীবলস্যাপত্যং জৈবলিরিত্যেতে ত্রয়স্তে হোচুরন্যোন্যমুদ্গীথে বৈ কুশলা নিপুণা ইতি প্রসিদ্ধাঃ স্মঃ। অতো হন্ত যদ্যনুমতির্ভবতামুদ্গীথে উদ্গীথজ্ঞাননিমিত্তাং কথাং বিচারণাং পক্ষপ্রতিপক্ষোপন্যাসেন বদামো বাদং কুর্ম্ম ইত্যর্থঃ ॥ ১ ॥

তথাচ তদ্বিদ্যসংবাদে বিপরীতগ্রহণনাশোঽপূর্ব্ববিজ্ঞানোপজনঃ সংশয়নিবৃত্তিশ্চেতি। অতস্তদ্বিদ্যসংযোগঃ কর্ত্তব্য ইতি চেতিহাসপ্রয়োজনং দৃশ্যতে হি শিলকাদীনাং। তথেত্যুক্ত্বা তে সমুপবিবিশুর্হোপবিষ্টবন্তঃ কিল। তত্র রাজ্ঞঃ প্রাগল্ভ্যোপপত্তেঃ। স হ প্রবাহণো জৈবলিরুবাচেতরৌ ভগবন্তৌ পূজাবস্তাবগ্রে পূর্ব্বং বদতাম্। ব্রাহ্মণয়োরিতি লিঙ্গাদ্রাজাহসৌ যুবয়োর্ব্রাহ্মণয়োর্ব্বদতোর্ব্বাচং শ্রোষ্যামি। অর্থরহিতামিত্যপরে বাচমিতি বিশেষণাং ॥ ২ ॥

ঋষিত্রয় বলিয়াছেন, "আমরা উদ্গীথবিষয়ে নিপুণ বলিয়া প্রসিদ্ধ আছি। এইক্ষণে এস, আমরা পরস্পর উদ্গীথবিষয়ক বাদোপন্যাস করিয়া পক্ষপ্রতিপক্ষরূপে বিচার করি ॥ ১ ॥

আমরা স্বস্বমত সমর্থনপূর্ব্বক শাস্ত্রবিবাদে প্রবৃত্ত হইয়া শাস্ত্রার্থের মীমাংসা করিলে আমাদিগের বিপরীত বুদ্ধি বিনষ্ট হইয়া যাইবে এবং সর্ব্বপ্রকার সংশয়ের নিবৃত্তি হইয়া তত্ত্বজ্ঞান জন্মিবে। এইরূপে তত্ত্বনির্ণয়ে কৃতসঙ্কল্প হইয়া সকলে উপবেশন করিলেন। তাঁহারা মনে করিলেন, তর্কব্যতীত তত্ত্বনির্ণয় হইতে পারে না, অতএব সকলে সমবেত হইয়া শাস্ত্রবিবাদদ্বারা ঈশ্বরতত্ত্ব নির্ণয় করিব। প্রথমতঃ জীবলের পুত্র প্রবাহণ, শিলক ও চৈকিতায়ন দাল্ভ্যকে বলিলেন, ভগবন্! আপনারা

স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ হন্ত ত্বা পৃচ্ছানীতি পৃচ্ছেতি হোবাচ ॥ ৩ ॥

কা সাম্নো গতিরিতি স্বর ইতি হোবাচ স্বরস্য কা গতিরিতি প্রাণ ইতি হোবাচ প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচান্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ ॥ ৪ ॥

উক্তয়োঃ স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ। হন্ত যদ্যনুমংস্যসে ত্বা ত্বাং পৃচ্ছামীত্যুক্ত্বা ইতরঃ পৃচ্ছেতি হোবাচ লব্ধানুমতিরাহ ॥ ৩ ॥

কা সাম্নো গতিঃ। প্রকৃতত্বাদুদ্গীথস্য। উদ্গীথো হ্যত্রোপাস্যত্বেন প্রকৃতঃ। পরোবরীয়াংসমুদ্গীথমিতি চ বক্ষ্যতি। গতিরাশ্রয়ঃ পরায়ণমিত্যেতৎ। এবং পৃষ্টো দালভ্য উবাচ স্বর ইতি। স্বরাত্মকত্বাৎ সাম্নো যো যদাত্মকঃ স তদ্গতি স্তদাশ্রয়শ্চ ভবতীতি যুক্তং মৃদাশ্রয় ইব ঘটাদিঃ। স্বরস্য কা গতিরিতি প্রাণ ইতি হোবাচ। প্রাণনিষ্পাদ্যো হি স্বরস্তস্মাৎ স্বরস্য প্রাণো গতিঃ। প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচ। অন্নাব-

---

উপদেশক, আচার্য্যগণের অগ্রবর্ত্তী। অতএব এইক্ষণে আমি আপনাদিগের ন্যায় ব্রাহ্মণের মুখনিঃসৃত বাক্যশ্রবণ করিতে ইচ্ছা করি ॥ ২ ॥

জীবলের পুত্র প্রবাহণ, শলাবততনয় শিলক ও চৈকিতানতনয় দালভ্যের নিকট এইরূপ বলিলে শিলক দালভ্যকে বলিলেন, আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনার যে জিজ্ঞাস্য থাকে, তাহা বলুন! তখন দালভ্য শিলকের অনুমতি পাইয়া কহিতে লাগিলেন ॥ ৩ ॥

দালভ্য শিলককে জিজ্ঞাসা করিলেন, "সামের প্রধান আশ্রয় কি? যেহেতু উদ্গীথ-উপাস্য সামদ্বারা সেই উদ্গীথোপাসনা সিদ্ধ হয়; এই নিমিত্ত সামের আশ্রয়পরিজ্ঞান আবশ্যক।" শিলক উত্তর করিলেন, "স্বর অর্থাৎ ধ্বনিই সামের প্রধান আশ্রয়।" পুনর্ব্বার দালভ্য জিজ্ঞাসা করিলেন, "আপনি যাহাকে সামের আশ্রয় বলিয়া নির্দ্দেশ করিলেন, সেই স্বরের আশ্রয়ই বা কাহাকে বলা যায়?" শিলক কহিলেন, "প্রাণই স্বরের

অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচ অমুষ্য লোকস্য কা গতিরিতি ন স্বর্গং লোকমতি নয়েদিতি হোবাচ স্বর্গং বয়ং লোকꣳ সামাভিসংস্থাপয়ামঃ স্বর্গসꣳস্তাবꣳ হি সামেতি ॥ ৫ ॥

ইষ্টো হি প্রাণঃ। শ্রেষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাদিতি হি শ্রুতেঃ। অন্নং দামেতি চ। অন্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ। অপ্সম্ভবত্বাদন্নস্য। অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচ। অমুষ্মাল্লোকাদ্বৃষ্টিঃ সম্ভবতি। অমুষ্য লোকস্য কা গতিরিতি পৃষ্টো দাল্‌ভ্য উবাচ। স্বর্গমমুং লোকমতীত্যাশ্রয়ান্তরং সাম ন নয়েৎ কশ্চিদিতি হোবাচ আহ। অতো বয়মপি স্বর্গং লোকং সামাভিসংস্থাপয়ামঃ। স্বর্গলোকপ্রতিষ্ঠং সাম

আশ্রয়, প্রাণব্যতিরেকে স্বরপ্রকাশ পাইতে পারে না।" অতঃপর দালভ্য বলিলেন, "স্বরের আশ্রয়রূপে যে প্রাণ নিরূপিত হইল, আমি সেই প্রাণের আশ্রয় জানিতে ইচ্ছা করি।" শিলক উত্তর করিলেন, "অন্নই প্রাণের এক মাত্র আশ্রয়, যেহেতু অন্নব্যতীত প্রাণের অবস্থিতি সম্ভবে না।" পুনর্ব্বার দালভ্য জিজ্ঞাসা করিলেন, "আপনি যে অন্নকে প্রাণের আশ্রয় বলিয়া উদাহরণ করিলেন, এইক্ষণ সেই অন্নের আশ্রয় কি?" ইহাই আমার জিজ্ঞাস্য; শিলক উত্তর করিলেন, "আমি যে অন্নকে প্রাণের আশ্রয় বলিয়া নির্দ্দেশ করিলাম, জলই সেই প্রাণের আশ্রয়ীভূত অন্নের আশ্রয়। যেহেতু জলব্যতিরেকে অন্নের উৎপত্তি হইতে পারে না।" পুনর্ব্বার দালভ্য জিজ্ঞাসা করিলেন, "আপনি যে জলকে অন্নের আশ্রয় বলিয়া নির্দ্দেশ করিলেন, সেই জলের আশ্রয় কি?" শিলক বলিলেন, "অন্নের আশ্রয়ীভূত জলের আশ্রয় লোক, যেহেতু এই লোক হইতেই বৃষ্টি হইয়া থাকে।" অনন্তর শিলক প্রশ্ন করিলেন, "জলের আশ্রয়ীভূত লোকের আশ্রয় কাহাকে বলা যায়?" শলাবতনয় শিলক দালভ্যকে এইরূপ জিজ্ঞাসা করিলে দালভ্য কহিলেন, "কেহ কেহ বলেন, স্বর্গই লোকের আশ্রয়; যেহেতু কেহই স্বর্গলোক অতিক্রম করিয়া আশ্রয়ান্তরে গমন করে না। অতএব

তন্ত্ হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্য-
মুবাচাপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্‌ভ্য সাম যস্ত্বেতর্হি
ব্রূয়ান্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধা তে বিপতেদিতি ॥৬॥

জানীম ইত্যর্থঃ। স্বর্গসংস্তাবং স্বর্গত্বেন সংস্তবনং সংস্তাবো যস্য তৎ সাম স্বর্গসংস্তাবং হি যস্মাৎ স্বর্গো বৈ লোকঃ সাম বেদ ইতি শ্রুতিঃ ॥ ৪-৫ ॥

তমিতরঃ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ। অপ্রতিষ্ঠিতম-সংস্থিতং পরোবরীয়স্তেনাসমাপ্তগতিঃ সামেত্যর্থঃ। বৈ ইত্যাগমং স্মার-য়তি কিলেতি চ দালভ্য তে তব সাম। যস্ত্বসহিষ্ণুঃ সামবিদেতর্হ্যেতস্মিন্ কালে ব্রূয়াৎকশ্চিদ্বিপরীতবিজ্ঞানম্ অপ্রতিষ্ঠিতং সাম প্রতিষ্ঠিতমিত্যেবং বাদাপরাধিনং মূর্দ্ধা শিরস্তে বিপতিষ্যতি বিস্পষ্টং পতিষ্যতি ইতি। এব-মুক্তস্যাপরাধিনস্তথৈব তদ্বিপতেন্ন সংশয়ো ন ত্বহং ব্রবীমীত্যভিপ্রায়ঃ। নন্থ মূর্দ্ধপাতার্হং চেদপরাধং কৃতবানতঃ পরেণাপ্যুক্তস্যাপি পতেন্মূর্দ্ধা ন চেদ-

---

আমরাও সামকে সর্ব্বলোকপ্রতিষ্ঠ স্বর্গ বলিয়া জানি, অর্থাৎ সামেই সর্ব্ব-লোক অবস্থিত আছে : সুতরাং সামকেই স্বর্গরূপে স্তব করা যায়" ॥ ৪-৫॥

অনন্তর শলাবতনয় শিলক চৈকিতানতনয় দালভ্যকে কহিলেন, "হে দালভ্য! তোমারমতে এইক্ষণ সামই অপ্রতিষ্ঠ হইল। যেহেতু তুমি সামের আশ্রয়নিরূপণ করিতে গিয়া সেই সামকেই জগতের আশ্রয় বলিয়া প্রতি-পাদন করিলে, কিন্তু তোমার সাম যে অপ্রতিষ্ঠ হইয়া পড়িল, তাহা লক্ষ্য করিতেছ না। যাঁহারা এইরূপ মিথ্যা বাক্য সহিতে না পারেন, তাঁহারা এই সময়ে বলেন, যিনি বিবাদের বশীভূত হইয়া বিপরীত জ্ঞান, অর্থাৎ যিনি অপ্রতিষ্ঠিত সামকে স্বর্গাশ্রিত প্রতিষ্ঠিতরূপে প্রতিপাদন করেন, তাঁহার মস্তক নিশ্চয়ই পতিত হইবে। আমি বলিতেছি, যিনি এইরূপ অপরাধী, নিশ্চয়ই তিনি পতিত হইবেন, সন্দেহ নাই। (অথবা পতিত হইবেন বলি কেন? কারণ এইক্ষণই তিনি পতিত আছেন। যদি বল, যে ব্যক্তি মস্তক-পতনোপযোগী অপরাধ করিয়াছে, অপরে না বলিলেও তাহার মস্তকপাত হইবে, আর যে অপরাধ করে নাই, অপরের শতশতবার বলিলেও তাহার

হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি বিদ্ধীতি হোবাচা-
মুষ্য লোকস্য কা গতিরিত্যয়ং লোক ইতি হোবাচ অস্য
লোকস্য কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমতি নয়েদিতি

পরাধ্যুক্তস্যাপি নৈব তৎ পততু। অন্যথা অকৃতাভ্যাগমঃ কৃতনাশশ্চ স্যাতাম্। নৈষ দোষঃ। কৃতস্য কর্ম্মণঃ শুভাশুভস্য ফলপ্রাপ্তের্দ্দেশকাল-নিমিত্তাপেক্ষত্বাৎ। তত্রৈবং সতি মূর্দ্ধপাতনিমিত্তস্যাপ্যজ্ঞানস্য পরাভি-ব্যাহারনিমিত্তাপেক্ষত্বমিতি ॥ ৬ ॥

এবমুক্তো দাল্‌ভ্য আহ হন্তাহমেতদ্ভগবত্তো বেদানি বৎ প্রতিষ্ঠং সামে-ত্যুক্তঃ প্রত্যুবাচ শালাবত্যো বিদ্ধীতি হোবাচ। অমুষ্য লোকস্য কা গতিরিতি পৃষ্টো দালভ্যেন শালাবত্যোঽয়ং লোক ইতি হোবাচ। অয়ং হি লোকো যাগদানহোমাদিভিরমুং লোকং পুষ্যতীতি। অতঃ প্রদানং দেবা উপজীবন্তীতি হি শ্রুতয়ঃ। প্রত্যক্ষং হি সর্ব্বভূতানাং ধরণী প্রতি-

---

কিছুই হইবে না। যদি অপরের কথাতেই কিছু হইত, তাহাহইলে অকৃতকর্ম্মের ফলভোগ এবং কৃতকর্ম্মেরও বিনাশ হইতে পারে, তবে আর তোমার অভিশাপোক্তির প্রয়োজন কি? এই আশঙ্কা হইতে পারে না; যেহেতু কৃতকর্ম্মের শুভাশুভফলপ্রাপ্তি দেশ, কাল ও নিমিত্ত অপেক্ষা করে; সুতরাং মস্তকপাতের নিমিত্ত যে অজ্ঞান তাহাও পরবাক্যরূপ নিমিত্ত অপেক্ষা করিতেছে") ॥ ৬ ॥

পূর্ব্বোক্তপ্রকারে দালভ্যের নিকট প্রশ্ন হইলে দালভ্য কহিলেন, "আমি ইহা ভগবানের নিকট জানিয়াছি।" অনন্তর তাহাকে শালাবত্য শিলক পুন-র্ব্বার জিজ্ঞাসা করিলেন, "যদি আপনি এইরূপ জানিয়া থাকেন, তাহাহইলে সামের আশ্রয় কি? তাহা বলুন।" তখন দালভ্য তাহাকে সামের আশ্রয় উপদেশ দিয়া শালাবত্য শিলক বলিলেন, এই লোকের আশ্রয় কি? তাহা আপনিই সবিশেষ পরিজ্ঞাত আছেন। এইরূপে জিজ্ঞাসা করিলে শালাবত্য উত্তর করিলেন, "এই লোকই স্বর্গলোকের আশ্রয়, যেহেতু এই লোকই যাগাদিদ্বারা স্বর্গলোকের পোষণ করে।" অন্যান্য শ্রুতিতেও ইহার

হোবাচ প্রতিষ্ঠাং বয়ং লোকং সামাভিসংস্থাপয়ামঃ প্রতিষ্ঠা সংস্তাবং হি সামেতি ॥ ৭ ॥

তং হ প্রবাহণো জৈবলিরুবাচান্তবদ্বৈ কিল তে শালাবত্যৈব সাম যস্ত্বেতর্হি ব্রূয়াম্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধা তে বিপতেদিতি হন্তাহমেতদ্ভগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচ ॥ ৮ ॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮ ॥

ষ্ঠেতি। অতঃ সাম্নোঽপ্যয়ং লোকঃ প্রতিষ্ঠৈবেতি যুক্তম্। অস্য লোকস্য কা গতিরিত্যুক্ত আহ শালাবত্যঃ। ন প্রতিষ্ঠাং ইমং লোকমতীত্য ন নয়েৎ সাম কশ্চিৎ। অতো বয়ং প্রতিষ্ঠাসংস্তাবং হি প্রতিষ্ঠাত্বেন সংস্তুতং সামেত্যর্থঃ ॥ ৭ ॥

ইয়ং বৈ রথন্তরমিতি চ শ্রুতিস্তমেবমুক্তবন্তং হ প্রবাহণো জৈবলিরুবা-

---

প্রমাণ আছে এবং সকল প্রাণীই এই ধরণীপৃষ্ঠ আশ্রয় করিয়া আছে, ইহা প্রত্যক্ষসিদ্ধ। অতএব এই লোকই সামের প্রতিষ্ঠা, অর্থাৎ আশ্রয়, ইহাই যুক্তিযুক্ত। পুনর্ব্বার দালভ্য প্রশ্ন করিলেন যে, এই লোকের আশ্রয় কি? এইরূপ জিজ্ঞাসা করিলে শালাবত্য বলিলেন, সামই সকলের আশ্রয়। কারণ লোকসকল কখনই আশ্রয় অতিক্রম করিয়া থাকিতে পারে না; সুতরাং সামই সর্ব্বলোকপ্রতিষ্ঠ বলিয়া প্রতিপন্ন হইল যেহেতু সামকেই প্রতিষ্ঠা বলিয়া স্তব করা হয় ॥ ৭ ॥

দক্ষিণদিগ্‌গত যে রোহিতরূপ দ্বিতীয় শুক্লরূপ মধু উক্ত হইয়াছে, মধ্যাহ্ন সবনের অধীশ্বর রুদ্রগণ তাহাতে জীবিত আছেন। তাঁহারা ইন্দ্র-রূপ মুখদ্বারা সেই মধুগ্রহণ করেন, রুদ্রগণ সাধারণরূপে গ্রাসভোজন করেন না, কিম্বা পান করেন না, তথাপি তাহাঁরা সেই অমৃত দর্শন করি-য়াই তৃপ্ত থাকেন, অর্থাৎ অন্তশ্চক্ষু সর্ব্বপ্রকার ইন্দ্রিয়ের দ্বারভূত; সুতরাং সর্ব্বপ্রকার ইন্দ্রিয়দ্বারা অমৃতলাভ করেন, ইহাই জানিতে হইবে, এইরূপে রুদ্রগণের ধ্যান করিবে ॥ ১ ॥

পূর্ব্বশ্রুতিতে রুদ্রগণকে ধ্যেয়স্বরূপে নিরূপণ করিয়া এই শ্রুতিতে ধ্যানবিধি নিরূপণ করিতেছেন।—রুদ্রগণ দৃষ্টিমাত্রই তৃপ্তিলাভ করেন, ইহাতেই জানা যায় যে, তাঁহারা স্বস্ব করণদ্বারা অনুভব করিয়া তৃপ্ত হইয়া থাকেন। রুদ্রগণ আদিত্যকে আশ্রয় করিয়া দেহগর্হ্যাদি দোষ অপহরণ করেন। তাঁহারাও নিরুদ্যম হইয়া অমৃতদ্বারা জীবিত থাকিতে পারেন না, তাহাহইলে এইরূপে লক্ষ্য করিয়া এইক্ষণ আমাদিগের ভোগাবসর হইতে

স য এতদেবমমৃতং বেদ রুদ্রাণামেবৈকো ভূত্বেন্দ্রে-
ণৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপ-
মভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ৩ ॥

স যাবদাদিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা দ্বিস্তা-
বদ্দক্ষিণত উদেতোত্তরতোঽস্তমেতা রুদ্রাণামেব তাব-
দাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা ॥ ৪ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

দিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা দ্বিস্তাবত্ততো দ্বিগুণং কালং দক্ষিণত উদেতোত্তরতোঽস্তমেতা রুদ্রাণাং তাবদ্ভোগকালঃ ॥ ১ ৪ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

পারে না, এইরূপ জ্ঞান করিয়াই রুদ্রগণও উপাসনা করিয়া থাকেন। যখন সেই অমৃতভোগের অবসর হয়, তখনই ভোগের নিমিত্ত অমৃত হইতে অমৃত উৎপন্ন হয়; সুতরাং দেবগণ এই শুক্ররূপ মধুতে প্রবেশ করেন এবং এই নিমিত্ত দেবগণও উৎসাহশালী হইয়া তাহাতে যত্ন করেন। লোকে উৎসাহবিহীন অলসব্যক্তিদিগের কখনও ভোগপ্রাপ্তি দৃষ্ট হয় না ॥ ২ ॥

যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপে মন্ত্ররূপ মধুকর, যজুর্ব্বেদস্বরূপ পুষ্প, সেই পুষ্প হইতে মধুস্রাব, আদিত্যেতে সেই মধুসঞ্চয়, রোহিতরূপে সেই মধুর অমৃতীভাব, দক্ষিণদিগ্‌গত রশ্মিরূপ মধুনাড়ী, রুদ্রগণের সেই অমৃতের উপভোগ, রুদ্রদিগের সহিত একীভাব প্রাপ্ত হইয়া ইন্দ্ররূপ মুখদ্বারা সেই অমৃতোপজীবন, দর্শনমাত্রে তৃপ্তি ও স্বভোগাবসরার্থ উদ্যম এই সকল জানেন, তিনি রুদ্রগণের ন্যায় সকল অনুভব করিতে পারেন এবং উৎসাহশালী হইয়া উদিত হয়েন ॥ ৩ ॥

পূর্ব্ব পূর্ব্ব শ্রুতিতে উক্ত হইয়াছে যে, রুদ্রগণ অমৃত উপভোগ করেন, এই অমৃত উপভোগের কালের ইয়ত্তা নাই, তাঁহারা বহুকাল অমৃত-

তৃতীয়প্রপাঠকে-

অষ্টমঃ খণ্ডঃ।

অথ যত্তৃতীয়মমৃতং তদাদিত্যা উপজীবন্তি বরুণেন মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১ ॥

তথা পশ্চাদুত্তরত ঊর্দ্ধমুদেতা বিপর্য্যয়েণাস্তমেতা। পূর্ব্বস্মাৎপূর্ব্বস্মাদ্ দ্বিগুণোত্তরোত্তরেণ কালেনেত্যপৌরাণং দর্শনম্। সবিতুশ্চতুর্দ্দিশমিন্দ্রয

ভোগ করিয়া থাকেন। যাবৎ আদিত্য পূর্ব্বদিকে উদিত হয়েন এবং পশ্চিমদিগে অস্ত যান, তাবৎকালই বসুগণ অমৃতভোগ করিতে থাকেন, কিন্তু রুদ্রগণ ইহার দ্বিগুণকাল, অর্থাৎ যাবৎ পূর্ব্বদিক হইতে উদিত, অর্থাৎ পশ্চিমদিকে অস্ত যান এবং যাবৎ উত্তরদিক হইতে উদিত হইয়া দক্ষিণদিকে অস্তমিত হয়েন, তাবৎকাল রুদ্রগণ অমৃতভোগ করিয়া জীবিত থাকেন, তাবৎকাল তাহাদিগের আধিপত্য থাকে, বসুগণ যাবৎ স্বর্গরাজ্যের আধিপত্য করেন, রুদ্রগণ তাহার দ্বিগুণকাল স্বর্গরাজ্যের অধীশ্বর হইয়া থাকেন। যাঁহারা এইরূপে দ্বিতীয় অমৃত ধ্যান করেন, তাঁহারাও রুদ্রগণের তুল্যকাল অমৃতভোগ ও স্বর্গাধিপত্য করিতে পারেন ॥ ৪ ॥

ইতি সপ্তম খণ্ড ॥ ৭ ॥

পশ্চিমদিগ্‌গত যে কৃষ্ণরূপ তৃতীয় মধু উক্ত হইয়াছে, সায়াহ্ন সবনের অধীশ্বর আদিত্যগণ তাহাতে জীবিত আছেন। তাঁহারা বরুণরূপ মুখদ্বারা সেই মধুগ্রহণ করেন, আদিত্যগণ সাধারণরূপে গ্রাসভোজন করেন না, কিম্বা পান করেন না, তথাপি তাঁহারা সেই অমৃত দর্শন করিয়াই তৃপ্ত হইয়া থাকেন, অর্থাৎ অন্তশ্চক্ষু সর্ব্বপ্রকার ইন্দ্রিয়ের দ্বারভূত;

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥২॥

স য এতদেবমমৃতং বেদাদিত্যানামেবৈকো ভূত্বা বরুণেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ৩ ॥

মবরুণসোমপুরীষূদরান্তময়কালস্য তুল্যত্বং হি পৌরাণিকৈরুক্তম্। মানসোত্তরস্য মূর্দ্ধনি মেরোঃ প্রদক্ষিণাবৃতেস্তুল্যত্বাদিতি। অত্রোক্তঃ পরিহার

সুতরাং সর্ব্বপ্রকার ইন্দ্রিয়দ্বারা অমৃতলাভ করেন, এইরূপে আদিত্যগণের ধ্যান করিবে ॥ ১ ॥

পূর্ব্বশ্রুতিতে আদিত্যগণকে ধ্যেয়স্বরূপে নিরূপণ করিয়া এই শ্রুতিতে ধ্যানবিধি নিরূপণ করিতেছেন।—সেই আদিত্যগণ দৃষ্টিমাত্রই তৃপ্তিলাভ করেন, ইহাতে জানাযায় যে, তাঁহারা স্বস্ব করণদ্বারা অনুভব করিয়া তৃপ্ত হইয়া থাকেন, আদিত্যগণ সূর্য্যকে আশ্রয় করিয়া দুর্গন্ধাদিদোষ অপহরণ করেন, তাঁহারাও নিরুদ্যম হইয়া কেবল অমৃতদ্বারা জীবিত থাকিতে পারেন না, তাহা হইলে এইরূপে লক্ষ্য করিয়া আমাদিগেরও ভোগাবসর হইতে পারে না। এইরূপ ধ্যান করিয়াই আদিত্যগণ উপাসনা করিয়া থাকেন। যখন সেই অমৃতভোগের অবসর হয়, তখনই ভোগের নিমিত্ত অমৃত হইতে অমৃত উৎপন্ন হয়; সুতরাং আদিত্য দেবগণ এই কৃষ্ণরূপ মধুতে প্রবেশ করেন এবং এই নিমিত্ত দেবগণও উৎসাহশালী হইয়া উদিত হয়েন এবং তাহাতে যত্ন করেন। লোকে উৎসাহবিহীন অলসব্যক্তিদিগের কখনও ভোগপ্রাপ্তি দৃষ্ট হয় না ॥ ২ ॥

যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপে মন্ত্ররূপ মধুকর, সামবেদস্বরূপ পুষ্প, সেইপুষ্প হইতে মধুস্রাব, আদিত্যেতে সেই মধুসঞ্চয়, কৃষ্ণরূপ সেইমধুর অমৃতীভাব, পশ্চিমদিগ্‌গত রশ্মিরূপ মধুনাড়ী, আদিত্যগণের সেই অমৃতের উপভোগ, আদিত্যগণের সহিত একীভাব প্রাপ্ত হইয়া বরুণরূপ মুখদ্বারা সেই অমৃতোপজীবন, দর্শনমাত্রে তৃপ্তি ও স্বভোগাবসরার্থ উদ্যম,

স যাবদাদিত্যো দক্ষিণত উদেতোত্তরতোঽস্তমেতা দ্বিস্তাবৎ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতাদিত্যানামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা ॥ ৪ ॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮ ॥

আচার্য্যৈবমবাবত্যাদীনাং পুরীণাং দ্বিগুণোত্তরোত্তরেণ কালেনোদ্বাসঃ স্যাৎ। উদয়শ্চ নাম সবিতুস্তন্নিবাসিনাং প্রাণিনাং চক্ষুর্গোচরাপত্তিস্তদ

এই সকল জানেন, তিনি উক্তরূপের মধ্যে প্রবেশ করিয়া আদিত্যগণের ন্যায় সকল অনুভব করিতে পারেন এবং উৎসাহশীল হইয়া উদিত হয়েন ॥ ৩ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে উক্ত হইয়াছে যে, আদিত্যগণ অমৃত উপভোগ করেন, এই অমৃতভোগের কালের ইয়ত্তা নাই, তাঁহারা বহুকাল অমৃতভোগ করিয়া থাকেন। আদিত্যগণ রুদ্রগণের দ্বিগুণ কাল অমৃত ভোগ করেন, অর্থাৎ যাবৎ আদিত্য দক্ষিণদিক্ হইতে উদিত হইয়া উত্তরদিকে অস্ত যান এবং যাবৎ পশ্চিমদিক হইতে উদিত হইয়া পূর্ব্বদিকে অস্তগমন করেন, তাবৎকালই আদিত্যগণ অমৃত ভোগ করিয়া জীবিত থাকেন, এবং এতাবৎকাল আদিত্যগণের আধিপত্য থাকে। রুদ্রগণ যাবৎকাল স্বর্গরাজ্যের আধিপত্য করেন, আদিত্যগণ তাহার দ্বিগুণকাল স্বর্গরাজ্যের অধীশ্বর হইয়া থাকেন। যাঁহারা এইরূপে তৃতীয় অমৃত ধ্যান করেন, তাঁহারাও আদিত্যগণের তুল্যকাল অমৃতভোগ ও স্বর্গরাজ্যের আধিপত্য করিতে পারেন ॥ ৪ ॥

ইতি অষ্টম খণ্ড ॥ ৮ ॥

তৃতীয়প্রপাঠকে

নবমঃ খণ্ডঃ।

অথ যচ্চতুর্থমমৃতং তন্মরুত উপজীবন্তি সোমেন মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১ ॥

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥২॥

ত্যয়শ্চান্তময়ং ন পরমার্থত উদয়াস্তময়ে স্তঃ। তন্নিবাসিনাঞ্চ প্রাণিনামভাবে তান্ প্রতি তেনৈব মার্গেণ গচ্ছন্নপি নৈবোদেতা নাস্তমেতেতি চক্ষুর্গোচরাপত্তেস্তদত্যয়স্য চাভাবাৎ। তথামরাবত্যাঃ সকাশাদ্দ্বিগুণ-

---

উত্তরদিগ্‌গত যে কৃষ্ণরূপ চতুর্থ মধু উক্ত হইয়াছে, তাহাতেই মরুতগণ জীবিত আছেন, তাহারা সোমরূপ মুখদ্বারা সেই মধুগ্রহণ করেন। মরুতগণ সাধারণরূপগ্রাস ভোজন অথবা পান করেন না, তথাপি তাঁহারা সেই অমৃত দর্শন করিয়াই পরিতৃপ্ত থাকেন, অর্থাৎ অন্তশ্চক্ষুই সর্ব্বপ্রকার ইন্দ্রিয়ের দ্বারভূত; সুতরাং মরুতগণও সর্ব্বপ্রকার ইন্দ্রিয়দ্বারা অমৃতলাভ করেন, ইহাই জানিতে হইবে। এইরূপে মরুতগণের ধ্যান করিতে হইবে ॥ ১ ॥

পূর্ব্বশ্রুতিতে মরুতগণকে ধ্যেয় স্বরূপে নিরূপণ করিয়া এইশ্রুতি সেই মরুতগণের ধ্যানবিধি নিরূপণ করিতেছেন।—মরুতগণ দৃষ্টিমাত্রই তৃপ্তিলাভ করেন, ইহাতে জানাযায় যে, মরুতগণও স্বস্ব করণদ্বারা অনুভব করিয়া তৃপ্ত হইয়া থাকেন। মরুতগণ সূর্য্যকে আশ্রয় করিয়া দুর্গন্ধাদিদোষ হরণ করেন, তাঁহারাও নিরুদ্যম হইয়া কেবল অমৃতদ্বারা জীবিত থাকিতে পারেন না। তাহাহইলে এইরূপে লক্ষ্য করিয়া আমাদিগেরও ভোগাবসর হইতে পারে না। এইরূপ করিয়াই মরুতগণ উপাসনা করিয়া থাকেন। যখন সেই অমৃতভোগের অবসর হয়, তখনই ভোগের নিমিত্ত

স য এতদেবমমৃতং বেদ মরুতামেবৈকো ভূত্বা সোমেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ৩ ॥

স যাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতা দ্বিস্তাবদুত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা ॥ ৪ ॥

ইতি নবমঃ খণ্ডঃ ॥ ৯ ॥

কালং সাংযমিনী পুরী বসত্যতস্তন্নিবাসিনঃ প্রাণিনঃ প্রতি দক্ষিণত ইবোদেত্যুত্তরতোঽস্তমেতীত্যুচ্যতেঽস্মদ্বুদ্ধিঞ্চাপেক্ষ্য তথোত্তরাস্বপি পুরীষু

অমৃত হইতে অমৃত উৎপন্ন হইয়া থাকে; সুতরাং দেবগণও এই কৃষ্ণরূপ মধুতে প্রবেশ করেন এবং এই নিমিত্ত দেবগণও উৎসাহশালী হইয়া উদিত হয়েন এবং তাহাতে যত্ন করেন। লোকে উৎসাহবিহীন অলস ব্যক্তিদিগের কখনও ভোগ প্রাপ্তি দৃষ্ট হয় না ॥ ২ ॥

যেকোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপে মন্ত্ররূপ মধুকর, অথর্ব্ববেদস্বরূপ পুষ্প, সেই পুষ্পহইতে মধুস্রাব, আদিত্যে সেই মধুর সঞ্চয়, কৃষ্ণরূপ সেই মধুর অমৃতীভাব, উত্তর দিগ্‌গত রশ্মিরূপ মধুনাড়ী, মরুতগণের সেই অমৃতের উপভোগ, মরুতগণের সহিত একীভাব প্রাপ্ত হইয়া সোমরূপ মুখদ্বারা সেই অমৃতোপজীবন, দর্শনমাত্র তৃপ্তি ও স্বস্ব ভোগাবসারার্থ উদ্যম, এইসকল জানেন, তিনি উক্তরূপের মধ্যে প্রবেশ করিয়া মরুতগণের ন্যায় সকল অনুভব করিতে পারেন এবং উৎসাহশালী হইয়া উপস্থিত হয়েন ॥ ৩ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে উক্ত হইয়াছে যে, মরুতগণ অমৃত উপভোগ করেন, সেই অমৃতভোগের কালের ইয়ত্তানাই, তাঁহারা বহুকাল অমৃতভোগ করিয়া থাকেন। মরুতগণ আদিত্যগণের দ্বিগুণকাল অমৃতভোগ করেন, অর্থাৎ

তৃতীয়প্রপাঠকে-

দশমঃ খণ্ডঃ।

অথ যৎপঞ্চমমমৃতং তৎসাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১ ॥

যোজনা। সর্ব্বেষাঞ্চ মেরুরুত্তরো ভবতি। যদামরাবত্যাং মধ্যাহ্নগতঃ সবিতা তদা সাংযমিন্যামুদ্যন্দৃশ্যতে তত্র মধ্যাহ্নগোচরো বারুণ্যামুদ্যন্দৃ-

---

আদিত্যগণ যাবৎ পশ্চিমদিক হইতে উদিত হইয়া পূর্ব্বদিকে অস্ত গমন করেন, তাবৎ আদিত্যগণ অমৃতভোগ করিতে পারেন, কিন্তু মরুতগণতাহার দ্বিগুণ অর্থাৎ যাবৎ আদিত্য পশ্চিমদিক হইতে উদিত হইয়া পূর্ব্বদিকে অস্তমিত হয়েন এবং যাবৎ কাল উত্তরদিক্ হইতে উদিত হইয়া দক্ষিণদিকে অস্তযান, তাবৎ পরিমিত কাল মরুতগণ অমৃতভোগ করিয়া জীবিত থাকেন এবং এতাবৎকাল মরুতগণের স্বর্গরাজ্যের আধিপত্য থাকে, আদিত্যগণ যাবৎকাল স্বর্গের অধীশ্বর থাকেন, মরুতগণ তাহার দ্বিগুণকাল স্বর্গের অধিপতি হইয়া থাকেন, যাঁহারা এইরূপে মরুতগণের ধ্যান করেন, তাঁহারাও মরুতগণের তুল্যকাল স্বর্গরাজ্যের আধিপত্য করিতে পারেন ॥ ৪ ॥

ইতি নবম খণ্ড ॥ ৯ ॥

ঊর্দ্ধদিগ্‌গত যে পঞ্চম মধু উক্ত হইয়াছে, তাহাতে সাধ্যগণ জীবিত আছেন, তাঁহারা ব্রহ্মরূপ মুখদ্বারা সেই মধুগ্রহণ করিয়া থাকেন। সাধ্যগণ সাধারণ রূপে গ্রাস ভোজন অথবা পান করেন না, তথাপি তাঁহারা সেই অমৃত দর্শন করিয়াই পরিতৃপ্ত থাকেন, অর্থাৎ অন্তশ্চক্ষু সর্ব্বপ্রকার ইন্দ্রিয়ের দ্বারভূত; সুতরাং সাধ্যগণও সর্ব্বপ্রকার ইন্দ্রিয়দ্বারা অমৃতলাভ

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২ ॥

স য এতদেবমমৃতং বেদ সাধ্যানামেবৈকো ভূত্বা ব্রহ্মণৈব সুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ৩ ॥

শ্রুতে। তপোত্তরস্যাং প্রদক্ষিণাবৃত্তেস্তুল্যত্বাৎ। ইলাবৃতবাসিনাং সর্ব্বতঃ পর্ব্বতপ্রাকারনিবারিতাদিত্যরশ্মীনাং সবিত্রোর্দ্ধ ইবোদেতার্ব্বাগস্তমেতা দৃশ্যতে। পর্ব্বতোর্দ্ধচ্ছিদ্রপ্রবেশাৎসবিতৃপ্রকাশস্য। অথর্গাদ্যমৃতোপজীবি-

---

করেন, ইহাই জানিতে হইবে। এইরূপে সাধ্যগণের ধ্যান করিতে হইবে ॥ ১ ॥

পূর্ব্বশ্রুতিতে সাধ্যগণকে ধ্যেয় স্বরূপে নিরূপণ করিয়া এইশ্রুতিতে সেই সাধ্যগণের ধ্যান বিধি নিরূপণ করিতেছেন।—সাধ্যগণ দৃষ্টিমাত্রই তৃপ্তিলাভ করেন, ইহাতে জানাযায় যে, সাধ্যগণ ও স্বস্ব করণদ্বারা অনুভব করিয়া তৃপ্তহইয়া থাকেন। সাধ্যগণ সূর্য্যকে আশ্রয় করিয়া দুর্গন্ধাদি দোষ হরণ করেন, তাহারাও নিরূদ্যম হইয়া কেবল অমৃতদ্বারা জীবিত থাকিতে পারেন না। তাহাহইলে এইরূপে লক্ষ্য করিয়া আমাদিগের ও ভোগাবসর হইতে পারে না, এইরূপ ধ্যান করিয়াই সাধ্যগণ উপাসনা করিয়া থাকেন। যখন সেই অমৃতভোগের অবসর হয়, তখনই ভোগের নিমিত্ত অমৃত হইতে অমৃত উৎপন্ন হইয়া থাকে। সুতরাং দেবগণও এই কৃষ্ণরূপ মধুতে প্রবেশ করেন এবং এই নিমিত্ত তাহারা উৎসাহশালী হইয়া উদিত হয়েন এবং তাহাতে যত্ন করেন। লোকে উৎসাহবিহীন অলস ব্যক্তিদিগের কখনও ভোগপ্রাপ্তি দৃষ্ট হয় না ॥ ২ ॥

যেব্যক্তি পূর্ব্বোক্ত রূপে মন্ত্ররূপ মধুকর, বেদরূপ পুষ্প, সেই পুষ্প হইতে মধুস্রাব, আদিত্যেতে সেই মধুসঞ্চয়, কৃষ্ণরূপ সেই মধুর অমৃতীভাব, ঊর্দ্ধদিগ্‌গত রশ্মিরূপ মধুনাড়ী, সাধ্যগণের সেই অমৃতের উপভোগাদি, সাধ্যগণের সহিত একীভাব প্রাপ্তহইয়া ব্রহ্মরূপ মুখদ্বারা সেই অমৃতোপজীবন, দর্শনমাত্রে তৃপ্তি, ও স্বস্ব ভোগাবসরার্থ উদ্যম, এই সকল জানেন,

স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা দ্বিস্তাবদূর্দ্ধং উদেতার্ব্বাগস্তমেতা সাধ্যানামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা ॥ ৪ ॥

ইতি দশমঃ খণ্ডঃ ॥ ১০ ॥

নামমৃতানাঞ্চ দ্বিগুণোত্তরোত্তরবীর্য্যবত্ত্বমনুমীয়তে ভোগকালদ্বৈগুণ্যলিঙ্গেন। উদ্যমনসংবেশনাদিদেবানাং রুদ্রাদীনাং বিদুষশ্চ সমানম্ ॥ ১-৪ ॥

ইতি অষ্টমঃ নবমঃ দশমঃ খণ্ডঃ ॥ ৮-৯-১০ ॥

তিনি উক্তরূপের মধ্যে প্রবেশ করিয়া সাধ্যগণের ন্যায় সকল অনুভব করিতে পারেন এবং উৎসাহশালী হইয়া উদিত হয়েন ॥ ৩ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে উক্ত হইয়াছে যে, সাধ্যগণ অমৃত উপভোগ করেন, সেই অমৃত ভোগের কালের ইয়ত্তা নাই, তাঁহারা বহুকাল অমৃত ভোগ করিয়া থাকেন। সাধ্যগণ মরুতগণের দ্বিগুণকাল অমৃতভোগ করেন, অর্থাৎ মরুতগণ যাবৎ আদিত্য উত্তরদিক হইতে উদিত হইয়া দক্ষিণ দিকে অস্তগমন করেন, তাবৎকাল অমৃতভোগ করেন, কিন্তু সাধ্যগণ যাবৎ উত্তরদিক হইতে উদিত হইয়া দক্ষিণ দিকে অস্তমিত হয়েন এবং যাবৎ কাল আদিত্য ঊর্দ্ধদিক্ হইতে উদিত হইয়া অধোদিকে অস্তগমন করেন, তাবৎ পরিমিত কাল সাধ্যগণ অমৃতভোগ করিয়া জীবিত থাকেন এবং এতাবৎকাল সাধ্যগণের স্বর্গরাজ্যের আধিপত্য থাকে। মরুতগণ যাবৎকাল স্বর্গরাজ্যের আধিপত্য করেন, সাধ্যগণ তাহার দ্বিগুণকাল স্বর্গের অধীশ্বর হইয়া থাকেন। যাঁহারা এইরূপে সাধ্যগণের ধ্যান করেন, তাহারাও সাধ্যগণের তুল্যকাল স্বর্গরাজ্যের আধিপত্য করিতে পারেন। (উপসংহারকালে বক্তব্য এই যে, সূর্য্যদেব দেশ বিশেষে পূর্ব্বদিক হইতে উদিত হইয়া পশ্চিমদিকে, কোন দেশে পশ্চিমদিক হইতে উদিত হইয়া

পূর্ব্বদিকে, অপর কোনদেশে উত্তরদিক হইতে উদিত হইয়া দক্ষিণদিকে, অন্যলোকে দক্ষিণদিক হইতে উদিত হইয়া উত্তরদিকে এবং লোকান্তরে উর্দ্ধদিক হইতে উদিত হইয়া অধোদিকে অস্তগমন করেন। বসুগণ, রুদ্রগণ, আদিত্যগণ, মরুতগণ ও সাধ্যগণ ইহারা উত্তরোত্তর দ্বিগুণতর কাল ভোগকরেন, অর্থাৎ যাবৎ পূর্ব্বদিক হইতে উদিত হইয়া পশ্চিমদিকে অস্তমিত হয়েন, তাবৎ প্রথমামৃতধ্যায়ী বসুগণের ভোগকাল, ইহার দ্বিগুণকাল, অর্থাৎ যাবৎ আদিত্যগণ দক্ষিণদিক হইতে উদিত হইয়া উত্তরদিকে অস্তগমন করেন, এতাবৎকালই দ্বিতীয়ামৃতধ্যায়ী রুদ্রগণের ভোগ সময়। ইহার দ্বিগুণকাল, অর্থাৎ যাবৎ সবিতা পশ্চিমদিক হইতে উদিত হইয়া পূর্ব্বদিকে অস্তযান, এই কালই তৃতীয়ামৃতধ্যায়ী আদিত্যগণের ভোগকাল, ইহার দ্বিগুণকাল, অর্থাৎ যাবৎ আদিত্য উত্তরদিক হইতে উদিত হইয়া দক্ষিণদিকে অস্তগমন করেন, এই সময়ই চতুর্থামৃতধ্যায়ী মরুতগণের ভোগকাল। ইহার দ্বিগুণকাল, অর্থাৎ যাবৎ সূর্য্য উর্দ্ধদিক হইতে উদিত হইয়া অধোদিকে অস্ত যান, এতাবৎকালই পঞ্চমামৃতধ্যায়ী সাধ্যগণের ভোগ সময়। ইহা পৌরাণিক মত নহে। পৌরাণির মতে সূর্য্যের চতুর্দ্দিকবর্ত্তী ইন্দ্র, যম, বরুণ ও সোমপুরীতে উদয় ও অস্তকালের তুল্যতা আছে। সূর্য্যদেব মানসের উত্তরদিকে মহাগিরি সুমেরুর মূর্দ্ধভাগে প্রাকারবৎ চতুর্দ্দিকে চক্রাকারে প্রদক্ষিণ করেন। অমরাবতী প্রভৃতি পুরীতে উত্তরোত্তর দ্বিগুণ কালে সূর্য্যের উদয় ও অস্ত হইয়া থাকে। যখন যে দেশের লোকে সূর্য্যকে দেখিতে পায়, তাহাই সূর্য্যের উদয় এবং সেই সূর্য্যের যে অদর্শন, তাহাই অস্ত। দেশবিশেষে লোক সকল কোন সময় সূর্য্যকে দেখিতে পায়, কখন বা দেখিতে পায় না, তাহাকে সেই সেই দেশবাসী লোকেরা সূর্য্যের উদয়াস্ত বলিয়া থাকে, বাস্তবিক্ সূর্য্যদেবের উদয় বা অস্ত কিছুই নাই। যে দেশে লোক নাই, তথাতে সূর্য্যদেব একমার্গেই ভ্রমণ করেন, তথাপি সেই দেশে সূর্য্যদেব চক্ষুর গোচর বা অদৃশ্য হয়েন না, অমরাবতীপুরী হইতে দ্বিগুণকাল সাংযমিনী পুরীর বসতি এই পুরনিবাসী প্রাণীদিগের নিকট আমাদিগের বুদ্ধি অপেক্ষা দক্ষিণদিক হইতে উদিত হইয়া উত্তরদিকে অস্তগমন

তৃতীয়প্রপাঠকে-

একাদশঃ খণ্ডঃ।

অথ তত ঊর্দ্ধ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকলএব মধ্যস্থাতা তদেষ শ্লোকঃ ॥ ১ ॥

কৃত্বৈবমুদয়াস্তমনেন প্রাণিনাং স্বকর্ম্মফলভোগনিমিত্তমনুগ্রহং তৎকর্ম্মফলোপভোগক্ষয়ে তানি প্রাণিজাতান্যাত্মনি সংহৃত্যাথ ততস্তস্মাদনন্তরং প্রাণ্যনুগ্রহকালাদূর্দ্ধঃ সন্নাত্মন্যুদেত্যোদাম্য যান্ প্রত্যুদেতি তেষাং প্রাণিনামভাবাৎ স্বাত্মস্থো নৈবোদেতা নাস্তমেতৈকলোঽদ্বিতীয়োঽনবয়বো মধ্যে স্বাত্মন্যেব স্থাতা। তত্র কশ্চিদ্বিদ্বান্ বস্বাদিসমাচরণো রোহিতাদ্যমৃতভোগভাগী যথোক্তক্রমেণাত্মানং সবিতারমাত্মত্বেনোপেত্য সমাহিতঃ

করেন। অমরাবতীতে যখন সূর্য্য মধ্যাহ্নগত হয়েন, তখন সাংযমিনী পুরীতে সূর্য্য উদয়গামী দৃষ্ট হয়েন, যখন সেই সাংযমিনী পুরীতে মধ্যাহ্নগামী দৃষ্ট হয়েন, তখন বারুণীতে উদয়শালী দেখা যায়। উক্ত স্থানদ্বয়েই তুল্যরূপে দক্ষিণাবর্ত্তে ভ্রমণ করেন, ইলাবৃত বাসিদিগের সর্ব্বত্র পর্ব্বতপ্রাকারে আদিত্য রশ্মি আবৃত থাকে। অতএব তাহারা সূর্য্যকে ঊর্দ্ধ হইতে উদিত এবং অধোদিকে অস্তমিত দর্শন করে, এই দেশে পর্ব্বতের ঊর্দ্ধছিদ্র দিয়া সূর্য্য প্রকাশ পাইয়া থাকেন। এইরূপে সূর্য্যের উদয়াস্ত ব্যতিক্রমেই বসুগণ প্রভৃতির ভোগকালের ন্যূনাধিক্য হইয়া থাকে) ॥ ৪ ॥

ইতি দশম খণ্ড ॥ ১০ ॥

পূর্ব্বখণ্ডে উদয়াস্তময়দ্বারা প্রাণিবর্গের স্বকর্ম্ম ফলভোগের কালনিরূপণ রূপ অনুগ্রহ প্রদর্শন করিয়া কর্ম্মফলভোগ ক্ষয়ের নিমিত্ত উপদেশ করিতেছেন।—প্রাণিসকল আত্মাতে সংহৃত করিয়া অনন্তর যে সকল

ন বৈ তত্র ন নিম্লোচ নোদিয়ায় কদাচন দেবাস্তে-নাহং সত্যেন মা বিরাধিষি ব্রহ্মণেতি ॥ ২ ॥

সন্নেতং মন্ত্রং দৃষ্ট্বোত্থিতোঽন্যস্মৈ পৃষ্টবতে জগাদ যতস্ত্বমাগতো ব্রহ্মলোকাৎ-কিন্তত্রাপ্যহোরাত্রাভ্যাং পরিবর্ত্তমানঃ সবিতা প্রাণিনামায়ুঃ ক্ষপয়তি যথে-হাস্মাকমিত্যেবং পৃষ্টঃ প্রত্যাহ। তত্তত্র যথা পৃষ্টে যথোক্তে চার্থে এষ শ্লোকোভবতি। তেনোক্তো যোগিনেতি শ্রুতের্ব্বচনমিদম্ ॥ ১ ॥

ন বৈ তত্র যতোঽহং ব্রহ্মলোকাদাগতস্তস্মিন্ ন বৈ তত্রৈতদস্তি যৎ-পৃচ্ছসি। ন হি তত্র নিম্লোচান্তমগমৎ সবিতা ন চোদীয়ায়োদ্গতঃ কুত-শ্চিৎকদাচন কস্মিংশ্চিদপি কালে ইতি। উদয়াস্তময়বর্জ্জিতো ব্রহ্মলোক ইত্যুপপন্নমিত্যুক্তঃ শপথমিবপ্রতিপেদে। হে দেবাঃ সাক্ষিণো যূয়ং শৃণুত যথা ময়োক্তং সত্যং বচস্তেন সত্যেনাহং ব্রহ্মণা ব্রহ্মস্বরূপেণ মা বিরাধিষি মা বিরুদ্ধেয়মপ্রাপ্তির্ব্রহ্মণো মাভূদিত্যর্থঃ ॥ ২ ॥

প্রাণীর প্রতি উদিত হয়, সেই সকল প্রাণীর অভাবহেতু উদিত বা অস্ত-মিত হয়েন না, তখন কেবল অদ্বিতীয় নিরবয়ব আত্মামাত্রই বিদ্যমান থাকেন। কোন বিদ্বান ব্যক্তি বসুপ্রভৃতির ন্যায় আচরণ করিয়া রোহি-তাদি অমৃতভাগী হয়েন, তিনি উক্তক্রমে আত্মস্বরূপ সবিতাকে পাইয়া সমাধি অবলম্বন করেন, অনন্তর এই মন্ত্রদর্শন করিয়া উত্থিত হয়েন এবং অন্য কেহ জিজ্ঞাসা করিলে তাহাকে বলিবেন, যেহেতু তুমি আত্মগত, অতএব ব্রহ্মলোকে তোমার কি হইবে? সবিতা দিবারাত্রিদ্বারা পরি-বর্ত্তমান হইয়া প্রাণিগণের আয়ুঃক্ষয় করেন। ব্রহ্মবিজ্ঞানবিদ্ এইরূপ বলিলে কোন শিষ্ট বলিলেন, কিরূপে আপনাদিগের ন্যায় আমাদিগের আয়ুঃক্ষয় না হয়, তাহার উপদেশ করুন। ব্রহ্মবিদ্ এইরূপে শিষ্টকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া বলিতেছেন ॥ ১ ॥

আমি যে ব্রহ্মলোক হইতে আগমন করিয়াছি, সেখানে কোন-কালেও সবিতা উদিত বা অস্তমিত হয়েন না। সেই ব্রহ্মলোক উদয়াস্ত বিহীন। হে দেবগণ! তোমরা সাক্ষীভূত হইয়া শ্রবণ কর, আমি যে

ন হ বা অস্মা উদেতি ন নিম্লোচতি সকৃদ্দিবা হৈবাস্মৈ ভবতি য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ ॥ ৩ ॥

তদ্ধৈতদ্ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্ম্মনবে মনুঃ প্রজাভ্যস্তদ্ধৈতদুদ্দালকায়ারুণয়ে জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রোবাচ ॥ ৪ ॥

সত্যং তেনোক্তমিত্যাহ শ্রুতির্ন হ বা অস্মৈ। যথোক্তব্রহ্মবিদে নোদেতি ন নিম্লোচতি নাস্তমেতি কিন্তু ব্রহ্মবিদেঽস্মৈ সকৃদ্দিবা হৈব সদৈবাহর্ভবতি স্বয়ং জ্যোতিষ্ট্বাদ্ব এতাং যথোক্তাং ব্রহ্মোপনিষদং বেদ গুহ্যং বেদ। এবং তপ্তেন ব°শাদিত্রয়ং প্রত্যমৃতসম্বন্ধঞ্চ যচ্চান্যদবোচাম এবং জানাতীত্যর্থঃ। বিদ্বানুদয়াস্তময়কালাপরিচ্ছেদ্যং নিত্যমজং ব্রহ্ম ভবতীত্যর্থঃ ॥ ৩ ॥

তদ্ধৈতন্মধুজ্ঞানং ব্রহ্মা হিরণ্যগর্ভো বিরাজে প্রজাপতয়ে উবাচ। সোঽপি মনবে মনুর্বিক্ষ্বাকাদিভ্যঃ প্রজাভ্যঃ প্রোবাচেতি বিদ্বাংস্তৌতি

তোমাদিগের নিকট সত্য বচন বলিলাম, এই সত্যদ্বারা ব্রহ্মের অপ্রাপ্তি হইবে না, অর্থাৎ আমার উপদেশানুসারে কার্য্য করিলেই ব্রহ্মপ্রাপ্তি হইতে পারিবে ॥ ২ ॥

যিনি সম্যক্‌রূপে ব্রহ্মবিজ্ঞান লাভ করিয়াছেন, তাঁহার সম্বন্ধে কখন আদিত্য দেব উদিত বা অস্তমিত হয়েন না, সর্ব্বদাই তাঁহার দিবা থাকে, যিনি এই বেদগুহ্য ব্রহ্মোপনিষদ্ সম্যক্‌প্রকারে জানিতে পারেন, তিনি স্বয়ং জ্যোতিঃস্বরূপ হইয়া প্রকাশ পাইতে থাকেন, সুতরাং তাহার নিকট উদয়াস্তের সম্ভব নাই। সেই জ্ঞানী ব্যক্তিও উদয়াস্ত বিহীন ব্রহ্মস্বরূপ হইতে পারেন ॥ ৩ ॥

পূর্ব্বোক্ত মধুবিজ্ঞান হিরণ্যগর্ভ ব্রহ্মা বিরাটপুরুষ প্রজাপতিকে বলিয়াছিলেন, সেই প্রজাপতি মনুকে উপদেশ করেন। অনন্তর মনু ইক্ষ্বাকু

ইদং বাব তজ্জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রব্রূয়াৎ প্রাণায্যায় বান্তেবাসিনে ॥ ৫ ॥

নান্যস্মৈ কস্মৈচন যদ্যপ্যস্মা ইমামদ্ভিঃ পরিগৃহীতাং ধনস্য পূর্ণাং দদ্যাদেতদেব ততোভূয় ইত্যেতদেব ততো ভূয় ইতি ॥ ৬ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

ব্রহ্মাদিবিশিষ্টক্রমাগতেতি। কিঞ্চ তদ্বৈতন্মধুজ্ঞানমুদ্দালকায়ারুণয়ে পিতা ব্রহ্মবিজ্ঞানং জ্যেষ্ঠায় পুত্রায় প্রোবাচ ॥ ৪ ॥

ইদং বাব তদ্যথোক্তম্। অন্যোঽপি জ্যেষ্ঠায় পুত্রায় সর্ব্বপ্রিয়ার্হায় ব্রহ্ম প্রব্রূয়াৎ। প্রাণায্যায় যোগ্যায়ান্তেবাসিনে শিষ্যায় ॥ ৫ ॥

নান্যস্মৈ কস্মৈচন প্রব্রূয়াত্তীর্থদ্বয়মনুজ্ঞাতমনেকেষাং প্রাপ্তানাং তীর্থানামাচার্য্যাদীনাম্। কস্মাৎ পুনস্তীর্থসঙ্কোচনং বিদ্যায়াঃ কৃতমিত্যাহ। যদ্যপ্যস্মৈ আচার্য্যায় ইমাং কশ্চিৎ পৃথিবীমদ্ভিঃ পরিগৃহীতাং সমুদ্রপরিবেষ্টিতাং সমস্তামপি দদ্যাদ্ অস্যা বিদ্যায়া নিষ্ক্রয়ার্থমাচার্য্যায় ধনস্য

প্রভৃতি প্রজাবর্গের নিকট প্রচার করেন, পরে উদ্দালকের পিতা স্বীয় জ্যেষ্ঠপুত্র উদ্দালক আরুণিকে ঐ ব্রহ্মবিজ্ঞান বলিয়াছেন ॥ ৪ ॥

অন্য ব্যক্তিও সর্ব্বপ্রিয় জ্যেষ্ঠপুত্রকে উক্ত ব্রহ্মবিজ্ঞান বলিতে পারেন এবং সুযোগ্যশিষ্যকে গুরু এই ব্রহ্মবিজ্ঞান উপদেশ করিবেন, পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যগণ এই নিয়মে ব্রহ্মবিজ্ঞান উপদেশ করিয়াছেন ॥ ৫ ॥

অন্য কাহাকেও এই ব্রহ্মবিজ্ঞান উপদেশ করিবে না। ইহাদ্বারা জানা যাইতেছে যে, পিতা ও আচার্য্য ইহাদিগের নিকটেই ব্রহ্মবিদ্যার উপদেশ গ্রহণ করিবে। যদি আচার্য্যকে এই ব্রহ্মবিজ্ঞান প্রদানের নিষ্ক্রয়রূপে সসাগরাধরা প্রদান করা যায়, তথাপি ব্রহ্মবিজ্ঞান প্রদানের উপযুক্ত নিষ্ক্রয় হয় না। আচার্য্য ব্রহ্মবিজ্ঞান উপদেশদ্বারা শিষ্যের

তৃতীয়প্রপাঠকে-

দ্বাদশঃ খণ্ডঃ।

গায়ত্রী বা ইদং সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ বাগ্বৈ
গায়ত্রী বাগ্বা ইদং সর্ব্বং ভূতং গায়তি চ ত্রায়তে চ ॥১॥

পূর্ণাং সম্পন্নাং ভোগোপকরণৈর্নাপরস্য নিষ্ক্রয়ো যস্মাত্ততোঽপি দানাদেতদেব যন্মধুবিদ্যাদানং ভূয়ো বহুতরফলমিত্যর্থঃ দ্বিরভ্যাস আদরার্থঃ ॥ ৬ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

যত এবমতিশয়ফলৈষা ব্রহ্মবিদ্যা অতঃ সা প্রকারান্তরেণাপি বক্তব্যেতি গায়ত্রী বা ইত্যাদ্যারভ্যতে। গায়ত্রীদ্বারেণ চোচ্যতে ব্রহ্ম। সর্ব্ববিশেষরহিতস্য নেতি নেতীত্যাদি বিশেষপ্রতিষেধগম্যস্য দুর্ব্বোধত্বাৎ। সংস্বনেকেষু ছন্দঃসু গায়ত্র্যা এব ব্রহ্মজ্ঞানদ্বারতয়োপাদানং প্রাধান্যাৎ।

যেরূপ উপকারসাধন করেন, সমস্ত উপকরণের সহিত সাগর বেষ্টিতা পৃথিবী তাহার সমতুল নহে, কারণ এই ব্রহ্মবিদ্যার ফল পৃথিবী লাভ হইতেও অধিক ॥ ৬ ॥

ইতি একাদশ খণ্ড ॥ ১১ ॥

যেহেতু পূর্ব্বখণ্ডে অতিশয়রূপে ব্রহ্মবিদ্যার ফলোৎকর্ষ বর্ণিত হইয়াছে অতএব প্রকারান্তরে সেই সেই ব্রহ্মবিদ্যার উপদেশ বলিতেছেন।—গায়ত্রীদ্বারাও ব্রহ্মবিদ্যার উপদেশ হইতে পারে। তন্ন তন্নরূপে সর্ব্ববিষয় পরিত্যাগ করিয়া নিষেধমুখে ব্রহ্মবিদ্যার উপদেশ সাধারণ বুদ্ধির অগম্য, অতএব গায়ত্রীর উপাসনাদ্বারা ব্রহ্মবিদ্যাসাধনই প্রশস্ত উপায়। অনেকপ্রকার ছন্দ আছে, তাহাদিগের মধ্যে গায়ত্রীছন্দই ব্রহ্মবিজ্ঞান

সোমাহরণাদিতরচ্ছন্দোঽক্ষরাহরণেন ইতরচ্ছন্দো ব্যাপ্ত্যা চ সর্ব্বসবনব্যাপকত্বাচ্চ যজ্ঞে প্রাধান্যং গায়ত্র্যাঃ। গায়ত্রীসারত্বাচ্চ ব্রাহ্মণস্য। মাতরমিব হিত্বা গুরুতরাং গায়ত্রীং ততোঽন্যদ্‌গুরুতরং ন প্রতিপদ্যতে ইদং যথোক্তং ব্রহ্মাপোতি তস্যামত্যন্তগৌরবস্য প্রসিদ্ধত্বাৎ। অতো গায়ত্রীমুখেনৈব ব্রহ্মোচ্যতে গায়ত্রী বৈ ইত্যবধারণার্থো বৈশব্দঃ। সর্ব্বং ভূতং প্রাণিজাতং যৎকিঞ্চ স্থাবরং জঙ্গমং বা তৎসর্ব্বং গায়ত্র্যেব। তস্যাশ্ছন্দোমাত্রায়াঃ সর্ব্বভূতত্বমনুপপন্নমিতি গায়ত্রীকারণং বাচং শব্দরূপামাপাদয়তি গায়ত্রীম্। বাগ্‌বৈ গায়ত্রীতি। বাগ্বা ইদং সর্ব্বং ভূতম্। তস্মাৎ বাক্ শব্দরূপা সতী সর্ব্বং ভূতং গায়তি চ শব্দয়তি অসৌ গৌরসাবশ্ব ইতি ত্রায়তে চ রক্ষত্যমুষ্মান্নভৈষীঃ কিং তে ভয়মুথিমিত্যাদি। সর্ব্বতো ময়ান্নিবর্ত্তমানো বাচা ত্রাতঃ স্যাৎ। যদ্বাগ্‌ভূতং গায়তি ত্রায়তে

বিষয়ে প্রধান কারণ বলিয়া সকলেই স্বীকার করিয়া থাকেন। ত্রিষ্টুভ, জগতীপ্রভৃতি অনেকপ্রকার ছন্দ আছে, তাহাদিগের সর্ব্বব্যাপকত্ব নাই, কিন্তু গায়ত্রীছন্দ সর্ব্বব্যাপক, অর্থাৎ ত্রিসবন যাগাদিতে গায়ত্রীছন্দের প্রয়োজন আছে, অতএব গায়ত্রীই সর্ব্বপ্রকার ছন্দের মধ্যে প্রধান ত্রিষ্টুভ জগতী প্রভৃতিছন্দ গায়ত্রীছন্দ হইতে হীন। বিশেষতঃ গায়ত্রীই ব্রাহ্মণগণের সারভূত। অতএব ব্রাহ্মণমাত্রেরই গায়ত্রীর আশ্রয় গ্রহণ কর্ত্তব্য। যেমন অবোধ বালকগণ মাতাকে পরিত্যাগ করিয়া অপরের শরণাগত হয়, সেইরূপ অজ্ঞব্রাহ্মণেরা গায়ত্রী পরিত্যাগকরিয়া অপরছন্দের অনুসরণ করে। যাহারা এইরূপ বালকের মাতৃ পরিত্যাগের ন্যায় গায়ত্রী পরিত্যাগ করিয়া উপাসনা করে, তাহারা প্রকৃত সুপ্রশস্ত পন্থা বর্জ্জন করিয়া অতি গুরুতর ও বহুদূরবর্ত্তী পন্থার আশ্রয় লয়। গায়ত্রী সর্ব্বময় ও সর্ব্বভূতাত্মক। স্থাবরজঙ্গমাদি যে কিছু প্রাণিজাত বিদ্যমান আছে, সেই সমুদায়ই গায়ত্রীস্বরূপ, অর্থাৎ বাক্যমাত্রেরই কারণ; সুতরাং গায়ত্রীই বাক্যস্বরূপ। অতএব শব্দরূপা সরস্বতী সর্ব্বপ্রকার শব্দ করিয়া থাকেন। এইটি গো, এইটি অশ্ব, তোমার ভয় নাই ইত্যাদিরূপে শব্দই সকলকে রক্ষা করিয়া থাকে, এই নিমিত্তই "গায়ত্রী"নাম হইয়াছে, অর্থাৎ

যা বৈ সা গায়ত্রী যং বাব সা যেয়ং পৃথিব্যস্যাং হীদং সর্ব্বং ভূতং প্রতিষ্ঠিতমেতামেব নাতিশীয়তে ॥ ২ ॥

যা বৈ সা পৃথিবীয়ং বাব সা যদিদমস্মিন্ পুরুষে শরীরমস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥৩॥

গায়ত্র্যেব তদ্গায়তি চ বাচোঽনন্তত্বাৎ গায়ত্র্যা গানাত্রাণাচ্চ গায়ত্র্যা গায়ত্রীত্বম্ ॥ ১ ॥

যা বৈ সৈবংলক্ষণা সর্ব্বভূতরূপা গায়ত্রী। ইয়ং বাব সা যেয়ং পৃথিবী। কথং পুনরিয়ং পৃথিবী গায়ত্রীত্যুচ্যতে। সর্ব্বভূতসম্বন্ধোঽস্যাং পৃথিব্যাং হি। যস্মাৎ সর্ব্বং স্থাবরজঙ্গমঞ্চ ভূতং প্রতিষ্ঠিতমেতামেব পৃথিবীং নাতিশীয়তে নাতিবর্ত্ততে ইত্যেতৎ ॥ ২ ॥

যথা গানত্রাণাভ্যাং ভূতসম্বন্ধো গায়ত্র্যা এবং ভূতপ্রতিষ্ঠানাদ্ভূতসম্বন্ধাদ্বা পৃথিবী অতো গায়ত্রী পৃথিবী। যা বৈ সা পৃথিবী গায়ত্রীয়ং বাব সা ইদমেব। তৎকিং যদিদমস্মিন্ পুরুষে কার্য্যকারণসঙ্ঘাতে জীবতি

যিনি গান কর্ত্তাকে ত্রাণ করেন, তিনিই গায়ত্রী। এই গায়ত্রীই ব্রহ্মজ্ঞানলাভের প্রশস্ত উপায়, অতএব ব্রাহ্মণমাত্রেরই গায়ত্রীর আরাধনা কর্ত্তব্য ॥ ১ ॥

পূর্ব্বশ্রুতি যে গায়ত্রী সর্ব্বভূতাত্মিকা বলিয়া উক্ত হইয়াছে, তাহাই বিবৃত হইয়াছে।—পূর্ব্বোক্ত লক্ষণা গায়ত্রীই পৃথিবী, যেহেতু গায়ত্রীতে সর্ব্বভূত সম্বন্ধ আছে, অতএব গায়ত্রীই পৃথিবীস্বরূপা। এই গায়ত্রীরূপা পৃথিবীতেই স্থাবরজঙ্গমাত্মক ভূতসকল, প্রতিষ্ঠিত আছে, কোন ভূতই এই গায়ত্রীরূপা পৃথিবীকে অতিক্রমকরিয়া বিদ্যমান থাকিতে পারে না। যেমন গানত্রাণদ্বারা গায়ত্রী সর্ব্বভূতে আশ্রয়, সেইরূপ সর্ব্বভূত প্রতিষ্ঠিত আছে বলিয়াই গায়ত্রীকে পৃথিবীস্বরূপ বলিয়া জানা যায় ॥ ২ ॥

সেই পূর্ব্বোক্ত পৃথিবীরূপা গায়ত্রীই কার্য্যকারণ সংঘাতরূপ প্রাণীর শরীর, যেহেতু শরীর পার্থিব পদার্থ; এই নিমিত্তই শরীরকেও গায়ত্রীস্বরূপ

যদ্বৈতৎপুরুষে শরীরমিদং বাব তদ্যদিদমস্মিন্নন্তঃপুরুষে হৃদয়মস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥ ৪ ॥

সৈষা চতুষ্পদা ষড়্বিধা গায়ত্রী তদেতদৃচাভ্যনুক্তম্ ॥৫॥

শরীরং পার্থিবত্বাচ্ছরীরস্য। কথং শরীরস্য গায়ত্রীত্বমিত্যুচ্যতে। অস্মিন্-হীমে প্রাণা ভূতশব্দবাচ্যাঃ প্রতিষ্ঠিতাঃ। অন্তঃ পৃথিবীবৎ ভূতশব্দবাচ্যপ্রাণ-প্রতিষ্ঠানাচ্ছরীরং গায়ত্রী। এতদেব যস্মাচ্ছরীরং নাতিশীয়ন্তে প্রাণাঃ ॥৩॥

যদ্বৈতৎপুরুষে শরীরং গায়ত্রীদং বাব তৎ। যদিদমস্মিন্নন্তর্ম্মধ্যে পুরুষে হৃদয়ং পুণ্ডরীকাক্ষমেতদ্গায়ত্রী। কথমিত্যাহ অস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা অতঃ শরীরবদ্গায়ত্রী হৃদয়ম্। এতদেব চ নাতিশীয়ন্তে প্রাণাঃ। প্রাণো হি পিতা। প্রাণো মাতা। অহিংসন্ সর্ব্বভূতানীতি শ্রুতেঃ। ভূতশব্দবাচ্যাঃ প্রাণাঃ ॥ ৪ ॥

সৈষা চতুষ্পদা ষড়ক্ষরপাদা ছন্দোরূপা সতী ভবতি গায়ত্রী ষড়্বিধা। বাগ্ভূতপৃথিবীশরীরহৃদয়প্রাণরূপা সতী ষড়বিধা ভবতি। বাক্প্রাণয়ো-

---

বলা যায়। এই প্রাণ সকল শরীরকে আশ্রয় করিয়া বিদ্যমান রহিয়াছে, যেহেতু প্রাণ সকল শরীরে প্রতিষ্ঠিত আছে, অতএব প্রাণিগণের শরীর ও গায়ত্রী, কখন প্রাণ সকল শরীররূপ গায়ত্রীকে অতিক্রম করিয়া থাকিতে পারে না ॥ ৩ ॥

পূর্ব্বোক্ত গায়ত্রীরূপ প্রাণির শরীর মধ্যে যে হৃদয় পুণ্ডরীক আছে, তাহাও গায়ত্রী। যেহেতু এই হৃদয়কে অশ্রায় করিয়া প্রাণসকল প্রতিষ্ঠিত আছে, অতএব প্রাণিগণের শরীরের ন্যায় হৃদয়ও গায়ত্রী স্বরূপ। কখনও প্রাণসকল হৃদয়কে অতিক্রম করিয়া প্রতিষ্ঠিত হইতে পারেন, শ্রুতিতে লিখিত আছে যে, প্রাণ সকল কখনও কোন প্রাণীকে হিংসা করে না, অতএব প্রাণই পিতা ও প্রাণই মাতা ॥ ৪ ॥

সেই গায়ত্রী চতুষ্পদা, তাহার এক এক পদ ষড়ক্ষর বিশিষ্ট। এই গায়ত্রীছন্দ স্বরূপা হইয়া ষড়বিধ হইয়াছেন বাক্য, ভূত, পৃথিবী, শরীর,

তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবীতি ॥ ৬ ॥

রস্যার্থনির্দ্দিষ্টয়োরপি গায়ত্রীপ্রকারত্বম্। অন্যথা ষড়্বিধসঙ্খ্যাপূরণানুপপত্তেঃ। তদেতস্মিন্নর্থে এতদ্গায়ত্র্যাখ্যং ব্রহ্ম গায়ত্র্যনুগতং গায়ত্রীমুখেনোক্তম্। ঋচাপি মন্ত্রেণাভ্যনুক্তং প্রকাশিতম্ ॥ ৫ ॥

তাবানস্য গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ সমস্তস্য মহিমা বিভূতিবিস্তারঃ যাবাংশ্চতুষ্পাৎ ষড়্বিধশ্চ ব্রহ্মণো বিকারঃ পাদো গায়ত্রীতি ব্যাখ্যাতঃ। অতস্তস্মাদ্বিকারলক্ষণাৎ গায়ত্র্যাখ্যাদ্বাচারম্ভণমাত্রাত্ততো জ্যায়ান্মহত্তরশ্চ পরমার্থসত্যরূপোঽবিকারঃ পুরুষঃ সর্ব্বপূরণাৎপূরীশয়নাচ্চ। তস্যাস্য পাদঃ সর্ব্বা সর্ব্বাণি ভূতানি তেজোঽবন্নাদীনি সস্থাবরজঙ্গমানি। ত্রিপাৎ ত্রয়ঃ পাদা অস্য সোঽয়ং ত্রিপাৎ। ত্রিপাদমৃতং পুরুষাখ্যং সমস্তস্য গায়ত্র্যাত্মনো দিবি দ্যোতনবতি স্বাত্মন্যবস্থিতমিত্যর্থঃ ইতি ॥ ৬ ॥

হৃদয় ও প্রাণরূপা হইয়াই গায়ত্রী ষট্প্রকার হইয়াছে। বাক্য ও প্রাণ ইহারা অন্যার্থক হইলেও ইহারা গায়ত্রীস্বরূপ বলিয়া নির্দ্দিষ্ট আছে। অতএব ব্রহ্মও গায়ত্রীর অনুগত জানিবে এবং ঋকমন্ত্রদ্বারা প্রকাশিত ॥ ৫ ॥

পূর্ব্বশ্রুতিতে যে চতুষ্পাদ ও ষড়্বিধ গায়ত্রী ব্যাখ্যাতহইয়াছে, তাহাই পাদাদি বিভাগবিশিষ্ট গায়ত্র্যাখ্য ব্রহ্মের মাহাত্ম্য বিস্তার এবং ইহাই ব্রহ্মের বিকার, এই বিকার লক্ষণ গায়ত্র্যাখ্য ব্রহ্মের বিভূতি বিস্তার হইতে বাক্যের আরম্ভ মাত্র মহত্তর পরমার্থ সত্যরূপ অবিকার পুরুষ আবির্ভূত হয়েন, ইনিই সকল পূরণ করিয়া অন্তঃপুরে শয়ান আছেন এবং গায়ত্রী হইতে শ্রেষ্ঠ। স্থাবরজঙ্গমাত্মক সর্ব্ব ভূতই এই পুরুষের পাদ। এই পুরুষ ত্রিপাদ, সেই ত্রিপাদাখ্য পুরুষই পাদাদি বিভাগবিশিষ্ট গায়ত্র্যাত্মক ব্রহ্মের অমৃত, উহা দ্যোতনশীল আত্মাতে অবস্থিত আছে ॥ ৬ ॥

তদ্বৈতদ্ব্রহ্মেতীদং বাব তদ্যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদাকাশো যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশঃ ॥ ৭ ॥

অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষ আকাশো যো বৈ সোঽন্তঃপুরুষ আকাশঃ ॥ ৮ ॥

যদ্বৈতত্ত্রিপাদমৃতং গায়ত্রীমুখেনোক্তং ব্রহ্মেতীদং বাব তদিদমেব। তদ্‌যোঽয়ং প্রসিদ্ধো বহির্দ্ধা বহিঃপুরুষাদাকাশো ভৌতিকো যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশ উক্তঃ। অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষে শরীর আকাশঃ। যো বৈ সোঽন্তঃপুরুষঃ আকাশঃ ॥ ৭ ॥

অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয়ে পুণ্ডরীক আকাশঃ। কথমেকস্য সত আকাশস্য ত্রিধা ভেদ ইতি। উচ্যতে বাহ্যেন্দ্রিয়বিষয়ে জাগরিতস্থানে নভসি দুঃখবাহুল্যং দৃশ্যতে। অতঃ শরীরে স্বপ্নস্থানভূতে মন্দতরং দুঃখং ভবতি। স্বপ্নান্ পশ্যতো হৃদয়স্থে পুনর্নভসি ন কঞ্চন কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি। অতঃ সর্ব্বদুঃখনিবৃত্তিরূপমাকাশং সুষুপ্তস্য স্থানম্। অতো

গায়ত্রীমুখে যে ত্রিপাদ অমৃত উক্ত আছে, তাহাই ব্রহ্ম। এই বাহ্য ভৌতিক আকাশও সেই বাহ্যপুরুষ হইতে প্রকাশ পায়, আর অন্তর্গত যে শারীর আকাশ, তাহাও আন্তরিক পুরুষ হইতে ব্যক্ত হইয়াছে; সুতরাং তাঁহাকেই সর্ব্বময় বলিয়া জানা যায় ॥ ৭ ॥

হৃদয় পুণ্ডরীকমধ্যে যে আন্তরিক আকাশ আছে, তাহাও সেই ব্রহ্মস্বরূপ। সেই এক আকাশেরই বাহ্য, শারীরিক ও আন্তরিক এই ত্রিবিধ বিভেদ আছে, যেহেতু বাহ্যেন্দ্রিয় বিষয়ীভূত জাগরিত স্থান সকলেই মনের দুঃখবাহুল্য দৃষ্ট হয়, স্বপ্নস্থানভূত শরীরে মন্দতরদুঃখ অনুভূত হইয়া থাকে। স্বপ্ন দর্শনকারীর হৃদয়স্থ মনেতে কোন কামনা হয় না এবং কোনও স্বপ্নদর্শন হয় না। অতএব ইহাতেই জানাযায় যে, উপাধি ভেদেই এক আকাশের ত্রিবিধ বিভেদ হইয়াছে। যেমন লোকত্রয়ের মধ্যে কুরুক্ষেত্রই বিশিষ্ট, সেইরূপ এক আকাশই সর্ব্বভূতের শ্রেষ্ঠ ॥ ৮ ॥

অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎপূর্ণং অপ্রবর্ত্তি পূর্ণমপ্রবর্ত্তিনীঞ্চ শ্রিয়ং লভতে য এবং বেদ ॥ ৯ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

যুক্তমেকস্যাপি ত্রিধা ভেদানুব্যাখ্যানম্। বহির্দ্ধা পুরুষাদারভ্যাকাশস্য হৃদয়ে সঙ্কোচকরণং চেতঃসমাধানস্থানস্তুতয়ে। যথা ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং বিশিষ্যতে। অর্দ্ধতস্তু কুরুক্ষেত্রমর্দ্ধতস্তু পৃথূদকমিতি তদ্বৎ। তদেতদ্বার্দ্দাকাশাখ্যং ব্রহ্ম পূর্ণং সর্ব্বগতং ন হৃদয়মাত্রপরিচ্ছিন্নমিতি মন্তব্যম্। যদ্যপি হৃদয়াকাশে চেতঃ সমাধীয়তে অপ্রবর্ত্তি ন কুতশ্চিৎপ্রবর্ত্তিতুং শীলমস্যেতি অপ্রবর্ত্তি তদনুচ্ছিত্তিধর্ম্মকম্। যথান্যানি ভূতানি পরিচ্ছিন্নান্যুচ্ছিত্তিধর্ম্মকাণি ন তথা হার্দ্দং নভঃ পূর্ণমপ্রবর্ত্তিনীমনুচ্ছেদাত্মিকাং শ্রিয়ং বিভূতিং গুণফলং লভতে দৃষ্টম্। য এবং যথোক্তং পূর্ণমপ্রবর্ত্তিগুণং ব্রহ্ম বেদ জানাতীত্যেব জীবংস্তদ্ভাবং প্রতিপদ্যত ইত্যর্থঃ ॥ ৮-৯ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

যিনি অন্তর্গত হৃদয়াকাশস্বরূপ, তিনিই পূর্ণব্রহ্ম, অপ্রবর্ত্তনশীল, অন্যান্য ভূতসকল যেমন উচ্ছেদশীল, আকাশ সেইরূপ নহে। যিনি পূর্ব্বোক্ত প্রকারে অপ্রবর্ত্তনশীল আকাশরূপ পূর্ণব্রহ্মকে জানেন, তিনি পরমা শ্রীলাভ করিতে পারেন, তিনিই ব্রহ্মের গুণফলরূপ পূর্ণস্থায়ীভাব প্রাপ্ত হয়েন ॥ ৯ ॥

ইতি দ্বাদশ খণ্ড ॥ ১২ ॥

তৃতীয় প্রপাঠকে

ত্রয়োদশঃ খণ্ডঃ।

তস্য হ বা এতস্য হৃদয়স্য পঞ্চ দেবসুষয়ঃ স যোঽস্য প্রাঙ্সুষিঃ স প্রাণস্তচ্চক্ষুঃ স আদিত্যস্তদেতত্তেজোঽন্নাদ্যমিত্যুপাসীত তেজস্ব্যন্নাদো ভবতি য এবং বেদ ॥ ১ ॥

তস্য হ বা ইত্যাদিনা গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণ উপাসনাঙ্গত্বেন দ্বারপালাদিগুণবিধানার্থমারভ্যতে। যথা লোকে দ্বারপালা রাজ্ঞ উপাসনেন বশীকৃতা রাজপ্রাপ্ত্যর্থা ভবন্তি তথেহাপীতি। তস্যেতি প্রকৃতস্য হৃদয়স্যেত্যর্থঃ। এতস্যানন্তরনির্দ্দিষ্টস্য পঞ্চ পঞ্চসঙ্খ্যাকা দেবানাং সুষয়ো দেবসুষয়ঃ স্বর্গলোকপ্রাপ্তিদ্বারচ্ছিদ্রাণি দেবৈঃ প্রাণাদিত্যাদিভীরক্ষ্যমাণানীত্যতো দেবসুষয়স্তস্য স্বর্গলোকভবনস্য হৃদয়স্যাস্য যঃ প্রাঙ্সুষিঃ পূর্ব্বাভিমুখস্য প্রাগ্গতং যচ্ছিদ্রং দ্বারং স প্রাণস্তৎস্থেন দ্বারেণ যঃ সঞ্চরতি বায়ুবিশেষঃ স প্রাগনিতীতি প্রাণঃ। তেনৈব সম্বন্ধমব্যতিরিক্তং তচ্চক্ষুস্তথৈব স আদিত্যঃ আদিত্যো হ বৈ বাহ্যপ্রাণ ইতি শ্রুতেঃ। চক্ষুরূপপ্রতিষ্ঠাক্রমেণ হৃদি

গায়ত্র্যাখ্য ব্রহ্মের উপাসনার অঙ্গরূপে দ্বারপালাদি গুণবিধানের নিমিত্ত কহিতেছেন, যেমন লোকে রাজার নিকট গমনের জন্য দ্বারপালগণের উপাসনা করে, সেইরূপ ব্রহ্মপ্রাপ্তির নিমিত্ত পঞ্চদ্বার ছিদ্রের উপাসনা আবশ্যক। প্রকৃত হৃদয়ে স্বর্গলোক প্রাপ্তির দ্বার স্বরূপ পঞ্চছিদ্র আছে, ইহাদিগকে দেবশুষি বলে। ঐ ছিদ্র সকলকে প্রাণ ও আদিত্যাদিরা রক্ষা করিয়া থাকেন, এই নিমিত্তই উহারা দেবশুষি বলিয়া বিখ্যাত, সেই স্বর্গলোক-ভবনস্বরূপ হৃদয়ের যে পূর্ব্বদিগ্‌গত দ্বারছিদ্র, তাহাদ্বারাই প্রাণবায়ু সঞ্চরণকরে। প্রাক্, অর্থাৎ পূর্ব্বদ্বার ছিদ্র দিয়া সঞ্চরণ করে, এই নিমিত্তই প্রাণ এই নাম হইয়াছে। এই প্রাণই চক্ষুঃ এবং ইনিই

অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ স ব্যানস্তচ্ছোত্রঞ্চ স চন্দ্রমাস্তদেতচ্ছ্রৌশ্চ যশশ্চেত্যুপাসীত শ্রীমান্ যশস্বী ভবতি য এবং বেদ ॥ ২ ॥

স্থিতঃ। স আদিত্যঃ কস্মিন প্রতিষ্ঠিত ইতি চক্ষুষীত্যাদি বাজসনেয়কে। প্রাণবায়ুদেবতৈব হেকা চক্ষুরাদিত্যশ্চ সহাশ্রয়েণ। বক্ষ্যতি চ। প্রাণায় স্বাহেতি হুতং হবিঃ সর্ব্বমেতত্তর্পয়তীতি। তদেতৎপ্রাণাখ্যং স্বর্গলোক-দ্বারত্বাদ্ব্রহ্ম। স্বর্গলোকং প্রতিপিৎসুস্তেজস্ত্বেতচ্চক্ষুরাদিত্যস্বরূপেণা-ন্নাদত্বাচ্চ সবিতুস্তেজোঽন্নাদশ্চাময়াবিত্বরহিতো ভবতি য এবং বেদ তস্যৈ-তদ্‌গুণফলম্। উপাসনেন বশীকৃতো দ্বারপঃ স্বর্গলোক প্রাপ্তিহেতুর্ভব-তীতি মুখ্যঞ্চ ফলম্ ॥ ১ ॥

অথ যোঽস্য দক্ষিণঃ সুষিস্তৎস্থো বায়ুবিশেষঃ স বীর্য্যবৎকর্ম্ম কুর্ব্বন্বি-গৃহ্য বা প্রাণাপানৌ নানা বানিতীতি ব্যানস্তৎসম্বন্ধমেব চ তচ্ছোত্রমিন্দ্রিয়ং

আদিত্য। (অন্যান্য শ্রুতিতে লিখিত আছে যে, আদিত্যই বাহ্যপ্রাণ। এই আদিত্য তেজোরূপে চক্ষুতে বিদ্যমান আছেন এবং চক্ষু যে রূপ গ্রহণ করে, ইনি তাহা হৃদয়ে স্থাপিত করিয়া থাকেন। বাজসনেয়কে লিখিত আছে যে, আদিত্য চক্ষুতে প্রতিষ্ঠিত আছেন এবং প্রাণরূপ বায়ুদে-বতাই আশ্রয়ের সহিত চক্ষু ও আদিত্য। ভোজনকালে "প্রাণায় স্বাহা" বলিয়া যে আহুতি দেওয়া যায়, সেই আহুত হবিই সকলের পোষণ করিয়া থাকে। অতএব প্রাণ স্বর্গলোকের দ্বারস্বরূপ বিধায় ইহাই ব্রহ্ম।) যাহারা স্বর্গলোক প্রাপ্তির ইচ্ছুক, তাহারা তেজেতে চক্ষু এবং আদিত্য স্বরূপে অন্নাদহেতু প্রাণের উপাসনা করিবে। তাহাতে তাহারা তেজস্বী ও আময়াদি রহিত হইতে পারে। যেব্যক্তি এইরূপে জানেন, তিনি সকল গুণফলভাগী হইতে পারেন এবং উপাসনাদ্বারা উক্তরূপ দ্বারপালকে বশী-ভূত করিয়া স্বর্গলোক প্রাপ্তির হেতুভূত মুখ্যফল পাইয়া থাকেন ॥ ১ ॥

হৃদয়ের যে দক্ষিণ দিগ্‌গত দ্বারছিদ্র, তাহাতে ব্যানবায়ু সঞ্চরণ করিয়া থাকে। এই বায়ু বীর্য্যাধিক্য প্রযুক্ত প্রাণ ও অপানকে নিগৃহীত

অথ যোঽস্য প্রত্যঙ্ঙ্সুষিঃ সোঽপানঃ সা বাক্ সোঽগ্নি-স্তদেতদ্ব্রহ্মবর্চ্চসমন্নাদ্যমিত্যুপাসীত ব্রহ্মবর্চ্চস্যন্নাদো ভবতি য এবং বেদ ॥ ৩ ॥

তথা স চন্দ্রমাঃ। শ্রোত্রেণ সৃষ্টা দিশশ্চন্দ্রমাশ্চেতি শ্রুতেঃ। সহাশ্রয়ৌ পূর্ব্ববত্তদেতচ্ছ্রীশ্চ বিভূতিঃ শ্রোত্রচন্দ্রমসোর্জ্ঞানান্ন হেতুত্বমতস্তাভ্যাং শ্রীত্ব জ্ঞানান্নবত্তশ্চ যশঃ খ্যাতির্ভবতীতি যশোহেতুত্বাদ্যশস্তমতস্তাভ্যাং গুণা-ভ্যামুপাসীতেত্যাদি সমানম্ ॥ ২ ॥

অথ যোঽস্য প্রত্যঙ্ঙ্সুষিঃ পশ্চিমস্তৎস্থো বায়ুবিশেষঃ সমুত্রপুরীষাদ্য-পনয়ন্নধোঽনিতীত্যপানঃ সা তথা সা বাক্। তৎসম্বন্ধাত্তথাগ্নিস্তদেতদ্ব্রহ্ম-বর্চ্চসং বৃত্তস্বাধ্যয়নিমিত্তং তেজো ব্রহ্মবর্চ্চসম্। অগ্নিসম্বন্ধাদ্বৃত্তসাধ্যায়স্য অন্নগ্রসনহেতুত্বাদপানস্যান্নাদ্যত্বম্। সমানমন্যৎ ॥ ৩ ॥

করিয়া নানারূপে সঞ্চরণ করে, এই নিমিত্ত উহা ব্যান নামে অভিহিত হয়। এই ব্যানবায়ুই শ্রোত্র এবং ইনিই চন্দ্রমা। (অন্যান্য শ্রুতিতে লিখিত আছে যে, শ্রোত্রদ্বারাই দিক্ ও চন্দ্র সৃষ্ট হইয়াছে। এক ব্যানরূপ বায়ু দেবতাই আশ্রয়ের সহিত শ্রোত্র ও চন্দ্রমা। ভোজনকালে "ব্যানায় স্বাহা" বলিয়া যে আহুতি দেওয়া যায়, সেই আহুত হবিই সকলের পোষণ করিয়া থাকে। অতএব ব্যান স্বর্গলোকের দ্বারস্বরূপ বিধায় উহাই ব্রহ্ম।) যাহারা স্বর্গলোকপ্রাপ্তির ইচ্ছুক, তাহারা শ্রোত্রে ও চন্দ্রমাতে ব্যানবায়ুর উপাসনা করিবে। তাহাতে তাহারা শ্রীমান্ ও যশস্বী হইতে পারে। যে ব্যক্তি এইরূপ জানেন, তিনি ও যশ শ্রীপ্রভৃতি গুণ ফলভাগী হইতে পারেন এবং উপাসনাদ্বারা উক্তরূপ দ্বারপালকে বশীভূত করিয়া স্বর্গলোক প্রাপ্তির হেতুভূত মুখ্য ফল পাইয়া থাকেন ॥ ২ ॥

হৃদয়ের পশ্চিম দিগ্‌গত যে দ্বারচ্ছিদ্র আছে, তাহাতে অপান বায়ু সঞ্চরণ করে। এই বায়ু মূত্র ও পুরীষাদিকে অধোদেশে অপনয়ন করে, এই নিমিত্ত এই বায়ু অপাননামে অভিহিত হয়। এই অপান বায়ুই বাক্য এবং ইনিই অগ্নি। ভোজনকালে "অপানায় স্বাহা" বলিয়া যে আহুতি

অথ যোঽস্যোদঙ্সুষিঃ স সমানস্তস্মনঃ স পর্জ্জন্যঃ তদেতৎকীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চেত্যুপাসীত কীর্ত্তিমান্ ব্যুষ্টিমান্ ভবতি য এবং বেদ ॥ ৪ ॥

অথো যোঽস্যোদঙ্সুষিরুদঙ্গতঃ সুষিস্তৎস্থো বায়ুবিশেষঃ সোঽশিতপীতে সমং নয়তীতি সমানঃ। তৎসম্বন্ধং মনোঽন্তঃকরণং স পর্জ্জন্যো বৃষ্ট্যাত্মকো দেবঃ পর্জ্জন্যনিমিত্তাশ্চাপ ইতি। মনসা সৃষ্টা আপশ্চ বরুণশ্চেতি শ্রুতেস্তদেতৎকীর্ত্তিশ্চ। মনসো জ্ঞানস্য কীর্ত্তিহেতুত্বাৎ। আত্মপরোক্ষং বিশ্রুতত্বং কীর্ত্তির্যশঃ। স্বকরণসংবেদ্যং বিশ্রুতত্বং ব্যুষ্টিঃকান্তির্দেহগতং লাবণ্যম্। ততশ্চ কীর্ত্তিসম্ভবাৎকীর্ত্তিশ্চেতি। সমানমন্যৎ ॥ ৪ ॥

প্রদান করা যায়, সেই আহুত হবিই সকলের পোষণ করিয়া থাকে। অতএব অপান বায়ু স্বর্গলোকের দ্বারস্বরূপ বিধায় ইহাই ব্রহ্ম। যাহারা স্বর্গলোক প্রাপ্তির ইচ্ছুক, তাহারা বাক্য ও অগ্নিতে অপান বায়ুর উপাসনা করিবে, তাহাতে তাহারা ব্রহ্মতেজস্বী হইতে পারে। যে ব্যক্তি এইরূপ জানেন, দ্বারপালকে তিনিইব্রহ্মতেজঃপ্রভৃতি গুণফলভাগী হইতে পারেন এবং উপাসনাদ্বারা বশীভূত করিয়া স্বর্গলোক প্রাপ্তির হেতুভূত মুখ্যফল পাইয়া থাকেন ॥ ৩ ॥

হৃদয়ের উত্তরদিগ্‌গত যে দ্বারচ্ছিদ্র আছে, তাহাতে সমানবায়ু সঞ্চরণ করে। এই বায়ু ভক্ষিত ও পীতবস্তুর সমতাসাধন করে, এই নিমিত্ত এই বায়ু সমাননামে অভিহিত হয়। এই সমানবায়ু মন এবং ইনিই পর্জ্জন্য। ভোজন কালে "সমানায় স্বাহা" বলিয়া যে আহুতিপ্রদান করা যায়, সেই আহুত হবিই সকলের পোষণ করিয়া থাকে। অতএব সমানবায়ু স্বর্গলোকের দ্বারস্বরূপ বিধায় ইহাই ব্রহ্ম। যাহারা স্বর্গলোকপ্রাপ্তির ইচ্ছুক, তাহারা মনঃ ও পর্জ্জন্যেতে সমান বায়ুর উপাসনা করিবে। তাহাতে তাহারা কীর্ত্তিমান ও কান্তিবিশিষ্ট হইতে পারে। এই পর্জ্জন্য হইতেই জলের কারণীভূত বৃষ্টির উৎপত্তি হয়। যে ব্যক্তি এইরূপ জানেন, তিনিও কীর্ত্তিপ্রভৃতি গুণ ফলভোগী হইতে পারেন এবং উপাসনাদ্বারা উক্তরূপ দ্বারপালকে বশীভূত করিয়া স্বর্গ

অথ যোঽস্যোর্দ্ধঃ সুষিঃ স উদানঃ স বায়ুঃ স আকাশ-স্তদেতদোজশ্চ মহশ্চেত্যুপাসীত ওজস্বী মহস্বান্ ভবতি য এবং বেদ ॥ ৫ ॥

তে বা এতে পঞ্চ ব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপাঃ

অথ যোঽস্যোর্দ্ধঃ সুষিঃ স উদান আপাদতলাদারভ্যোর্দ্ধমুৎক্রমণাদুৎক্রমণার্থঞ্চ কর্ম্ম কুর্ব্বন্নিত্যুদানঃ স বায়ুস্তদাধারশ্চাকাশস্তদেতৎ বাগ্যাকাশয়োরোজোহেতুত্বাদোজো বলং। মহত্বাচ্চ মহ ইতি সমানমন্যৎ ॥ ৫ ॥

তে বৈ এতে যথোক্তাঃ পঞ্চ সুষিসম্বন্ধাৎপঞ্চ ব্রহ্মণো হার্দস্য পুরুষা

লোক প্রাপ্তির হেতুভূত মুখ্যফল পাইয়া থাকেন। (অন্যান্য শ্রুতিতে লিখিত আছে যে, মনদ্বারা জল ও বরুণের সৃষ্টি হইয়াছে, মন ও জ্ঞান ইহারাই কীর্ত্তি স্বরূপ। এইরূপ সমান বায়ুর উপাসনাতে বৃষ্টি, অর্থাৎ বহুশ্রুতত্ব ও দেহগত লাবণ্যাদি লাভ হয় ॥ ৪ ॥

সেই হৃদয়ের যে উর্দ্ধদিগ্‌গত দ্বারচ্ছিদ্র আছে, তাহাতে উদান বায়ু সঞ্চরণ করে। এই বায়ু পাদতল হইতে উর্দ্ধে উৎক্রমণ করিয়া জীবের উৎকর্ষার্থ কর্ম্মসাধন করিয়া থাকে, এই নিমিত্ত উহা উদান নামে অভিহিত হয়। এই উদানবায়ুই আকাশ এবং ইহাই বল। ভোজনকালে "উদানায় স্বাহা" বলিয়া যে আহুতি দেওয়া যায়, সেই আহুত হবিই সকলের পোষণ করিয়া থাকে। অতএব উদানবায়ু স্বর্গলোকের দ্বারস্বরূপ বিধায় ইহাই ব্রহ্ম। যাহারা স্বর্গপ্রাপ্তির ইচ্ছুক, তাহারা আকাশ ও বলেতে উদানবায়ুর উপাসনা করিবে, তাহাতে তাহারা বলবান্ এবং মহৎ হইতে পারে, এই আকাশই বলের হেতু, যে ব্যক্তি এইরূপ জানেন, তিনিও বলপ্রভৃতি গুণফলভাগী হইতে পারেন এবং উপাসনাদ্বারা উক্তরূপ দ্বারপালকে বশীভূত করিয়া স্বর্গলোকপ্রাপ্তির হেতুভূত মুখ্যফল পাইয়া থাকেন, এইরূপ উদানবায়ুর উপাসনাতে সাধক বলবান হইতে পারে॥ ৫ ॥

পূর্ব্বে যে প্রাণ, অপান, সমান, ব্যান ও উদান এই পঞ্চপ্রাণ উক্ত হইয়াছে, ইহারাই ব্রহ্মের নিযুক্ত পুরুষ। যেমন রাজার নিযুক্ত পুরুষ

স য এতানেব পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বার-পান্‌বেদাস্য কুলে বীরো জায়তে প্রতিপদ্যতে স্বর্গং লোকং য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদ ॥ ৬ ॥

রাজপুরুষা ইব দ্বারস্থাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপালাঃ। এতৈর্হি চক্ষুঃশ্রোত্র-বাঙ্মনঃ প্রাণৈর্বহির্মুখপ্রবৃত্তৈর্ব্রহ্মণো হার্দস্য প্রাপ্তিদ্বারাণি নিরুদ্ধানি। প্রত্যক্ষং হ্যেতদজিতকরণতয়া বাহ্যবিষয়াসঙ্গোঽনুতপ্তরূঢ়ত্বান্ন হার্দব্রহ্মণি মনস্তিষ্ঠতি। তস্মাৎ সত্যমুক্তমেতে পঞ্চ ব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বার-পাইতি। অতঃ স য এতানেবং যথোক্তগুণবিশিষ্টান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদোপাস্তে উপাসনয়া বশীকরোতি স রাজপালানিবোপাসনেন বশীকৃত্য তৈরনিবারিতঃ প্রতিপদ্যতে স্বর্গং লোকং রাজানমিব হার্দং ব্রহ্ম। কিঞ্চাস্য বিদুষঃ কুলে বীরঃ পুত্রো জায়তে বীরপুরুষসেবনাৎ। তস্য চর্ণাপাকরণেন ব্রহ্মোপাসনাপ্রবৃত্তিহেতুত্বম্। ততশ্চ স্বর্গলোকপ্রতি-

---

সকল দ্বারস্থ হইয়া থাকে, সেইরূপ এই পঞ্চপুরুষ স্বর্গের দ্বারপালরূপ। ইহারা চক্ষুঃ শ্রোত্র, বাক্য ও প্রাণরূপে বহির্মুখে প্রবৃত্ত হইয়া ব্রহ্ম প্রাপ্তির দ্বার সকল রুদ্ধ করিয়া থাকে। যাবৎ চক্ষুরাদি সংযত না হয়, তাবৎ তাহারা বাহ্যবিষয়ে আশক্ত হইয়া ব্রহ্মপ্রাপ্তির প্রতিবন্ধক হয়, পরন্তু উহারা সংযত হইলেই তাহারা ব্রহ্মপ্রাপ্তির হেতুভূত হইয়া থাকে। মন বাহ্য বিষয়ে আশক্ত হইলে মিথ্যাভূত সংসারেই নিবিষ্ট থাকে, ব্রহ্মেতে অবস্থিত হইতে পারে না। অতএব পঞ্চ ব্রহ্মপুরুষই স্বর্গলোকের দ্বারপাল বলিয়া উক্ত হইয়াছে। যে ব্যক্তি প্রাণকে উপা-সনাদ্বারা বশীভূত করিতে পারে, সেই ব্যক্তি ব্রহ্মলাভ করিতে পারে। যেমন রাজদ্বারপালকে বশীভূত করিলে রাজসমীপে গমন করিতে তাহারা বারণ করে না, অনায়াসে রাজসাক্ষাৎকার লাভ করিতে পারে। সেইরূপ প্রাণাদি পঞ্চ পুরুষের উপাসনা দ্বারা স্বর্গরাজ্যের অধীশ্বর ব্রহ্ম সাক্ষাৎ

অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দ্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষু সর্ব্বতঃ পৃষ্ঠেষু অনুত্তমেষূত্তমেষু লোকেষ্বিদং বাব তদ্‌যদিদমস্মিন্নন্তঃপুরুষে জ্যোতিস্তস্যৈষা দৃষ্টিঃ ॥ ৭ ॥

পত্তয়ে পারম্পর্য্যেণ ভবতীতি স্বর্গলোকপ্রতিপত্তিরেবৈকং ফলম্। অথ যদসৌ বিদ্বান্ স্বর্গং লোকং বীরপুরুষসেবনাৎপতিপদ্যতে যচ্চোক্তং "ত্রিপাদস্যামৃতংদিবীতি" তদিদং লিঙ্গেন চক্ষুঃশ্রোত্রেন্দ্রিয়গোচরমাপাদয়িতব্যম্। যথাগ্ন্যাদির্ধূমাদিলিঙ্গেন। তথা হ্যেবমেবেদমিতিযথোক্তেঽর্থে দৃঢ়া প্রতীতিঃ স্যাৎ ॥ ৬ ॥

অনন্তত্বেন চ নিশ্চয় ইতি অত আহ। যদতোঽমুষ্মাদ্দিবো দ্যুলোকাৎপরঃ পরমিতি লিঙ্গব্যত্যয়েন জ্যোতির্দীপ্যতে। স্বয়ংপ্রভং সদা প্রকাশত্বাদ্দীপ্যত ইব দীপ্যত ইত্যুচ্যতে। অগ্ন্যাদিবজ্জ্বলনলক্ষণায়া দীপ্তেরসম্ভবাদ্বিশ্বতঃ পৃষ্ঠেষিত্যেতস্য ব্যাখ্যানং সর্ব্বতঃ পৃষ্ঠেষিতি সংসারাদুপরীত্যর্থঃ। সংসার এব হি সর্ব্বঃ। অসংসারিণ একত্বান্নির্ভেদত্বাচ্চানুত্তমেষু

কার হইতে পারে। আর যিনি উক্তরূপ পঞ্চ স্বর্গদ্বারপালকে জানিতে পারেন, তিনি বিদ্বৎকুলে বীরপুরুষ হইয়া জন্মগ্রহণ করিয়া থাকেন। পরন্তু জন্মগ্রহণ করিলেই পিতৃঋণ হইতে মুক্ত হইতে পারে, অতএব জন্ম গ্রহণ ও ব্রহ্মোপাসন প্রবৃত্তির হেতু হয়। পরম্পরা রূপে স্বর্গলোকপ্রতিপত্তির নিমিত্তই বিদ্বৎকুলে জন্ম হইয়া থাকে এবং স্বর্গলোকপ্রতিপত্তিই প্রধান ফল বলিয়া জানিবে। বীর পুরুষ সেবনে যে স্বর্গাদি প্রাপ্তি হয়, তাহা চক্ষুঃ শ্রোত্রাদি ইন্দ্রিয় দ্বারা অনুমিত হইয়া থাকে। যেমন ধূমদর্শনে বহ্নির জ্ঞান হয়, সেইরূপ ইন্দ্রিয়াদিদ্বারা স্বর্গাদির অনুমান হইয়া থাকে। অতএবই উক্ত বিষয়ে দৃঢ় প্রতীতি জন্মে ॥ ৬ ॥

এই স্বর্গলোকের পর যে জ্যোতিঃপ্রদীপ্ত হইতেছে, উহা স্বয়ং প্রভ, অর্থাৎ সর্ব্বদাই তাহার প্রকাশ আছে, ঐ দীপ্তি অগ্ন্যাদির ন্যায় জ্বলন সাপেক্ষ নহে। ঐ দীপ্তি সকলের উপরিভাগে আছে; সুতরাং উহা সংসারাতীত। যাহারা সংসারী, তাহারা ঐ দীপ্তি দর্শন করিতে পারে না।

যত্রৈতদস্মিঞ্ছরীরে সংস্পর্শেনোষ্ণিমানং বিজানাতি তস্যৈষা শ্রুতির্যত্রৈতৎকর্ণাবপি গৃহ্য নিনদমিব নদথুরিবাগ্নেরিব জ্বলত উপশৃণোতি তদেতদ্দৃষ্টঞ্চ শ্রুতঞ্চেত্যু-

---

তৎপুরুষসমাসাশঙ্কানিবৃত্তয়ে আহ। উত্তমেষু লোকেষ্বিতি। সত্যলোকাদিষু হিরণ্যগর্ভাদিকার্য্যেষু পরমেশ্বরস্যাসন্নত্বাদুচ্যতে উত্তমেষু লোকেষ্বিতি। ইদং বাবেদমেব তদ্যদিদমস্মিন্ পুরুষেঽন্তর্মধ্যে জ্যোতিঃ চক্ষুঃশ্রোত্রগ্রাহ্যেন লিঙ্গেনোষ্ণিম্না শব্দেন। বাব গম্যতে যত্ত্বচা স্পর্শরূপেণ গৃহ্যতে তচ্চক্ষুষৈব। দৃঢপ্রতীতিকরত্বাত্ত্বচোঽবিনাভূতত্বাচ্চ রূপস্পর্শযোঃ ॥ ৭ ॥

কথং পুনস্তস্য জ্যোতিষো লিঙ্গং ত্বগদৃষ্টিগোচরত্বমাপদ্যত ইত্যাহ যত্র যস্মিন্ কালে এতদিতি ক্রিয়াবিশেষণং অস্মিন্ শরীরে হস্তেনালভ্য সংস্পর্শে নোষ্ণিমানং রূপসহভাবিনমুষ্মস্পর্শভাবং বিজানাতি স হ্যুষ্ণিমা নামরূপব্যাকরণায় দেহমনুপ্রবিষ্টস্য চৈতন্যাত্মজ্যোতিষো লিঙ্গমব্যভিচারাৎ। ন হি জীবন্তমাত্মানমুষ্ণিমা ব্যভিচরতি। "উষ্ণ এব জীবিষ্যন্ শীতো মরিষ্যন্নিতি" হি বিজ্ঞায়তে। মরণকালে চ তেজঃ পরস্যাং দেবতায়া-

---

সত্য প্রভৃতি উত্তমলোকেই ঐ দীপ্তি প্রকাশ পায়। হিরণ্যগর্ভাদিও সেই জ্যোতির্ম্ময় পরমেশ্বরের কার্য্য, সেই জ্যোতিঃই অন্তঃ পুরুষের চক্ষুঃ, যাহা শ্রোত্রগ্রাহ্য, লিঙ্গ, শব্দ, অথবা স্পর্শাদিদ্বারা অবগত হয়, তাহাও সেই দীপ্তিরূপ চক্ষুর বিষয়ীভূত হইয়া থাকে ॥ ৭ ॥

কিরূপে পূর্ব্বোক্ত জ্যোতিঃ লিঙ্গ, ত্বক্ ও দৃষ্টির গোচর হইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন।—যৎকালে, এই শরীরকে হস্তদ্বারা গ্রহণ করিয়া সেই শরীরের উষ্ণতা জানাযায়, সেই উষ্ণতাই দেহপ্রবিষ্ট চৈতন্যরূপ আত্মজ্যোতির লিঙ্গ; সুতরাং হস্তদ্বারা স্পর্শ করিলে যে উষ্ণতা বোধ হয়, তাহাদ্বারাই আত্মজ্যোতির অনুমান হইতে থাকে। ইহার অন্যথা কোন স্থানেও দেখা যায় না, দেহমধ্যে আত্ম চৈতন্য না থাকিলে কাহারও সেই উষ্ণতা বোধ হয় না। জীববৎ প্রাণিমাত্রেরই এইরূপ দৃষ্ট হইয়া থাকে। যাবৎ দেহের উষ্ণতা থাকে, তাবৎই তাহার যে জীব আছে, ইহা জানাযায়।

পাসীত চক্ষুষ্যঃ শ্রুতো ভবতি য এবং বেদ য এবং বেদ ॥ ৮ ॥

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

মিতি পরেণাবিভাগত্বোপগমাদতোঽসাধারণং লিঙ্গমৌষ্ণ্যমগ্নেরিব ধূমঃ। অতস্তস্য পরস্যৈষা দৃষ্টিঃ সাক্ষাদিব দর্শনং দর্শনোপায় ইত্যর্থঃ। তথা তস্য জ্যোতিষ এষা শ্রুতিঃ শ্রবণং শ্রবণোপায়োঽপ্যুচ্যমানো যত্র যদা পুরুষো জ্যোতিষো লিঙ্গং শুশ্রূষতি শ্রোতুমিচ্ছতি তদৈতৎকর্ণাবপিগৃহ্যৈতচ্ছব্দঃ ক্রিয়াবিশেষণম্। অপিগৃহ্যাপিধায়েত্যর্থাদঙ্গুলিভ্যাং প্রোর্ণুত্যনিনদমিব রথস্যেব ঘোষো নিনাদস্তমিব শৃণোতি নদথুরিব ঋষভকুজিতমিব শব্দো যথা চাগ্নের্বহিজ্বলত এবং শব্দমন্তঃ শরীর উপশৃণোতি তদেতজ্জ্যোতিরদৃষ্টশ্রুতলিঙ্গত্বাদদৃষ্টঞ্চ শ্রুতঞ্চেত্যুপাসীত। তথোপাসনাচ্চক্ষুষ্যো দর্শনীয়ঃ শ্রুতো বিশ্রুতশ্চ যৎস্পর্শগুণোপাসননিমিত্তং ফলং তদ্রূপে সম্পাদয়তি চক্ষুষ্য ইতি। রূপস্পর্শয়োঃ সহভাবিত্বাৎ। ইষ্টত্বাচ্চ দর্শনীয়তায়াঃ।

আর শীতল হইলেই উহাকে মৃত বলিয়া জানিবে। যেহেতু মরণকালে তেজ পরম দেবতাতে লয় পায়। এই সকল কারণে জানাযায় যে, যেমন ধূমই অগ্নি জ্ঞানের হেতু, সেইরূপ উষ্ণতাই দেহে চৈতন্যরূপ তেজের বিদ্যমানতা জ্ঞানের অসাধারণ কারণ। অতএব তেজোময় পরম পুরুষেরই এই দৃষ্টি, অর্থাৎ এই চক্ষুরিন্দ্রিয় সেই পরমাত্ম পুরুষেরই সাক্ষাৎ দর্শনোপায় এবং সেই জ্যোতির্ম্ময়ের এই শ্রুতি অর্থাৎ এই শ্রবণেন্দ্রিয় তাহারই শ্রবণের উপায়। যখন সেই পুরুষ শ্রবণ করিতে ইচ্ছা করেন, তখনই কর্ণ শব্দসকল গ্রহণ করে, যখন কর্ণদ্বয় দুই অঙ্গুলি দ্বারা রুদ্ধ করিয়া রাখে, তখন রথঘোষের ন্যায় অব্যক্ত ধ্বনি শ্রুত হয়, অথবা ঋষভকূজিত, কিম্বা জ্বলন্ত অগ্নির ন্যায় শব্দ সকল অন্তঃশরীর শ্রবণ করিতে থাকে। অতএব জানা যাইতেছে যে, জ্যোতির্ম্ময় আত্মাই দর্শন ও শ্রবণ করে, এইরূপে সেই আত্মস্বরূপের উপাসনা করিবে। এইরূপে চক্ষুষ্য, দর্শনীয়, শ্রুত, বিশ্রুত

তৃতীয়প্রপাঠকে-

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথা ক্রতুরস্মিল্লোঁকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি স ক্রতুং কুর্ব্বীত ॥ ১ ॥

এবঞ্চ বিদ্যায়াঃ ফলমুপপন্নং স্যান্ন তু মৃদুত্বাদিস্পর্শবত্ত্বে। য এবং যথোক্তৌ গুণৌ বেদ স্বর্গলোকপ্রতিপত্তিস্থক্তমদৃষ্টং ফলম্ দ্বিরভ্যাস আদরার্থঃ ॥ ৮ ॥

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

পুনস্তস্যৈব ত্রিপাদমৃতস্য ব্রহ্মণোঽনন্তগুণবতোঽনন্তশক্তেরনেকভেদোপাস্যস্য বিশিষ্টগুণশক্তিমত্ত্বেনোপাসনং বিধিৎসন্নাহ। সর্ব্বং সমস্তং খল্বিতি বাক্যালঙ্কারার্থো নিপাতঃ। ইদং জগন্নামরূপবিকৃতং প্রত্যক্ষাদিবিষয়ং

সমুদায়ই ব্রহ্মোপাসনার নিমিত্ত। এই প্রকারে ব্রহ্ম বিজ্ঞানই এই বিদ্যার ফল, যিনি এইরূপে ব্রহ্মবিদ্যা জানেন, তিনি স্বর্গলোক প্রাপ্তিরূপ ফললাভ করিতে পারেন ॥ ৮ ॥

ইতি ত্রয়োদশ খণ্ড ॥ ১৩ ॥

পুনর্ব্বার সেই ত্রিপাদ অমৃত স্বরূপ, অনন্তগুণশালী অনন্ত শক্তি বিশিষ্ট এবং অনন্তরূপে উপাস্য ব্রহ্মের বিশেষ বিশেষ গুণ ও বিশেষ বিশেষ শক্তি নিরূপণ দ্বারা উপাসনা বিধি কথিত হইতেছে।—এই সমস্ত জগৎই ব্রহ্মময়, অর্থাৎ নাম রূপাদি বিশিষ্ট যে সকল পদার্থ জগতে দৃষ্ট হইতেছে, তৎসমুদায়ই ব্রহ্ম হইতে আবির্ভূত হইয়াছে, তিনি জগতের, বৃদ্ধ অতএব তাঁহাকেই জগতের কারণ বলিয়া জানাযায়। সেই ব্রহ্ম হইতে তেজ ও

ব্রহ্ম কারণং বৃহত্তমত্বাদ্‌ব্রহ্ম। কথং সর্ব্বস্য ব্রহ্মত্বমিত্যত আহ। তজ্জলানিতি। তস্মাদ্‌ব্রহ্মণো জাতং তোজাহবন্নাদিক্রমেণ সর্ব্বম্। অতস্তজ্জম্ তথা তেনৈব জননক্রমেণ প্রতিলোমতয়া তস্মিন্নেব ব্রহ্মণি লীয়তে তদাত্মতয়া শ্লিষ্যত ইতি তল্লম্। তথা তস্মিন্নেব স্থিতিকালেঽনিতি প্রাণিতি চেষ্টত ইতি তদনম্। ইত্যেবং ব্রহ্মাত্মতয়া ত্রিষু কালেষ্ববিশিষ্টং তদ্ব্যতিরেকেণাগ্রহণাৎ। অতস্তদেবেদং জগৎ। যথা চেদং তদেবৈকমদ্বিতীয়ম্ তথা ষষ্ঠে বিস্তরেণ বক্ষ্যামঃ। যস্মাচ্চ সর্ব্বমিদং ব্রহ্ম অতঃ শান্তো রাগদ্বেষাদিদোষরহিতঃ সংযতঃ সন্ যত্তৎসর্ব্বং ব্রহ্ম তদ্বক্ষ্যমাণৈর্গুণৈরুপাসীত। কথমুপাসীত স ক্রতুং কুর্ব্বীত ক্রতুর্নিশ্চয়োঽধ্যবসায়শ্চ এবমেব নান্যথেতি অবিচলঃ প্রত্যয়স্তং ক্রতুং কুর্ব্বীতোপাসীতেত্যনেন ব্যবহিতেন সম্বন্ধঃ। কিং পুনঃ ক্রতুকরণেন কর্ত্তব্যং প্রয়োজনম্। কথং বা ক্রতুঃ কর্ত্তব্যঃ ক্রতুকরণং চাভিপ্রেতার্থসাধনং কথং ইত্যস্যার্থস্য প্রতি-

---

বারি প্রভৃতি পঞ্চভূত সমুৎপন্ন হইয়া ক্রমত ঐভূত সকল হইতেই জগৎ উৎপন্ন হইয়াছে এবং ক্রমত ঐ সকল জগতের যাবতীয় পদার্থ সেই ব্রহ্মেতেই লয় পায়। তখন কেবল পরমাত্মস্বরূপ ব্রহ্মই অবশিষ্ট থাকেন। স্থিতিকালেও জীব সকল সেই ব্রহ্মে চেষ্টা করিয়া থাকে। এইরূপে সৃষ্টি, স্থিতি ও প্রলয়, এই তিন অবস্থাতেই জগৎ ব্রহ্মকে আশ্রয় করে, তদ্ব্যতিরেকে জগতের সৃষ্টি, স্থিতি বা প্রলয় হইতে পারে না, অতএব সেই ব্রহ্মই জগৎস্বরূপ। তিনি অদ্বিতীয়, এই বিষয়ই ষষ্ঠ প্রপাঠকে সবিস্তর বিবৃত হইবে। যেব্রহ্ম হইতে এই সমুদায় আবির্ভূত হইয়াছে, সাধকগণ শান্তচিত্ত রাগদোষাদিদোষ রহিত ও সংযত হইয়া বক্ষ্যমাণ প্রণালী অবলম্বন পূর্ব্বক সেই ব্রহ্মের উপাসনা করিবে। যাবৎ তত্ত্বনিশ্চয় না হয়, তাবৎ অবিচলিত চিত্তে ক্রতুর অনুষ্ঠান করিয়া ব্রহ্মোপাসনা কর্ত্তব্য। এই উপাসনাকালে এইরূপ নিশ্চয় জ্ঞান করিতে হইবে যে, এই উপাসনাদ্বারাই আমি কৃতকার্য্য হইতে পারিব। কি প্রয়োজনসাধন মানসে ক্রতু করিবে এবং কি প্রণালীতেই ক্রতু করিতে হইবে, তাহা জানিয়াই ব্রত করিতে হয়। ক্রতুদ্বারা অভিপ্রেতার্থ সিদ্ধ হইয়া থাকে, যেহেতু অধ্যবসায়া-

মনোময়ঃ প্রাণশরীরোভারূপঃ সত্যসঙ্কল্প-আকাশাত্মা সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽ-বাক্যনাদরঃ ॥ ২ ॥

পাদনার্থমথেত্যাদিগ্রন্থঃ। অথ খল্বিতি হেত্বর্থঃ। যস্মাৎক্রতুময়ঃ ক্রতু-প্রায়োঽধ্যবসায়াত্মকঃ পুরুষো জীবঃ। যথা ক্রতুর্য্যাদৃশঃ ক্রতুরস্ত সোঽয়ং যথাক্রতুর্যথাধ্যবসায়ো যাদৃঙ্নিশ্চয়োঽস্মিঁল্লোকে জীবন্নিহ পুরুষো ভবতি। তথেতোঽস্মাদ্দেহাৎ প্রেত্য মৃত্বা ভবতি। ক্রত্বনুরূপফলাত্মকো ভবতী-ত্যর্থঃ। এবং হ্যেনচ্ছাস্ত্রতো দৃষ্টম্। "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরমিত্যাদি" যত এবং ব্যবস্থা শাস্ত্রদৃষ্টান্তঃ স এবং জানন ক্রতুং কুর্ব্বীত যাদৃশং ক্রতুং বক্ষ্যামস্তম্। যত এবং শাস্ত্রপ্রামাণ্যাদুপপদ্যতে ক্রত্বনুরূপং ফলমতঃ স কর্ত্তব্যঃ ক্রতুঃ ॥ ১ ॥

কথং মনোময়ো মনঃপ্রায়ঃ। মনুতেঽনেনেতি মনস্তৎ স্ববৃত্ত্যা বিষয়েষু প্রবৃত্তং ভবতি তেন মনসা তন্ময়ঃ। তথাপ্রবৃত্ত ইব তৎপ্রায়ো নিবৃত্ত ইব চ। অতএব প্রাণশরীরঃ প্রাণো লিঙ্গাত্মা বিজ্ঞানক্রিয়াশক্তিদ্বয়সং-

---

ত্মক পুরুষই জীব, সেইজীব যেরূপ অধ্যবসায়ে যাদৃশ ফলের অভিলাষী হইয়া ইহলোকে ক্রতু করে, মরণান্তর পরকালে সেইরূপফলভোগ করিতে পারে এবং সেইজীব ক্রতুফলের অনুরূপ হইয়া থাকে। শাস্ত্রান্তরে এইরূপ প্রমাণ দেখা যায় যে, "অন্তকালে যে ব্যক্তি যে ভাব-আশ্রয় করিয়া কলেবর পরিত্যাগ করে, পরকালেও সেই ভাব প্রাপ্ত হয়"। যেহেতু শাস্ত্রা-ন্তরেও এইরূপ ব্যবস্থা দৃষ্ট হয়, অতএব পূর্ব্বোক্ত প্রকারে অধ্যবসায়শালী হইয়া ক্রতু, অর্থাৎ যাগাদি কার্য্য করিবে। বিশেষতঃ যখন শাস্ত্রান্তরেও ক্রতুর অনুরূপ ফলপ্রাপ্তির প্রমাণ দৃষ্ট হয়, তখন অবশ্যই ব্রহ্মপ্রাপ্তি কাম-নায় ক্রতুর অনুষ্ঠান সর্ব্বতোভাবে বিধেয়। ১ ॥

সেই ব্রহ্ম মনোময় অর্থাৎ মনঃপ্রবৃত্ত। যাহাদ্বারা জ্ঞান জন্মে, তাহাই মন, এইমনের বৃত্তিদ্বারাই ব্রহ্ম বিষয়েতে প্রবৃত্ত হয়েন, এই নিমিত্ত ব্রহ্মকে মনোময় বলাযায়। যেমন মনো বৃত্তিদ্বারা বিষয়ে প্রবৃত্ত হয়েন,

মূর্চ্ছিতঃ। "যো বৈ প্রাণঃ সা প্রজ্ঞা যা বা প্রজ্ঞা স প্রাণ ইতি" শ্রুতেঃ। স শরীরং যস্য স প্রাণশরীরঃ। মনোময়ঃ প্রাণশরীরং নেতেতি চ শ্রুত্যন্তরাৎ। ভারূপঃ। ভা দীপ্তিশ্চৈতন্যলক্ষণং রূপং যস্য স ভারূপঃ। সত্যসঙ্কল্পঃ। সত্যা অবিতথাঃ সঙ্কল্পা যস্য সোঽয়ং সত্যসঙ্কল্পঃ। ন যথা সংসারিণ ইবানৈকান্তিককলঃ সঙ্কল্প ঈশ্বরস্যেত্যর্থঃ। অনৃতেন মিথ্যাফলত্বহেতুনা প্রত্যূঢ়ত্বাৎ সঙ্কল্পস্য মিথ্যাফলত্বঞ্চ বক্ষ্যতি "অনৃতে ন হি প্রত্যূঢ়া" ইতি। আকাশাত্মা। আকাশ ইবাত্মা স্বরূপং যস্য স আকাশাত্মা। সর্ব্বগতত্বং সূক্ষ্মত্বং রূপাদিহীনত্বঞ্চাকাশতুল্যতা ঈশ্বরস্য। সর্ব্বকর্ম্মা সর্ব্বং বিশ্বং তেনেশ্বরেণ ক্রিয়ত ইতি জগৎসর্ব্বং কর্ম্মাস্যেতি সর্ব্বকর্ম্মা। "স হি সর্ব্বস্য কর্ত্তেতি" শ্রুতেঃ। সর্ব্বকামঃ। সর্ব্বে কামা দোষরহিতা অস্যেতি স সর্ব্বকামো "ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মীতি" স্মৃতেঃ। নন্থ কামোঽস্মীতি বচনাদিহ বহুব্রীহির্ন সম্ভবতি। সর্ব্বকাম

সেইরূপ মনোবৃত্তির নিবৃত্তি হইলেই তাহারও বিষয় নিবৃত্তি হইয়া থাকে। ঐ ব্রহ্ম প্রাণশরীর, লিঙ্গ শরীরই প্রাণ, এইপ্রাণ জ্ঞানশক্তি ও ক্রিয়া শক্তিদ্বারা মূর্চ্ছিত আছে। অন্যান্য শ্রুতিতে লিখিত আছে যে, যিনি প্রাণ, তিনিই প্রজ্ঞা এবং যাহা প্রজ্ঞা, তাহাই প্রাণ, উক্ত প্রাণই ব্রহ্মের শরীর, অন্যশ্রুতিতেও ব্রহ্ম মনোময় ও প্রাণশরীর বলিয়া উক্ত হইয়াছেন। দীপ্তিই তাহার রূপ, অর্থাৎ চৈতন্যস্বরূপ যে দীপ্তি আছে, তাহাই ব্রহ্মের রূপ, তাঁহার রূপেই চৈতন্য প্রকাশ পায়। তিনি সত্যসঙ্কল্প, তাহার সঙ্কল্প কখনও মিথ্যা হয় না, সংসারী ব্যক্তিদিগের যেমন অনন্ত সঙ্কল্প হইয়া থাকে, তাঁহার সেইরূপ হয় না। তাঁহার স্বরূপ আকাশের ন্যায়, অর্থাৎ আকাশ যেমন সর্ব্বগত ও রূপাদিবিহীন, ঈশ্বর সেইরূপ সর্ব্বব্যাপী ও রূপাদিশূন্য, এই নিমিত্তই তাঁহাকে আকাশাত্মা বলাযায়। তিনি সর্ব্বকর্ম্মা, অর্থাৎ ঈশ্বরই এই জগৎ নির্ম্মাণ করিতেছেন। অন্যশ্রুতিতে লিখিত আছে যে, ঈশ্বরই জগতের কর্ত্তা। তিনি সর্ব্বকর্ম্ম, দোষরহিত সর্ব্বপ্রকার কামনাই তাঁহার আছে। স্মৃতি প্রমাণে জানা যায় যে, সর্ব্বভূতেই ঈশ্বরের ধর্ম্মাবিরুদ্ধ কামনা আছে। এই ঈশ্বর সর্ব্বগন্ধ, অর্থাৎ

ইতি। ন কামস্য কর্ত্তব্যত্বাচ্ছন্দাদিবৎ পারার্থ্যপ্রসঙ্গাচ্চ দেবস্য। তস্মাদ্যথেহ সর্ব্বকাম ইতি বহুব্রীহিস্তথা কামোঽস্মীতি স্বত্যর্থো বাচ্যঃ। সর্ব্বে গন্ধাঃ সুখকরা অস্য সোঽয়ং সর্ব্বগন্ধঃ। "পুণ্যো গন্ধঃ পৃথিব্যাচ্চেতি" স্মৃতেঃ। তথা রসা অপি বিজ্ঞেয়াঃ। অপুণ্যগন্ধরসগ্রহণস্য পাপ্মসম্বন্ধনিমিত্তত্বশ্রবণাৎ। "তস্মাত্তেনোভয়ং জিঘ্রতি সুরভি চ দুর্গন্ধি চ পাপ্মনা হ্যেষ বিদ্ধ" ইতি শ্রুতেঃ। ন চ পাপ্মসংসর্গ ঈশ্বরস্য। অবিদ্যাদিদোষস্যানুপপত্তেঃ। সর্ব্বমিদং জগদভ্যাপ্তোঽভিব্যাপ্তঃ। অততের্ব্ব্যাপ্ত্যর্থস্য কর্ত্তরি নিষ্ঠা। তথা অবাকী উচ্যতেঽনয়েতি বাগ্বাগেব বাকঃ। যদ্বা বচের্ঘঞন্তস্য করণে বাকঃ। স যস্য বিদ্যতে স বাকী ন বাকী অবাকী বাক্প্রতিষেধশ্চাত্রোপলক্ষণার্থঃ। গন্ধরসাদিশ্রবণাৎ। ঈশ্বরস্য প্রাপ্তানি ঘ্রাণাদীনি করণানি গন্ধাদিগ্রহণায় অতো বাক্প্রতিষেধেন প্রতিষিধ্যন্তে তানি। "অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণ" ইত্যাদিমন্ত্রবর্ণাদনাদরোঽসম্ভ্রমঃ। অপ্রাপ্তপ্রাপ্তৌ হি সম্ভ্রমঃ স্যাদনাপ্তকামস্য ন ত্বাপ্তকামত্বান্নিত্যতৃপ্তস্যেশ্বরস্য সম্ভ্রমোঽস্তি ক্বচিৎ ॥ ২ ॥

সর্ব্বপ্রকার সুখকর গন্ধই ঈশ্বরে বিদ্যমান আছে, স্মৃতিপ্রমাণে জানাযায় যে ঈশ্বরের পুণ্যগন্ধই পৃথিবীতে প্রকাশ পায়। সেই ঈশ্বর সর্ব্বরসবান্, অর্থাৎ যাবতীয় রসের একমাত্র আধারই ঈশ্বর, তাহার সুস্বাদু রস জলেতে প্রত্যক্ষ করা যায়। ঈশ্বরের গন্ধ ও রস উভয়ই পুণ্যনিমিত্তক, পাপসংসর্গ হেতুই পুণ্যগন্ধও অপুণ্য দেখা যায়, তাহা ঈশ্বরে সম্ভবে না, যেহেতু তাঁহার পাপসম্বন্ধ নাই। সেই ঈশ্বর অনন্ত জগৎ ব্যাপিয়া আছেন। সেই ঈশ্বর অবাকী, অর্থাৎ ঈশ্বরের কোনরূপ বাক্য বা প্রাণ নাই। ঈশ্বরের গন্ধরসাদির শ্রবণ আছে; সুতরাং তাহার ঘ্রাণাদি ইন্দ্রিয় আছে, এইরূপ আশঙ্কা হইতে পারে, বাস্তবিক তাহার নাসিকা জিহ্বা প্রভৃতি কোন ইন্দ্রিয় নাই। প্রমাণান্তরে জানাযায় যে, "ঈশ্বরের পদ নাই, তিনি চলিতে পারেন; হস্ত নাই, গ্রহণ করিতে পারেন; চক্ষু নাই, দর্শন করিতেছেন এবং কর্ণ নাই, শব্দ শুনিতে পারেন্; তিনি সকলই জানেন, কেহ তাঁহাকে জানে না, অতএব সেই ঈশ্বরই প্রধান পুরুষ।" তিনি অনাদর, অর্থাৎ

এষ ম আত্মান্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্ব্বা যবাদ্বা সর্ষপাদ্বা শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বা এষ ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরীক্ষাজ্জ্যায়ান্দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ ॥ ৩ ॥

এষ যথোক্তগুণো মে মমাত্মান্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকস্যান্তর্ম্মধ্যেঽণীয়াননুতরো ব্রীহের্ব্বা যবাদ্বেত্যাদি। অত্যন্তসূক্ষ্মপ্রদর্শনার্থং শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বেতি। পরিচ্ছিন্ন পরিমাণাদণীয়ানিত্যুক্তেঽণুপরিমাণত্বং প্রাপ্তমাশঙ্ক্য তৎপ্রতিষেধায়ারভতে। এষ ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা ইত্যাদিনা। জ্যায়ঃপরিমাণাচ্চ জ্যায়স্ত্বং দর্শয়ন্ননন্তপরিমাণত্বং দর্শয়তি মনোময় ইত্যাদিনা। জ্যায়ানেভ্যো লোকেভ্য ইত্যন্তেন যথোক্তগুণলক্ষণ ঈশ্বরো ধ্যেয়ো ন তু তত্তদ্‌গুণবিশিষ্ট এব ॥ ৩ ॥

কোন বস্তুতেই তাঁহার আদর নাই। যাহারা অপ্রাপ্তকামী তাহাদিগেরই বস্তুর অপ্রাপ্তিতে সম্ভ্রম হইয়া থাকে। ঈশ্বর নিত্য তৃপ্ত ও পূর্ণকামী, সুতরাং ঈশ্বরের স্পৃহা নাই ॥ ২ ॥

যথোক্তলক্ষণ আত্মা আমার হৃদয়পদ্ম মধ্যে বিরাজমান আছেন, তিনি ব্রীহি, যব, সর্ষপ, শ্যামাক (শস্যবিশেষ) অথবা শ্যামাক তণ্ডুল হইতেও সূক্ষ্ম। ইহাদ্বারা আত্মার অণুপরিমাণই প্রকাশ পাইতেছে, কিন্তু তাহাও নহে। যেহেতু সেই হৃৎপদ্ম মধ্যগত আত্মা পৃথিবী হইতে মহৎ, আকাশ হইতে মহৎ, স্বর্গহইতে মহৎ এবং এই অনন্ত জগৎ হইতেও মহৎ। (যেহেতু শ্যামাক তণ্ডুল হইতে অণু, অথচ এইলোক হইতে মহান্, অতএব তাঁহার কোন পরিচ্ছিন্ন পরিমাণ নাই। সাধক মনোময় ইত্যাদি এবং পৃথিবীপ্রভৃতি হইতে মহৎ, এইরূপে যথোক্তগুণলক্ষণ ঈশ্বরের ধ্যান করিবে, কিন্তু উক্তগুণ বিশিষ্টরূপে ধ্যান করিবে না) ॥ ৩ ॥

**সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যা-
ত্তোঽবাক্যনাদর এষ ম আত্মান্তর্হৃদয় এতদ্ব্রহ্মৈতমিতঃ**

যথোক্তরাজপুরুষমানয় চিত্রগুঞ্চেত্যুক্তেন বিশেষণস্যাপ্যানয়নে ব্যাপ্রিয়তে তদ্বদিহাপি প্রাপ্তমতস্তন্নিবৃত্ত্যর্থং সর্ব্বকর্ম্মেত্যাদিপুনর্ব্বচনম্। তস্মান্মনোময়ত্বাদিগুণবিশিষ্ট এব ঈশ্বরো ধ্যেয়ঃ। অতএব ষষ্ঠসপ্তময়োরিব "তত্ত্বমস্যাত্মৈবেদং সর্ব্বমিতি।" "নেহ স্বারাজ্যেঽভিষিঞ্চত্যেষ ম আত্মেতদ্ব্রহ্মৈতমিতঃ প্রেত্যাভিসম্ভবিতাস্মীতি" লিঙ্গাৎ। ন ত্বাত্মশব্দেন প্রত্যগাত্মৈবোচ্যতে। মম ইতি ষষ্ঠ্যাঃ সম্বন্ধার্থপ্রত্যায়নত্বাদেতমভিসম্ভবিতাস্মীতি চ কর্ম্মকর্ত্তৃনির্দ্দেশাৎ। নন্থ ষষ্ঠেঽপি "অথ সম্পৎস্যত" ইতি সৎসম্পত্তেঃ কালান্তরিতত্বং দর্শয়তি। নাবদ্ধসংস্কারশেষস্থিত্যর্থপরত্বাৎ ন কালান্তরিতার্থতা অন্যথা তত্ত্বমস্যাদ্যর্থস্য বাধকপ্রসঙ্গাৎ। যদ্যপ্যাত্মশব্দস্য প্রত্যগর্থত্বং "সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি" চ প্রকৃতমেষ ম আত্মান্তর্হৃদয় এতদ্ব্রহ্মেত্যুচ্যতে। তথাপ্যন্তর্দ্ধানমীষদপরিত্যজ্যৈবেতমাত্মানমিতোঽস্মাচ্ছরীরাৎ প্রেত্যাভিসম্ভাবিতাস্মীত্যুক্তম্। যথা ক্রতুরূপস্যাত্মনঃ প্রতি-

---

যিনি সর্ব্বকর্ম্মা, সর্ব্বকাম, সর্ব্বগন্ধ, সর্ব্বরস, সর্ব্বব্যাপী, বাক্যরহিত, সম্ভ্রমশূন্য, সেই পরমাত্মাকেই হৃদয় পুণ্ডরীকমধ্যে ধ্যান করিবে। যেমন চিত্রগু, অর্থাৎ বিচিত্র গোবিশিষ্ট ব্যক্তিকে আনয়নকর, বলিলে বিচিত্র গোবিশিষ্ট পুরুষের আনয়ন বুঝায়, অর্থাৎ চিত্রগু এই শব্দের বিশেষণ ভূত বিচিত্রগোও আনয়ন ক্রিয়ার কর্ম্মমধ্যে নিবিষ্ট থাকে, সর্ব্বকর্ম্মা সর্ব্বকাম ইত্যাদিস্থলে সেইরূপকর্ম্মাদি বিশেষণের গ্রহণ করিবে না। কেবল যিনি বিশ্বের কর্ম্ম সম্পাদন করিয়া থাকেন, সেই আত্মাকে ধ্যান করিবে, ধ্যানকালে তাহার কর্ম্মাদিতে লক্ষ করিবে না। তাহাহইলে ঈশ্বরের কর্ম্মাদির ও ধ্যান করিতে হয়, সুতরাং ঐ কর্ম্মাদি পরিত্যাগ করিয়া "তত্ত্বমসি, আত্মৈবেদং সর্ব্বং" ইত্যাদি শ্রুতির মর্ম্মানুসারে কেবল সেই পরমাত্মার ধ্যান করা কর্ত্তব্য এবং আমি এইলোক হইতে পরলোকে

প্রেত্যাভিসম্ভবিতাস্মীতি যস্য স্যাদদ্ধা ন বিচিকিৎসাস্তীতিহ স্মাহ শাণ্ডিল্যঃ শাণ্ডিল্যঃ ॥ ৪ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

পন্তাস্মীতি যস্যৈব'বিদঃ স্যাত্তবেদদ্ধা সত্যমেবং স্যামহং প্রেত্যৈবং ন স্যামিতি ন চ বি'চিকিৎসাস্তি। ইত্যেতস্মিন্নর্থে ক্রতুফলসম্বন্ধে স তথৈবে-শ্বরভাবং প্রতিপদ্যতে। বিদ্বানিত্যেতদাহ স্মোক্তবান্ কিল শাণ্ডিল্যো নামর্ষির্দ্বিরভ্যাস আদরার্থঃ ॥ ৪ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

গমন করিয়া ব্রহ্মভাব প্রাপ্ত হইব, ইহাই নিশ্চয়, এই বিষয়ে সংশয় মাত্র নাই, এইরূপে ব্রহ্মেতে একান্ত অনুরক্ত হইয়া ব্রহ্মধ্যানে তৎপর থাকিবে। মহর্ষিশাণ্ডিল্য এইরূপে আত্মধ্যান নিরূপণ করিয়াছেন। যিনি এইরূপে ব্রহ্মধ্যান করেন, নিশ্চয় তাহার ব্রহ্মভাব প্রাপ্তি হইয়া থাকে ॥ ৪ ॥

ইতি চতুর্দ্দশ খণ্ড ॥ ১৪ ॥

পঞ্চদশঃ খণ্ডঃ।

অন্তরীক্ষোদরঃ কোশো ভূমিবুধ্নো ন জীর্য্যতি দিশো হস্য স্রক্তয়ো দ্যৌরস্যোত্তরং বিলং স এষ কোশো বসূধানস্তস্মিন্ বিশ্বমিদং শ্রিতম্ ॥ ১ ॥

অস্য কুলে বীরো জায়ত ইত্যুক্তম্! ন বীরজন্মমাত্রং পিতুস্ত্রাণায় "তস্মাৎ পুত্রমনুশিষ্টং লোক্যমাহুরিতি" শ্রুত্যন্তরাৎ। অতস্তদ্দীর্ঘায়ুষ্ট্বং কথং স্যাদিত্যেবমর্থং কোশবিজ্ঞানারম্ভঃ। অভ্যর্হিতবিজ্ঞানব্যাসঙ্গাদনন্তরমেব নোক্তং তদিদানীমেবারভ্যতে। অন্তরিক্ষমুদরমন্তঃসুষিরং যস্য সোঽয়মন্তরিক্ষোদরঃ কোশঃ কোশ ইবানেকধর্ম্মসাদৃশ্যাৎ কোশঃ স চ ভূমিবুধ্নো ভূমির্বুধ্নো মূলং যস্য স ভূমিবুধ্নো ন জীর্য্যতি বিনশ্যতি ত্রৈলোক্যাত্মকত্বাৎ। সহস্রযুগকালাবস্থায়ী হি সঃ। দিশো হস্য সর্ব্বাঃ স্রক্তয়ঃ কোণা দ্যৌরস্য কোশস্যোত্তরমূর্দ্ধং বিলং স এষ যথোক্তগুণকোশঃ। বসূধানো বসু ধীয়তেঽস্মিন্ প্রাণিনাং কর্ম্মফলাখ্যমতো বসুধানঃ। তস্মিন্নস্ত-

---

ইতিপূর্ব্বে উক্ত হইয়াছে যে, ব্রহ্মবিৎকুলে বীরপুরুষের জন্মহয়, কিন্তু বীরপুরুষের জন্মমাত্রই পিতার পরিত্রাণ হয় না। বৃহদারণ্যক শ্রুতিতে লিখিত আছে যে, জাতপুত্রকে শাসন করিবে, সুতরাং পুত্রজননদ্বারা পিতৃকুলের পরিত্রাণ অসম্ভব দেখা যায়। সেই পুত্রের ব্রহ্মবিজ্ঞান হইলেই পিতৃপুরুষের ত্রাণ হইতে পারে, অতএব ব্রহ্মবিজ্ঞানার্থে পুরুষের দীর্ঘায়ুঃসাধন আবশ্যক। এইক্ষণ কি উপায়ে পুরুষ দীর্ঘায়ু হইতে পারে, এতদর্থ কোষবিজ্ঞান বিবৃত হইতেছে।—সমস্ত জগৎ ব্রহ্মকোষকে আশ্রয় করিয়া আছে, অন্তরীক্ষ ঐ কোষের উদর এবং ভূমি উহার মূল, পরন্তু কদাচ ঐ কোষজীর্ণ হয় না, কিম্বা বিনাশ পায় না। উহা ত্রৈলোক্যাত্মক এবং সহস্রযুগপর্য্যন্ত স্থায়ী হয়। দিক্‌সকল উহার কোণ এবং স্বর্গ তাহার

তস্য প্রাচী দিগ্‌জুহূর্নাম সহমানা নাম দক্ষিণা রাজ্ঞী নাম প্রতীচী সুভূতা নামোদীচী তাসাং বায়ুর্ব্বৎসঃ স য এতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ ন পুত্ররোদং রোদিতি সোঽহমেতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ মা পুত্ররোদং রুদম্ ॥ ২ ॥

র্ব্বিশ্বং সমস্তং প্রাণিকর্ম্মফলং স হ তৎসাধনৈরিদং যদ্‌গৃহ্যতে প্রত্যক্ষাদি-প্রমাণৈঃ শ্রিতমাশ্রিতং স্থিতমিত্যর্থঃ ॥ ১ ॥

তস্যাস্য প্রাচীদিক্ প্রাগ্‌গতো ভাগো জুহূর্নাম। জুহ্বত্যস্যাং দিশি কর্ম্মিণঃ প্রাঙ্মুখাঃ সন্ত ইতি জুহূর্নাম। সহন্তেঽস্যাং পাপকর্ম্মফলানি যমপুর্য্যাং প্রাণিন ইতি সহমানা নাম দক্ষিণা দিক্। তথা রাজ্ঞী নাম প্রতীচী পশ্চিমা দিক্ রাজ্ঞী রাজ্ঞা বরুণেনাধিষ্ঠিতা সন্ধ্যারাগযোগাদ্বা। সুভূতা নাম ভূতিমদ্ভিরীশ্বরকুবেরাদিভিরধিষ্ঠিতত্বাৎ সুভূতা নামোদীচী। তাসাং দিশাং বায়ুর্ব্বৎসো দিগ্‌জাতত্বাদ্বায়োঃ। পুরোবাত ইত্যাদিনর্শ-

---

ঊর্দ্ধ চ্ছিদ্র। ঐ ব্রহ্মকোষ বসুনিধান, প্রাণিগণের কর্ম্মফলরূপ রত্ন এই ব্রহ্মকোষে নিহিত থাকে। অখিল ভুবনই এইকোষের অন্তর্গত ॥ ১ ॥

পূর্ব্ব শ্রুতিতে দিক্ সকলকে কোষের কোণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, এইক্ষণ তাহাদিগের অবান্তর বিভাগ নিরূপিত হইতেছে।—সেই কোষের যে পূর্ব্বদিগ্‌গত বিভাগ আছে, তাহার নাম "জুহূ," ঐ ভাগেই সাধক সকল পূর্ব্বাভিমুখে উপবিষ্ট হইয়া আহুতি দিয়া থাকেন, এই নিমিত্ত ইহার জুহূ নাম হইয়াছে। ঐ কোষের যে দক্ষিণ দিগ্‌গত বিভাগ, তাহার নাম সহমান। এই বিভাগেই প্রাণীরা যমপুরে পাপকর্ম্মের ফল সকল সহ্য করিয়া থাকেন, এই নিমিত্তই ইহার "সহমান" নাম হইয়াছে। ইহার যে পশ্চিম দিক্‌স্থিত বিভাগআছে, তাহার নাম "রাজ্ঞী", রাজা বরুণ এই বিভাগে অধিষ্ঠিত আছেন এবং সন্ধ্যারাগ দ্বারা এই বিভাগই অনুরঞ্জিত হইয়া থাকে, এই জন্য ইহাকে রাজ্ঞী বলাযায়, আর উক্ত কোষের যেউ ত্তর দিগ্‌গত বিভাগ আছে, তাহার নাম "সুভূতা" বিভূতি-

অরিষ্টং কোষং প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা প্রাণং প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা ভূঃ প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা ভুবঃ প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা স্বঃ প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা ॥ ৩ ॥

নাৎ। স যঃ কশ্চিৎ পুত্রদীর্ঘজীবিতার্থীএবং যথোক্তগুণং বায়ুং দিশাং বৎসমমৃতং বেদ স ন পুত্ররোদং পুত্রনিমিত্তং রোদনং ন রোদিতি পুত্রো ন ম্রিয়ত ইত্যর্থঃ। যত এবং বিশিষ্টং কোশং দিগ্বৎসবিষয়ং বিজ্ঞানম্ অতঃ সোঽহং পুত্রজীবিতার্থেবমেতং বায়ুং দিশাং বৎসং বেদ জানেঽতঃ পুত্ররোদং মা রুদং পুত্রমরণনিমিত্তং রোদো মম মা ভূদিত্যর্থঃ ॥ ২ ॥

অরিষ্টমবিনাশিনং কোশং যথোক্তং প্রপদ্যে প্রপন্নোঽস্মি পুত্রায়ুষে। অমুনামুনেতি ত্রির্নাম গৃহ্লাতি পুত্রস্য। তথা প্রাণং প্রপদ্যেঽমুনামুনা ভূঃ প্রপদ্যেঽমুনামুনা ভুবঃ প্রপদ্যেঽমুনামুনা স্বঃ প্রপদ্যেঽমুনামুনা সর্ব্বত্র প্রপদ্যে ইতি নাম গৃহ্লাতি পুনঃ পুনঃ ॥ ৩ ॥

শালী ঈশ্বর ও কুবেরাদিরা এই বিভাগের অধিষ্ঠাতা, এই নিমিত্তইহার নাম সুভূতা হইয়াছে। বায়ু ঐ দিক্ সকলের বৎসস্বরূপ, যেহেতু দিক্ সকল হইতেই বায়ু জন্মিয়া থাকে, অতএবই বায়ু দিক্ সকলের বৎসরূপে কীর্ত্তিত হইয়াছে। শাস্ত্রান্তরে "পূর্ব্বদিগ্‌গত বায়ু" ইত্যাদি দর্শন হইয়া থাকে। যেকোন ব্যক্তি পুত্রের দীর্ঘ জীবনের অভিলাষী হইয়া উক্তরূপ গুণবিশিষ্ট বায়ুকে দিকের বৎসরূপে জানেন, তিনি কদাচ পুত্রের নিমিত্ত রোদন করেন না, অর্থাৎ কখনও তাহার পুত্রের মরণ হয় না। আর যেহেতু আমার উক্তরূপ গুণশালী কোষ এবং দিগ্বৎস বিজ্ঞান হইয়াছে, অতএব আমাকে পুত্রমরণ নিমিত্ত রোদন করিতে হইবে না, এইরূপ জ্ঞান হইয়া থাকে ॥ ২ ॥

আমি পুত্রের আয়ুর নিমিত্ত পুনঃ পুনঃ যথোক্ত গুণশালী কোষের শরণাপন্ন হইলাম, আমি পুত্রের আয়ু বৃদ্ধির নিমিত্ত পুনঃ পুনঃ প্রাণের শরণাগত হইলাম, আমি পুত্রের আয়ুবর্দ্ধনার্থ পুনঃ পুনঃ ভূর্লোকের শরণ লইলাম, আমি পুত্রের আয়ুর্ব্বৃদ্ধি হেতু পুনঃ পুনঃ ভুবর্লোকের

স যদবোচং প্রাণং প্রপদ্য ইতি প্রাণো বা ইদং সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ তমেব যৎপ্রাপৎসি ॥ ৪ ॥

অথ যদবোচং ভূঃ প্রপদ্য ইতি পৃথিবীং প্রপদ্যেঽন্তরীক্ষং প্রপদ্যে দিবং প্রপদ্য ইত্যেব তদবোচং ॥ ৫ ॥

অথ যদবোচং ভুবঃ প্রপদ্য ইত্যগ্নিং প্রপদ্যে বায়ুং প্রপদ্য আদিত্যং প্রপদ্য ইত্যেব তদবোচম্ ॥ ৬ ॥

স যদবোচং প্রাণং প্রপদ্য ইতি ব্যাখ্যানার্থমুপন্যাসঃ। প্রাণো বা ইদং সর্ব্বং ভূতং যদিদং জগৎ। যথা "বা অরা নাভাবিতি" বক্ষ্যতি। অতস্তমেব সর্ব্বং তত্ত্বেন প্রাণপ্রতিপাদনেন প্রাপৎসি প্রপন্নোভূবম্ ॥ ৪ ॥

তথা ভূঃ প্রপদ্য ইতিত্রীন্‌লোকান্ ভূরাদীন্ প্রপদ্য ইতি তদবোচম্ ॥৫॥

অথ যদবোচং ভুবঃ প্রপদ্য ইত্যগ্ন্যাদীন্ প্রপদ্য ইতি তদবোচম্ ॥ ৬ ॥

শরণাগত হইলাম, আমি পুত্রের আয়ুষ্কামনায় পুনঃ পুনঃ স্বর্লোকের শরণাপন্ন হইলাম। এইরূপে কোষ প্রাণপ্রভৃতির অরাধনা করিবে ॥ ৩ ॥

অমি প্রাণের শরণাপন্ন হইলাম বলিয়া যে পূর্ব্বে উক্ত হইয়াছে, তাহাতে সর্ব্বভূতের শরণাগত হইলাম, ইহাই বলিয়াছি। কারণ প্রাণই সর্ব্বভূতাত্মক, একপ্রাণের প্রণিপাতেই সর্ব্বভূতের প্রণিপাত হয়, অতএব আমি পুত্রের আয়ুষ্কামনায় সর্ব্বভূতের প্রণিপাত করিতেছি ॥ ৪ ॥

"আমি ভূর্লোকের শরণাপন্ন হইলাম," এইরূপে যে ভূর্লোকের শরণাগত হইয়াছি, তাহাতে ভূরাদি লোকত্রয়ের প্রণিপাত বলিয়াছি, অর্থাৎ পৃথিবী অন্তরীক্ষ ও স্বর্গ এই তিন লোকের প্রণিপাত করা হইয়াছে ॥ ৫ ॥

"আমি ভুবলোকের শরণাগত হইলাম" এই বলিয়া যে প্রণিপাত করিয়াছি, তাহাতে অগ্নি, বায়ু ও আদিত্য এই তিনের প্রণিপাত করিয়াছি, ইহাই উক্ত হইয়াছে, অর্থাৎ আমি পুত্রের আয়ুষ্কামনায় অগ্নি, বায়ু ও আদিত্য এই তিনের শরণাগত হইলাম, ইহাই বলিয়াছি ॥ ৬ ॥

অথ যদবোচং স্বঃ প্রপদ্য ইত্যৃগ্‌বেদং প্রপদ্যে যজুর্ব্বেদং প্রপদ্যে সামবেদং প্রপদ্য ইত্যেব তদবোচং তদবোচম্ ॥ ৭ ॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

অথ যদবোচং স্বঃ প্রপদ্য ইত্যৃগ্‌বেদাদীন্ প্রপদ্য ইত্যেব তদবোচমিতি। উপরিষ্টান্মন্ত্রান্ জপেত্ততঃ পূর্ব্বোক্তমজরং কোশং সদিগ্বৎসং যথাযদ্ধ্যাত্বা দ্বির্ব্বচনমাদরার্থঃ ॥ ৭ ॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

"আমি ভূর্লোকের শরণ লইলাম" এইরূপে যে প্রণিপাত করিয়াছি, তাহাতে ঋগ্, যজুঃ ও সাম এই বেদত্রয়ের প্রণিপাত করা হইয়াছে, অর্থাৎ আমি পুত্রের আয়ুর্ব্বৃদ্ধিকামনায় ঋগ্বেদ, যজুর্ব্বেদ ও সামবেদের শরণাপন্ন হইলাম, ইহাই বলিয়াছি ॥ ৭ ॥

ইতি পঞ্চদশ খণ্ড ॥ ১৫ ॥

তৃতীয়প্রপাঠকে-

ষোড়শঃ খণ্ডঃ।

পুরুষো বাব যজ্ঞস্তস্য যানি চতুর্ব্বিংশতি বর্ষাণি তৎপ্রাতঃ সবনং চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী গায়ত্রং প্রাতঃসবনং তদস্য বসবোঽন্বায়ত্তাঃ প্রাণা বাব বসব এতে হীদং সর্ব্বং বাসয়ন্তি ॥ ১ ॥

পুত্রায়ুষ উপাসনমুক্তং জপশ্চ অথেদানীমাত্মনো দীর্ঘজীবনায়েদমুপাসনং জপঞ্চ বিদধত্তদাহ। জীবন্ হি স্বয়ং পুত্রাদিফলেন যুজ্যতে নান্যথেতি। অত আত্মানং যজ্ঞং সম্পাদয়তি পুরুষঃ। পুরুষো জীবনবিশিষ্টঃ কার্য্যকারণসঙ্ঘাতো যথা প্রসিদ্ধ এব। বাবশব্দোঽবধারণার্থঃ। পুরুষ এব যজ্ঞ ইত্যর্থঃ। তথাহি সামাদ্যৈঃ সম্পাদয়তি যজ্ঞত্বং। কথং তস্য পুরুষস্য যানি চতুর্ব্বিংশতিবর্ষাণ্যায়ুষস্তৎপ্রাতঃ সবনং পুরুষাখ্যস্য যজ্ঞস্য কেন সামান্যেনেত্যাহ। চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রীছন্দো গায়ত্রীছন্দস্কং হি বিধিযজ্ঞস্য প্রাতঃসবনম্। অতঃ প্রাতঃসবনসম্পন্নেন চতুর্ব্বিংশতি-

---

পূর্ব্বখণ্ডে পুত্রের আয়ুর্ব্বর্দ্ধনার্থ উপাসনা ও জপ নিরূপণ করিয়া এইক্ষণ আপনার দীর্ঘজীবনের নিমিত্ত উপাসনা ও জপবিধি নিরূপণ করিতেছেন।—আপনি জীবিত থাকিলেই পুত্রাদি কুলে যুক্ত হইতে পারে, অতএব পুরুষ আত্মযজ্ঞ সম্পাদন করিয়া থাকে। যাবৎপুরুষ জীবনবিশিষ্ট থাকে, তাবৎই পুরুষ কার্য্যকারণরূপে প্রসিদ্ধ হয়। পুরুষই যজ্ঞস্বরূপ, পুরুষেতে যজ্ঞাবয়ব সাদৃশ্য হেতু পুরুষেতে যজ্ঞদৃষ্টি করিবে। পুরুষের যে চতুর্ব্বিংশতিবর্ষ আয়ু, তাহাই প্রাতঃসবন সদৃশ; যেহেতু চতুর্ব্বিংশত্যক্ষর গায়ত্রীছন্দ ও চতুর্ব্বিংশতি বর্ষ আয়ুর সাদৃশ্য আছে। (ষোড়শাধিক শত বর্ষ পুরুষায়ুকে ত্রিধা বিভক্ত করিয়া চতুর্ব্বিংশতিবর্ষেতে প্রাতঃসবন দৃষ্টি করিবে। বিধিপূর্ব্বক, অনুষ্ঠীয়মান যজ্ঞের প্রাতঃকালীন কর্ম্মই

তঞ্চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা

বর্ষায়ুষা যুক্তঃ পুরুষঃ। অতো বিধিযজ্ঞসাদৃশ্যাদ্‌যজ্ঞঃ। তথোত্তরয়োরপ্যায়ুষোঃ সবনদ্বয়সম্পত্তিঃ। ত্রিষ্টুব্‌জগত্যক্ষরসঙ্খ্যাসামান্যতো বাচ্যা। কিঞ্চ তদস্য পুরুষযজ্ঞস্য প্রাতঃসবনং বিধিযজ্ঞস্যেব বসবো দেবা অন্বায়ত্তা অনুগতাঃ। সবনদেবতাত্বেন স্বামিন ইত্যর্থঃ। পুরুষযজ্ঞেঽপি বিধিযজ্ঞ ইবাগ্ন্যাদয়ো বসবো দেবাঃ প্রাপ্তা ইত্যতো বিশিনষ্টি প্রাণা বাব বসবো বায়াদয়ো বায়বশ্চ তে হি যস্মাদিদং পুরুষাদি প্রাণিজাতমেতে বাসয়ন্তি। প্রাণেষু হি দেহে বসৎসু সর্ব্বমিদং বসতি নান্যথা ইতি। অতো বসনাদ্বাসনাচ্চ বসবঃ ॥ ১ ॥

তঞ্চেদ্‌যজ্ঞসম্পাদিতমেতস্মিন্ প্রাতঃসবনসম্পন্নে বয়সি কিঞ্চিদ্ব্যাধ্যাদি-

---

প্রাতঃসবন। গায়ত্রীছন্দ চতুর্ব্বিংশত্যক্ষরবিশিষ্ট এবং বিধিযজ্ঞের প্রাতঃসবনের ছন্দও গায়ত্রী, অতএব প্রাতঃসবনসম্পন্ন চতুর্ব্বিংশতি বর্ষআয়ুর সহিত পুরুষযুক্ত হয়। সুতরাং বিধিযজ্ঞের সাদৃশ্যবশতঃ পুরুষ যজ্ঞস্বরূপ এবং উত্তর আয়ুর্ভাগদ্বয় ত্রিষ্টুপ্ ও জগতী এইচ্ছন্দদ্বয়ের অক্ষর সংখ্যা সাদৃশ্য হেতু মাধ্যান্দিন সবন ও সায়াহ্ন সবনের তুল্য রূপে প্রতিপাদিত হইবে। যেমন বিধি যজ্ঞের প্রাতঃসবনে বসুদেবগণ অনুগত আছেন, সেইরূপ এই পুরুষ যজ্ঞের প্রাতঃসবনও বসুদেবগণেতে অনুগত জানিবে, অর্থাৎ বসুদেবগণ যেমন বিধিযজ্ঞে প্রাতঃসবনের স্বামী, সেইরূপ এই পুরুষযজ্ঞেও তাঁহারা প্রাতঃসবনের ঈশ্বর। বিধিযজ্ঞের ন্যায় পুরুষযজ্ঞেও অগ্ন্যাদি বসুদেবগণকে দেবতা বলিয়া প্রাপ্ত হওয়া যায়। প্রাণসকলই পুরুষযজ্ঞের বসুদেবগণ এবং বায়ু, যেহেতু ইহারাই পুরুষাদি প্রাণিগণকে বাস করায়। দেহেতে প্রাণাদির বসতি থাকিলেই সকলে বাস করিতে পারে। প্রাণাদি পুরুষকে বাস করায় বলিয়াই উহারা বসুতুল্য ॥ ১ ॥

এই প্রাতঃসবন সম্পন্ন বয়সেতে ব্যাধি ও মরণশঙ্কা দুঃখ উৎপাদন করে, অতএব যজ্ঞসম্পাদন কারী পুরুষ বলিবেক, "হে প্রাণ! হে বসুদেবগণ!

বসব ইদং মে প্রাতঃসবনং মাধ্যন্দিনঞ্চ সবনমনুসন্তনুতেতি মাহং প্রাণানাং বসূনাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যৈবৈব তত এত্যগদোহ ভবতি ॥ ২ ॥

অথ যানি চতুশ্চত্বারিংশদ্বর্ষাণি তন্মাধ্যন্দিনঞ্চ সবনং চতুশ্চত্বারিংশদক্ষরা ত্রিষ্টুপ্ ত্রৈষ্টভং মাধ্যন্দিনঞ্চ সবনং তদস্য রুদ্রা অন্বায়ত্তাঃ প্রাণা বাব রুদ্রা এতে হীদং সর্ব্বং রোদয়ন্তি ॥ ৩ ॥

মরণশঙ্কাকারণমুপতপেৎ দুঃখমুৎপাদয়েৎ স তদা যজ্ঞসম্পাদী পুরুষ আত্মানং যজ্ঞং মন্যমানো ব্রূয়াজ্জপেদিত্যর্থ ইমং মন্ত্রম্। হে প্রাণা বসব ইদং মে প্রাতঃসবনং মম যজ্ঞস্য বর্ত্ততে তন্মাধ্যন্দিনং সবনমনুসন্তনুতেতি মাধ্যন্দিনেন সবনেনায়ুষা সহিতমেকীভূতং সততং কুরুতেত্যর্থঃ। মাহং যজ্ঞো যুষ্মাকং প্রাণানাং বসূনাং প্রাতঃসবনেশানাং মধ্যে বিলোপ্সীয় বিলুপ্যেয়ং বিচ্ছিদ্যেয়মিত্যর্থঃ। ইতি শব্দো মন্ত্রসমাপ্ত্যর্থঃ। অনেন জপেন ধ্যানেন চ ততস্তস্মাদুপতাপাদুদেত্যুদগচ্ছতি উদগম্য বিমুক্তঃ সন্নগদো হানুপতাপো ভবত্যেব ॥ ২ ॥

অথ যানি চতুশ্চত্বারিংশদ্বর্ষাণীতি সনানম্। রুদন্তি রোদয়ন্তীতি ॥ ৩ ॥

আমি যজ্ঞরূপী, আমার প্রাতঃসবন বর্ত্তমান আছে, এইক্ষণ তোমরা আমাকে মাধ্যন্দিন সবনবিহিত আয়ুর সহিত যুক্ত কর, অর্থাৎ আমাকে মাধ্যান্দিন সবন পর্য্যন্ত রক্ষা কর, আমি যজ্ঞরূপী হইয়াও প্রাতঃসবনের অধীশ্বর প্রাণ ও বসুদেবগণের মধ্যে বিচ্ছিন্ন নহি"। এইরূপ ধ্যান করিলে ব্যাধ্যাদি জনিত উপতাপ হইতে বিমুক্ত হইয়া সাধক-নীরোগী থাকিতে পারে ॥ ২ ॥

পুরুষের চতুর্ব্বিংশতি বর্ষ আয়ুর পর যে চতুশ্চত্বারিংদ্বর্ষ আয়ুঃ, তাহাই মাধ্যন্দিন সবন সদৃশ ; যেহেতু চতুশ্চত্বারিংশদক্ষর ত্রিষ্টুপ্ ছন্দ, ও চতুর্ব্বিংশতিবর্ষ আয়ুর সাদৃশ্য আছে। ষোড়শাধিক শতবর্ষ পুরুষায়ুকে ত্রিধা বিভক্ত

তঙ্কেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ক্রূয়াৎপ্রাণা রুদ্রা ইদং মে মাধ্যন্দিনং সবনং দ্বিতীয়সবনমনুসন্তনুতেতি মাহহং প্রাণানাং রুদ্রাণাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হ ভবতি ॥ ৪ ॥

প্রাণা রুদ্রা হি ক্রূরাস্তে মধ্যমে বয়স্ততো রুদ্রাঃ ॥ ৪ ॥

করিয়া চতুশ্চত্বারিংশদ্বর্ষেতে মাধ্যন্দিন সবন দৃষ্টি করিবে। বিধিপূর্ব্বক অনুষ্ঠীয়মান যজ্ঞের মাধ্যন্দিন কর্ম্মই মাধ্যন্দিন সবন। ত্রিষ্টুপ্‌ছন্দ চতুশ্চত্বারিংশদক্ষরবিশিষ্ট এবং বিধিযজ্ঞের মাধ্যন্দিন সবনের ছন্দও ত্রিষ্টুপ, অতএব মাধ্যন্দিনসবনসম্পন্ন চতুশ্চত্বারিংশদ্বর্ষ আয়ুর সহিত পুরুষযুক্ত হয়, সুতরাং বিধিযজ্ঞের সাদৃশ্যবশতঃ পুরুষও যজ্ঞস্বরূপ। যেমন বিধিযজ্ঞের মাধ্যন্দিন সবনে রুদ্রগণ অনুগত আছে, সেইরূপ এই পুরুষ যজ্ঞের মাধ্যন্দিন সবনেও রুদ্রগণকে অনুগত জানিবে, অর্থাৎ রুদ্রগণ যেমন বিধিযজ্ঞে মাধ্যন্দিন সবনের স্বামী, সেইরূপ তাঁহারা এই পুরুষ যজ্ঞেও মাধ্যন্দিন সবনের আধীশ্বর। বিধি যজ্ঞের ন্যায় পুরুষযজ্ঞেও রুদ্রগণকে প্রাণরূপে দেবতা বলিয়া প্রাপ্ত হওয়া যায়। এই সবনের প্রাণসকলই পুরুষ যজ্ঞের রুদ্র দেবগণ এবং বায়ু। যেহেতু ইহারাই পুরুষাদি প্রাণিগণকে মধ্যম বয়সে ক্রন্দন করাইয়া থাকে ॥ ৩ ॥

এই মাধ্যন্দিন সবন সম্পন্ন বয়সেতে ব্যাধি ও মরণ শঙ্কা দুঃখ উৎপাদন করে, অতএব যজ্ঞসম্পাদনকারী পুরুষ আপনাকে যজ্ঞস্বরূপ জ্ঞান করিয়া এই মন্ত্র জপ করিবে,—"হে প্রাণ! হে রুদ্রগণ! আমি যজ্ঞরূপী, আমার মাধ্যন্দিন সবন বর্ত্তমান আছে, এইক্ষণ তোমরা আমাকে সায়াহ্ন সবনবিহিত আয়ুর সহিত যুক্তকর, অর্থাৎ এই আমার মাধ্যন্দিন সবন, অতএব আমাকে তৃতীয় সবন পর্য্যন্ত রক্ষা কর। আমি যজ্ঞরূপী হইয়াও মাধ্যন্দিন সবনের অধীশ্বর প্রাণ ও রুদ্রগণের মধ্যে বিচ্ছিন্ন নহি।" এইরূপে ধ্যান করিলে ব্যাধিজনিত উপতাপ হইতে মুক্ত হইয়া সাধক নীরোগী থাকিতে পারে ॥ ৪ ॥

অথ যান্যষ্টচত্বারিংশদ্বর্ষাণি তত্তৃতীয়সবনমষ্টচত্বারিংশদক্ষরা জগতী জাগতং তৃতীয়সবনং তদস্যাদিত্যা অন্বায়ত্তাঃ প্রাণা বা বাদিত্যা এতে হীদং সর্ব্বমাদদতে ॥ ৫ ॥

তঞ্চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা আদিত্যা ইদং মে তৃতীয়সবনমায়ুরনুসন্তনুতেতি মাহহং

তথাদিত্যাঃ প্রাণাঃ। তে হীদং শব্দাদিজাতমাদদতেহত আদিত্যাস্তৃ-

পুরুষই যজ্ঞস্বরূপ, পুরুষেতে যজ্ঞায়ুর সাদৃশ্য হেতু যজ্ঞদৃষ্টি করিবে। পুরুষের যে অষ্টচত্বারিংশদ্বর্ষ আয়ু, তাহাই তৃতীয় সবন সদৃশ, যেহেতু অষ্টচত্বারিংশদক্ষর জগতীচ্ছন্দঃ ও অষ্টচত্বারিংশদ্বর্ষ আয়ুর সাদৃশ্য আছে, ষোড়শাধিকশতবর্ষ পুরুষায়ুকে ত্রিধা বিভক্ত করিয়া তাহার অষ্টচত্বারিংশৎ বর্ষেতে তৃতীয় সবন দৃষ্টি করিবে। বিধিপূর্ব্বক আহূষ্ঠীয়মান যজ্ঞের সায়ং কালীন কর্ম্মই তৃতীয় সবন। জগতীচ্ছন্দঃ অষ্টচত্বারিংশদক্ষর বিশিষ্ট এবং বিধিযজ্ঞের তৃতীয় সবনের ছন্দও জগতী, অতএব তৃতীয়সবন সম্পন্ন অষ্টচত্বারিংশদ্বর্ষ আয়ুর সহিত পুরুষ যুক্তহয়। সুতরাং বিধিযজ্ঞের সাদৃশ্য হেতু পুরুষও যজ্ঞস্বরূপ। যেমন বিধিযজ্ঞের তৃতীয়সবনে আদিত্যগণ অনুগত আছে, সেইরূপ এই পুরুষযজ্ঞের তৃতীয় সবনেও আদিত্যগণকে অনুগত জানিবে। অর্থাৎ আদিত্যগণ যেমন বিধিযজ্ঞে তৃতীয় সবনের স্বামী, সেইরূপ তাঁহারা এই পুরুষ যজ্ঞেও তৃতীয় সবনের অধীশ্বর বিধি যজ্ঞের ন্যায় এই পুরুষ যজ্ঞেও আদিত্যগণকে প্রাণরূপে দেবতা বলিয়া প্রাপ্ত হওয়া যায়। প্রাণ সকলই পুরুষযজ্ঞের রুদ্রদেবগণ ও বায়ু, যেহেতু ইহারাই পুরুষাদি প্রাণিগণকে বাস করায়। অর্থাৎ দেহেতে প্রাণের বসতি থাকিলেই সকলে বাস করিতে পারে ॥ ৫ ॥

এই তৃতীয় সবন সম্পন্ন বয়সেতে ব্যাধি ও মরণ শঙ্কা দুঃখ উৎপাদন করে, অতএব যজ্ঞ সম্পাদনকারী পুরুষ আপনাকে যজ্ঞস্বরূপ জ্ঞান করিয়া

প্রাণানামাদিত্যানাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হৈব ভবতি ॥ ৬ ॥

এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানাহ মহীদাস ঐতরেয়ঃ স কিং ম এতদুপতপসি যোঽহমনেন ন প্রেষ্যামীতি সহ ষোড়শং বর্ষশতং জীবতি য এবং বেদ ॥ ৭ ॥

ইতি ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬ ॥

তীয়সবনমায়ুঃ ষোড়শোত্তরবর্ষশতং সমাপয়তানুসন্তনুত যজ্ঞং সমাপয়তেত্যর্থঃ। সমানমন্যৎ ॥ ৫ ৬ ॥

নিশ্চিত্য হি বিদ্যা ফলায়েত্যেতদ্দর্শয়ন্নুদাহরত্যেতদ্যজ্ঞদর্শনং হ স্ম বৈ কিল তদ্বিদ্বানাহ মহীদাসো নামতঃ। ইতরায়া অপত্যমৈতরেয়ঃ। কিং কস্মান্মে মমৈতদুপতপনমুপতপসি স ত্বং হে রোগ যোঽয়ং যজ্ঞোঽনেন ত্বৎকৃতেনোপতাপেন ন প্রেষ্যামি ন মরিষ্যাম্যতো বৃথা তব শ্রম ইত্যর্থঃ।

এই মন্ত্র জপ করিবে,—"হে প্রাণ! হে আদিত্যগণ! আমি যজ্ঞরূপী আমার তৃতীয় সবন বর্ত্তমান আছে, এক্ষণে তোমরা আমাকে এই তৃতীয় সবনবিহিত আয়ুর সহিত যুক্ত কর, অর্থাৎ আমাকে পূর্ণায়ু করিয়া আমার যজ্ঞ সম্পন্ন করিতে দাও। আমি যজ্ঞরূপী হইয়াও তৃতীয় সবনের অধীশ্বর প্রাণ ও রুদ্রগণের মধ্যে বিচ্ছিন্ন নহি।" এইরূপে ধ্যান করিলে ব্যাধিজনিত উপতাপ হইতে মুক্ত হইয়া সাধক নীরোগী থাকিতে পারে ॥ ৬ ॥

এই বিদ্যা নিশ্চয় ফলপ্রদান করে, ইহা বিজ্ঞাপনার্থ মহীদাসের উপাখ্যান উদাহরণ করিতেছেন।—ইতরার অপত্য মহীদাস ঐতরেয় নামে কোন বিদ্বান্ বলিয়াছিলেন, হে রোগসকল! তোমরা আমাকে কোনরূপে উপতাপিত করিতে পারিবে না, আমি যজ্ঞস্বরূপ; সুতরাং তোমাদিগের উপতাপে আমার লোকান্তর গমন, অর্থাৎ মরণ হইবে না, অতএব তোমাদিগের এই পরিশ্রম বৃথা দেখিতেছি। মহীদাস এইরূপ কৃতনিশ্চয়

তৃতীয়প্রপাঠকে-

সপ্তদশঃ খণ্ডঃ।

স যদশিশিষতি যৎপিপাসতি যন্ন রমতে তা অস্য দীক্ষা ॥ ১ ॥

ইত্যেবমাহ স্মেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। স এবং নিশ্চয়ঃ সন্ ষোড়শবর্ষশতং-মজীবৎ। অন্যোঽপ্যেবং নিশ্চয়ঃ ষোড়শবর্ষশতং প্রজীবতি য এবং যথোক্তং যজ্ঞসম্পাদনং বেদ জানাতি স ইত্যর্থঃ ॥ ৭ ॥

ইতি ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬ ॥

স যদশিশিষতীত্যাদির্যজ্ঞসামান্যনির্দ্দেশঃ পুরুষস্য পূর্ব্বেণৈব সম্বধ্যতে। যদশিশিষত্যশিতুমিচ্ছতি। তথা পিপাসতি পাতুমিচ্ছতি। যন্ন রমত ইষ্টাদ্যপ্রাপ্তিনিমিত্তং যদেবংজাতীয়কং দুঃখমনুভবতি তা অস্য দীক্ষা দুঃখসামান্যাদ্বিধিযজ্ঞস্যেব ॥ ১ ॥

হইয়া ষোড়শাধিক শত বর্ষ জীবিত ছিলেন। অন্যব্যক্তিও এইরূপ কৃত-নিশ্চয় হইতে পারিলে ষোড়শাধিক শতবর্ষ জীবিত থাকিতে পারে। যিনি এইরূপে যজ্ঞ সম্পাদন করিতে পারেন, তিনিও উক্ত রূপ ফলভোগী হয়েন, ইহাতে সন্দেহ নাই ॥ ৭ ॥

ইতি ষোড়শ খণ্ড ॥ ১৬ ॥

যজ্ঞ পুরুষ যে অশন করিতে ইচ্ছা করেন না, পান করিতে অভি-লাষ করেন না এবং ইষ্টাদি অপ্রাপ্তির নিমিত্ত কোন বিষয়ে অনুরক্ত হয়েন না, এই সকল দুঃখানুভবই যজ্ঞ পুরুষের দীক্ষা। বিধিযজ্ঞে যেরূপ দুঃখ স্বীকার করিতে হয়, পুরুষ যজ্ঞেও সেইরূপ দুঃখ ভোগই দীক্ষারূপে নিরূপিত হইয়া থাকে ॥ ১ ॥

অথ যদশ্নাতি যৎপিবতি যদ্রমতে তদুপসদৈরেতি ॥২॥

অথ যদ্ধসতি যজ্জক্ষতি যন্মৈথুনং চরতি স্তুতশস্ত্রৈরেব তদেতি ॥ ৩ ॥

অথ যত্তপোদানমার্জ্জবমহিংসা সত্যবচনমিতি তা অস্য দক্ষিণাঃ ॥ ৪ ॥

অথ যদশ্নাতি যৎপিবতি যদ্রমতে রতিঞ্চানুভবতি ইষ্টাদিস'যোগাত্তদুপসদৈঃ সমানতামেতি। উপসদাঞ্চ পয়োব্রতত্বনিমিত্তং সুখমস্তি। অল্পভোজনীয়ানি চাহান্যাসন্নানীতি প্রশ্বাসোঽতোঽশনাদীনামুপসদাঞ্চ সামান্য মথ যদ্ধসতি যজ্জক্ষতি ভক্ষয়তি যন্মৈথুনং চরতি স্তুতশস্ত্রৈরেব তৎসামান্যমেতি। শব্দবত্বসামান্যাৎ ॥ ২-৩ ॥

অথ যত্তপো দানমার্জ্জবমহিংসা সত্যবচনমিতি তা অস্য দক্ষিণাঃ। ধর্ম্মপুষ্টিকরত্বসামান্যাৎ ॥ ৪ ॥

যজ্ঞপুরুষ যে অশন করেন, পান করেন, এবং ইষ্টাদি প্রাপ্তিনিমিত্ত রতি অনুভব করেন, তাহাই তাঁহার উপসদক নামক পয়োব্রত। যজ্ঞীয় উপসদদিগের পয়োব্রতনিমিত্ত সুখ আছে, যজ্ঞকালে প্রতিদিন যে অল্প অল্প ভোজন প্রসিদ্ধ আছে, তাহাতেই যাজ্ঞিকের স্বাস্থ্য থাকে ॥ ২ ॥

যজ্ঞ পুরুষ যে হাস্যকরেন, ভক্ষণ করেন ও মৈথুন করেন, তাহাই স্তুত শস্ত্রের (যজ্ঞাঙ্গ কার্য্যবিশেষ) ন্যায় জানিতে হইবে। বিধি যজ্ঞেতে যেমন শব্দ হয়, সেইরূপ হাস্যাদিতে ও শব্দ আছে, সুতরাং উহা স্তুতশস্ত্রের তুল্য ॥ ৩ ॥

যজ্ঞপুরুষের যে তপস্যা, দান, সরলতা, অহিংসা ও সত্য বচন এই সকলই দক্ষিণা। যেমন বিধি যজ্ঞের দক্ষিণাদ্বারা পুষ্টিসাধন হয়, সেইরূপ তপস্যা প্রভৃতি দ্বারা ধর্ম্মপুষ্টি হইয়া থাকে। অতএব এই সকলকে দক্ষিণা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ৪ ॥

তস্মাদাহুঃ সোষ্যত্যসোষ্টেতি পুনরুৎপাদনমেবাস্য তন্মরণমেবাস্য বভৃথঃ ॥ ৫ ॥

তদ্ধৈতদ্‌ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায় দেবকীপুত্রায়োক্ত্বো-বাচাপিপাস এব স বভূব সোঽন্তবেলায়ামেতত্ত্রয়ং প্রতি-

---

যস্মাচ্চ যজ্ঞঃ পুরুষঃ তস্মাত্তং জনয়িষ্যতি মাতা যদা তদাহুরন্যে সোষ্যতীতি তস্য মাতরং যদা চ প্রসূতা ভবতি তদাসোষ্ট পূর্ণিকেতি বিধিযজ্ঞ ইব সোষ্যতি সোমং দেবদত্তোঽসোষ্ট সোমং যজ্ঞদত্ত ইত্যতঃ শব্দসামান্যাদ্ধা পুরুষো যজ্ঞঃ। পুনরুৎপাদনমেবাস্য তৎপুরুষাখ্যস্য যজ্ঞস্য যৎসোষ্যত্যসোষ্টেতি শব্দসম্বন্ধিত্বং বিধিযজ্ঞস্যেব। কিঞ্চ তন্মরণমেবাস্য পুরুষযজ্ঞস্যাবভৃথঃ সমাপ্তিসামান্যাৎ ॥ ৫ ॥

তদ্ধৈতৎ যজ্ঞদর্শনং ঘোরো নামত আঙ্গিরসো গোত্রতঃ কৃষ্ণায় দেবকীপুত্রায় শিষ্যায় উক্ত্বা উবাচ তদেতত্ত্রয়মিত্যাদিব্যবহিতেন সম্বন্ধঃ। স

যেহেতু পুরুষই যজ্ঞস্বরূপ, অতএব যখন এই পুরুষের জন্ম হইবে, এইরূপ হয়, তখনই অন্যে তাহার মাতাকে বলিয়া থাকে, ইনি প্রসব করিবেন, আর যখন তাহার জন্ম হইয়াছে, তখন লোকে তাহার মাতাকে বলে, ইনি প্রসব করিয়াছেন। যেমন বিধিযজ্ঞেতে যজ্ঞের পূর্ব্বে দেবদত্ত সোমপান করিবেন এবং যজ্ঞদত্ত সোমপান করিয়াছেন, এইরূপ কথিত হইয়া থাকে। সেইরূপ এইপুরুষযজ্ঞেও প্রসব করিবেন ও প্রসব করিয়াছেন। এইরূপ কথিত হয়। অতএব পুরুষে যজ্ঞ সাদৃশ্য হইয়াছে, আর এই যজ্ঞরূপী পুরুষের যে মরণ, তাহাই অবভৃথ, অর্থাৎ যজ্ঞ সমাপক অঙ্গ বিশেষ। যেমন বিধি যজ্ঞের অবসানে স্নানাচরণ রূপ অবভৃথ করিতে হয়, সেইরূপ পুরুষের মরণই পুরুষ যজ্ঞের অবভৃথ জানিবে ॥ ৫ ॥

আঙ্গিরসগোত্রসম্ভূত ঘোরনামা কোন যোগী আপন শিষ্যরূপে উপস্থিত দেবকীনন্দন কৃষ্ণকে এই ত্রিবিধ যজ্ঞদর্শন বলিয়াছিলেন, কৃষ্ণ এই ত্রিবিধ যজ্ঞদর্শন শ্রবণ করিয়া অন্যান্যবিদ্যালাভে পিপাসু হইয়া

পদ্যেতাঙ্কিতমস্যচ্যুতমসি প্রাণসংশিতমসীতি তত্রৈতে দ্বে ঋচৌ ভবতঃ ॥ ৬ ॥

আদিৎ প্রত্নস্য রেতসঃ উদ্বয়ন্তমসস্পরি জ্যোতিঃ

চৈতদ্দর্শনং শ্রুত্বাপিপাস এবাঙ্গিরাভ্যো বিদ্যাভ্যো বভূব। ইত্থঞ্চ বিশিষ্টেয়ং বিদ্যা যৎকৃষ্ণস্য দেবকীপুত্রস্যাঙ্গাং বিদ্যাং প্রতি তৃড়্বিচ্ছেদকরীতি পুরুষযজ্ঞবিদ্যাং স্তৌতি ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায়োক্ত্বেমাং বিদ্যাং কিমুবাচেতি তদাহ। স এবং যথোক্তযজ্ঞবিদস্তবেলায়াং মরণকাল এতন্মন্ত্রত্রয়ং প্রতিপদ্যেত জপেদিত্যর্থঃ। কিন্তদক্ষিত মক্ষীণমক্ষতং সামর্থ্যাদাদিত্যস্থং প্রাণং চৈকীকৃত্যাহ। তথা তমেবাহাচ্যুতং স্বরূপাদপ্রচ্যুতমসীতি দ্বিতীয়ং যজুঃ। প্রাণসংশিতং প্রাণস্য সংশিতং সম্যক্তনূকৃতঞ্চ সূক্ষ্মং তত্ত্বমসীতি তৃতীয়ং যজুঃ। তত্রৈতস্মিন্নর্থে বিদ্যাস্তুতিপরে দ্বে ঋচৌ সন্তৌ ভবতো ন জপার্থে "ত্রয়ং প্রতিপদ্যেতেতি" ত্রিত্বসঙ্খ্যাবাধনাৎ পঞ্চ সঙ্খ্যা হি তদা স্যাৎ ॥ ৬ ॥

আৎ ইদিত্যত্র আকারস্যানুবন্ধঃ তকারোঽনর্থকং ইচ্ছব্দশ্চ। প্রত্নস্য চিরন্তনস্য পুরাণস্যেত্যর্থে রেতসঃ কারণস্য বীজভূতস্য জগতঃ সদাখ্যস্য

ছিলেন। অনন্তর আঙ্গিরস এইরূপে কৃষ্ণকে বিশিষ্ট যজ্ঞদর্শন বিদ্যার উপদেশ করিয়া অন্য বিদ্যা বলিয়াছিলেন। পূর্ব্বোক্ত যজ্ঞ বিদ্যাবিৎ যোগী মরণ কালে এই মন্ত্রত্রয় জপ করিবে। "অক্ষিত মসি" ইহাই প্রথম মন্ত্র। হে প্রাণ! তুমি আদিত্যস্থ হইয়া অক্ষত হও। "অচ্যুতমসি" ইহা দ্বিতীয় মন্ত্র, অর্থাৎ আপনার স্বরূপ হইতে কখনও বিচ্যুত হইও না এবং "প্রাণসংশিতমসি" ইহাই তৃতীয় মন্ত্র, অর্থাৎ প্রাণের সংশয় সম্যক নিবারণ করিয়া সূক্ষ্ম রূপে অবস্থান কর। এই বিষয়ে দুইটী ঋক আছে; সুতরাং উক্ত মন্ত্রদ্বয়ই বিদ্যাস্তুতি পর জপার্থ নহে ॥ ৬ ॥

জগতের কারণীভূত সেই পুরাতন পুরুষের জ্যোতিঃ দর্শন করিবে। অহরহ ব্রহ্মজ্যোতিঃ প্রকাশ পাইতেছে। যাহাদিগের চক্ষুঃ বাহ্যবিষয় হইতে নিবৃত্ত হইয়াছে এবং ব্রহ্মচর্য্যাদি ব্রতানুষ্ঠান করিয়া অন্তঃকরণের

পশ্যন্ত উত্তরং স্বঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমমিতি জ্যোতিরুত্তমমিতি ॥ ৭ ॥

ইতি সপ্তদশঃ খণ্ডঃ ॥ ১৭ ॥

জ্যোতিঃপ্রকাশং পশ্যন্তি। আশব্দ উৎসৃষ্টানুবন্ধঃ পশ্যন্তীত্যনেন সম্বধ্যতে। কিং জ্যোতিঃ পশ্যন্তি। বাসরমহরহরিব তৎসর্ব্বতো ব্যাপ্তং ব্রহ্মণো জ্যোতিঃ। নিবৃত্তচক্ষুষো ব্রহ্মবিদো ব্রহ্মচর্য্যাদিনিবৃত্তিসাধনেন শুদ্ধান্তঃকরণা আ সমন্ততো জ্যোতিঃ পশ্যন্তীত্যর্থঃ পরঃ পরমিতি লিঙ্গব্যত্যয়েন জ্যোতিঃপরত্বাৎ। যদিধ্যতে দীপ্যতে দিবি দ্যোতনবতি পরস্মিন্ ব্রহ্মণি বর্ত্তমানম্। যেন জ্যোতিষেদ্ধঃ সবিতা তপতি চন্দ্রমা ভাতি বিদ্যুদ্বিদ্যোততে গ্রহতারাগণা বিভাসন্তে। কিঞ্চান্যোঽন্যো মন্ত্রদৃগাহ যথোক্তং জ্যোতিঃ পশ্যন্। উদ্বয়ং তমসোঽজ্ঞানলক্ষণাৎপরি পরস্তাদিতি শেষঃ। তমসো বা অপনেতৃ যজ্জ্যোতিরুত্তরমাদিত্যস্থং পরি পশ্যন্তো বয়মুদগন্মেতি ব্যবহিতেন সম্বন্ধঃ। তজ্জ্যোতিঃ স্বঃ আত্মীয়মস্মদ্ধৃদি স্থিতম্ আদিত্যঞ্চ তদেকং জ্যোতিঃ। যদুত্তরমুৎকৃষ্টতরমূর্দ্ধতরং বা পরং জ্যোতিরপেক্ষ্য পশ্যন্ত উদগন্ম বয়ম্। কথমুদগন্মেত্যাহ।

বিশুদ্ধি হইয়াছে, সেই সকল ব্রহ্মবিজ্ঞানীরাই সেই জ্যোতি দর্শন করিতে পারেন। এই পরম জ্যোতিঃ সেই পরং ব্রহ্মেতেই অবস্থিত আছে। সেই জ্যোতিঃ দ্বারাই সবিতা জগৎ পরিতাপিত করেন, চন্দ্রমা প্রকাশিত হয়েন, বিদ্যুৎ প্রকাশ পায় এবং গ্রহ নক্ষত্রাদি প্রদীপ্ত হয়। এই ব্রহ্মজ্যোতি অজ্ঞানরূপ অন্ধকারের উপরি বিদ্যমান আছে, অর্থাৎ যাহারা অজ্ঞানরূপ অন্ধকারে আবৃত রহিয়াছে, তাঁহারা এই জ্যোতি দর্শন করিতে পারে না। অন্ধকার বিনাশক যে আদিত্যস্থ জ্যোতি আছে, তাহা দর্শন করিয়াই আমরা উদিত হইতেছি, এই আদিত্যগত ব্রহ্মজ্যোতিই আমাদিগের হৃদয়ে বিদ্যমান আছে। এই আদিত্যস্থ জ্যোতি

তৃতীয়প্রপাঠকে-

অষ্টদশঃ খণ্ডঃ।

মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যধ্যাত্মমথাধিদৈবতমাকাশো ব্রহ্মেত্যুভয়মাদিষ্টং ভবত্যধ্যাত্মং চাধিদৈবতং চ ॥ ১ ॥

দেবং দ্যোতনবন্তং দেবত্রা দেবেষু সর্ব্বেষু সূর্য্যং বসূনাং রশ্মীনাং প্রাণানাঞ্চ জগত ঈরণাৎ সূর্য্যস্তমুদগন্ম গতবন্তো জ্যোতিরুত্তমং সর্ব্বজ্যোতির্ভ্য উৎকৃষ্টতমম্। অহো প্রাপ্তা বয়মিত্যর্থঃ। ইদং তজ্জ্যোতির্যাদৃগ্ভ্যাং স্তুতং যদ্যজুস্ত্রয়েণ প্রকাশিতম্। দ্বিরভ্যাসো যজ্ঞকল্পনাপরিসমাপ্ত্যর্থঃ ॥৭॥

ইতি সপ্তদশঃ খণ্ডঃ ॥ ১৭ ॥

মনোময় ঈশ্বর উক্ত আকাশাত্মেতি চ ব্রহ্মণো গুণৈকদেশত্বেন। অথেদানীং মন আকাশয়োঃ সমস্তব্রহ্মদৃষ্টিবিধানার্থ আরম্ভো মনো ব্রহ্মেত্যাদি। মনো মনুতে অনেনেত্যন্তঃকরণং তদ্ব্রহ্ম পরমিত্যুপাসীতেতি।

উৎকৃষ্টতর ব্রহ্ম জ্যোতির অপেক্ষা করে। সেই জ্যোতিই সর্ব্বপ্রকার দেবগণের মধ্যে সূর্য্যরূপে বিদ্যমান আছে। ইহাতেই বসুগণ রশ্মিসকল, জগৎ ও প্রাণাদির প্রকাশকরিয়া থাকেন, অতএব ব্রহ্ম জ্যোতিই এই সর্ব্বপ্রকার জ্যোতির মধ্যে উৎকৃষ্টতম ॥ ৭ ॥

ইতি সপ্তদশ খণ্ড ॥ ১৭ ॥

ইতিপূর্ব্বে ব্রহ্ম মনোময় বলিয়া উক্ত হইয়াছেন এবং ব্রহ্মের গুণৈক দেশরূপে তাঁহাকে আকাশ স্বরূপ বলিয়া কীর্ত্তন করা হইয়াছে, এক্ষণে এই মন ও আকাশ, এই উভয়েতে সমস্ত ব্রহ্মদৃষ্টি নিরূপণ করিতেছেন।—যাহাদ্বারা মনন কার্য্য সাধিত হয়, তাহাই মনঃ, অর্থাৎ অন্তঃকরণ। এই অন্তঃকরণকে

তদেবচ্চতুষ্পাদ্‌ব্রহ্ম বাক্ পাদঃ প্রাণঃ পাদ শ্চক্ষুঃ পাদঃ শ্রোত্রং পাদ ইত্যধ্যাত্মমথাধিদৈবতমগ্নিঃ পাদো বায়ুঃ পাদ আদিত্যঃ পাদো দিশঃ পাদ ইত্যুভয়মেবাদিষ্টং ভবত্যধ্যাত্মং চৈবাধিদৈবতং চ ॥ ২ ॥

এতদাত্মবিষয়ং দর্শনমধ্যাত্মম্। অথাধিদৈবতং দেবতাবিষয়মিদং বক্ষ্যামঃ আকাশো ব্রহ্মেত্যুপাসীত। এবমুভয়মধ্যাত্মমধিদৈবতঞ্চোভয়ং ব্রহ্মদৃষ্টি-বিষয়মাদিষ্টমুপদিষ্টং ভবতি। আকাশমনসোঃ সূক্ষ্মত্বাৎ। মনসোপ-লভ্যত্বাচ্চ ব্রহ্মণো যোগ্যং মনো ব্রহ্মদৃষ্টেঃ। আকাশশ্চ সর্ব্বগতত্বাৎ সূক্ষ্ম-ত্বাদুপাধিহীনত্বাচ্চ ॥ ১ ॥

তদেতন্মন আখ্যং চতুষ্পাদ্‌ব্রহ্ম চত্বারঃ পাদা অস্তেতি কথং চতু-ষ্পাত্বং মনসো ব্রহ্মণ ইত্যাহ বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমিত্যেতে পাদা ইত্যধ্যাত্মম্। অথাধিদৈবতমাকাশস্য ব্রহ্মণোঽগ্নির্ব্বায়ুরাদিত্যো দিশ

ব্রহ্মপরতন্ত্র করিয়া উপাসনা করিবে। এইরূপ আত্মদর্শনই অধ্যাত্মদর্শন বলিয়া অভিহিত হয়। অনন্তর অধিদৈবত, অর্থাৎ দেবতাবিষয় আত্ম-দর্শন কথিত হইতেছে। আকাশই ব্রহ্মস্বরূপ এই জ্ঞানে উপাসনা করিবে। এই প্রকারে আধ্যাত্মিক ও আধিদৈবিক এই উভয় রূপে ব্রহ্মদৃষ্টি উপ-দিষ্ট হইল। যেহেতু আকাশ ও মন উভয়ই সূক্ষ্ম, বিশেষতঃ সেইব্রহ্ম কেবল মনেরই উপলভ্য, অতএব "মনোময় ব্রহ্ম" বলাযায়। আর যেহেতু আকাশ সর্ব্বগত, সূক্ষ্ম ও উপাধিবিহীন; সুতরাং ব্রহ্মকে আকাশাত্মা বলা যায়। যেমন ব্রহ্ম সর্ব্বব্যাপী সূক্ষ্ম ও উপাধিরহিত, সেইরূপ আকাশও সর্ব্বব্যাপিত্বাদি গুণশালী, এই নিমিত্তই "আকাশ ব্রহ্ম" এইরূপ কীর্ত্তিত হইয়াছে ॥ ১ ॥

সেই মনোময় ব্রহ্ম চতুষ্পাদ। বাক্য, প্রাণ, চক্ষুঃ ও শ্রোত্র ইহারাই ব্রহ্মের পাদ চতুষ্টয়, এইরূপে ব্রহ্মেতে অধ্যাত্মদৃষ্টি করিবে। আর সেই-ব্রহ্ম আকাশাত্মা, তাহাতে পাদচতুষ্টয় দেখা যায়। অগ্নি, বায়ু, আদিত্য ও দিক্ ইহারাই আকাশাত্মা ব্রহ্মের চারিপাদ রূপে বিদ্যমান আছে। এই

বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ সোঽগ্নিনা জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ ॥ ৩ ॥

ইত্যেতে। এবমুভয়মেব চতুষ্পাদ্‌ব্রহ্মাদিষ্টং ভবত্যধ্যাত্মঞ্চৈবাধিদৈবতঞ্চ। তত্র মনসো বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদ ইতরপাদত্রয়াপেক্ষয়া। বাচা হি পাদেনেব গবাদিবদ্বক্তব্যবিষয়ং প্রতি তিষ্ঠতি। অতো মনসঃ পাদ ইব বাক্। তথা প্রাণো ঘ্রাণঃ পাদস্তেনাপি গন্ধবিষয়ং প্রতি চ ক্রামতি। তথা চক্ষুঃ পাদঃ শ্রোত্রং পাদ ইত্যেবমধ্যাত্মং চতুষ্পাত্ত্বং মনসো ব্রহ্মণঃ। তথাধিদৈবতমগ্নিবায্বাদিত্যাদিশ আকাশস্য ব্রহ্মণ উদর ইব গোঃ পাদা-বিব লগ্না উপলভ্যন্তে। তেন তস্যাকাশস্যাগ্ন্যাদয়ঃ পাদা উচ্যন্তে। এব মুভয়মধ্যাত্মঞ্চৈবাধিদৈবতং চতুষ্পাদাদিষ্টং ভবতি ॥ ২ ॥

তত্র বাগেব মনসো ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ। সোঽগ্নিনাধিদৈবতেন জ্যোতিষা ভাতি চ দীপ্যতে তপতি চ সন্তাপঞ্চৌষ্ণ্যং করোতি। অথবা

রূপে ব্রহ্মেতে অধিদৈবত দৃষ্টি করিবে। এই প্রকার আধ্যাত্মিক ও আধি-দৈবিক উভয়থাই ব্রহ্মের চতুষ্পাদত্ব উপদিষ্ট হইয়াছে। (প্রাণ, চক্ষুঃ ও শ্রোত্র, এই পাদত্রয় অপেক্ষায় বাক্যই মনোময় ব্রহ্মের চতুর্থপাদ। যেমন গবাদি পশুরা পাদ দ্বারাই গন্তব্যস্থান লাভ করে, সেইরূপ মনুষ্যগণও ব্রহ্মের বাক্যরূপ পাদ দ্বারা বক্তব্য বিষয় পাইয়া থাকে। অতএব মনো-ময়, ব্রহ্মের বাক্য পাদ বলিয়া নিরূপিত হয়। এইরূপ প্রাণ, অর্থাৎ ঘ্রাণ রূপ পাদ দ্বারা গন্ধ, চক্ষুরূপ পাদদ্বারা রূপ এবং শ্রোত্ররূপ পাদদ্বারা শব্দ গ্রহণ করে, এই নিমিত্ত প্রাণাদি ব্রহ্মের পাদ বলিয়া অভিহিত হয়। এইরূপে মনোময় ব্রহ্মের অধ্যাত্ম চতুষ্পাদত্ব উপদিষ্ট হইল) ॥ ২ ॥

বাক্যই মনোময় ব্রহ্মের চতুর্থপাদ। এই পাদ আধিদৈবিক অগ্নিরূপ জ্যোতিদ্বারা প্রদীপ্ত হয় ও সন্তাপ দেয়, অথবা তৈল ঘৃতাদি আগ্নেয় অশন দ্বারা বাক্য প্রকাশ পায়, অর্থাৎ বদনের উৎসাহ বৃদ্ধি করে, এই

প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ ॥ ৪ ॥

চক্ষুরেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স আদিত্যেন জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ ॥ ৫ ॥

তৈলঘৃতাদ্যাগ্নেয়াশনেনেদ্ধা বাগ্ ভাতি চ তপতি চ বদনায়োৎসাহবতী স্যাদিত্যর্থো বিদ্বৎফলং ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং যথোক্তং বেদ ॥ ৩ ॥

তথা প্রাণ এবব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ। স বায়ুনা গন্ধাত্মনা ভাতি চ তপতি চ ॥ ৪ ॥

তথা চক্ষুরাদিত্যেন রূপগ্রহণায় ॥ ৫ ॥

নিমিত্তই বিদ্বদ্‌গণ প্রকাশ পাইয়া থাকেন, যিনি এইরূপ ব্রহ্মের বাক্যরূপ পাদ সম্যক প্রকারে জানেন, তিনি কীর্ত্তি, যশঃ ও ব্রহ্মতেজদ্বারা প্রকাশ পাইয়া থাকেন ॥ ৩ ॥

প্রাণও মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ, এই পাদ আধিদৈবিক বায়ুরূপ জ্যোতিদ্বারা প্রকাশ পায়, অর্থাৎ ঘ্রাণ বায়ুদ্বারা গন্ধগ্রহণ করিয়া থাকে। যিনি, এইরূপে মনোময় ব্রহ্মের ঘ্রাণরূপ পাদ অবগত হয়েন, তিনি কীর্ত্তিমান, যশস্বী ও ব্রহ্মতেজস্বী হইতে পারেন ॥ ৪ ॥

মনোময় ব্রহ্মের যে চক্ষুরূপ চতুর্থ পাদ উক্ত হইয়াছে, সেই পাদ আদিত্যরূপ জ্যোতিদ্বারা প্রকাশ পায়, অর্থাৎ আদিত্যের জ্যোতিতে জগৎ আলোকিত হইলেই চক্ষু রূপ গ্রহণ করিয়া থাকে। যেমন গবাদি পশুরা পাদদ্বারা গন্তব্যস্থান লাভ করে, সেইরূপ মনুষ্যগণ চক্ষুরূপ পাদদ্বারা রূপ গ্রহণ করে। এই নিমিত্ত চক্ষু পাদরূপে কতথিত হইয়াছে।

শ্রোত্রমেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স দিগ্‌ভির্জ্জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ ॥ ৬ ॥

ইতি অষ্টাদশঃ খণ্ডঃ ॥ ১৮ ॥

শ্রোত্রং দিগ্‌ভিঃ শব্দগ্রহণায়। বিদ্যাফলং সমানং সর্ব্বত্র ব্রহ্মসম্পত্তিরদৃষ্টং ফলং য এবং বেদ। দ্বিরুক্তির্দ্দর্শনসমাপ্ত্যর্থা ॥ ৬ ॥

ইতি অষ্টাদশঃ খণ্ডঃ ॥ ১৮ ॥

যিনি এইরূপে ব্রহ্মের চক্ষুরূপ পাদ জানেন, তিনি কীর্ত্তিশালী যশস্বী ও ব্রহ্মতেজীয়ান্ হইতে পারেন ॥ ৫ ॥

শ্রোত্ররূপ যে মনোময় ব্রহ্মের পাদ উক্ত হইয়াছে, উহা দিক্ স্বরূপ জ্যোতি দ্বারা প্রকাশ পায়, অর্থাৎ শ্রোত্র দিক্ সকলের আশ্রয়েই শব্দধারণ করিতে পারে। যেমন গবাদি পশুগণ পদদ্বারা গন্তব্য স্থান পায়, সেইরূপ মানবজাতি শ্রোত্রদ্বারা শব্দ সকল গ্রহণ করিতে পারে, এই নিমিত্ত শ্রোত্র ব্রহ্মের চতুর্থ পাদ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যিনি এইরূপে ব্রহ্মের পাদস্বরূপ শ্রোত্রকে অবগত আছেন, তিনি কীর্ত্তি, যশঃ ও ব্রহ্মতেজের আশ্রিত হইয়া উজ্জ্বল ও তেজস্বী হন ॥ ৬ ॥

ইতি অষ্টাদশ খণ্ড ॥ ১৮ ॥

তৃতীয় প্রপাঠকে-

ঊনবিংশঃ খণ্ডঃ।

আদিত্যো ব্রহ্মেত্যাদেশস্তস্যোপব্যাখ্যানমসদেবেদ-মগ্র আসীৎ তৎসদাসীত্তৎসমভবত্তদাণ্ডং নিরবর্ত্তত তৎ-

---

আদিত্যো ব্রহ্মণঃ পাদ উক্ত ইতি তস্মিন্ সকলব্রহ্মদৃষ্ট্যর্থমিদমার-ভ্যতে। আদিত্যোব্রহ্মেত্যাদেশ উপদেশস্তস্যোপব্যাখ্যানং ক্রিয়তে স্তুত্য-র্থমসদব্যাকৃতনামরূপমিদং জগদশেষমগ্রে প্রাগবস্থায়ামুৎপত্তেরাসীন্ন ত্বস-দেব। কথমসতঃ সজ্জায়েতেত্যসৎকার্য্যত্বস্য প্রতিষেধাৎ। ন ত্বিহাসদে-বেতি বিধানাদ্বিকল্পঃ স্যাৎ ন ক্রিয়াস্বিব বস্তুনি বিকল্পানুপপত্তেঃ কথং তর্হীদমসদেবেতি। নন্ববোচামাব্যাকৃতনামরূপত্বাদসদিবাসদিতি। নন্বে-বশব্দোঽবধরণার্থঃ সত্ত্বমেব ন তু সত্ত্বাভাবমবধারয়তি। কিং তর্হি নামরূপ-ব্যাকৃতবিষয়ে সচ্ছব্দপ্রয়োগো দৃষ্টঃ। তচ্চ নামরূপব্যাকরণমাদিত্যায়ত্তং প্রায়শো জগতস্তদভাবে হ্যন্ধং তম ইদং ন প্রজ্ঞায়েত। কিঞ্চ নেত্যতস্তৎ-

---

ইতিপূর্ব্বে আদিত্য ব্রহ্মেব পাদ বলিয়া উক্ত হইয়াছে, সুতরাং আদি-ত্যেতে ব্রহ্মেব পাদদৃষ্টি কথিত হইয়াছে, এইক্ষণ সেই আদিত্যে সকল ব্রহ্মদৃষ্টি নিরূপণার্থ এই প্রকরণ আরম্ভ হইতেছে।—"আদিত্যই ব্রহ্ম" এইরূপে যে উপদেশ উক্ত হইয়াছে, প্রথমতঃ ব্রহ্মস্তুতির নিমিত্ত তাহারই উপব্যাখ্যা কথিত হইতেছে। "এই অশেষ জগৎ অসৎ" ইহার অর্থ এই যে, এই অখণ্ড জগৎ উৎপত্তির পূর্ব্বে অব্যক্ত নামরূপাদিবিশিষ্ট ছিল, বাস্তবিক ইহা অসৎ নহে। যেহেতু অসৎ পদার্থের উৎপত্তি অসম্ভব, এইরূপে অসৎ কার্য্যের প্রতিষেধ হইয়াছে। যদি বল "এই জগৎ সমু-দায়ই অসৎ" এইরূপ বিধান আছে; সুতরাং জগতের অসত্তাবিষয়ে বিকল্প-মাত্রও নাই। পরন্তু ক্রিয়ার অসত্তা বিষয়ে যেরূপ বিকল্প আছে, বস্তু-বিষয়ে সেইরূপ বিকল্পানুপপত্তি নাই, তবে কিরূপে ইহাকে অসৎ বলা

সম্বৎসরস্য মাত্রামশয়ত তন্নিরভিদ্যত তে আণ্ডকপালে রজতঞ্চ সুবর্ণঞ্চাভবতাম্ ॥ ১ ॥

স্তুতিপরে বাক্যে সদপীদং প্রাগুৎপত্তের্জ্জগদসদেবেত্যাদিত্যং স্তৌতি ব্রহ্মদৃষ্ট্যর্হত্বায়। আদিত্যনিমিত্তো হি লোকে সদিতি ব্যবহারঃ। যথাঽসদেবেদং রাজ্ঞঃ কুলং সর্ব্বগুণসম্পন্নে পূর্ণবর্ম্মণি রাজন্যসতীতি তদ্বৎ। ন চ সত্ত্বমসত্ত্বঞ্চেহ জগতঃ প্রতিপিপাদয়িষিতমাদিত্যো ব্রহ্মেত্যাদেশপরত্বাৎ উপসংহরিষ্যন্তে আদিত্যং ব্রহ্মেত্যুপাস্ত ইতি। তৎসদাসীত্তদসচ্ছব্দবাচ্যং প্রাগুৎপত্তেঃ স্তিমিতমনিস্পন্দমসদিব সৎকার্য্যাভিমুখং ঈষদুপজাতপ্রবৃত্তি সদাসীত্ততোঽপি লব্ধপরিস্পন্দং তৎসমভবৎ অল্পতরনামরূপব্যাকরণেনাঙ্কুরীভূতমিব বীজম্। ততোঽপি ক্রমেণ স্থূলীভবত্তদা অণ্ড্যোঽণ্ডং সমবর্ত্তত সংবৃত্তম্ আণ্ডমিতি দৈর্ঘ্যং ছান্দসম্। তদণ্ডং সংবৎসরস্য কালস্য প্রসি-

---

যাইতে পারে। এই আপত্তিতে বক্তব্য এই যে "ইহার অব্যক্ত নাম রূপত্বহেতু জগৎ অসৎ পদার্থ" ইহাই আমরা বলিয়াছি। আর যদি বল "অসদেবেদমগ্র আসীৎ" এই শ্রুতিনিবিষ্ট এব শব্দ অবধারণার্থ ব্যক্ত করে, তাহাতে সত্বই প্রকাশ পায়, সত্ত্বাভাব ব্যক্ত হয় নাই, কিন্তু এইস্থলে নামরূপের ব্যক্ততাবিষয়েই সৎ শব্দের প্রয়োগ দৃষ্ট হইয়াছে, অর্থাৎ "জগৎ অসৎ" ইহার অর্থ এইযে, পূর্ব্বে জগৎ নামরূপাদি বিশিষ্ট ছিল না। এই নাম রূপের ব্যক্তীভাবও আদিত্যের অধীন। আদিত্যের অভাবে প্রায়ই এই জগৎ অন্ধীভূত থাকে, তখন নামরূপাদি কিছুই প্রকাশ পাইতে পারে না। অতএব আদিত্যই জগতের সদসত্তা প্রতিপত্তির কারণ, অর্থাৎ আদিত্যের প্রকাশেই জগতের নামরূপাদি পরিজ্ঞান হইয়া জগৎকে সৎ-বলিয়া বোধ হয় এবং সেই আদিত্যের অপ্রকাশ হইলেই নামরূপাদির বিজ্ঞান থাকে না; সুতরাং জগৎ অসদ্রূপে প্রতীয়মান হইয়া থাকে। অতএব আদিত্যেতে ব্রহ্মদৃষ্টি প্রতিপাদনার্থ আদিত্যের স্তব করিতেছেন। নিমিত্তই লোকে সদ্ব্যবহার হইতেছে যেমন সর্ব্বগুণ সম্পন্ন অদিত্য।

তদ্যদ্রজতং সেয়ং পৃথিবী যৎসুবর্ণং সা দ্যৌর্যজ্জরায়ু তে পর্ব্বতা যদুল্বং স মেঘো নীহারো যা ধমনয়স্তা নদ্যো যদ্বাস্তেয়মুদকং স সমুদ্রঃ ॥ ২ ॥

ন্ধস্য মাত্রাং পরিমাণমভিন্নস্বরূপমেবাশয়ত স্থিতং বভূব তত্ততঃ সংবৎসরপরিমাণাৎ কালাদূর্দ্ধং নিরভিদ্যত নির্ভিন্নং বয়সামিবাণ্ডম্। তস্য নির্ভিন্নস্যাণ্ডস্য কপালে দ্বে রজতঞ্চ সুবর্ণঞ্চাভবতাং সংবৃত্তে ॥ ১ ॥

তত্তয়োঃ কপালয়োর্যদ্রজতং কপালমাসীৎ সেয়ং পৃথিবী। পৃথিব্যুপলক্ষিতমধোঽণ্ডকপালমিত্যর্থঃ। যৎ সুবর্ণং কপালং সা দ্যৌর্লোকোপলক্ষিতমূর্দ্ধং কপালমিত্যর্থঃ। যজ্জরায়ু গর্ভবেষ্টনং স্থূলমণ্ডস্য বিশকলীভাবকালে আসীত্তে পর্ব্বতা বভূবুঃ। যদুল্বং যৎসূক্ষ্মং গর্ভপরিবেষ্টনং তৎ-

---

পূর্ণবর্ম্ম রাজার অবিদ্যমানতাতে তাহার কুলও অসৎ হয়, সেইরূপ আদিত্যের অপ্রকাশেই জগৎ অসৎবলিয়া প্রতীয়মান হয়। আদিত্যই এই জগতে সত্ত্ব ও অসত্ত্ব প্রতিপাদন করেন, অতএব সেই আদিত্যকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে। উৎপত্তির পূর্ব্বে সকলই স্তিমিত ও স্পন্দবিহীন হইয়া অসতের ন্যায় থাকে, অনন্তর উহা অসৎকার্য্যাভিমুখ হইয়া কিঞ্চিৎ প্রবৃত্তি জন্মিলেই সদ্রূপে পরিণত হয়, পরে তাহার স্পন্দন হইতে থাকে, তখন অঙ্কুরীভূত বীজের ন্যায় নাম রূপাদি ব্যক্ত হইতে আরম্ভ হয়। অনন্তর ক্রমশঃ স্থূল হইয়া উঠে। তখন জল হইতে অণ্ড সমুৎপন্ন হয়, ঐ অণ্ড সংবৎসরকালে পরিমাণাদি বিশিষ্ট দৃষ্ট হয়, সংবৎসরের পর পক্ষিডিম্বের ন্যায় ভগ্ন হইয়া যায়, অনন্তর সেই ভগ্নডিম্ব হইতে রজত ও স্বর্ণরূপ কপালদ্বয় উৎপন্ন হইয়া থাকে ॥ ১ ॥

পূর্ব্বোক্ত কপালদ্বয়ের মধ্যে যে রজতময় কপাল, তাহাই পৃথিবী এবং অণ্ডের যে অধোগত কপাল। আর সুবর্ণরূপ যে কপাল প্রাদুর্ভূত হইয়াছিল, তাহা স্বর্গলোক এবং ঊর্দ্ধগত কপাল। আর অণ্ডের যে সকল স্থূল জরায়ু, অর্থাৎ গর্ভবেষ্টন, তাহারাই পর্ব্বত হইয়াছিল। সেই অণ্ডের যে সূক্ষ্মজরায়ু, তাহা মেঘের সহিত নীহার হইয়াছিল। আর জাতগর্ভের যে

অথ যত্তদজায়ত সোঽসাবাদিত্যস্তং জায়মানং ঘোষা-উলূলবোঽনুদতিষ্ঠন্ত সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামা-স্তস্মাত্তস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রতি ঘোষা উলূলবো-ঽনুতিষ্ঠন্তি সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চৈব কামাঃ ॥ ৩ ॥

সহ মেঘৈঃ সমেঘো নীহারোঽবশ্যায়ো বভূবেত্যর্থঃ। যা গর্ভস্য জাতস্য দেহে ধমনয়ঃ শিরাস্তা নদ্যো বভূবুঃ। যত্তস্য বস্তৌ ভবং বাস্তেয়মুদকং সসমুদ্রঃ ॥২॥

অথ যত্তদজায়ত গর্ভরূপং তস্মিন্নণ্ডে সোঽসাবাদিত্যস্তমাদিত্যং জায়-মানং ঘোষাঃ শব্দা উলূলব উরুরবো বিস্তীর্ণরবা উদতিষ্ঠন্নুত্থিতবন্তঃ ঈশ্বর-স্যেহ প্রথমপুত্রজন্মনি সর্ব্বাণি চ স্থাবরজঙ্গমানি ভূতানি সর্ব্বে চ তেষাং ভূতানাং কামাঃ কাম্যন্ত ইতি বিষয়াঃ স্ত্রীবস্ত্রান্নাদয়ো যস্মাদাদিত্যজন্মনি-মিত্তীভূতকামোৎপত্তিস্তস্মাদাদাত্বেঽপি তস্যাদিত্যস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রত্যস্তগমনং চ প্রত্যথবা পুনঃ পুনঃ প্রত্যাগমনং প্রত্যায়নং তৎপ্রতি তন্নিমিত্তীকৃত্যেত্যর্থঃ। সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামা ঘোষা উলূলব-শ্চানুতিষ্ঠন্তি ॥ ৩ ॥

ধমনি, অর্থাৎ শিরা সকল, তাহারাই নদী এবং ঐ অণ্ডের যে বস্তিদেশ গত জল, তাহাই সমুদ্র ॥ ২ ॥

অনন্তর সেই অণ্ডেতে যে গর্ভরূপে জন্ম হইয়াছিল, তাহাই এই আদিত্য। সেই আদিত্যকে জায়মান দর্শন করিয়া শব্দ সকল উলূধ্বনিরূপে বিস্তীর্ণ হইয়া উত্থিত হইয়াছিল। ঈশ্বরের এই প্রথম পুত্র জন্মকালে স্থাবরজঙ্গম সর্ব্বভূত উৎপন্ন হয় এবং সেই ভূত সকলের কাম্যবিষয় স্ত্রী, বস্ত্র, অন্নপ্রভৃতি সকলই উৎপন্ন হইয়াছিল। যেহেতু আদিত্য জন্মই সকলের নিমিত্ত, অর্থাৎ আদিত্যের জন্ম হইতেই কাম্যবিষয় সকলের উৎপত্তি হইয়াছে এবং এই আদিত্যই সকলের আদি, অতএব সেই আদিত্যের উদয়েই সকলের উদয় এবং তাহার অস্তেই সকলের অস্ত হয়, অর্থাৎ সূর্য্যের জন্মকে নিমিত্ত করিয়াই সকল ভূত, অন্ন, বস্ত্র, স্ত্রী প্রভৃতি কাম্যবিষয় এবং উলূধ্বনি এই সমস্তই উত্থিত হইয়াছিল ॥ ৩ ॥

স য এতমেবং বিদ্বানাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তেঽভ্যাসো হ যদেনঞ্চ সাধবো ঘোষা আচ গচ্ছেয়ুরুপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরন্ ॥ ৪ ॥

ইতি ঊনবিংশঃ খণ্ডঃ ॥ ১৯ ॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে তৃতীয়ঃ প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৩ ॥

প্রসিদ্ধং হি এতদুদয়াদৌ সবিতুঃ। স যঃ কশ্চিদেতমেবং যথোক্তমহিমানং বিদ্বান্ সন্নাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তে স তদ্ভাবং প্রতিপদ্যত ইত্যর্থঃ। কিঞ্চ দৃষ্টং ফলমভ্যাসঃ ক্ষিপ্রং তদ্বিদো যদিতি ক্রিয়াবিশেষণমেনমেবম্বিদং সাধবঃ শোভনা ঘোষাঃ। সাধুত্বং ঘোষাদীনাং যদুপভোগে পাপানুবন্ধাভাবঃ। আ চ গচ্ছেয়ুরাগচ্ছেয়ুশ্চোপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরন্ন কেবলমাগমনমাত্রং ঘোষাণামুপসুখয়েয়ুশ্চোপসুখঞ্চ কুর্য্যুরিত্যর্থঃ। দ্বিরভ্যাসোঽধ্যায়সমাপ্ত্যর্থ আদরার্থশ্চ ॥ ৪ ॥

ইতি ঊনবিংশঃ খণ্ডঃ ॥ ১৯ ॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভিবরণে তৃতীয়ঃ প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৩ ॥

যিনি উক্তপ্রকারে আদিত্যেতে ব্রহ্মদৃষ্টি করিয়া যথোক্ত মাহাত্ম্যশালী আদিত্যের উপাসনা করেন, তিনি সেই ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া থাকেন। আর এইরূপে পুনঃ পুনঃ এই ব্রহ্মবিদ্যা অভ্যাস করিলে তাহার শব্দ সকলও উৎকৃষ্ট হইয়া থাকে এবং সেই সাধকের কোনরূপ পাপসংসর্গ থাকে না, সর্ব্বদা পুণ্যবৃদ্ধি হইতে থাকে ॥ ৪ ॥

ইতি ঊনবিংশতি খণ্ড ॥ ১৯ ॥

তৃতীয়প্রপাঠক সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থঃ প্রপাঠকঃ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস স হ সর্ব্বত আবসথান্ মাপয়াঞ্চক্রে সর্ব্বত এব মেঽন্নমস্ত্বিতি ॥ ১ ॥

বায়ুপ্রাণয়োর্ব্রহ্মণঃ পাদদৃষ্ট্যধ্যাসঃ পুরস্তাদ্বর্ণিতঃ। অথেদানীং তয়োঃ সাক্ষাদ্ব্রহ্মত্বেনোপাস্তত্বায়োত্তরমারভ্যতে। সুখাববোধার্থা আখ্যায়িকা বিদ্যাদানগ্রহণবিধিপ্রদর্শনার্থা চ। শ্রদ্ধান্নদানানুদ্ধতত্বাদীনাঞ্চ বিদ্যা-প্রাপ্তিসাধনত্বং প্রদর্শ্যতে আখ্যায়িকয়া। জানশ্রুতির্জ্জনশ্রুতস্যাপত্যম্। হ ঐতিহ্যার্থঃ। পুত্রস্য পৌত্রঃ পৌত্রায়ণঃ স এব শ্রদ্ধাদেয়ঃ শ্রদ্ধাপুরঃসর-মেব ব্রাহ্মণাদিভ্যো দেয়মস্যেতি শ্রদ্ধাদেয়ঃ। বহুদায়ী প্রভূতং দাতুং শীলমস্যেতি বহুদায়ী। বহুপাক্যো বহু পক্তব্যমহন্যহনি গৃহে যস্যাসৌ বহুপাক্যঃ। ভোজনার্থিভ্যো বহ্বন্ন গৃহেঽন্নং পচ্যত ইত্যর্থঃ। এবং গুণ-সম্পন্নোঽসৌ জানশ্রুতিঃ পৌত্রায়ণো বিশিষ্টে দেশে কালে চ কস্মিংশ্চিৎ আস হ বভূব। স হ সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু গ্রামেষু নগরেষু চাবসথান্। এত্য বসন্তি যেষ্বিত্যাবসথাস্তান্মাপয়াঞ্চক্রে কারিতবানিত্যর্থঃ। সর্ব্বত

পূর্ব্ব খণ্ডে বায়ু ও প্রাণ এই উভয় ব্রহ্মের পাদ বলিয়া উক্ত হইয়াছে এবং উক্ত পাদদ্বয়ে ব্রহ্মদৃষ্টিও কথিত হইয়াছে। এইক্ষণ সেই বায়ু ও প্রাণ এই উভয়ের সাক্ষাৎ ব্রহ্মরূপে উপাস্তত্ব নিরূপণার্থ উত্তর গ্রন্থ আরম্ভ করি-তেছেন।—এই আখ্যায়িকা অতি সুখবোধে বিদ্যাদান ও বিদ্যাগ্রহণ-বিধি প্রদর্শন করে। আর এই আখ্যায়িকা শ্রদ্ধা, অন্নদান এবং অনুদ্ধত্বা-দিও যে বিদ্যা প্রাপ্তির সাধন, তাহাও প্রকাশ করিয়া থাকে। এক সময়ে

অথ হ হংসা নিশায়ামতিপেতুস্তদ্বৈবগ্ং হগ্ংসোহগ্ংসমভ্যুবাদ হো হোয়ি ভল্লাক্ষ। ভল্লাক্ষ। জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং দিবা জ্যোতিরাততং তন্মা প্রসাঙ্ক্ষীস্তদ্বা মা প্রধাক্ষীরিতি ॥ ২॥

এব মে মমান্নং তেষ্বাবসথেষু বসন্তোঽৎস্যন্তি ভোক্ষ্যন্তে ইত্যেবমভিপ্রায়ঃ ॥ ১ ॥

তত্রৈবং সতি রাজনি তস্মিন্ ধর্ম্মকালে হর্ম্ম্যতলস্থ ইত্যর্থঃ। হ হংসা নিশায়াং রাত্রাবতিপেতুঃ। ঋষয়ো দেবতা বা রাজ্ঞোঽন্নদানগুণৈস্তোষিতাঃ সন্তো হংসরূপা ভূত্বা রাজ্ঞো দর্শনগোচরেঽভিপেতুঃ পতিতবন্তঃ। তস্মিন্ কালে তেষাং পততাং হংসানামেকঃ পৃষ্ঠতঃ পতন্নগ্রতঃ পতন্তং তং হংসমভ্যুবাদাভ্যুক্তবান্ হো হোয়ীতি ভো ভো ইতি সম্বোধ্য ভল্লাক্ষ ভল্লাক্ষ ইতি আদরং দর্শয়ন্ যথা পশ্য পশ্যাশ্চর্য্যমিতি তদ্বৎ। ভল্লাক্ষ ইতি মন্দদৃষ্টিত্বং সূচয়ন্নাহ। অথবা সম্যগ্ব্রহ্মদর্শনাভিমানবত্ত্বাত্তস্যাসকৃদুপালব্ধস্তেন পীড্যমানোঽমর্ষিতয়া তৎ সূচয়তি ভল্লাক্ষ ইতি। জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং তুল্যং দিবা দ্যুলোকেন জ্যোতিঃ প্রভাস্বরমন্নদানাদিজনিতপ্রভাব-

---

জনশ্রুতি নামক কোন ব্যক্তির পুত্রের পৌত্র কোন বিশিষ্ট দেশে বাস করিতেছিলেন, ইনি শ্রদ্ধা পুরঃসর ব্রাহ্মণদিগকে দান করিতেন, সর্ব্বদা বহুবিধ দানই ইহার স্বাভাবিক কার্য্য ছিল। ইহার গৃহে প্রতিদিন ভোজনার্থিদিগের নিমিত্ত বহুবিধ পাকক্রিয়া সম্পন্ন হইত। এই ব্যক্তি সর্ব্বদিকে, গ্রামে এবং নগরে বাসগৃহ (ধর্ম্মশালা) নির্ম্মাণ করিয়া ইহাই নির্দ্দিষ্ট করিয়াছিলেন যে, সকলেই আমার এই গৃহে অবস্থিতিকরত আমার অন্ন ভক্ষণ করিবে ॥ ১॥

পূর্ব্ব কথিতপ্রকারে জনশ্রুত তনয়ের পৌত্র ধর্ম্ম আচরণ করিতেছিলেন, তন্মধ্যে একদা নিশাকালে কতিপয় হংস তাহার সমীপে হর্ম্ম্যতল হইতে পতিত হইল। (ঋষিগণ ও দেবগণ ইহারাই তাহার অন্নদান গুণে পরিতোষিত হইয়া হংসরূপ ধারণ পূর্ব্বক সেই রাজার দৃষ্টিপথে পতিত হই-

তমুহপরঃ প্রত্যুবাচ কম্বরএনমেতৎসন্তং সযুগ্বানমিব রৈক্কমাত্থেতি যো নু কথং সযুগ্বা রৈক ইতি ॥ ৩ ॥

জমাতত্তং ব্যাপ্তং দ্যুলোকম্পৃগিত্যর্থঃ। দিবাহ্না বা সমং জ্যোতিরিত্যো-তম্না প্রসাক্ষীঃ সঞ্জনং সক্তিং তেন জ্যোতিষা সম্বন্ধং মা কার্ষীরিত্যর্থঃ। তৎপ্রসঞ্জনেন তজ্জ্যোতিস্ত্বা ত্বাং মা প্রধাক্ষীর্ম্মা দহদিত্যর্থঃ পুরুষব্যত্যয়েন তা প্রধাক্ষীরিতি ॥ ২ ॥

তমেব মুক্তবন্তং পর ইতরোঽগ্রগামী প্রত্যুবাচ। অরে নিকৃষ্টোঽয়ং রাজা বরাকস্তং কম্ উ এনং সন্তং কেন মাহাত্ম্যোনোক্তং সন্তমিতি কুৎসয়ন্ত্যেনমেবং সবহুমানমেতদ্বচনমাত্থ। রৈক্কমিব সযুগ্বানং সহযুগ্যয়া গন্ত্র্যা বর্ত্তত ইতি সযুগ্বা রৈক্কঃ। তমিবাথৈনম্। অননুরূপমস্মিন্নযুক্তমীদৃশং বক্তুংরৈক্ক ইবেত্যভিপ্রায়ঃ। ইতরশ্চাহ। যো নু কথং ত্বয়োচ্যতে সযুগ্বা রৈক্ক ইত্যুক্তবন্তং ভল্লাক্ষ আহ শৃণু যথা স রৈক্কঃ। যথা লোকে কৃতায় কৃতো নাম অয়ো দ্যূতসময়ে প্রসিদ্ধশ্চতুরঙ্কঃ স যদা জয়তি দ্যূতে প্রবৃত্তানাং তস্মৈ বিজিতায় তদর্থমিতরে ত্রিদ্ব্যেকাঙ্কা অধরেয়াঃ। ত্রেতা-

---

য়াছিলেন।) অনন্তর ঐ পতিত হংসদিগের মধ্যে পশ্চাদ্বর্ত্তী একটি হংস অগ্রবর্ত্তী কোনহংসকে পুনঃ পুনঃ সম্বোধন করিয়া কহিল, অহে ভল্লাক্ষ! (মন্দদৃষ্টে) এক আশ্চর্য্য দর্শন কর। তোমাদিগের দৃষ্টি শক্তির ন্যূনতা বশতঃ তোমরা ইহা দেখিতে পাইতেছনা। জনশ্রুত তনয়ের পৌত্রের অন্নদানাদিজনিত ভাস্বর জ্যোতিঃ স্বর্গলোক পর্য্যন্ত পরিব্যাপ্ত হইয়াছে। তোমরা ঐ গগনস্পর্শী জ্যোতির সংসর্গ করিও না, যদি ঐ জ্যোতি তোমা-দিগকে স্পর্শ করিতে পারে, তাহা হইলে এক্ষণেই দগ্ধ করিয়া ফেলিবে ॥ ২ ॥

পশ্চাদ্বর্ত্তী হংস এইরূপ কহিলে পুরোবর্ত্তী হংস তাহাকে কহিল, "অহে এই রাজা অতি নিকৃষ্ট, ইহার মাহাত্ম্যাতিশয় প্রযুক্ত কে ইহাকে সৎ বলিয়া থাকে?" পরন্তু সকলেই ইহাকে নিন্দা করিতেছে, তবে কেন তুমি ইহার এত মাহাত্ম্য বর্ণন করিতেছ? তুমি এই রাজাকে শকট বাহী বলীবর্দ্দ, অথবা অশ্বের ন্যায় প্রশংসা করিতেছ। যেমন শকট বাহী অশ্ব শকট বহন করিয়া থাকে, কিন্তু শকটস্থ কোন বস্তু জানে না।

যথা কৃতায় বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনꣳ সর্ব্বং তদভিসমেতি যৎকিঞ্চ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্বেদ যৎ স বেদ স ময়ৈতদুক্ত ইতি ॥ ৪ ॥

দ্বাপরকলিনামানঃ সংযন্তি সঙ্গচ্ছন্ত্যন্তর্ভবন্তি। চতুরঙ্কে কৃতাখ্যে ত্রিদ্ব্যেকাঙ্কানাং বিদ্যমানত্বাদন্তর্ভবন্তীত্যর্থঃ। যথায়ং দৃষ্টান্ত এবমেনং রৈকং কৃতায়স্থানীয়ং ত্রেতাদিস্থানীয়ং সর্ব্বং তদভিসমেতি অন্তর্ভবতি রৈকে কিন্তু যৎকিঞ্চ লোকে সর্ব্বাঃ প্রজাঃ সাধু শোভনং ধর্ম্মজাতং কুর্ব্বন্তি তৎসর্ব্বং রৈকস্য ধর্ম্মেঽন্তর্ভবতি তস্য চ ফলে সর্ব্বপ্রাণিধর্ম্মফলমন্তর্ভবতীত্যর্থঃ। তথাঽন্যোঽপি কশ্চিদ্যস্তদ্বেদ্যং বেদ। কিন্তু যদ্বেদ্যং স রৈকো বেদ। তদ্বেদ্যমন্যোঽপি যো বেদ তমপি সর্ব্বপ্রাণিধর্ম্মজাতং তৎফলঞ্চ রৈকমিবাভিসমেতীত্যনুবর্ত্ততে। স এবম্ভূতো রৈকোঽপি ময়া বিদ্বানেতদুক্তঃ। এবমুক্তো রৈকবৎ স এব কৃতায়স্থানীয়ো ভবতীত্যভিপ্রায়ঃ ॥ ৩ ॥

সেইরূপ এই রাজাও কর্ম্ম করিয়া থাকেন বটে, কিন্তু কর্ম্মের প্রকৃত মর্ম্ম জানেন না। অতএব ইহার প্রতি এইরূপ বাক্য যুক্ত হয় না। এই ক্ষুদ্র রাজা ধর্ম্মমাত্র আশ্রয় করিয়া আছেন, প্রকৃত জ্ঞানবান্ নহেন, যাঁহারা বিজ্ঞানবান, তাঁহাদিগের প্রতি উক্তরূপ বাক্য সমুচিত হইতে পারে ॥ ৩ ॥

অনন্তর পৃষ্ঠগামী হংস, যে ধার্ম্মিক রাজাকে শকটবাহী অশ্ব বলিয়াছিল, সেই হংস ভল্লাক্ষকে কহিল, তুমি কিরূপে এই ধর্ম্মিষ্ঠ রাজপ্রবরকে শকটবাহী বলীবর্দ্দের ন্যায় কীর্ত্তন করিলে? তখন ভল্লাক্ষ কহিল, আমি যেকারণে ইহাকে বলীবর্দ্দ (বলদ) বৎ কহিয়াছি, তাহা শ্রবণ কর। যেমন কৃতনামক পাশকের চতুরঙ্কের মধ্যে ত্রেতা, দ্বাপর ও কলি এই তিন অধরেয় অঙ্ক সংশ্লিষ্ট থাকে, অর্থাৎ যেমন লোকে দ্যূতকালে চতুরঙ্গ বল প্রসিদ্ধ আছে, দ্যূতে প্রবৃত্ত হইয়া পরাজিত হইলে ক্রমশ সেই চতুরঙ্গের মধ্যে ত্রিবিধ, দ্বিবিধ ও একবিধ বল আসিয়া তাহার বলের অন্তর্ভূত হয়, সেইরূপ এই রাজাকে জানিবে। অর্থাৎ ইহার প্রজাবর্গ যে কিছু ধর্ম্ম কর্ম্ম করিয়া থাকে, তাহা ইহার ধর্ম্মের অন্তর্গত হয়; সুতরাং এই

যদু হ জানশ্রুতিঃ পৌত্রায়ণ উপশুশ্রাব স হ সঞ্জিহান এব ক্ষত্তারমুবাচাঙ্গারে হ সযুগ্বানমিব রৈক্কমাথেতি যো নু কথঞ্চ সযুগ্বা রৈক্ক ইতি ॥ ৫ ॥

যথা কৃতায় বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনঞ্চসর্ব্বং তদভিসমেতি যৎকিঞ্চ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্বেদ যৎস বেদ সময়ৈতদুক্ত ইতি ॥ ৬ ॥

তদু হ তদেতদীদৃশং হংসবাক্যম্ আত্মনঃ কুৎসারূপমন্যস্য বিদুষো রৈক্কাদেঃ প্রশংসারূপমুপশুশ্রাব শ্রুতবান্ হর্ম্ম্যতলস্থো রাজা জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ। তচ্চ হংসবাক্যং স্মরন্নেব পৌনঃপুন্যেন রাত্রিশেষমতিবাহয়ামাস। ততঃ স বন্দিভীরাজা স্তুতিযুক্তাভির্বাগ্‌ভিঃ প্রতিবোধ্যমান উবাচ ক্ষত্তারম্। সঞ্জিহান এব শয়নং নিদ্রাং বা পরিত্যজন্নেব হে অঙ্গবৎসারে হ সযুগ্বানমিব রৈক্কমাথ কিং মাং স এব স্তুত্যর্হো নাহমিত্যভিপ্রায়ঃ। অথবা সযুগ্বানং রৈক্যমাথ গত্বা মম তদ্দিদৃক্ষা তদৈব। ইব শব্দোঽবধারণার্থে

রাজার ফলে সর্ব্বপ্রাণীর ধর্ম্ম ফল নিবিষ্ট রহিয়াছে। অতএব এই রাজা অপর সাধারণের ধর্ম্মভাব বহন করিয়া থাকেন ॥ ৪ ॥

পূর্ব্বখণ্ডে অগ্নিসকল একত্রীভূত হইয়া ব্রহ্মচারীকে যে ব্রহ্মোপদেশ করিয়াছিলেন, তাহাই বিবৃত হইয়াছে। অনন্তর এই একাদশ খণ্ডে অগ্নি সকল পৃথক পৃথক স্বস্ব বিষয়ক ব্রহ্মবিদ্যার উপদেশ আরম্ভ করিতেছেন। অগ্রে গার্হপত্য অগ্নি যেরূপে ব্রহ্মচারীকে ব্রহ্মবিদ্যার উপদেশ দিয়া-ছিলেন, তাহা এই। গার্হপত্য অগ্নি কহিলেন, পৃথিবী, অগ্নি, অন্ন ও আদিত্য এই চারিটী আমার শরীর। উক্ত শরীরচতুষ্টয়ের মধ্যে আদি-ত্যেতে যে পুরুষ দৃষ্ট হইতেছে, তাহাই আমি, অর্থাৎ গার্হপত্য অগ্নি। আর এই যে গার্হপত্য অগ্নি, তাহাই আদিত্যগত পুরুষ। ১ ॥

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবর-পুরুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চলোকেঽমুষ্মিংশ্চ য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

স যঃ কশ্চিদেবং যথোক্তং গার্হপত্যমগ্নিমন্নান্নাদত্বেন চতুর্ধা প্রবিভক্ত-মুপাস্তে সোঽপহতে বিনাশয়তি পাপকৃত্যাং পাপং কর্ম্ম। লোকী লোক-বাংশ্চ মদীয়েন লোকেনাগ্নেয়েন তদ্বান্ ভবতি যথা বয়মিহ চ লোকে। সর্ব্বং বর্ষশতমায়ুরেতি প্রাপ্নোতি। জ্যোগুজ্জ্বলং জীবতি নাপ্রখ্যাত ইত্যেতৎ। ন চাস্যাবরাশ্চ তে পুরুষাশ্চাস্য বিদুষঃ সন্ততিজা ইত্যর্থঃ। ন ক্ষীয়ন্তে সন্ততুাচ্ছেদো ন ভবতীত্যর্থঃ। কিঞ্চ তং বয়মুপভুঞ্জামঃ পাল-য়ামোঽস্মিংশ্চ লোকে জীবন্তমমুষ্মিংশ্চ লোকে। য এতমেবং বিদ্বানুপাস্তে যথোক্তং তস্যৈতৎফলমিত্যর্থঃ ॥ ২ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

গার্হপত্য অগ্নি উক্ত উপাসনার ফল বলিতেছেন।—যে কোন ব্যক্তি যথোক্তলক্ষণ গার্হপত্য অগ্নিকে অন্ন ও অন্নাদত্বরূপে চতুর্দ্ধাবিভক্ত জানিয়া উপাসনা করেন, তিনি পাপকর্ম্ম সকল বিনাশ করিতে পারেন এবং মদীয় অগ্নিলোকদ্বারা লোকবান হইয়া থাকেন, অর্থাৎ যেমন আমরা এই অগ্নিলোকের অধিপতি, তিনিও এই লোকের অধীশ্বর হয়েন। আর উক্ত-রূপে উপাসক ব্যক্তির বর্ষশত পূর্ণ আয়ু হয় এবং সেই ব্যক্তি যাবজ্জীবন বিখ্যাত কীর্ত্তি হইয়া জীবিত থাকেন, আর ইহার অবর পুরুষ, অর্থাৎ পুত্রপৌত্রাদি সন্ততিবর্গ কখনও ক্ষয় পায় না। যিনি উক্তরূপে গার্হপত্য অগ্নির চতুর্দ্ধা বিভক্ত শরীর জানিয়া উপাসনা করেন, তাঁহাকে আমরা

চতুর্থপ্রপাঠকে-

দ্বাদশঃ খণ্ডঃ।

অথ হৈনমন্বাহার্য্যপচনোঽনুশশাসাপো দিশো নক্ষত্রাণি চন্দ্রমা ইতি য এষ চন্দ্রমসি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ১ ॥

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবরপু-

---

অথ হৈনমন্বাহার্য্যপচনোঽনুশশাস দক্ষিণাগ্নিরাপো দিশো নক্ষত্রাণি চন্দ্রমা ইত্যেতা মে মম চতস্রস্তনবঃ চতুর্দ্ধা অহমন্বাহার্য্যপচন আত্মানং প্রতিভজ্যাবস্থিতঃ। তত্র য এষ চন্দ্রমসি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মীতি পূর্ব্ব-

---

ইহলোকে উপভোগদ্বারা পালন করি এবং পরলোকেও তাহার ভোগসাধন করিয়া থাকি ॥ ২ ॥

ইতি একাদশ খণ্ড ॥ ১১ ॥

অনন্তর অন্নাদি আহার্য্য বস্তু পচনশীল দক্ষিণাগ্নি উপকোসলকে বলিতেছেন।—জল, দিক্, নক্ষত্র ও চন্দ্র এই সকলই আমার শরীর। আমি আমার শরীরকে উক্তরূপে চতুর্দ্ধা বিভক্ত করিয়া অন্নাদি আহার্য্য পচনকরত অবস্থিত আছি, অর্থাৎ আমার উক্ত শরীরাবয়ব চতুষ্টয় দ্বারাই জগতের যাবতীয় আহার্য্য বস্তু উৎপন্ন হইয়া থাকে। আর এই চন্দ্রমাতে যে পুরুষ দৃষ্ট হয়, তাহাই আমি, অর্থাৎ দক্ষিণাগ্নি এবং এই যে দক্ষিণাগ্নি, তাহাই চন্দ্রগত পুরুষ ॥ ১ ॥

দক্ষিণাগ্নি পুনর্ব্বার কহিতেছেন।—যে কোন ব্যক্তি যথোক্ত লক্ষণ দক্ষিণাগ্নিকে চতুর্দ্ধা বিভক্ত জানিয়া উপাসনা করেন, তিনি সর্ব্বপ্রকার

রুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকে-
ঽমুস্মিংশ্চ য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

বৎ। অন্নসম্বন্ধাজ্যোতিষ্টোমসামান্যাচ্চাস্বাহার্য্যপচনচন্দ্রমসোরেকত্বঞ্চ দক্ষিণ-দিক্‌সম্বন্ধাচ্চ। অপাং নক্ষত্রাণাঞ্চ পূর্ব্ববদন্নত্বেনৈব সম্বন্ধঃ। নক্ষত্রাণাং চন্দ্রমসো ভোগ্যত্বপ্রসিদ্ধেঃ। অপামন্নোৎপাদকাদন্নত্বং দক্ষিণাগ্নেঃ পৃথিবীবদ্গার্হপত্যস্য। সমানমন্যৎ ॥ ১-২ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

পাপকর্ম্ম বিনাশ করিতে পারেন এবং মদীয় অগ্নি লোকদ্বারা লোকবান হইয়া থাকেন, অর্থাৎ যেমন আমরা এই লোকের অধিপতি, তিনিও সেই-রূপ এই লোকের অধীশ্বর হয়েন। আর উক্তরূপ উপাসক ব্যক্তির সম্পূর্ণ বর্ষশত আয়ু হয় এবং সেই ব্যক্তি যাবজ্জীবন বিখ্যাত কীর্ত্তি হইয়া জীবিত থাকেন। আর তাঁহার অবর পুরুষ, অর্থাৎ পুত্রপৌত্রাদি সন্ততি-বর্গ কখনও ক্ষয় পায় না। যিনি উক্তরূপে দক্ষিণাগ্নির চতুর্দ্ধাবিভক্ত শরীর জানিয়া উপাসনা করেন, আমরা তাহাকে ইহলোকে উপভোগ দ্বারা পালন করি এবং পরলোকেও তাহার উপভোগ সাধন করিয়া থাকি ॥ ২ ॥

ইতি দ্বাদশ খণ্ড ॥ ১২ ॥

চতুর্থপ্রপাঠকে-

ত্রয়োদশঃ খণ্ডঃ।

অথ হৈনমাহবনীয়োঽনুশশাস প্রাণ আকাশো দ্যৌর্ব্বিদ্যুদিতি য এষ বিদ্যুতি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ১ ॥

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবর-পুরুষাঃক্ষীয়ন্তে উপবয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুস্মিংশ্চ য এতমেব বিদ্বানুপাস্তে ॥ ২ ॥

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

অথ হৈনমাহববীযোঽনুশশাস প্রাণ আকাশো দ্যৌর্ব্বিদ্যুৎ ইতি মমাপ্যেতাশ্চতস্রস্তনবো য এষ বিদ্যুতি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মীত্যাদি

অনন্তর আহবনীয় অগ্নি উপদেশ করিছেন।—প্রাণ, আকাশ, স্বর্গ ও বিদ্যুৎ ইহারাই আমার শরীর, আমি আমার শরীরকে উক্তরূপ চতুর্দ্ধা বিভক্ত করিয়া বিদ্যমান আছি। আমার উক্তরূপ শরীর চতুষ্টয়দ্বারাই জগতের যাবতীয় কার্য্যসাধন করিয়া থাকি। আর এই বিদ্যুতে যে পুরুষ দৃষ্ট হয়, তাহাই আমি, অর্থাৎ আহবনীয় অগ্নি এবং এই যে আহবনীয় অগ্নি তাহাই বিদ্যুদ্গত পুরুষ ॥ ১ ॥

আহবনীয় অগ্নি পুনর্ব্বার কহিতেছেন।—যে কোন ব্যক্তি যথোক্ত লক্ষণ আহবনীয় অগ্নিকে চতুর্দ্ধা বিভক্ত জানিয়া উপাসনা করেন, তিনি সর্ব্বপ্রকার পাপকর্ম্ম বিনাশ করিতে পারেন এবং মদীয় অগ্নিলোকদ্বারা লোকবান্ হইয়া থাকেন, অর্থাৎ যেমন আমরা এই লোকের অধিপতি,

চতুর্থপ্রপাঠকে-

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

তে হোচুরুপকোসলৈষা সোম্য! তেঽস্মদ্বিদ্যাত্ম-
বিদ্যা চাচার্য্যস্তু তে গতিং বক্তেত্যাজগাম হাস্যাচার্য্য-
স্তমাচার্য্যোঽভ্যুবাদোপকোসল ৩ ইতি ॥ ১ ॥

পূর্ব্ববৎ। সামান্যাৎ দিবাকাশয়োস্ত্বাশ্রয়ত্বাদ্বিদ্যাদাহবনীয়য়োর্ভোগ্যত্বে-
নৈব সম্বন্ধঃ। সমানমন্যৎ ॥ ১-২ ॥

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

তে পুনঃ সম্ভূয়োচুর্হ উপকোসল এষা সোম্য! তে তবাস্মদ্বিদ্যাগ্নি-
বিদ্যেত্যর্থঃ। আত্মবিদ্যা পূর্ব্বোক্তা প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্মেতি
চ। আচার্য্যস্তু তে গতিং বক্তা বিদ্যাফলপ্রাপ্তয় ইতি উক্ত্বোপরেমুর-

---

তিনিও সেইরূপ এই লোকের অধীশ্বর হয়েন। আর উক্তরূপে উপাসক ব্যক্তির সম্পূর্ণ বর্ষশত আয়ু হইয়া থাকে এবং সেই ব্যক্তি যাবজ্জীবন বিখ্যাতকীর্ত্তি হইয়া বিদ্যমান থাকিতে পারেন। আর তাহার অবর পুরুষ, অর্থাৎ পুত্রপৌত্রাদি সন্ততিবর্গ কখনও ক্ষয় পায় না। যিনি উক্ত-রূপে আহবনীয় অগ্নির চতুর্থ বিভক্ত শরীর জানিয়া উপাসনা করেন, আমরা তাহাকে ইহলোকে উপভোগদ্বারা পালন করিয়া থাকি এবং পরকালেও তাহার উপভোগ সাধন করি ॥ ২ ॥

ইতি ত্রয়োদশ খণ্ড ॥ ১৩ ॥

ইতিপূর্ব্বে অগ্নিত্রয় পৃথক্‌রূপে স্বস্ববিদ্যাবিষয়ক উপদেশ প্রদান করিয়া পুনর্ব্বার একত্রীভূত হইয়া কহিতেছেন, হে সাধো উপকোসল!

ভগব ইতি হ প্রতিশুশ্রাব ব্রহ্মবিদ ইব সোম্য! তে মুখং ভাতিহকো নু ত্বানুশশাসেতি কো নু মানুশিষ্যাদ্ভো ইতি হাপেব নিহ্নুতে ইমে নূনমীদৃশা অন্যাদৃশা ইতি হাগ্নীনভ্যুদে কিং নু সোম্য কিল তেহবোচন্নিতি ॥ ২ ॥

গ্নয়ঃ। আজগাম হাস্যাচার্য্যঃ কালেন। তচ্চ শিষ্যমাচার্য্যোহভ্যুবাদোপকোসল ৩ ইতি ॥ ১ ॥

ভগব ইতি হ প্রতিশুশ্রাব ব্রহ্মবিদ ইব সোম্য! তে মুখং প্রসন্নং ভাতি কো নু ত্বানুশশাসেত্যুক্তঃ প্রত্যাহ। কো নু মানুশিষ্যাদনুশাসনং কুর্য্যাৎ ভো ভগবংস্ত্বয়ি প্রোষিত ইতীহাপেব নিহ্নুতেহপনিহ্নুত ইবেতি ব্যবহিতেন সম্বন্ধো ন পাপ নিহ্নুতে ন চ যথাবদগ্নিভিরুক্তং ব্রবীতীত্যভিপ্রায়ঃ। কথমিমে অগ্নয়ো ময়া পরিচরিতা উক্তবন্তো নূনং যতস্ত্বাং দৃষ্ট্বা বেপমানা ইবেদৃশা দৃশ্যন্তে পূর্ব্বমন্যাদৃশাঃ সন্ত ইতীহাগ্নীনভ্যুদেহভ্যুক্তবান্ কাকাগ্নীন্ দর্শয়ন্। কিং নু সোম্য! কিল তে তুভ্য-

---

তোমাকে অগ্নিবিদ্যার উপদেশ করিলাম, আত্মবিদ্যা পূর্ব্বেই উক্ত হইয়াছে এবং ব্রহ্মবিদ্যাও কথিত হইয়াছে।—তোমার আচার্য্য সেই সকল বিদ্যার ফলপ্রাপ্তি বলিবেন। অগ্নিগণ এই কথা কহিয়া অন্তর্হিত হইলেন। অনন্তর কিয়ৎকাল পরে উপকোসলের আচার্য্য তথায় উপস্থিত হইয়াছিলেন এবং হে উপকোসল! এই বলিয়া শিষ্যকে সম্বোধন করিলেন ॥ ১ ॥

পরে উপকোসল, হে ভগবন্! এই বলিয়া প্রতিবচন প্রদান করিলে আচার্য্য কহিলেন, বৎস! ব্রহ্মজ্ঞানীর ন্যায় তোমার মুখ প্রসন্ন দেখিতেছি, কে তোমাকে ব্রহ্মবিদ্যার উপদেশ করিল? উপকোসল আচার্য্যের বাক্য শ্রবণ করিয়া কহিলেন, ভগবন্! আমি আপনার নিকট বাস করিতেছি; সুতরাং আর কে আমাকে উপদেশ করিবে? এই বলিয়া উপকোসল আচার্য্যসমীপে গোপন করিলেন, অগ্নিরা তাঁহাকে

ইদমিতি হ প্রতিজজ্ঞে লোকান্‌বাব কিল সোম্য! তেঽবোচন্নহন্ত তে তদ্বক্ষ্যামি যথা পুষ্করপলাশ আপো ন শ্লিষ্যন্ত এবমেবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যত ইতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ ॥ ৩ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

মবোচন্নগ্নয় ইতি পৃষ্টঃ ইত্যেবমিদমুক্তবন্তঃ ইত্যেব হ প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাতবান্ প্রতীকমাত্রং কিঞ্চিন্ন সর্ব্বং যথোক্তমগ্নিভিরুক্তমবোচৎ অত আহ আচার্য্যঃ লোকান্ বাব পৃথিব্যাদীন্ হে সোম্য! কিল তেঽবোচন্ ন ব্রহ্ম সাকল্যেন। অহন্ত তে তুভ্যং তদ্‌ব্রহ্ম যদিচ্ছসি ত্বং শ্রোতুং বক্ষ্যামি শৃণু। তস্য ময়োচ্যমানস্য ব্রহ্মণো জ্ঞানমাহাত্ম্যং যথা পুষ্করপলাশে পদ্মপত্রে

যেরূপ উপদেশ করিয়াছিলেন, তাহার কিছুই আচার্য্যসমীপে ব্যক্ত করিলেন না এবং বলিলেন, আমি কি অগ্নি সকলের পরিচরণ করিতে পারিয়াছি যে, তাঁহারা আমাকে উপদেশ করিয়াছেন। যেহেতু এই অগ্নিরা আপনাকে দেখিয়া ভীত হইয়াছে, ইহাদিগকে পূর্ব্বে অন্যপ্রকার দেখিয়াছি, এখন প্রকারান্তর ধারণ করিয়াছে। অতঃপর উপকোসল অগ্নিদিগকে দেখিয়া ভীতস্বরে গুরুর নিকট উক্ত বাক্যসকল বলিয়াছিলেন। আচার্য্য কহিলেন, বৎস! ইহারা তোমাকে কি উপদেশ করিয়াছেন? ॥২॥

উপকোসলের বাক্য শ্রবণ করিয়া আচার্য্য প্রতিজ্ঞা করিলেন, বৎস! অগ্নিরা তোমাকে কিঞ্চিন্মাত্র বলিয়াছে, সর্ব্বপ্রকার ব্রহ্মোপদেশ করে নাই, আমি তোমাকে সমস্ত উপদেশ করিব, অগ্নিগণ কেবল পৃথিব্যাদি লোক সকলই উপদেশ করিয়াছে, সাকল্যরূপে ব্রহ্মোপদেশ করে নাই, আমি তোমাকে সেই ব্রহ্মোপদেশ করিতেছি। যদি শুনিতে ইচ্ছা থাকে, তবে আমি ব্রহ্ম মাহাত্ম্য বলিতেছি, শ্রবণ কর। যিনি সাকল্যরূপে ব্রহ্ম মাহাত্ম্য শ্রবণ করিয়া ব্রহ্মবিজ্ঞান লাভ করিতে পারেন, তাঁহার

চতুর্থপ্রপাঠকে

পঞ্চদশঃ খণ্ডঃ।

য এষোঽক্ষণি পুরুষো দৃশ্যতে এষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ব্রহ্মেতি তদ্যদ্যপ্যস্মিন্ সর্পির্ব্বোদকং বা সিঞ্চন্তি বর্ত্মনী এব গচ্ছতি ॥ ১ ॥

আপো ন শ্লিষ্যন্ত এবং যথা বক্ষ্যামি ব্রহ্মৈবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যতে ন সম্বধ্যত ইত্যেবমুক্তবত্যাচার্য্য আহোপকোসলো ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচাচার্য্যঃ ॥ ২-৩ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

য এষোঽক্ষণি পুরুষো দৃশ্যতে নিবৃত্তচক্ষুর্ভির্ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্নৈঃ শান্তৈর্ব্বিবেকিভিঃ "দৃষ্টের্দ্রষ্টা চক্ষুষশ্চক্ষু" রিত্যাদিশ্রুত্যন্তরাৎ। নন্বগ্নিভিরুক্তং বিতথং যত আচার্য্যস্ত তে গতিং বক্তেতি গতিমাত্রস্য বক্তেত্যবোচন্ ভবিষ্যদ্বিষয়াপরিজ্ঞানঞ্চাগ্নীনাম্। নৈষ দোষঃ। সুখাকাশস্যে-

---

শরীরে পাপ স্পর্শ হইতে পারে না। যেমন পদ্মপত্রে জল সংলগ্ন হয় না, সেইরূপ ব্রহ্মজ্ঞানীতে পাপকর্ম্ম লিপ্ত হয় না। আচার্য্য এইরূপ বলিলে উপকোসল কহিলেন, ভগবন্! তবে আপনি ব্রহ্মবিজ্ঞান উপদেশ করুন্। তখন আচার্য্য উপকোসলকে ব্রহ্মবিজ্ঞান উপদেশ করিতে লাগিলেন ॥৩॥

ইতি চতুর্দ্দশ খণ্ড ॥ ১৪ ॥

ব্রহ্মচারী আচার্য্যসমীপে উপস্থিত হইলে আচার্য্য তাহাকে এইরূপে ব্রহ্মবিদ্যার উপদেশ করিয়াছিলেন। ব্রহ্মচর্য্যাদিসম্পন্ন শান্ত বিবেকিগণ বাহ্যবিষয় হইতে চক্ষুঃকে নিবৃত্ত করিয়া চক্ষুর অভ্যন্তরে যে পুরুষ দেখিতে

এতꣳ সংযদ্বাম ইত্যাচক্ষত এতꣳ হি সর্ব্বাণি বামান্যভি সংযন্তি সর্ব্বাণ্যেনং বামান্যভিসংযন্তি য এবং বেদ ॥ ২ ॥

বাক্ষণি দৃশ্যত ইতি দ্রষ্টুরনুবাদাৎ। এষ আত্মা প্রাণিনামিতি হোবাচ এবমুক্তবানেতদ্যদেবাত্মতত্ত্বমবোচাম। এতদমৃতমমরণধর্ম্ম্যবিনাশি অত এবাভয়ম্ যস্য হি বিনাশাশঙ্কা তস্য ভয়োপপত্তিস্তদভাবাদভয়মত এবৈতদ্ব্রহ্ম বৃহদনন্তমিতি। কিঞ্চাস্য ব্রহ্মণোঽক্ষিপুরুষস্য মাহাত্ম্যং তত্তত্র পুরুষস্য স্থানেঽক্ষণি যদ্যপি অস্মিন্ সর্পির্ব্বোদকং বা সিঞ্চন্তি বর্ত্মনী এব গচ্ছতি পক্ষাবেব গচ্ছতি ন চক্ষুষা সম্বধ্যতে পদ্মপত্রেণেবোদকম্। স্থানস্যাপ্যেতন্মাহাত্ম্যং কিং পুনঃ স্থানিনোঽক্ষিপুরুষস্য নিরঞ্জনত্বং বক্তব্যমিত্যভিপ্রায়ঃ ॥ ১ ॥

এতং যথোক্তং পুরুষং সংযদ্বাম ইত্যাচক্ষতে। কস্মাৎ? যস্মাদেবং

পান, তিনিই আত্মা। (শ্রুত্যন্তরে উক্ত আছে যে, "যিনি দৃষ্টির দৃষ্টি ও চক্ষুর চক্ষু, তিনি পরমাত্মা। তবে ইতি পূর্ব্বে যে অগ্নিরা কহিয়াছেন, আচার্য্য আত্মতত্ত্ব জ্ঞানের ফল বলিবেন" তাহাকি মিথ্যা হইল, যেহেতু অগ্নিদিগের ভবিষ্যদ্বিষয়ের পরিজ্ঞান নাই। এই দোষ হইতে পারে না, কারণ যাঁহারা দ্রষ্টা, তাঁহারা সুখাকাশেরই ঐরূপ অনুবাদ করিয়া থাকেন ঐ যে পুরুষ দৃষ্ট হয়, এই পুরুষই প্রাণিদিগের আত্মা, এই তোমাকে আত্মতত্ত্ব বলিলাম,।) এই আত্মা মরণধর্ম্মের অতীত, অবিনাশী, অতএব ইনি অভয়। যাহার বিনাশাশঙ্কা আছে, সেই ভয়শীল, ইহার বিনাশাশঙ্কাও নাই সুতরাং ভয়ও নাই, অতএব ইনিই ব্রহ্ম, বৃহৎ ও অনন্ত। এই পুরুষকে উক্তরূপ গুণশালী জানিয়া উপাসনা করিতে হইবে। যেমন পদ্মপত্রে জল নিক্ষেপ করিলে সেইপত্রে জল সংশক্ত হয় না, সেইরূপ চক্ষুর্গত পুরুষে ঘৃত কিম্বা জল সেচন করিলে তাহা পক্ষদ্বয়াভ্যন্তরে প্রবেশ করে, কিন্তু পুরুষে সমাশক্ত হইতে পারে না। আর এই পুরুষকে চক্ষুদ্বারা সম্বদ্ধ করা যায় না, এই সমুদায়ই পুরুষের মাহাত্ম্য ॥ ১ ॥

যিনি পূর্ব্বোক্ত প্রকারে ব্রহ্মকে জানিতে পারেন, তাহাকেই পুণ্যকর্ম্মা বলিয়া থাকে। যেহেতু উক্তরূপ ব্রহ্মজ্ঞানী পুরুষই সর্ব্বপ্রকার

এষ উ এব বামনীরেষ হি সর্ব্বাণি বামানি নয়তি সর্ব্বাণি বামানি নয়তি য এবং বেদ ॥ ৩ ॥

এষ উ এব ভামনীরেষ হি সর্ব্বেষু লোকেষু ভাতি সর্ব্বেষু লোকেষু ভাতি য এবং বেদ ॥ ৪ ॥

সর্ব্বাণি বামানি বননীয়ানি সম্ভজনীয়ানি শোভনানি অভিসংযন্ত্যভিসংগচ্ছন্তীত্যতঃ সংযদ্বামঃ। তথৈবংবিদমেনং সর্ব্বাণি বামান্যভিসংযন্তি য এবং বেদ ॥ ২ ॥

এষ উ এব বামনীর্যস্মাৎ এষ হি সর্ব্বাণি বামানি পুণ্যকর্ম্মফলানি পুণ্যানুরূপং প্রাণিভ্যো নয়তি প্রাপয়তি বহতি চাত্মধর্ম্মত্বেন বিদুষঃ ফলং সর্ব্বাণি বামানি নয়তি য এবং বেদ ॥ ৩ ॥

এষ উ এব ভামনীরেষ হি যস্মাৎসর্ব্বেষু লোকেষ্বাদিত্যচন্দ্রাগ্ন্যাদিরূপৈর্ভাতি দীপ্যতে। "তস্য ভাসা সর্ব্বমিদং ভাতীতি" শ্রুতেরতো ভামানি নয়তীতি ভামনীঃ। য এবং বেদাসাবপি সর্ব্বেষু লোকেষু ভাতি ॥ ৪ ॥

শোভন কর্ম্মে সঙ্গত হইয়া থাকেন। আর যিনি উক্তরূপে ব্রহ্মবিজ্ঞান লাভ করিয়াছেন, সেই ব্যক্তি শোভন কার্য্যে প্রবেশ করেন ॥ ২ ॥

ব্রহ্মবিজ্ঞানীর ফলান্তর কীর্ত্তন করিতেছেন।—যিনি যথোক্তরূপে ব্রহ্মকে জানেন, তিনি বামনী নামক পুরুষ, অর্থাৎ পুণ্যশীল, কারণ সেই ব্রহ্মজ্ঞানী পুরুষ প্রাণিগণের পুণ্যকর্ম্মানুসারে সেই সেই পুণ্যফল প্রদান করেন। অর্থাৎ তিনি যেমন স্বয়ং আত্মজ্ঞানী হইয়াছেন, সেইরূপে বিদ্বান্ ব্যক্তিদিগকে আত্মপোদেশ দিয়া থাকেন ॥ ৩ ॥

যিনি ব্রহ্মবিজ্ঞানী, তিনি সর্ব্বপ্রকার দীপ্তির আশ্রয়, অর্থাৎ ইনিই ভামনীনামক পুরুষ; যেহেতু যিনি পূর্ব্বোক্তপ্রকারে ব্রহ্মকে জানিতে পারেন, সেই পুরুষ সর্ব্বলোকে আদিত্য, চন্দ্র ও অগ্নিদ্বারা প্রকাশ পাইয়া থাকেন। শ্রুত্যন্তরে লিখিত আছে যে, ব্রহ্মবিজ্ঞানবান পুরুষের দীপ্তিদ্বারা সকল লোক প্রদীপ্ত হয় ॥ ৪ ॥

অথ যদু চৈবাস্মিঞ্ছব্যং কুর্ব্বন্তি যদি চ নার্চ্চিষমেবাভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্যান্ ষড়ুদঙ্‌ঙেতি মাসাংস্তান্মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষোঽমানবঃ ॥ ৫ ॥

অথেদানীং যথোক্তব্রহ্মবিদো গতিরুচ্যতে যদ্যপি উ চ এবাস্মাল্লেবংবিদি শব্যং শবকর্ম্ম মৃতে কুর্ব্বন্তি যদি চ ন কুর্ব্বন্তি ঋত্বিজঃ সর্ব্বথাপ্যেবংবিৎ তেন শবকর্ম্মণা অকৃতেনাপি প্রতিবদ্ধো ন ব্রহ্মপ্রাপ্নোতীতি ন। ন চ কৃতেন শবকর্ম্মণাস্য কশ্চনাভ্যধিকো লোকঃ "ন কর্ম্মণা বর্দ্ধতে নো কনীয়ানিতি" শ্রুত্যন্তরাৎ। শবকর্ম্মণ্যনাদরং দর্শয়ন্ বিদ্যাং স্তৌতি ন পুনঃ শবকর্ম্ম এবংবিদো ন কর্ত্তব্যমিতি। অক্রিয়মাণে হি শবকর্ম্মণি কর্ম্মণাং ফলারম্ভে প্রতিবন্ধঃ কশ্চিদনুমীয়তে অন্যত্র। যত ইহ বিদ্যাফলারম্ভকালে শবকর্ম্ম স্যাদ্বা ন বেতি বিদ্যাবতোঽপ্রতিবন্ধেন ফলারম্ভং দর্শয়তি। যে সুখাকাশমক্ষিস্থং সংযদ্বামনীর্ভামনীরিত্যেবংগুণমুপাসতে প্রাণসহিতামগ্নিবিদ্যাং তেষামন্যৎ কর্ম্ম ভবতু মা বাভূৎ সর্ব্বথাপি তেঽর্চ্চিষমেবাভিসম্ভ-

---

এইক্ষণ যথোক্ত ব্রহ্মবিজ্ঞানীর গতি কহিতেছেন।—ব্রহ্মবিৎ পুরুষের মরণান্তে যদি ঋত্বিকগণ তাহার অন্ত্যেষ্টিকর্ম্ম, অর্থাৎ শ্রাদ্ধাদিক্রিয়া করেন কিম্বা না করেন, তাহাতে ব্রহ্মজ্ঞানীর কোন ক্ষতি বা বৃদ্ধি নাই। অর্থাৎ ব্রহ্মজ্ঞানীর শ্রাদ্ধাদি না করিলেও তাহার কোন অনিষ্ট হয় না এবং যথাবিধি শবানুষ্ঠানাদি কার্য্য করিলেও তাহার কোন সদ্গতি হইতে পারে না।'(শ্রুত্যন্তরপ্রমাণে জানাযায় যে, ব্রহ্মবিজ্ঞানী কোন কর্ম্মদ্বারা বৃদ্ধি পায়েন না, অথবা কোন কর্ম্মদ্বারা কোন বিষয়ে হীন থাকেন না। ব্রহ্মবিদ্যাই ব্রহ্মজ্ঞানীর সর্ব্বকর্ম্ম সাধক, অতএব যাঁহার ব্রহ্মবিদ্যা লাভ হইয়াছে, তাঁহার মরণান্তে শবানুষ্ঠানাদি কোন কর্ম্ম করিবে না। যাহাদিগের ব্রহ্মবিজ্ঞান সমুৎপন্ন হয় নাই, তাহাদিগেরই মরণান্তে শ্রাদ্ধাদি না করিলে পুণ্যকর্ম্মাদির ফলভোগে প্রতিবন্ধক অনুমিত হয়। কিন্তু ব্রহ্মবিদ্যার ফল-

স এতান্ ব্রহ্ম গময়ত্যেষ দেবপথো ব্রহ্মপথ এতেন প্রতিপদ্যমানা ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে নাবর্ত্তন্তে ॥৬॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

বস্ত্যর্চ্চিরভিমানিনীং দেবতামভিসম্ভবন্তি প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ। অর্চ্চিষোঽর্চ্চির্দ্দেবতায়াঃ অহরহরভিমানিনীং দেবতাম্ অহ আপূর্য্যমাণপক্ষং শুক্লপক্ষদেবতাম্ অপূর্য্যমাণপক্ষাদ্যান্ ষণ্মাসানুদঙ্ঙুত্তরাং দিশমেতি সবিতা তান্মাসানুত্তরায়ণদেবতাং তেভ্যো মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসর-দেবতাং ততঃ সংবৎসরাদাদিত্যম্ আদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তত্তত্রস্থাংস্তান্ পুরুষঃ কশ্চিদ্ব্রহ্মলোকাদেত্য অমানবো নামব্যাং সৃষ্টৌ ভবো মানবো অমানবঃ স পুরুষ এতান্ ব্রহ্ম সত্যলোকস্থং গময়তি গন্তৃ-

---

ভোগ কালে শবানুষ্ঠানাদি কর্ম্ম হউক, আর নাই হউক, ব্রহ্মবিদ্যাপ্রভাবেই নির্ব্বিঘ্নে ব্রহ্মজ্ঞানীর ব্রহ্মবিদ্যার ফল ভোগ হইতে পারে।) যাঁহারা পূর্ব্বোক্ত প্রকারে প্রাণসহিত অগ্নিদেবতার উপাসনা করেন, তাঁহাদিগের পক্ষে অন্য কোন কর্ম্ম হউক, আর নাই হউক, সর্ব্বথাই তাঁহাদিগের দেবলোক প্রাপ্তি হইয়া থাকে, প্রথমত দিবস, শুক্ল কৃষ্ণপক্ষ, মাস ও ঋতুদেবতার স্বরূপ প্রাপ্ত হইয়া থাকেন। অনন্তর অয়নদেবতার স্বরূপ প্রাপ্ত হইয়া আদিত্যরূপে উত্তরায়ণে ষণ্মাস উত্তরদিকে এবং দক্ষিণায়ণে ষণ্মাস দক্ষিণ দিকে অবস্থান করেন। পরে সেইসকল মাসদেবতা ও সংবৎসরদেবতার স্বরূপ পায়েন। সংবৎসরদেবতার স্বরূপ হইতে আদিত্য, আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎ, বিদ্যুৎ হইতে তত্রস্থ দেবতা সকলের স্বরূপ লাভ করেন। এইরূপে অগ্ন্যাদিরূপে আত্মোপাসক পুরুষ ব্রহ্মলোকে গমন করেন। পরে ব্রহ্মলোক হইতে আগমন করিয়া অমানুষভাব প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫ ॥

যিনি পূর্ব্বোক্তপ্রকারে ব্রহ্মোপাসনা করেন, তিনি পূর্ব্বোক্তলোক সকল প্রাপ্ত হইয়া অন্তে সত্যলোকস্থ ব্রহ্মলাভ করিতে পারেন, অর্থাৎ

গন্তব্যগময়িতৃত্বব্যপদেশেভ্যঃ। সম্মাত্রব্রহ্মপ্রাপ্তৌ তদনুপপত্তেঃ। ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতীতি হি বক্তুং ন্যায্যম্। সর্ব্বভেদনিরাসেন সম্মাত্রপ্রতিপত্তিং বক্ষ্যতি। ন চাদৃষ্টো মার্গো গমনায়োপতিষ্ঠতে। স এনমবিদিতো ন ভুনক্তীতি শ্রুত্যন্তরাৎ। এষ দেবপথো দেবৈরর্চ্চিরাদিভির্গময়িতৃত্বেনাধিকৃতৈরুপলক্ষিতঃ পন্থা দেবপথ উচ্যতে ব্রহ্ম গন্তব্যং তেন চোপলক্ষিত ইতি ব্রহ্মপথঃ। এতেন প্রতিপদ্যমানা গচ্ছন্তো ব্রহ্ম ইমং মানবং মন্বসম্বন্ধিনং মনোঃ সৃষ্টিলক্ষণমাবর্ত্তং নাবর্ত্তন্তে। আবর্ত্তন্তেঽস্মিন্ জননমরণপ্রবন্ধচক্রারূঢ় ঘটীয়ন্ত্রবৎ পুনঃ পুনরিত্যাবর্ত্তন্তং ন প্রতিপদ্যন্তে। নাবর্ত্তন্ত ইতি দ্বিরুক্তিঃ সফলায়া বিদ্যায়াঃ পরিসমাপ্তিপ্রদর্শনার্থা ॥ ৫-৬ ॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

সেই ব্রহ্মোপাসক ব্রহ্ম হইয়াই ব্রহ্মেতে গমন করিয়া থাকেন। সর্ব্বপ্রকার ভেদবুদ্ধির নিরাসদ্বারাই সন্মাত্র ব্রহ্মপ্রতীতি হয়। এইরূপে উপদিষ্ট হইয়াই ব্রহ্মোপাসনা করিবে। কখনও কেহ অপ্রদর্শিত পথে গমন করিতে পারে না। অন্য শ্রুতিতে লিখিত আছে যে, ইহাকে না জানিলে ফলভোগ হয় না। ইহাই দেবপথ, অর্থাৎ দেবাধিকৃত পন্থা। যেপন্থা অবলম্বন করিয়া গন্তব্য ব্রহ্মে গমন করা যায়, তাহাই ব্রহ্মপথ। এই পন্থা প্রাপ্ত হইয়া গমন করিলে মানব সৃষ্টিতে (পৃথিবীতে) প্রত্যাবর্ত্তন করিতে হয় না এবং তাহার এই সংসারাবর্ত্তে ভ্রমণ, অর্থাৎ জন্মমরণাদিরূপ চক্রভ্রমে পুনঃ পুনঃ আবর্ত্তন করিতে হয় না ॥ ৬ ॥

ইতি পঞ্চদশ খণ্ড ॥ ১৫ ॥

চতুর্থপ্রপাঠকে-

ষোড়শঃ খণ্ডঃ।

এষ হ বৈ যজ্ঞো যোঽয়ং পবত এষ হ যন্নিদং সর্ব্বং পুনাতি যদেষ যন্নিদং সর্ব্বং পুনাতি তস্মাদেষ এব যজ্ঞস্তস্য বাক্ চ মনশ্চ বর্ত্তনী ॥ ১ ॥

রহস্যপ্রকরণে প্রসঙ্গত্বাদারণ্যকত্বসামান্যাচ্চ যজ্ঞে ক্ষতে উৎপন্নে ব্যাহৃতয়ঃ প্রায়শ্চিত্তার্থা বিধাতব্যাঃ। তদভিজ্ঞস্য চর্ত্বিজো ব্রহ্মণো মৌনমিত্যত ইদমারভ্যতে। এষ হ বৈ এষ বায়ুর্যোঽয়ং পবতেঽয়ং যজ্ঞঃ। হ বৈ ইতি প্রসিদ্ধার্থাবদ্যোতকৌ নিপাতৌ। বায়ুপ্রতিষ্ঠো হি যজ্ঞঃ প্রসিদ্ধঃ শ্রুতিষু। "স্বাহা বাতেধাঃ" "অয়ং বৈ যজ্ঞো যোঽয়ং পবত" ইত্যাদিশ্রুতিভ্যঃ। বাত এব হি চলনাত্মকত্বাৎ ক্রিয়াসমবায়ী। বাত এব যজ্ঞস্যারম্ভকঃ বাতঃ প্রতিষ্ঠেতি চ শ্রবণাৎ। এষ হ যন্ গচ্ছন্ চলন্নিদং সর্ব্বং জগৎ পুনাতি পাবয়তি শোধয়তি। ন হ্যচলতঃ শুদ্ধিরস্তি। দোষনিরসনং চলতো হি দৃষ্টং ন স্থিরস্য যদ্যস্মাচ্চ যন্ এষ ইদং সর্ব্বং

পূর্ব্বোত্তর গ্রন্থের অসঙ্গতি আশঙ্কা করিয়া প্রসঙ্গক্রমে সেই অসঙ্গতির পরিহারপূর্ব্বক গ্রন্থ সঙ্গতি প্রদর্শন করিতেছেন।—উপাসনা প্রকরণে অগ্নি বিষয়ক যজ্ঞাদির অসিদ্ধি, অর্থাৎ কোন রূপ অঙ্গভঙ্গাদিদোষের নিবৃত্তির নিমিত্ত "ভূঃ, ভুবঃ ও স্বঃ" এই ব্যাহৃতিত্রয় বিধান করিয়াছেন, পরন্তু প্রকৃত উপাসনাতে মৌনাবলম্বনই অঙ্গীকৃত আছে। যেহেতু কোনপ্রকার বাগ্ব্যাপার সম্বন্ধ থাকিলে চিত্তবিক্ষেপ উপস্থিত হইয়া ধ্যানব্যাঘাত হইতে পারে। এই নিমিত্তই মৌনী হইয়া উপাসনা বিধেয়। এইক্ষণ দেখা যাইতেছে যে, যজ্ঞাদিতে প্রায়শ্চিত্তার্থ ব্যাহৃতির আবশ্যক এবং প্রকৃত উপাসনাভিজ্ঞ

পুনাতি তস্মাদেষ এব যজ্ঞো যৎপুনাতীতি। তস্যাস্যৈবং বিশিষ্টস্য যজ্ঞস্য বাক্ চ মন্ত্রোচ্চারণে ব্যাপৃতা। মনশ্চ যথাভূতার্থজ্ঞানে ব্যাপৃতম্। তে এতে বাঙ্মনসে বর্ত্তনী মার্গৌ যাভ্যাং যজ্ঞস্তায়মানঃ প্রবর্ত্ততে তে বর্ত্তনী। "প্রাণাপানপরিচলনবত্যা হি বাচশ্চিত্তস্য চোত্তরোত্তরক্রমো যজ্ঞস্য" ইতি হি শ্রুত্যন্তরম্। অতো বাঙ্মনসাভ্যাং যজ্ঞো বর্ত্তনীভ্যাং বর্ত্তত ইতি বাঙ্মনসে বর্ত্তনী উচ্যতে যজ্ঞস্য ॥ ১ ॥

ঋত্বিকগণের মৌনাবলম্বন কর্ত্তব্য। এই বিরোধ নিবারণার্থ প্রকরণ আরম্ভ হইতেছে। দেবতার উদ্দেশে যে দ্রব্যত্যাগ, তাহাই যজ্ঞ, এইযজ্ঞ ক্রিয়াত্মক বিধায় ক্ষণ ভঙ্গুর, সুতরাং উহার গতিযোগ অসম্ভব, এইনিমিত্ত সেইযজ্ঞের বায়ুরূপত্ব দেখাইতেছেন। এই বায়ুই যজ্ঞস্বরূপ। যেহেতু যজ্ঞ বায়ুপ্রতিষ্ঠ বলিয়া শ্রুতিতে প্রসিদ্ধ আছে,"স্বাহাশব্দ উচ্চারণকরিয়া বায়ুতে নিক্ষেপ করিবে" এবং "যিনি পবিত্র করেন, তিনিই যজ্ঞ" ইত্যাদি শ্রুতি প্রমাণে জানাযায় যে, চলনাত্মকত্বহেতু ক্রিয়াসমবায়ী বায়ুই যজ্ঞের আরম্ভক। অন্যান্য শ্রুতিপ্রমাণে জানাযায় যে, বায়ুই যজ্ঞের প্রতিষ্ঠা। এই বায়ুই চলিত হইয়া চলনশীল সমস্ত জগৎ পবিত্র করেন। কদাচ চলন ব্যতিরেকে শুদ্ধি হইতে পারে না। স্থির পদার্থের চলন হইলেই দোষের নিরাস হয়। কখনও স্থিরভাবে থাকিলে তাহার দোষের নিবারণ হইতে পারে না। বায়ুই চলনদ্বারা জগৎ পবিত্র করিয়া থাকেন। যেহেতু বায়ুর চলনদ্বারা জগতের পবিত্রতা হয়। অতএব এই যজ্ঞই জগৎ শুদ্ধ করিয়া থাকেন। উক্তরূপ যজ্ঞ বাঙ্ময়, অর্থাৎ উচ্চারিত মন্ত্রদ্বারা ব্যাপৃত এবং মনও যথাভূত অর্থ জ্ঞানে ব্যাপৃত থাকে। এই বাক্য ও মন ইহারাই যজ্ঞের মার্গ (পথ) যেহেতু বাক্য ও মন এই উভয়দ্বারাই যজ্ঞ প্রবৃত্ত হয়। শ্রুত্যন্তর প্রমাণে লিখিত আছে যে, প্রাণ ও অপানের চলনবর্ত্তী বাক্যের ও মনের যে উত্তরোত্তর পরিক্রম তাহাতেই যজ্ঞ হইয়া থাকে। অতএব বাক্য ও মন এই উভয়দ্বারাই যজ্ঞ প্রবৃত্ত হয়; সুতরাং বাক্য ও মন এই উভয়কেই যজ্ঞের মার্গ বলাযায় ॥ ১ ॥

তয়োরন্যতরাং মনসা সংস্করোতি ব্রহ্মা বাচা হোতাধ্বর্য্যুরুদ্গাতান্যতরাংশ্চ স যেঽত্রোপাকৃতে প্রাতরনুবাকে পুরা পরিধানীয়ায়া ঋচো ব্রহ্মা ব্যাববদতি ॥ ২ ॥

অন্যতরামেব বর্ত্তনিং সংস্করোতি হীয়তেঽন্যতরা স

তয়োর্ব্বর্ত্তন্যোরন্যতরাং বর্ত্তনীং মনসা বিবেকজ্ঞানবতা সংস্করোতি ব্রহ্মার্ত্বিগ্বাচা বর্ত্তন্যা। হোতাধ্বর্য্যুরুদ্গাতেত্যেতে ত্রয়োঽপ্যৃত্বিজোঽন্যতরাং বাঙ্নামকাং বর্ত্তনীং বাচৈব সংস্কুর্ব্বন্তি। তত্রৈবং সতি তে বাঙ্মনসে বর্ত্তনী সংস্কার্য্যে যজ্ঞে। অথ স যত্র যস্মিন্ কালে উপাকৃতে প্রারব্ধে প্রাতরনুবাকে শস্ত্রে পুরা পূর্ব্বং পরিধানীয়ায়া ঋচো ব্রহ্মৈতস্মিন্ অন্তরে কালে ব্যাববদতি মৌনং পরিত্যজতি ॥ ২ ॥

যদি তদান্যতরামেব বাগ্বর্ত্তনীং সংস্করোতি। ব্রহ্মণা সংস্ক্রিয়মাণা মনোবর্ত্তনো হীয়তে বিনশ্যতি ছিদ্রীভবত্যন্যতরা। স যজ্ঞো বাগ্বর্ত্তন্যৈবান্য-

---

পূর্ব্বশ্রুতিতে বাক্য ও মন ইহাদিগকে যজ্ঞের মার্গরূপে নির্দ্দেশ করিয়াছেন, এই শ্রুতিতে উক্ত মার্গদ্বয়ের উপকার্য্য উপকারক ভাব প্রদর্শিত হইতেছে।—উক্ত মার্গদ্বয়ের মধ্যে মনোরূপ মার্গ বিবেক জ্ঞানবান ব্রহ্মানামক ঋত্বিক মনদ্বারা সংস্কৃত করেন, অর্থাৎ বিবেক উপস্থিত হইলেই মনের সংস্কার হইয়া থাকে। আর হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতা ইহারা সম্যক্‌প্রকারে বাক্য উচ্চারণ করিয়া বাক্যরূপ মার্গের সংস্কার করেন। বাক্য সংস্কৃত হইলেই সেই বাক্যদ্বারা যজ্ঞ সম্পন্ন হইয়া থাকে। এইরূপে বাক্য ও মনদ্বারা যজ্ঞ সম্পাদন হইলেই সেই বাক্য ও মন সংস্কৃত হয়। এই নিমিত্ত যে কালে পরীধানীয়া ঋকের পূর্ব্বে প্রাতরনুবাক্যের আরম্ভ হয়, তখন ব্রহ্মানামক ঋত্বিক মৌন ভঙ্গ করিলেন ॥ ২ ॥

যজ্ঞ সাধনকরিতে হইলে বাক্য ও মন এই উভয় মার্গের সংস্কার আবশ্যক। উভয় মার্গের সংস্কার না হইলে কেবল একমার্গের সংস্কার দ্বারা যজ্ঞসিদ্ধি হইতে পারে না। কেবল বাক্যরূপ মার্গের সংস্কার হইলে মনোরূপ মার্গ সংস্কারাভাবে বিনষ্ট হইয়া যায়; সুতরাং কেবল বাক্যরূপ

যথৈকপাদ্ব্রজন্নথো বৈ কেন চক্রেণ বর্ত্তমানোরিষ্যত্যেবমস্য যজ্ঞো রিষ্যতি যজ্ঞংরিষ্যন্তং যজমানোঽনুরিষ্যতি স ইষ্ট্বা পাপীয়ান্ ভবতি ॥ ৩ ॥

অথ যত্রোপাকৃতে প্রাতরনুবাকে ন পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যাববদত্যুভে এব বর্ত্তনী সংস্কুর্ব্বন্তি ন হীয়তে ঽন্যতরা ॥ ৪ ॥

তরয়া বর্ত্তিতুমশক্নুবন্রিষ্যতি। কথমিবেত্যাহ। স যথৈকপাৎ পুরুষো ব্রজন্ গচ্ছন্নধ্বানং রিষ্যতি। রথো বৈকেন চক্রেণ বর্ত্তমানো গচ্ছন্ রিষ্যত্যেবমস্য যজমানস্য ব্রহ্মণা যজ্ঞো রিষ্যতি বিনশ্যতি। যজ্ঞং রিষ্যন্তং যজমানোঽনু রিষ্যতি যজ্ঞপ্রাণো হি যজমানঃ। অতো যুক্তো যজ্ঞরেষে রেষন্তস্য। স তং যজ্ঞমিষ্ট্বা তাদৃশং পাপীয়ান্ পাপতরো ভবতি ॥ ৩ ॥

অথ পুনর্যত্র ব্রহ্মা বিদ্বান্ মৌনং পরিগৃহ্য বাগ্বিসর্গমকুর্ব্বন্ বর্ত্ততে যাবৎ-

---

মার্গদ্বারা যজ্ঞ অবস্থিত হইতে না পারিয়া তাহাও বিনাশ পাইয়া থাকে। যেমন একপাদ মনুষ্য কখনও সেই এক পাদ দ্বারা অভিলষিত পথ গমন করিতে না পারিয়া স্বয়ং নষ্ট হয় এবং এক চক্র রথ সেই একচক্রদ্বারা গমনে অসমর্থ হইয়া আপনি বিপর্য্যস্ত হইয়া পড়ে, সেইরূপ কেবল বাক্য সংস্কার করিয়া তদ্দ্বারা যজমান যজ্ঞসাধন করিয়া উঠিতে পারেন না। পরন্তু সেই যজ্ঞ বিনাশ পাইয়া থাকে এবং যজ্ঞ বিনাশ পাইলে সেই যজমানও বিনষ্ট হয়। যেহেতু যজ্ঞই যজমানের প্রাণ, প্রাণের বিনাশে সেই ব্যক্তির অবস্থান সম্ভবে না। এই নিমিত্তই যজ্ঞনাশে যজমানের নাশ উক্ত হইয়াছে। আর যে ব্যক্তি উক্তরূপ যজ্ঞ সমাচরণে প্রবৃত্ত হয়, সেই যজমান ও পাপী হইয়া থাকে ॥ ৩ ॥

বিদ্বান্ ব্যক্তি যাবৎ পরিধানীয়া ঋকের পূর্ব্বে প্রাতরনুবাক আরম্ভ না করেন, তাবৎ মৌনী হইয়া থাকিবেন। অনন্তর সেই সকল ঋক, অর্থাৎ মন্ত্র পাঠ করিয়া বাক্যরূপ মার্গের সংস্কার করিতে হইবে। এইরূপে ঋত্বিক্

স যথোভয়পাদ্‌ব্রজন্নথো বোভাভ্যাং চক্রাভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠত্যেবমস্য যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি স ইষ্ট্বা শ্রেয়ান্ ভবতি ॥ ৫ ॥

ইতি ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬ ॥

পরিধানীয়ায়া ন ব্যববদতি। তথৈব তে সর্ব্বর্ত্বিজ উভে এব বর্ত্তনী সংস্কুর্ব্বন্তি ন হীয়তেঽন্যতরাপি ॥ ৪ ॥

কিমেবেত্যাহ পূর্ব্বোক্তবিপরীতৌ দৃষ্টান্তৌ। এবমস্য যজমানস্য যজ্ঞঃ স্ববর্ত্তনীভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠতি স্বেনাত্মনাবিনশ্যন্ বর্ত্তত ইত্যর্থঃ। যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি এবং মৌনী বিজ্ঞানবদ্‌ব্রহ্মোপেতং যজ্ঞমিষ্ট্বা শ্রেয়ান্ ভবতি শ্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥ ৫ ॥

ইতি ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬ ॥

সকল বাক্য ও মন এই উভয় মার্গের সংস্কার সাধন করিয়া যজ্ঞ সাধনে প্রবৃত্ত হইবেন। তাহাহইলে আর অন্যতর মার্গ নষ্ট হইবে না ॥ ৪ ॥

যেমন পাদদ্বয় বিশিষ্ট ব্যক্তি উভয় পাদদ্বারা গমন করিয়া অনায়াসে পথ অতিক্রমণ পূর্ব্বক গন্তব্য স্থানে উপস্থিত হইতে পারে, অথবা যেমন চক্রদ্বয় বিশিষ্ট রথ উভয় চক্রের সাহায্যে স্বভাবে বর্ত্তমান থাকিয়া পরিচালিত হইয়া থাকে, সেইরূপ বাক্য ও মন উভয় মার্গের সংস্কার হইলেই যজমানের নির্ব্বিঘ্নে যজ্ঞ প্রতিষ্ঠিত হইতে পারে। যজ্ঞ প্রতিষ্ঠিত হইলেই যজমানও প্রতিষ্ঠা লাভ করিয়া থাকেন। এইরূপে যজমানের যজ্ঞ সাধিত হইলেই সেই যজমান সর্ব্বশ্রেষ্ঠ হইতে পারে ॥ ৫ ॥

ইতি ষোড়শ খণ্ড ॥ ১৬ ॥

চতুর্থ প্রপাঠকে-

সপ্তদশঃ খণ্ডঃ।

প্রজাপতির্লোকানভ্যতপত্তেষাং তপ্যমানানাঞ্ রসান্ প্রাবৃহদগ্নিং পৃথিব্যা বায়ুমন্তরিক্ষাদাদিত্যং দিবঃ ॥ ১ ॥

স এতাস্তিস্রো দেবতা অভ্যতপত্তাসাং তপ্যমানানাঞ্ রসান্ প্রাবৃহদগ্নের্ঋচো বায়োর্যজূংষি সামাদিত্যাৎ ॥ ২ ॥

অত্র ব্রহ্মণো মৌনং বিহিতম্। তদ্রেষে ব্রহ্মত্বকর্ম্মণি চাথান্যস্মিংশ্চ হোত্রাদিকর্ম্মরেষে ব্যাহৃতিহোমঃ প্রায়শ্চিত্তমিতি। তদর্থং ব্যাহৃতয়ো বিধাতব্যা ইত্যাহ। প্রজাপতির্লোকানভ্যতপল্লোকানুদ্দিশ্য তত্র সারজিঘৃক্ষয়া ধ্যানলক্ষণং তপশ্চচার। তেষাং তপ্যমানানাং লোকানাং রসান্ সাররূপান্ প্রাবৃহদুদ্ধৃতবান্ জগ্রাহেত্যর্থঃ। কান্ অগ্নিং রসং পৃথিব্যাঃ বায়ুমন্তরিক্ষাৎ আদিত্যং দিবঃ ॥ ১ ॥

পুনরপ্যেবমেবমগ্ন্যাদ্যাঃ। স এতাস্তিস্রো দেবতা উদ্দিশ্যাভ্যতপৎ। ততোঽপি সারং রসং ত্রয়ীবিদ্যাং জগ্রাহ ॥ ২ ॥

পূর্ব্বখণ্ডে নিত্যানুষ্ঠান বলিয়াছেন, এইক্ষণ নৈমিত্তিক প্রায়শ্চিত্ত বিধানার্থ উপক্রম করিতেছেন।—ইতিপূর্ব্বে ব্রহ্মার মৌনই বিহিত হইয়াছে, সেই ব্রহ্মকর্ম্ম ও অন্যান্য হোত্রাদি কর্ম্ম ভ্রংশ হইলে প্রায়শ্চিত্তরূপ ব্যাহৃতি-হোম আবশ্যক, অতএব ব্যাহৃতি সকল বিধান করা কর্ত্তব্য, এই অভিপ্রায়ে বলিতেছেন। প্রজাপতি পৃথিবী, অন্তরীক্ষ ও স্বর্গ এই সকল লোক উদ্দেশ করিয়া তাহাদিগের সারগ্রহণ মানসে ধ্যানরূপ তপশ্চরণ করিয়াছিলেন। অনন্তর সেই সকল লোকের ধ্যান করিয়া তাহাদিগের সারভূত রস গ্রহণ করেন, অর্থাৎ পৃথিবী হইতে অগ্নি, অন্তরীক্ষ হইতে বায়ু এবং স্বর্গ হইতে আদিত্যরূপ রস গ্রহণ করিয়াছেন ॥ ১ ॥

প্রজাপতি পূর্ব্বোক্ত প্রকারে ক্রমশ পৃথিবী, অন্তরীক্ষ ও স্বর্গ হইতে

স এতাং ত্রয়ীং বিদ্যামভ্যতপত্তস্যাস্তপ্যমায়া রসান্ প্রাবৃহদ্ভূরিত্যৃগ্ভ্যো ভুবরিতি যজুর্ভ্যঃ স্বরিতি সামভ্যঃ ॥ ৩ ॥

তদযদ্যুক্তো রিষ্যেদ্ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াদৃ-

তাং পুনরভ্যতপৎ ত্রয়ীং বিদ্যাম্। তস্যাস্তপ্যমানায়া রসং ভূরিতি ব্যাহৃতিমৃগ্ভ্যো জগ্রাহ। ভুবরিতি ব্যাহৃতিং যজুর্ভ্যঃ। স্বরিতি ব্যাহৃতিং সামভ্যঃ। অত এব লোকবদেব বেদরসা মহাব্যাহৃতয়ঃ ॥ ৩ ॥

অতস্তত্র যজ্ঞে যদ্যুক্তঃ ঋক্সম্বন্ধাদৃঙ্মিশ্রং রিষ্যেদ্যজ্ঞঃ ক্ষতং প্রাপ্নুয়াদ্ভূঃস্বাহেতি গার্হপত্যে জুহুয়াৎ। সা তত্র প্রায়শ্চিত্তিঃ। কথমৃচা-

---

অগ্নি, বায়ু ও আদিত্যরূপ রস গ্রহণ করিয়া পুনর্ব্বার সেই অগ্নি, বায়ু ও আদিত্য ইহাদিগকে উদ্দেশ করিয়া তাহাদিগের সারভূত রস গ্রহণ মানসে সেই অগ্ন্যাদির ধ্যানরূপ তপশ্চরণ আরম্ভ করিলেন। অনন্তর সেই অগ্নি, বায়ু ও আদিত্য ইহাদিগের ধ্যান করিয়া অগ্ন্যাদি হইতেও তাহাদিগের সারভূত রস গ্রহণ করিয়াছিলেন, অর্থাৎ অগ্নি হইতে ঋগ্বেদ, বায়ু হইতে যজুর্ব্বেদ এবং আদিত্য হইতে সামবেদরূপ রস গ্রহণ করিলেন ॥ ২ ॥

পরে পুনর্ব্বার প্রজাপতি ঋক্, যজুঃ ও সাম এই ত্রয়ীবিদ্যা উদ্দেশ করিয়া তাহাদিগের সারভূত রসগ্রহণ মানসে সেই ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয়ের ধ্যানরূপ তপশ্চরণ করিতে লাগিলেন। অনন্তর ঐ বেদত্রয়ের ধ্যান করিয়া তাহাদিগের সারভূত রস গ্রহণ করিয়াছিলেন, অর্থাৎ ঋগ্বেদ হইলে ভূঃ, যজুর্ব্বেদ হইতে ভুবঃ এবং সামবেদ হইতে স্বঃ এই ব্যাহৃতিত্রয় রূপ রস গ্রহণ করিলেন ॥ ৩ ॥

যদি সেই যজ্ঞেতে ঋক্‌বেদের অঙ্গ বৈগুণ্য বশত যজ্ঞ অক্ষত না হয়, অর্থাৎ যজ্ঞকালে যদি ঋক্ সম্বন্ধীয় কোন ভ্রম হইয়া পড়ে তাহাহইলে "ভূঃস্বাহা" এই বলিয়া গার্হপত্য অগ্নিতে হোম করিতে হইবে। এইরূপ হোমই প্রায়শ্চিত্ত স্বরূপ জানিবে। যজ্ঞকার্য্যে ঋগ্বেদের কোনরূপ অঙ্গ

চামেব তদ্রসেনর্চ্চাং বীর্য্যেণর্চ্চাং যজ্ঞস্য বিরিষ্টঞ্চ সন্দধাতি ॥ ৪ ॥

অথ যদি যজুষ্টো রিষ্যেদ্ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াদ্যজুষামেব তদ্রসেন যজুষাং বীর্য্যেণ যজুষাং যজ্ঞস্য বিরিষ্টঞ্চ সন্দধাতি ॥ ৫ ॥

অথ যদি সামতো রিষ্যেৎ স্বঃ স্বাহেত্যাহবনীয়ে জুহু-

মেব তদিতি ক্রিয়াবিশেষণং রসেনর্চ্চাং বীর্য্যেণৌজসা ঋচাং যজ্ঞস্য ঋক্সম্বন্ধিনো যজ্ঞস্য বিরিষ্টং বিচ্ছিন্নং ক্ষতরূপমুৎপন্নং সন্দধাতি প্রতিসন্ধত্তে ॥ ৪ ॥

অথ যদি যজুষ্টো যজুর্নিমিত্তং রিষ্যেদ্ভুবঃস্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ ॥ ৫ ॥

তথা সামনিমিত্তে রিষ্যেৎ স্বঃস্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ। তথা পূর্ব্বদ্যজ্ঞং সন্দধাতি ব্রহ্মনিমিত্তে তু রেষে ত্রিষ্বগ্নিষু তিসৃভির্ব্যাহৃতিভির্জুহু-

---

ভঙ্গ হইলে "ভূঃস্বাহা" এই ব্যাহৃতি মন্ত্রে প্রায়শ্চিত্ত হোম করিলেই সেই অঙ্গ ভঙ্গ দোষের শান্তি হয়, অর্থাৎ উক্তরূপে প্রায়শ্চিত্ত হোম করিলেই ঋক্ সকলের বীর্য্য প্রভাবে বিক্ষত যজ্ঞ সম্পূর্ণ হইয়া থাকে ॥ ৪ ॥

যদি যজুর্ব্বেদনিমিত্ত যজ্ঞের অঙ্গহানি হয়, তাহা হইলে "ভুবঃস্বাহা" এই ব্যাহৃতি মন্ত্রে দক্ষিণাগ্নিতে হোম করিবে। এইরূপ হোমই প্রায়শ্চিত্ত স্বরূপ জানিবে। যজ্ঞকার্য্যে যজুর্ব্বেদনিমিত্ত কোনরূপ অঙ্গ ভঙ্গ বা ভ্রম হইলে "ভুবঃ স্বাহা" এই ব্যাহৃতি মন্ত্রে প্রায়শ্চিত্ত হোম করিলেই সেই অঙ্গ ভঙ্গজনিত দোষের শান্তি হইয়া থাকে। যজুর্ব্বেদের রস স্বরূপ ভুবঃ স্বাহা এইমন্ত্র এবং যজুর্ব্বেদের বীর্য্যপ্রভাবে বিক্ষত যজ্ঞও সম্পূর্ণ হয় ॥ ৫ ॥

যদি সামবেদ নিমিত্ত যজ্ঞের অঙ্গহানি হয়, তাহাহইলে "স্বঃ স্বাহা" এই ব্যাহৃতি মন্ত্রে আহবনীয় অগ্নিতে হোম করিবে। এইরূপ হোমই

য়াৎ সাম্নামেব তদ্রসেন সাম্নাং বীর্য্যেণ সাম্নাং যজ্ঞস্য বিরিষ্টগুসন্দধাতি ॥ ৬ ॥

তদ্যথা লবণেন সুবর্ণগু সন্দধ্যাৎ সুবর্ণেন রজতগু রজতেন ত্রপু ত্রপুণা সীসগু সীসেন লোহং লোহেন দারু চর্ম্মণা ॥ ৭ ॥

য়াৎ। ত্রয্যা হি বিদ্যায়াঃ স রেষঃ। "অথ কেন ব্রহ্মত্বমিত্যনয়ৈব ত্রয্যা বিদ্যয়েতি" শ্রুতেঃ। ন্যায়ান্তরং বা মৃগ্যং ব্রহ্মত্বনিমিত্তে রেষে ॥ ৬ ॥

তদ্যথা লবণেন সুবর্ণং সন্দধ্যাৎ। ক্ষারেণ টঙ্কণাদিনা স্বরেষু মৃদুত্ব-

---

যজ্ঞ কার্য্যে প্রায়শ্চিত্ত স্বরূপ জানিবে। যজ্ঞকার্য্যে সামবেদ নিমিত্ত কোন-রূপ অঙ্গ ভঙ্গ অথবা ভ্রম হইলে "স্বঃ স্বাহা" এই ব্যাহৃতি মন্ত্রে প্রায়শ্চিত্ত হোম করিলেই সেই অঙ্গ ভঙ্গ জনিত দোষের শান্তি হইয়া থাকে। সাম-বেদের রসস্বরূপ "স্বঃ স্বাহা" এইমন্ত্র এবং সামবেদের বীর্য্য প্রভাবে বিক্ষত যজ্ঞও সম্পূর্ণ হয় এবং ব্রহ্ম নিমিত্ত যজ্ঞবিঘ্ন হইলে "ভূর্ভুবঃ স্বঃ স্বাহা" এই ব্যাহৃতিত্রয়দ্বারা হোম করিতে হইবে। যেহেতু ত্রয়ীবিদ্যা নিমিত্ত অঙ্গভঙ্গই ব্রহ্মনিমিত্ত যজ্ঞবিঘ্ন; সুতরাং বেদত্রয়োক্ত "ভূঃ, ভুবঃ ও স্বঃ" এই ব্যাহৃতিত্রয়ই ব্রহ্মনিমিত্ত যজ্ঞ দোষের শান্তিকারক হয়। শ্রুত্যন্তরে লিখিত আছে যে, উক্ত ত্রয়ীবিদ্যাদ্বারাই ব্রহ্মত্ব হইয়া থাকে ॥ ৬ ॥

সাধারণ কারণেই সাধারণ কার্য্য উৎপন্ন হয়, এই নিয়ম হেতু বেদত্রয় সাধারণ ব্রহ্মত্বে বেদত্রয় সাধারণ প্রায়শ্চিত্তই বিধেয়। এইরূপে যজ্ঞদোষ শান্তির এক উপায় প্রদর্শিত হইয়াছে, সর্ব্ববেদাভিজ্ঞ ব্রহ্মের জ্ঞান-মাহাত্ম্যেই দোষের নিরাস হয়, অতএব সেস্থলে অন্য প্রায়শ্চিত্ত অনা-বশ্যক। বস্তুর স্বভাব বৈচিত্র্য বশতঃ উৎপন্ন যজ্ঞবিঘ্নের নিবারণ হইয়া থাকে। সুবর্ণ ভগ্ন হইলে তাহা অগ্নিতে উত্তপ্ত করিয়া ক্ষার প্রয়োগ; অর্থাৎ কিঞ্চিৎ সোহাসা নিক্ষেপ করিলে সুবর্ণ দ্রবীভূত হইয়া তাহার অবয়ব সংযোগ হয়। পরন্তু সুবর্ণই সুবর্ণের ভগ্ন অবয়ব পূর্ণ করে, অন্য-

এবমেষাং লোকানামাসাং দেবতানামস্ত্রয্যা বিদ্যায়া বীর্য্যেণ যজ্ঞস্য বিরিষ্টিꣳ সন্দধাতি ভেষজকৃতো হ বা এষ যজ্ঞো যত্রৈবং বিদ্‌ব্রহ্মা ভবতি ॥ ৮ ॥

করং হি তৎ সুবর্ণেন রজতমশক্যসন্ধানং সন্দধ্যাৎ রজতেন। তথা ত্রপু ত্রপুণা সীসং সীসেন লোহং লোহেন দারু চর্ম্মণা চর্ম্মবন্ধনেন ॥ ৭ ॥

এবমেষাং লোকানামাসাং দেবতানামস্ত্রয্যা বিদ্যায়াবীর্য্যেণ রসাখ্যেনৌজসা যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি। ভেষজকৃতো হ বা এষ যজ্ঞঃ। রোগার্ত্ত এব পুমাংশ্চিকিৎসকেন সুশিক্ষিতেনৈষ যজ্ঞো ভবতি। কোঽসৌ যত্র যস্মিন্ যজ্ঞে এবং বিদ্বদ্যোক্তব্যাহৃতিহোমপ্রায়শ্চিত্তবিদ্‌ব্রহ্মর্ত্বিগ্ ভবতি স যজ্ঞ ইত্যর্থঃ ॥ ৮ ॥

কোন পদার্থদ্বারা তাহা পূর্ণ হইতে পারে না, এই প্রকারে রজত রজতদ্বারা, পিত্তল পিত্তলদ্বারা, সীস সীসদ্বারা, লৌহ লৌহদ্বারা এবং কাষ্ঠ চর্ম্মবন্ধন দ্বারা সংলগ্ন হইয়া থাকে, ইহা প্রসিদ্ধ আছে ॥ ৭ ॥

যেমন সুবর্ণাদিদ্বারা সুবর্ণাদির সন্ধান হইয়া থাকে, সেইরূপ পৃথিব্যাদি লোক, অগ্ন্যাদি দেবতা এবং ত্রয়ীবিদ্যার রসরূপ বীর্য্যদ্বারা যজ্ঞের দোষ সকল নিবারিত হইয়া সেই সকল যজ্ঞ সম্পূর্ণ হয়। অথবা যেমন ঔষধদ্বারা রোগীর শরীর সংস্কৃত হয়, সেইরূপ পৃথিব্যাদি লোক অগ্ন্যাদি-দেবতা ও ত্রয়ীবিদ্যার রসরূপ ভূঃ ভুবঃ ও স্বঃ এই ব্যাহৃতিত্রয়ের মাহাত্ম্যে যজ্ঞ সংপূর্ণ হইয়া থাকে, অর্থাৎ যজ্ঞকর্ত্তা পুরুষ রোগী, হোত্রাদি সুশিক্ষিত চিকিৎসক এবং "ভূঃ, ভুবঃ ও স্বঃ" এইত্রিবিধ ব্যাহৃতি ঔষধ স্বরূপ, অর্থাৎ যেমন সুচিকিৎসক ঔষধ প্রয়োগদ্বারা রোগীর রোগ প্রতিকার করিয়া রোগীর আরোগ্য সাধন করেন, সেইরূপ ঋত্বিক্ সকল ব্যাহৃতি মন্ত্রদ্বারা যজ্ঞদোষ নিবারণ করিয়া তাহা সম্পূর্ণ করিতে পারেন। যে যজ্ঞেতে যথোক্ত ব্যাহৃতি হোমরূপ প্রায়শ্চিত্তবিৎ ঋত্বিক্ বিদ্যমান থাকেন, সেই যজ্ঞই সম্যক্ সমাহিত হয় ॥ ৮ ॥

এষ হ বা উদক্প্রবণো যজ্ঞো যত্রৈবং বিদ্ব্রহ্মা ভবত্যেবংবিদং হ বা এষা ব্রহ্মাণমনু গাথা যতো যত আবর্ত্ততে তত্তদ্গচ্ছতি ॥ ৯ ॥

মানবো ব্রহ্মৈবৈক ঋত্বিক্কুরূনশ্বাঽভিরক্ষত্যেবং বিদ্ধ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানং সর্ব্বাংশ্চর্ত্বিজোঽভি-

---

কিঞ্চৈষ হ বা উদক্প্রবণ উদঙ্নিম্নো দক্ষিণোচ্ছ্রায়ো যজ্ঞো ভবতি। উত্তরমার্গং প্রতি হেতুরিত্যর্থঃ। যত্রৈবংবিদ্ব্রহ্মা ভবত্যেবংবিদং হ বৈ ব্রহ্মাণমৃত্বিজং প্রত্যেষানুগাথা ব্রহ্মণঃ স্তুতিপরা। যতো যত্র আবর্ত্ততে কর্ম্ম প্রদেশান্। ঋত্বিজাং যজ্ঞঃ ক্ষতোভবংস্তত্তদ্যজ্ঞস্য ক্ষতরূপং প্রতিসন্দধৎ প্রায়শ্চিত্তেন গচ্ছতি পরিপালয়তীত্যেতন্মানবো ব্রহ্মা। মৌনাচরণান্মননাদ্বা জ্ঞানবত্ত্বাত্ততো ব্রহ্মৈবৈকর্ত্বিক্কুরূন্ কর্ত্তৃন্। যোধারূঢ়ানশ্বা বড়বা যথাঽভিরক্ষত্যেবংবিদ্ধ হ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানং সর্ব্বাংশ্চর্ত্বিজোঽভিরক্ষতি তৎকৃতদোষাপনয়নাৎ। যত্র এবং বিশিষ্টো ব্রহ্মা বিদ্বাংস্তস্মাদেবং-

---

যে স্থানের উত্তরভাগ নিম্ন এবং দক্ষিণভাগ উচ্চ এমত স্থানেই যজ্ঞ সাধিত হইয়া থাকে, যিনি এইরূপ যজ্ঞবিধি পরিজ্ঞাত আছেন, তিনিই যজ্ঞকার্য্যে ব্রহ্মা হইতে পারেন, সেই ঋত্বিক প্রবর ব্রহ্মাই প্রশস্ত। গায়ত্রী ভিন্ন ছন্দঃ স্বরূপ গাঁথা দ্বারা তাঁহাকেই স্তব করিয়া থাকে। যে যে প্রদেশ হইতে ঋত্বিকগণের যজ্ঞ কর্ম্মের আবৃত্তি হয়, অর্থাৎ হোত্রাদি যে যে ঋত্বিক সকল যজ্ঞ সাধন করিয়া থাকেন, তাঁহাদিগের দোষনিবন্ধন যে যজ্ঞ ক্ষত হইয়া থাকে, ব্রহ্মা প্রায়শ্চিত্ত হোম দ্বারা সেই সকল যজ্ঞক্ষত নিবারণ করেন ॥ ৯ ॥

মৌনাচরণ ও মনন হেতু ব্রহ্মাকে মানব বলা যায়, ঐ ব্রহ্মাই ঋত্বিক সকলকে রক্ষা করেন, যেমন বাহ অশ্ব আরূঢ় যোদ্ধৃবর্গকে রক্ষা করে, সেইরূপ উক্ত গুণ বিশিষ্ট ব্রহ্মা যজ্ঞ, যজমান ও ঋত্বিক সকলের দোষাপনয়ন করিয়া তাহাদিগকে রক্ষা করিয়া থাকেন। যেহেতু উক্তরূপ গুণ

রক্ষতি তস্মাদেবংবিদমেব ব্রহ্মাণং কুর্ব্বীত নানেবং-বিদম্ নানেবং বিদং ॥ ১০ ॥

ইতি সপ্তদশঃ খণ্ডঃ ॥ ১৭ ॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে চতুর্থঃ প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৪ ॥

বিদমেব যথোক্তব্যাহৃত্যাদিবিদং ব্রহ্মাণং কুর্ব্বীতেতি। নানেবংবিদং কদাচনেতি। দ্বিরভ্যাসোঽধ্যায়সমাপ্ত্যর্থঃ ॥ ৯-১০ ॥

ইতি সপ্তদশ খণ্ডঃ ॥ ১৭ ॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ ছান্দোগ্যোপনিষদ্বিবরণে চতুর্থঃ প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৪ ॥

বিশিষ্ট বিদ্বান ব্যক্তিই ব্রহ্মা। অতএব যথোক্ত ব্যাহৃত্যাদি জ্ঞানীকে ব্রহ্মা করিবে। যিনি উক্তরূপে ব্যাহৃতি প্রভৃতি না জানেন, তাহাকে ব্রহ্মত্বে বরণ করিবে না ॥ ১০ ॥

ইতি সপ্তদশ খণ্ড ॥ ১৭ ॥

চতুর্থ প্রপাঠক সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চমঃ প্রপাঠকঃ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ যো হ বৈ জ্যেষ্ঠঞ্চ শ্রেষ্ঠঞ্চ বেদ শ্রেষ্ঠশ্চ হ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ॥ ১ ॥

॥ ওঁ ॥ সগুণব্রহ্মবিদ্যায়া উত্তরা গতিরুক্তা। অথেদানীং পঞ্চমেঽধ্যায়ে পঞ্চাগ্নিবিদো গৃহস্থস্য ঊর্দ্ধরেতসাঞ্চ শ্রদ্ধালূনাং বিদ্যান্তরশীলিনাং তামেব গতিমনূদ্যান্যা দক্ষিণদিক্‌সম্বন্ধিনী কেবলকর্ম্মিণাং ধূমাদিলক্ষণা পুনরাবৃত্তিরূপা তৃতীয়া চ। ততঃ কষ্টতরা সংসারগতির্বৈরাগ্যহেতোর্ব্বক্তব্যেত্যারভ্যতে। প্রাণঃ শ্রেষ্ঠো বাগাদিভ্যঃ প্রাণো বাব সবর্গ ইত্যাদি চ বহুশোঽতীতে গ্রন্থে প্রাণগ্রহণং কৃতং স স কথং শ্রেষ্ঠো বাগাদিষু সর্ব্বৈঃ সংহত্যকারিত্বাবিশেষে কথঞ্চ তস্যোপাসনমিতি তস্য শ্রেষ্ঠত্বাদিগুণবিধিৎসয়া ইদমনন্তরমারভ্যতে। যো হ বৈ কশ্চিজ্জ্যেষ্ঠঞ্চ প্রথমং বয়সা শ্রেষ্ঠঞ্চ গুণৈরভ্যধিকং বেদ স জ্যেষ্ঠশ্চ হ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি

ইতি পূর্ব্বে সগুণ ব্রহ্মবিদ্যার উত্তরা গতি উক্ত হইয়াছে, এই পঞ্চম প্রপাঠকে পঞ্চাগ্নিবিদ গৃহস্থ ও পঞ্চাগ্নি বিদ্যাতিরিক্ত সগুণ ব্রহ্মবিদ্যানিষ্ঠ ঊর্দ্ধরেতাদিগের অর্চ্চিরাদি লক্ষণা গতি নিরূপণ পূর্ব্বক উক্ত গতিদ্বয়ের অন্য কেবল কর্ম্মিদিগের ধূমাদিলক্ষণা দক্ষিণদিক্‌সম্বন্ধিনী তৃতীয়াগতি হইতে কষ্টতর বৈরাগ্য হেতু সংসারগতি বলিতে হইবে, এই অভিপ্রায়ে গ্রন্থারম্ভ করিতেছেন।—প্রাণ বাগাদি হইতে শ্রেষ্ঠ, ইহা বহু বহু অতীত গ্রন্থে উক্ত হইয়াছে। এইক্ষণ জিজ্ঞাস্য এই যে, প্রাণ কিরূপে বাগাদির শ্রেষ্ঠ হইল, আর কিরূপেই বা তাহার উপাসনা হইতে পারে? অতএব প্রাণের শ্রেষ্ঠত্বাদি গুণ বিবরণেচ্ছায় উক্ত গ্রন্থ আরম্ভ হইতেছে। যে কোন ব্যক্তি প্রাণকে বয়সে প্রথম এবং গুণাধিক্য প্রযুক্ত শ্রেষ্ঠরূপে জানেন, সেই

যো হ বৈ বসিষ্ঠং বেদ বসিষ্ঠো হ স্বানাং ভবতি বাগ্বাব বসিষ্ঠঃ ॥ ২ ॥

ফলেন পুরুষং প্রলোভ্যাভিমুখীকৃত্যাহ। প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ বয়সা বাগাদিভ্যঃ। গর্ভস্থে হি পুরুষে প্রাণস্য বৃত্তির্ব্বাগাদিভ্যঃ পূর্ব্বং লব্ধাত্মিকা ভবতি। যথা গর্ভো বিবর্দ্ধতে চক্ষুরাদিস্থানাবয়বনিষ্পত্তৌ সত্যাং পশ্চাদ্বাগাদীনাং বৃত্তিলাভ ইতি প্রাণো জ্যেষ্ঠো বয়সা ভবতি। শ্রেষ্ঠত্বন্তু প্রতিপাদয়িষ্যতি সুহৃদ ইত্যাদিনিদর্শনেন। অতঃ প্রাণ এব জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চাস্মিন্ কার্য্যকারণসঙ্ঘাতে ॥ ১ ॥

যো হ বৈ বসিষ্ঠং বসিতৃতমমচ্ছাদয়িতৃতমং বসুমত্তমং বা যোবেদ স তথৈব বসিষ্ঠো হ ভবতি স্বানাং জ্ঞাতীনাম। কস্তর্হি বসিষ্ঠ ইত্যাহ। বাগ্বাব বসিষ্ঠো বাগ্মিনো হি পুরুষা বশন্তি অভিভবন্ত্যন্যান্ বসুমত্তমাংশ্চাতো বাগ্বসিষ্ঠঃ ॥ ২ ॥

ব্যক্তি সকলের জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হইতে পারেন। এইরূপ প্রলোভন দ্বারা পুরুষকে অভিমুখী করিয়া বলিতেছেন, প্রাণই বয়সেতে বাগাদি হইতে জ্যেষ্ঠ। যেহেতু পুরুষের গর্ভস্থাবস্থায় বাগাদির পূর্ব্বেই প্রাণের বৃত্তি হয়, অনন্তর যখন সেই গর্ভ বৃদ্ধি পাইতে থাকে, তখন ক্রমশঃ চক্ষুরাদি অবয়ব সকলের নিষ্পত্তি হইলে পরে বাগাদির প্রবৃত্তি হয়। এইরূপে প্রাণ বাগাদি হইতে বয়সে জ্যেষ্ঠ হইলেন এবং প্রাণ ও বাগাদির গুণের তারতম্য করিলেই বাগাদি হইতে প্রাণের শ্রেষ্ঠতা জানা যাইবে। অতএব প্রাণই এই কার্য্যকারণ সংঘাতরূপদেহে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ ॥ ১ ॥

পূর্ব্বসূত্রে প্রাণের সর্ব্বজ্যেষ্ঠত্ব ও সর্ব্বশ্রেষ্ঠত্ব উক্ত হইয়াছে, এইসূত্রে সেই জ্যেষ্ঠত্বাদিগুণ সমর্থন করিতেছেন।—প্রাণই বসিষ্ঠ, অর্থাৎ সকলকে বাস করাইয়া থাকেন এবং ধনাদিদ্বারা সকলের বাসের কারণ হয়েন। এইরূপে যিনি প্রাণকে জানেন, সকল জ্ঞাতিবর্গের মধ্যে তিনিই শ্রেষ্ঠ হইয়া থাকেন এবং বাক্যদ্বারা সকলকে অভিভূত করিতে পারেন; অতএব বাগ্মী পুরুষেরাই সকলের শ্রেষ্ঠ হইয়া থাকেন ॥ ২ ॥

যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ প্রতি হ তিষ্ঠত্যস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ চক্ষুর্ব্বাব প্রতিষ্ঠা ॥ ৩ ॥

যো হ বৈ সম্পদং বেদ সংহাস্মৈকামাঃ পদ্যন্তে দেবাশ্চ মানুষাশ্চ শ্রোত্রং বাব সম্পৎ ॥ ৪ ॥

যোহ বা আয়তনং বেদায়তনংং হ স্বানাং ভবতি মনো হ বা আয়তনম্ ॥ ৫ ॥

যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ স চাস্মিন্ লোকেঽমুষ্মিংশ্চ পরে প্রতি তিষ্ঠতি হ। তর্হি কা প্রতিষ্ঠেত্যাহ চক্ষুর্ব্বাব প্রতিষ্ঠা চক্ষুষা হি পশ্যন্ সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি যস্মাদতঃ প্রতিষ্ঠা চক্ষুঃ ॥ ৩ ॥

যো হ বৈ সম্পদং বেদ তস্মা অস্মৈ দেবাশ্চ মানুষাশ্চ কামাঃ সম্পদ্যন্তে তর্হি কা সম্পদিত্যাহ। শ্রোত্রং বাব সম্পৎ। যস্মাচ্ছ্রোত্রেণ বেদং গৃহ্যন্তে তদর্থবিজ্ঞানঞ্চ ততঃ কর্ম্মাণি ক্রিয়ন্তে ততঃ কামং সম্পদিত্যেবং কামসম্পদ্ধেতুত্বাৎ। শ্রোত্রং বাব সম্পৎ ॥ ৪ ॥

যো হ বা আয়তনং বেদায়তনং স্বানাং ভবতি। মনো হ বা আয়-

প্রাণের গুণান্তর প্রতিপাদন করিতেছেন।—প্রাণই সকলকে প্রতিষ্ঠিত করেন, যিনি উক্তরূপে প্রাণকে জানেন, তিনি ইহলোকে ও পরলোকে প্রতিষ্ঠিত হইতে পারেন। চক্ষুই সকলের প্রতিষ্ঠা, অর্থাৎ চক্ষুদ্বারা দর্শন করিয়া সর্ব্বত্র প্রতিষ্ঠিত হইতে পারেন। অতএব চক্ষুই সকলের প্রতিষ্ঠা স্বরূপ ॥ ৩ ॥

যিনি প্রাণের সম্পদ জানেন, দেবগণ ও মনুষ্যগণ সকলেই তাঁহার কাম সম্পাদন করিয়া থাকেন। শ্রোত্রই প্রাণের সম্পদ। যেহেতু শ্রোত্রদ্বারাই সকল গ্রহণ করিয়া থাকে এবং শ্রোত্র গ্রহণ করে বলিয়াই সর্ব্ববিষয় জ্ঞান জন্মে, তাহাতেই লোক কর্ম্ম করিয়া থাকে। অতএব কামনাই মনুষ্যের সম্পদ। যেহেতু শ্রোত্রই সর্ব্বপ্রকার কাম সম্পদের হেতুও শ্রোত্রই সম্পদ স্বরূপ ॥ ৪ ॥

যিনি প্রাণের আয়তন জানেন, তিনিই সকল জ্ঞাতির আয়তন হইতে

অথ হ প্রাণা অহংশ্রেয়সি ব্যূদিরেঽহংশ্রেয়ানস্ম্যহংশ্রেয়ানস্মীতি তে হ প্রাণাঃ প্রজাপতিং পিতরমেত্যোচুর্ভগবন্ কোনঃ শ্রেষ্ঠ ইতি। তান্ হোবাচ যস্মিন্

তনম্। ইন্দ্রিয়োপহৃতানাং বিষয়াণাং ভোক্তৃর্থানাং প্রত্যয়রূপাণাং মন আয়তনমাশ্রয়ঃ। অতো মনো হ বা আয়তনমিত্যুক্তম্ ॥ ৫ ॥

অথ হ প্রাণা এবং যথোক্তগুণাঃ সন্তোঽহং শ্রেয়ন্তহং শ্রেয়ানস্ম্যহং শ্রেয়ানস্মীতি এতস্মিন্ প্রয়োজনে ব্যূদিরে নানা বিরুদ্ধঞ্চোদিরে উক্তবন্তস্তে হ তে হৈবং বিবদমানা আত্মনঃ শ্রেষ্ঠত্ববিজ্ঞানায় প্রজাপতিং পিতরং জনয়িতারং কঞ্চিদেত্যোচুরুক্তবন্তো হে ভগবন্ কো নোঽস্মাকং মধ্যে শ্রেষ্ঠোঽভ্যধিকো গুণৈরিত্যেবং পৃষ্টবন্তঃ। তান্ পিতোবাচ হ যস্মিন্ বো যুষ্মাকং মধ্যে উৎক্রান্তে শরীরমিদং পাপিষ্ঠমিবাতিশয়েন জীবিতোঽপি সমুৎক্রান্ত প্রাণং ততোঽপি পাপিষ্ঠতরমেবাতিশয়েন দৃশ্যতে।

পারেন। মনই সকলের আয়তন; যে সকল বিষয় ইন্দ্রিয় হইতে অপহৃত হয়, সেই সকল মনকে আশ্রয় করিয়া থাকে, অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয় সাক্ষাৎ উপস্থিত বস্তুকে গ্রহণ করিতে পারে, কিন্তু চক্ষুরাদির অসন্নিকৃষ্ট বস্তু ধারণেও মনের শক্তি আছে, অতএব মনই সকলের আয়তন ॥ ৫ ॥

যথোক্তগুণ সকল মুখ্য প্রাণগামী। বাক্য, চক্ষু, শ্রোত্র প্রভৃতিতে তাহা বিদ্যমান থাকে না, এই অভিপ্রায়ে আখ্যায়িকার আবিষ্কার করিতেছেন।—যথোক্ত গুণশালী প্রাণ ও বাক্য প্রভৃতিরা "আমি শ্রেষ্ঠ, আমি শ্রেষ্ঠ" এইরূপে স্ব স্ব প্রাধান্য স্থাপনার্থ পরস্পর বিবাদ করিতে করিতে কশ্যপাদির অন্যতম প্রজাপতি স্বীয় জনকের নিকট উপস্থিত হইয়া কহিয়াছিলেন, ভগবন্! আমাদিগের মধ্যে কে সর্ব্বশ্রেষ্ঠ তাহা আপনি নিরূপণ করুন। প্রাণাদিরা প্রজাপতিকে এইরূপ জিজ্ঞাসা করিলে প্রাণাদির জনক প্রজাপতি তাহাদিগকে কহিলেন, বৎসগণ! তোমাদিগের মধ্যে যাহার অপগমে শরীর মৃত দেহের ন্যায় অশুচি ও অস্পৃশ্য হয়, সেই তোমাদিগের মধ্যে গুণাধিক্যবশত সকলের শ্রেষ্ঠ। সর্ব্বজ্ঞ প্রজাপতি প্রাণের শ্রেষ্ঠতা

ব উৎক্রান্তে শরীরং পাপিষ্ঠতরমিব দৃশ্যেত স বঃ শ্রেষ্ঠ ইতি ॥ ৬ ॥

সা হ বাগুচ্চক্রাম সা সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি যথা কলা অবদন্তঃ

কুণপমস্পৃশ্যমশুচি দৃশ্যেত স বো যুষ্মাকং শ্রেষ্ঠ ইত্যবোচৎ কাকা তদ্দুঃখং পরিজিহীর্ষুঃ ॥ ৬ ॥

তপোক্তেষু পিত্রা প্রাণেষু সা হ বাগুচ্চক্রামোৎক্রান্তবতী। সা চোৎক্রম্য সংবৎসরমাত্রং প্রোষ্য স্বব্যাপারান্নিবৃত্তা সতী পুনঃ পর্য্যেত্যোত্তরান্ প্রাণানুবাচ কথং কেন প্রকারেণ অশকত শক্তবন্তো যূয়ং মদৃতে মাং বিনা জীবিতুং ধারয়িতুমাত্মানমিতি তে হোচুর্যথা কলা ইত্যাদি। কলা মূকা যথা লোকেঽবদন্তো বাচা জীবন্তি। কথম্। প্রাণন্তঃ প্রাণেন

জানিয়াও স্বরূপ বাক্য বলিলে বাক্যাদির দুঃখ হইবে, এই বিবেচনায় সুস্পষ্ট না বলিয়া স্বরভঙ্গী প্রকাশপূর্ব্বক প্রকারান্তরে প্রাণেরই শ্রেষ্ঠতা জানাইলেন ॥ ৬ ॥

প্রজাপতি পূর্ব্বোক্ত প্রকারে প্রাণাদিকে বলিলে বাক্যপ্রভৃতিরা স্বস্ব শ্রেষ্ঠতা বিজ্ঞাপনার্থ চেষ্টা আরম্ভ করিলেন, প্রথমতঃ বাক্য মনে করিলেন আমি দেহ পরিত্যাগ করিলেই শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইবে, কাহারও কোন শক্তি থাকিবে না, এই ভাবিয়া বাক্য স্বীয় ব্যাপার হইতে নিবৃত্ত হইল, সংবৎসর এইরূপে স্বব্যাপারে বিরত থাকিয়া পুনর্ব্বার প্রত্যাগমনপূর্ব্বক প্রাণাদিকে কহিলেন, তোমরা আমার অভাবে কিপ্রকারে জীবিত ছিলে? তখন প্রাণাদিরা প্রত্যুত্তর করিল, তুমি না থাকিলেই যে শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইবে, তাহা মনে করিওনা। তোমার অভাবেও শরীর স্বচ্ছন্দরূপে বিদ্যমান ছিল। যেমন মূক ব্যক্তি কথা কহিতে পারে না, কিন্তু তথাপি জীবিত থাকিতে পারে। মূকের বাক্‌শক্তির অভাব হইলেও প্রাণবায়ু বহিতে থাকে, চক্ষুদ্বারা দর্শন করিতে পারে, কর্ণদ্বারা শুনিতে পায় মনদ্বারা চিন্তা করিতে পারে, কিন্তু দেহের কোন অনিষ্ট হয় না, সেইরূপ

প্রাণন্তঃ প্রাণেন পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশ হ বাক্ ॥ ৭ ॥

চক্ষুর্হোচ্চক্রাম তৎসম্বৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি যথাঽন্ধা অপশ্যন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশ হ চক্ষুঃ ॥ ৮ ॥

পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্ত ইত্যর্থঃ। এবং বয়মজীবিষ্মেত্যর্থঃ। আত্মনোঽশ্রেষ্ঠতাং প্রাণেষু বুদ্ধা প্রবিবেশ হ বাক্ পুনঃ স্বব্যাপারে প্রবৃত্তা বভূবেত্যর্থঃ ॥ ৭ ॥

আমরা সকলেই জীবিত আছি, তখন বাক্য জানিতে পারিল, আমার অভাবেও শরীরের কোন হানি নাই, তাহার সর্ব্বপ্রকার কার্য্যই চলিতেছে এই ভাবিয়া আপনি যে সকলের শ্রেষ্ঠ নয়, তাহা জানিতে পারিল এবং শরীরে প্রবেশ করিয়া পুনর্ব্বার স্বকর্ত্তব্য কার্য্যে প্রবৃত্ত হইল ॥ ৭ ॥

অনন্তর চক্ষুঃ স্বীয় প্রাধান্য বিজ্ঞাপনার্থ চেষ্টা আরম্ভ করিল। চক্ষুঃ ভাবিল, আমি দেহ পরিত্যাগ করিলেই শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইয়া পড়িবে, কাহারও কোন শক্তি থাকিবে না। ইহা মনে করিয়া চক্ষু স্বীয় ব্যাপার দর্শনকার্য্য হইতে নিবৃত্ত হইল। সংবৎসর এইরূপে স্বীয় ব্যাপার রূপ দর্শনকার্য্য পরিত্যাগ করিল, কিন্তু তাহাতে কাহার কিছু অনিষ্ট হইল না, ইহা দেখিয়া চক্ষুঃ প্রত্যাগমনপূর্ব্বক প্রাণাদিকে কহিল, তোমরা আমার অভাবে কিরূপে জীবিত রহিলে? তখন প্রাণাদিরা প্রত্যুত্তর করিল, তুমি না থাকিলেই যে শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হয়, তাহা মনে করিও না। তোমার অভাবে শরীর স্বচ্ছন্দরূপে বিদ্যমান আছে। যেমন অন্ধব্যক্তি দর্শন করিতে পারে না, তথাপি জীবিত থাকিতে পারে। অন্ধের দর্শন শক্তির অভাব হইলেও প্রাণবায়ু বহিতে থাকে, কর্ণদ্বারা শুনিতে পায়, বাক্যদ্বারা কথা কহিতে পারে, মনদ্বারা চিন্তা করিয়া থাকে, কিন্তু দেহের কোন অনিষ্ট হয় না, সেইরূপ আমরা সকলেই জীবিত আছি। তখন চক্ষু জানিতে পারিল, আমার অভাবে শরীরের কোন হানি হয় নাই, তাহার সর্ব্বকার্য্যই

শ্রোত্রঞ্চ হোচ্চক্রাম তৎসবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি যথা বধিরা অশৃণ্বন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তোবাচা পশ্যন্তশ্চক্ষুষা ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশ হ শ্রোত্রম্॥ ৯॥

সমানমন্যৎ। চক্ষুর্হ উচ্চক্রাম শ্রোত্রং হোচ্চক্রাম মনো হোচ্চক্রামেত্যাদি। যথা বালা অমনসঃ অপ্ররূঢ়মনস ইত্যর্থঃ॥ ৮-০॥

চলিতেছে। এই ভাবিয়া আপনি যে সকলের শ্রেষ্ঠ নয়, তাহা জানিতে পারিল এবং শরীরে প্রবেশ করিয়া স্বকর্ত্তব্য কার্য্যে প্রবৃত্ত হইল॥ ৮॥

অনন্তর কর্ণ স্বীয় শ্রেষ্ঠতা বিজ্ঞাপনার্থ চেষ্টা আরম্ভ করিল। কর্ণ ভাবিল, আমি দেহ পরিত্যাগ করিলেই দেহ মৃতবৎ অকর্ম্মণ্য হইয়া পড়িবে, কাহারও কোন শক্তি থাকিবে না। ইহা মনে করিয়া কর্ণ স্বীয় ব্যাপার শ্রবণকার্য্য হইতে নিবৃত্ত হইল এবং সংবৎসর এইরূপে স্বীয় ব্যাপার পরিত্যাগ করিল, কিন্তু তাহাতে কাহারও কিছু হানি হইল না, ইহাদেখিয়া কর্ণ প্রত্যাগমনপূর্ব্বক প্রাণাদিকে কহিল, তোমরা আমার অভাবে কিরূপে জীবিত ছিলে? তখন প্রাণাদিরা প্রত্যুত্তর করিল, তুমি না থাকিলেই যে, শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইবে, তাহা মনে করিও না। তোমার অভাবে শরীর স্বচ্ছন্দরূপে বিদ্যমান আছে, যেমন বধির ব্যক্তি শ্রবণ করিতে পারে না, তথাপি জীবিত থাকিতে পারে। বধিরের শ্রবণ শক্তির অভাব হইলেও প্রাণবায়ু বহিতে থাকে, বাক্যদ্বারা কথা কহিতে পারে, চক্ষুদ্বারা দেখিতে পায়, মনদ্বারা চিন্তা করিতে পারে, সুতরাং দেহের কোন অনিষ্ট হইতে পারে না, সেইরূপ আমরা সকলেই জীবিত আছি। তখন কর্ণ জানিতে পারিল, আমার অভাবে দেহের কোন হানি নাই, তাহার সর্ব্ব কার্য্যই চলিতেছে। ইহা ভাবিয়া আপনি যে সকলের শ্রেষ্ঠ নয়, তাহা জানিতে পারিল এবং শরীরে প্রবেশ করিয়া আপন কর্ত্তব্য কার্য্যে প্রবৃত্ত হইল। ৯।

মনো হোচ্চক্রাম তৎসংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যো-
বাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি যথা বালা অমনসঃ
প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ
শ্রোত্রেণৈবমিতি প্রবিবেশ হ মনঃ ॥ ১০ ॥

অথ হ প্রাণ উচ্চিক্রমিষ্যন্ স যথা সুহয়ঃ পড়ীশ-

এবং পরীক্ষিতেষু বাগাদিষ্বথানন্তরং হ স মুখ্যঃ প্রাণ উচ্চিক্রমিষ্যন্নুৎক্রান্তমিচ্ছন্ কিমকরোদিত্যুচ্যতে। যথা লোকে সুহয়ঃ শোভনোঽশ্বঃ

অনন্তর মন স্বীয় শ্রেষ্ঠতা বিজ্ঞাপনার্থ চেষ্টা আরম্ভ করিল। মন ভাবিল, আমি দেহ পরিত্যাগ করিলেই শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইয়া পড়িবে। তাহা হইলে কাহারও কোন শক্তি থাকিবে না, ইহা ভাবিয়া মন স্বীয় ব্যাপার ভাবনা কার্য্যহইতে নিবৃত্ত হইল এবং সংবৎসর এইরূপে স্বব্যাপার পরিত্যাগ করিল, কিন্তু তাহাতে কাহারও কিছু হইল না। ইহা দেখিয়া মন প্রত্যাগমনপূর্ব্বক প্রাণাদিকে কহিল, তোমরা আমার অভাবে কিরূপে জীবিত ছিলে? তখন প্রাণাদিরা প্রত্যুত্তর করিল, তুমি নাথাকিলেই যে শরীর মৃতবৎ অকর্ম্মণ্য হইয়া পড়িবে, তাহা মনে করিও না। তোমার অভাবে শরীর স্বচ্ছন্দরূপে বিদ্যমান আছে, যেমন অল্পমনস্ক বালক সকল কোন বিষয় চিন্তা করিতে পারে না, তথাপি জীবিত থাকিতে পারে। বালকের চিন্তা শক্তির অভাব হইলেও প্রাণ বিদ্যমান থাকে, বাক্যদ্বারা কথা কহিতে পারে, চক্ষুদ্বারা দেখিতে পায়, কর্ণদ্বারা শ্রবণ করিতে থাকে, সুতরাং দেহের কোন অনিষ্ট হইতে পারে না, সেইরূপ আমরা সকলেই জীবিত আছি। তখন মন জানিতে পারিল, আমার অভাবে দেহের কোন হানি নাই, তাহার সর্ব্বকার্য্যই চলিতেছে। ইহা ভাবিয়া আপনি যে সকলের শ্রেষ্ঠ নয়, তাহা জানিতে পারিল এবং শরীরে প্রবেশ করিয়া আপন কর্ত্তব্য কার্য্যে প্রবৃত্ত হইল ॥ ১০ ॥

পূর্ব্বোক্ত প্রকারে বাক্ প্রভৃতি পরীক্ষিত হইলে মুখ্যপ্রাণ উৎক্রমণের উপক্রম করিলেন। যেমন উত্তম অশ্ব পাদবন্ধন শঙ্কু সকলের পরীক্ষার্থ

শঙ্কূন্ সঙ্খিদেদেবমিতরান্ প্রাণান্ সমখিদত্তদ্ধাভিসমেত্যোচুর্ভগবন্নেধি ত্বন্নঃ শ্রেষ্ঠোঽসি মোৎক্রমীরিতি ॥ ১১ ॥

অথ হৈনং বাগুবাচ যদহং বসিষ্ঠোঽস্মি ত্বং তদ্বসিষ্ঠোঽসীত্যথ হৈনং চক্ষুরুবাচ যদহং প্রতিষ্ঠাস্মি তং তৎপ্রতিষ্ঠাসীতি ॥ ১২ ॥

পড়্বীশশঙ্কূন্ পাদবন্ধনকীলান্ পরীক্ষণায়ারূঢ়েন কশয়া হতঃ সন্ সঙ্খিদেৎ সমুৎখনেৎ সমুৎপাটয়েৎ এবমিতরান্ বাগাদীন্ সমুৎখিদৎ সমুদ্ধৃতবান্। তে প্রাণাঃ সঞ্চালিতাঃ সন্তঃ স্বস্থানে স্থাতুমনুৎসহমানা অভিসমেত্য মুখ্যং প্রাণং তমূচুর্হে ভগবন্ এধি ভব নঃ স্বামী যস্মাত্ত্বং নোঽস্মাকং শ্রেষ্ঠোঽসি মা চাস্মদ্দেহাদুৎক্রমীরিতি ॥ ১১ ॥

অথ হৈনং বাগাদয়ঃ প্রাণস্য শ্রেষ্ঠত্বং কার্য্যেণাপাদয়ন্ত আহুর্ব্বলিমিব হরন্তো রাজ্ঞো বিশঃ। কথং বাক্ তাবদুবাচ যদহং বশিষ্ঠোঽস্মি যদিতি

আরোহী কর্ত্তৃক কশাঘাতে আহত হইয়া একদা সমুদায় শঙ্কু উৎপাটন করে, সেইরূপ প্রাণ একদা বাক্য প্রভৃতিকে সমুদ্ধৃত করিলেন। তখন প্রাণকর্ত্তৃক পরিচালিত হইয়া বাক্য প্রভৃতি সকলেই স্বস্থানে অবস্থিতি করিতে অশক্ত হইল এবং জানিতে পারিল প্রাণই সকলের প্রধান। অনন্তর সকলে সমবেত হইয়া মুখ্য প্রাণকে কহিল, ভগবন্! আপনিই আমাদিগের সকলের স্বামী এবং আপনিই আমাদিগের মধ্যে সকলের শ্রেষ্ঠ, আপনার উৎক্রমণের উপক্রমেই আমরা অবসন্ন হইতেছি, অতএব আপনি এই দেহ পরিত্যাগ করিবেন না। আমরা স্বীকার করিলাম, আপনিই সকলের জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ ॥ ১১ ॥

অনন্তর বাক্যপ্রভৃতিরা প্রাণের শ্রেষ্ঠতা কার্য্যরূপে প্রতিপাদনার্থ কহিতেছেন।—প্রথমতঃ বাক্য প্রাণকে কহিল, আমি সকলকে বশীভূত করি, কিন্তু তুমি আমারও বশীকারক। পরে চক্ষুঃ প্রাণকে কহিল, আমি সকলের প্রতিষ্ঠা, কিন্তু হে প্রাণ! তুমি আমারও প্রতিষ্ঠা স্বরূপ, অর্থাৎ

অথ হৈনঞ্ শ্রোত্রমুবাচ যদহঞ্ সম্পদস্মি ত্বং তৎ-সম্পদসীত্যথ হৈনং মন উবাচ যদহমায়তনমস্মি ত্বং তদায়নমসীতি ॥ ১৩ ॥

ন বৈ বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যা-

ক্রিয়াবিশেষণম্। যদ্বসিষ্ঠত্বগুণাস্মীত্যর্থঃ। ত্বং তদ্বসিষ্ঠস্তেন বসিষ্ঠত্বগুণেন ত্বং তদ্বসিষ্ঠোঽসি তদ্গুণস্ত্বমিত্যর্থঃ। অথবা তচ্ছব্দোঽপি ক্রিয়াবিশেষণমেব। ত্বংকৃতস্ত্বদীয়োঽসৌ বসিষ্ঠত্বগুণোঽজ্ঞানান্মমেতি ময়াভিমত ইত্যেতৎ। তথোত্তরেষু যোজ্যং ॥ ১২-১৩ ॥

চক্ষুঃ শ্রোত্রমনঃসু শ্রুতেরিদং বচো যুক্তমিদং বাগাদিভির্মুখ্যং প্রাণং প্রত্যভিহিতং যস্মান্ন বৈ লোকে বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীতি বাগাদীনি করণান্যাচক্ষতে লৌকিকা আগমজ্ঞা বা কিন্তর্হি প্রাণা ইত্যেবাচক্ষতে কথযন্তি যস্মাৎপ্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি বাগাদীনি

সমস্ত জগৎই চক্ষুতে প্রতিষ্ঠিত আছে, সেই চক্ষুও প্রাণেতে প্রতিষ্ঠিত থাকে ॥ ১২ ॥

অনন্তর শ্রোত্র প্রাণকে কহিল, আমি সকলের সম্পৎ। হে প্রাণ! তুমি আমারও সম্পৎস্বরূপ। তৎপরে মন প্রাণকে কহিল, আমি সকলের আয়তন, কিন্তু হে প্রাণ! তুমি আমারও আয়তন। অতএব বাক্য, চক্ষু, শ্রোত্র ও মন ইহারা সকলেই প্রাণের অধীন, প্রাণব্যতিরেকে কাহারও কোন শক্তিনাই, ইহাই প্রতিপন্ন হইল ॥ ১৩ ॥

চক্ষুঃ শ্রোত্র, মন প্রভৃতিতে যে উক্তরূপ শ্রুতিবাক্য আছে, তাহা যুক্তি সিদ্ধ জানিবে। যেহেতু বাক্য, চক্ষুঃ শ্রোত্র ও মন ইহাদিগের মধ্যে কাহারও শ্রেষ্ঠত্ব নাই, ইহারা সকলেই প্রাণের দ্বারস্বরূপ, এইনিমিত্ত লোকে ইহাদিগকে করণ বলিয়া থাকে, আর আগমজ্ঞ ব্যক্তিরা কেবল প্রাণকেই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করেন, যেহেতু প্রাণই এই বাক্য প্রভৃতি করণ রূপে প্রকাশ প্রায়, অতএব বাক্যপ্রভৃতিরাও প্রাণকে মুখ্য ও শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করিয়াছে। যদি বল বাক্য প্রভৃতি সকলই অচে-

চক্ষতে প্রাণা ইত্যেবাচক্ষতে প্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি ভবতি ॥ ১৪ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

যুক্ত হয় না, অগ্নিহোত্রাদিতে কর্ম্মবাহুল্য হইলেও উক্তদোষ সম্ভবিতে পারে না, যেহেতু তাহারা অপূত আছে। শত্রুমিত্র সংযোগ নিমিত্তই গৃহস্থদিগের রাগদ্বেষ এবং হিংসানুগ্রহ নিমিত্ত ধর্ম্মাধর্ম্ম হইয়া থাকে। কিন্তু হিংসা, অনৃত, মায়া ও অব্রহ্মার্য্য এই সকল ব্রহ্মবিশুদ্ধির কারণ হইলেও তাহাদিগের পক্ষে অপরিহার্য্য জানিবে। অতএব তাহাদিগের অপূতত্ব আছে, এই হেতুই তাহাদিগের উত্তরপথে গমন হয় না। আর অন্য, অর্থাৎ বানপ্রস্থ পরিব্রাজকগণের হিংসা, মায়া, অনৃত ও অব্রহ্মচর্য্যাদির পরিহারবশতই তাহারা শুদ্ধাত্মা এবং শত্রুমিত্র, রাগদ্বেষাদির অভাবহেতু তাহারা বিরজস্ক, এই নিমিত্ত তাহাদিগের উত্তরপথে গমনযুক্ত হইতেছে। পুরাণে উক্ত আছে যে, যাঁহারা প্রজা ইচ্ছা করেন, তাঁহা অধীর এবং শ্মশান ভজনা করিয়া থাকেন, আর যাঁহারা প্রজার অভিলাষ করেন না, তাঁহারাই জ্ঞানী এবং মুক্তিলাভ করিয়া থাকেন, এইরূপ জ্ঞানী গৃহস্থ ও অরণ্যবাসী উভয়েরই তুল্য পন্থা ও অমৃতত্বরূপ ফল সম্ভব হইল; সুতরাং অরণ্যবাসীদিগের বিদ্যা অনর্থক হইতেছে, তাহাহইলে শ্রুতিবিরোধ হইয়া উঠে। যেহেতু শ্রুতিতে

আভূতসংপ্লবং স্থানমমৃতত্বং হি ভাষ্যতে ইতি। যচ্চাত্যন্তিকমমৃতত্বং তদপেক্ষয়া ন তত্র দক্ষিণা যন্তি স এবমবিদিতো ন ভুনক্তীত্যাদ্যাঃ শ্রুতয় ইত্যতো ন বিরোধঃ। ন চ পুনরাবর্ত্তন্ত ইতীমং মানবমাবর্ত্তং ন বর্ত্তন্ত ইত্যাদিশ্রুতিবিরোধ ইতি চেৎ। ন ইমং মানবমিতি বিশেষণাত্তেষামিহ ন পুনরাবৃত্তিরস্তীতি চ। যদি হ্যেকান্তেনৈব নাবর্ত্তেরন্নিমং মানবমিহেতি চ বিশেষণমনর্থকং স্যাৎ। ইমমিহেত্যাকৃতিমাত্রমুচ্যত ইতি চেৎ। ন অনাবৃত্তিশব্দেনৈব নিত্যানাবৃত্তার্থস্য প্রতীতত্বাদাবৃত্তিকল্পনানর্থিকা। অত ইমমিহেতি চ বিশেষণার্থবত্ত্বাদ্ অন্যত্রাবৃত্তিঃ কল্পনীয়া। ন চ সদেকমেবাদ্বিতীয়মিত্যেবং প্রত্যয়বতাং মূর্দ্ধন্যা নাড্যার্চ্চিরাদিমার্গেণ গমনম্। ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি। তস্মাত্তৎসর্ব্বমভবৎ। ন তস্য প্রাণা উৎক্রামন্তি। অত্রৈব সমবলীয়ন্ত ইত্যাদিশ্রুতিশতেভ্যঃ। ন

লিখিত আছে যে, কখনও অজ্ঞানীরা তপস্যা করিলেও দক্ষিণমার্গ পায় না, অজ্ঞানী ব্যক্তি দক্ষিণমার্গ ভোগ করিতে পারে না, ইহাই বিরোধ দেখা যায়। তাহা নহে, কারণ যে স্থান হইতে পুনরাবৃত্তি হয় না, তাহাই অমৃতত্বরূপে বিবক্ষিত হইয়াছে। পৌরাণিকেরাও বলিয়াছেন যে, যেস্থানে ভূত সকলের সংপ্লব হয়, তাহাই অমৃত বলিয়া কথিত হয়। যাহা আত্যন্তিক অমৃতত্ব তদপেক্ষায়ই "অজ্ঞানী তপস্বীরা দক্ষিণমার্গ পায় না" ইত্যাদি শ্রুতি উক্ত আছে, অতএব কোন বিরোধ নাই। যদিও আপেক্ষিক অমৃতত্ব স্বীকার করিয়া পূর্ব্বোক্ত শ্রুতিবিরোধের মীমাংসা হউক, তথাপি শ্রুতিবিরোধদোষ নিবারণ অশক্য হইতেছে। যেহেতু মানব পুনরাবৃত্তি করে না, ইত্যাদি শ্রুতির সহিত বিরোধ দেখা যায়, ইহার মীমাংসা এই যে, উক্ত শ্রুতিতে এই মানবের পুনরাবৃত্তি হয় এইরূপ বিশেষণ পদপ্রয়োগহেতু কোন কোন মানবেরই পুনরাবৃত্তি নাই জানা যায়। যদি একান্তই সকল মানবের পুনরাবৃত্তি না হইত, তাহাহইলে "এই মানব" এই বিশেষণ পদপ্রয়োগ নিরর্থক হয়। তথাপি যদি "এই মানব" এই বিশেষণদ্বারা আকৃতিমাত্র বলা যায়, তাহাহইলেও অনাবৃত্তি শব্দদ্বারাই নিত্য অনাবৃত্তির প্রতীতিহেতু আবৃত্তি কল্পনা অনর্থক

তস্মাজ্জীবাদুচ্চিক্রমিষোঃ প্রাণা নোৎক্রামন্তি সহৈব গচ্ছন্তীত্যয়মর্থঃ কল্পত ইতি চেৎ। ন অত্রৈব সমবলীয়ন্ত ইতি বিশেষণানর্থক্যাৎ। সর্ব্বে প্রাণা অনুৎক্রামন্তীতি চ প্রাণৈর্গমনস্য প্রাপ্তত্বাৎ। তস্মাদুৎক্রামন্তীত্য-নাশঙ্কৈবৈষা। যদাপি মোক্ষস্য সংসারগতিবৈলক্ষণ্যাৎপ্রাণানাং জীবেন সহাগমনমাশঙ্ক্য তস্মান্নোৎক্রামন্তীত্যুচ্যতে তদাপ্যত্রৈব সমবলীয়ন্ত ইতি বিশেষণমনর্থকং স্যাৎ। ন চ প্রাণৈর্ব্বিযুক্তস্য গতিরুপপদ্যতে। জীবত্বং বা। সর্ব্বগতত্বাৎসদাত্মনো নিরবয়বত্বাৎ প্রাণসম্বন্ধমাত্রমেব হ্যগ্নি-বিস্ফুলিঙ্গবজ্জীবত্বং ভেদকারণমিতি। অতস্তদ্বিযোগে জীবত্বং গতির্ব্বা ন শক্যা পরিকল্পয়িতুম্। শ্রুতয়শ্চেৎপ্রমাণম্। ন চ সতোঽণুরবয়বঃ স্ফুটিতো জীবাখ্যঃ সদ্রূপঃ ছিদ্রীকুর্ব্বন্ গচ্ছতীতি শক্যং কল্পয়িতুম্। তস্মা-ত্তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতীতি সগুণব্রহ্মোপাসকস্য প্রাণৈঃ সহ নাড্যা গমনং

হইয়া উঠে, অতএব "এই মানবের আবৃত্তি হয় না" এই স্থলে "এই মানব" এই বিশেষণপদদ্বারা অন্যত্র আবৃত্তিকল্পনা করিতে হয়। আর যাহাঁরা আত্মাকে সৎ ও অদ্বিতীয় স্বীকার করেন, তাঁহাদিগের মতে মূর্দ্ধন্য নাড়ীদ্বারা আত্মা অর্চ্চিরাদিমার্গে গমন করে। এই মতেও কোন দোষ হইতে পারে না, কারণ "ব্রহ্ম হইয়াই ব্রহ্মকে লাভ করে" "সেই আত্মা হইতে সকল উৎপন্ন হইয়াছে" "তাহার প্রাণ উৎক্রমণ করে না" "এই আত্মাতে সকল লীন হয়" ইত্যাদি শতশত শ্রুতিতে সেই দোষের খণ্ডন হইয়া থাকে। জীব উৎক্রান্ত হইলে তাহা হইতে প্রাণ উৎক্রান্ত হয় না, এইরূপ অর্থকল্পনা করা যায় না, কারণ তাহাহইলে "এই আত্মা-তেই সকল লীন হয়" এই বিশেষণ নিরর্থক হয়। বিশেষতঃ "সকল প্রাণ উৎক্রান্ত হয় না" এই স্থলেও প্রাণদ্বারাই গমনপ্রাপ্ত হওয়া যায়। অত-এব "প্রাণ উৎক্রান্ত হয়" এই আশঙ্কাই হইতে পারে না। যখন মোক্ষ-সংসারগতি হইতে অতিরিক্ত প্রযুক্ত জীবের সহিত প্রাণের গতির আশঙ্কা হয়, অতএব প্রাণ উৎক্রান্ত হয় না বলা যায়, তখন "ইহাতেই প্রাণ লীন হয়" এই বিশেষণ অনর্থক হয়। কারণ প্রাণবিযুক্তের কোনরূপ গতি উপপন্ন হয় না। অথবা জীবের সর্ব্বগতত্ব এবং সর্ব্বদা আত্মার নিরবয়-

মাসেভ্যঃ সম্বৎসরং সম্বৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্র-

সাপেক্ষমেব চামৃতত্বম্। ন সাক্ষান্মোক্ষ ইতি গম্যতে। তদপরাজিতা-পূস্তদৈরং মদীয়ং সর ইত্যাদ্যুক্তম্ তেষামেবৈষ ব্রহ্মলোক ইতি বিশেষ-ণাৎ। অতঃ পঞ্চাগ্নিবিদো গৃহস্থা যে চেমেঽরণ্যে বানপ্রস্থাঃ পরিব্রাজ-কাশ্চ সহ নৈষ্ঠিকব্রহ্মচারিভিঃ শ্রদ্ধাতপ ইত্যেবমাদ্যুপাসতে। শ্রদ্দধানা-স্তপস্বিনশ্চেত্যর্থঃ। উপাসনশব্দতাৎপর্য্যার্থঃ। ইষ্টাপূর্ত্তদত্তমিত্যুপাসত ইতি যদ্বৎ। শ্রুত্যন্তরাদ্যে চ সত্যং ব্রহ্ম হিরণ্যগর্ভাখ্যমুপাসতে তে সর্ব্বেঽর্চ্চিষমর্চ্চিরভিমানিনীন্দেবতামভিসংবিশন্তি প্রতিপদ্যন্তে ॥ ১ ॥

সমানমন্যচ্চ চতুর্থগতিব্যাখ্যানেন। এষ দেবযানঃ পন্থা ব্যাখ্যাতঃ

বত্ত্বপ্রযুক্ত প্রাণসম্বন্ধমাত্রই অগ্নির বিস্ফুলিঙ্গের ন্যায় জীবত্বই ভেদ কারণ জানা যায়। অতএব প্রাণবিয়োগে চিদাত্মার গতি অথবা জীবত্ব কিছুই কল্পনা করা যায় না। যদি বল উক্ত কল্পনাতে শ্রুতি সকলই প্রমাণরূপে বিদ্যামান আছে, কখনও সৎ পদার্থের অণু অবয়ব স্ফুটিত হইয়া সৎ-স্বরূপ জীব ছিদ্রকরত গমন করে, ইহা কল্পনা করা যায় না। অতএব পঞ্চাগ্নিবিদ্ গৃহস্থ, বানপ্রস্থ, পরিব্রাজক, নৈষ্ঠিক ব্রহ্মচারী ইহারা সকলে শ্রদ্ধাই তপস্যা, এইরূপ জানিয়া উপাসনা করেন, অর্থাৎ তপস্বীরা সকলেই তপস্যাশীল হইয়া থাকেন, ইহাই উপাসনা শব্দর তাৎপর্য্যার্থ। ইষ্ট অর্থাৎ অগ্নিহোত্রাদি, পূর্ত্ত অর্থাৎ বাপীকূপ তড়াগাদিকরণ, দত্ত অর্থাৎ যথাশক্তি দ্রব্যত্যাগ এই সকল কার্য্যে যেমন উপাসনা হয়, সেইরূপ শ্রদ্ধাতেও তপ-শ্চরণ হইয়া থাকে। শ্রুত্যন্তরে জানা যায় যে, যাঁহারা হিরণ্যগর্ভাখ্য সত্যব্রহ্মের উপাসনা করেন। তাঁহারা সকলেই অর্চ্চিরভিমানিনী দেব-তাতে প্রবেশ করেন। এই অর্চ্চি হইতে দিন, পক্ষ ও মাস হইয়া থাকে, ইহার ছয় মাস উত্তরায়ণ অর্থাৎ উত্তরমার্গ ॥ ১ ॥

উক্ত মাসসকল হইতে সম্বৎসর, সম্বৎসর হইতে আদিত্য, আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎপ্রাপ্ত হয়। এইরূপে মানব ব্রহ্মেতে গমন করিয়া থাকে। ইহাই দেবযান পন্থা, এইরূপে চতুর্থগতি ব্যাখ্যানে

মসং চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষো মানবঃ স এনাং ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি ॥ ২ ॥

অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্ভবন্তি ধূমাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষা-

---

সত্যালোকাবসানো নাণ্ডাদ্বহিঃ। যদন্তরা পিতরং মাতরঞ্চেতি মন্ত্রবর্ণাৎ ॥ ২ ॥

অথেত্যর্থান্তরপ্রস্তাবনার্থো য ইমে গৃহস্থাঃ। গ্রাম ইতি গৃহস্থানামসাধারণং বিশেষণমরণ্যবাসিভ্যো ব্যাবৃত্ত্যর্থম্। যথা বানপ্রস্থপরিব্রাজকানামরণ্যং বিশেষণং গৃহস্থেভ্যো ব্যাবৃত্ত্যর্থং তদ্বৎ। ইষ্টাপূর্ত্তে ইষ্টমগ্নিহোত্রাদিবৈদিকং কর্ম্ম। পূর্ত্তং বাপীকূপতড়াগারামাদিকরণম্। দত্তং চ বহির্ব্বেদি যথা শক্ত্যার্হেভ্যো দ্রব্যসম্ভাগোদত্তম্। ইত্যেবং বিধং পরিচরণপরিত্রাণাদ্যুপাসতে ইতি শব্দস্য প্রকারদর্শনার্থত্বাৎ। তে দর্শনবর্জ্জিতত্বাদ্ধূমং ধূমাভিমানিনীং দেবতামাভিমুখ্যেন সম্ভবন্তি প্রতিপ-

---

দেবযান পন্থা ব্যাখ্যাত হইয়াছে। এই দেবযানরূপ পথদ্বারা ব্রহ্মাণ্ডের বহিঃস্থিত ব্রহ্মকে প্রাপ্ত হইবে না। যেহেতু ব্রহ্মাণ্ডবাহ্যে সত্যালোকাবসান হয় না। যেহেতু স্বর্গ ও পৃথিবী ইহাদিগের মধ্যেই জগতের কার্য্য হইয়া থাকে, এইরূপ মন্ত্রবর্ণ শ্রুতিতে জানা যায় ॥ ২ ॥

ইতিপূর্ব্বে "তুমি কি জান কিরূপে প্রজাসকল উৎপন্ন হইয়া পরলোকে গমন করে?" দেবযানোপদেশপ্রসঙ্গে এই প্রশ্নের প্রতিবচন ব্যাখ্যাত হইয়াছে, সম্প্রতি পিতৃযানোপদেশদ্বারা সেই প্রশ্নের সমাধান করিতে গ্রামবাসী ও অরণ্যবাসীর অবিশেষ আশঙ্কা করিয়া বলিতেছেন।—গৃহস্থ ও বানপ্রস্থ ইহাদিগের মধ্যে বিশেষ এই যে, গৃহস্থেরা গ্রামে বাস করে, আর বানপ্রস্থেরা অরণ্যনিবাসী। বানপ্রস্থ ও পরিব্রাজক ইহারা বনে বাস করে; সুতরাং বনবাসই গৃহস্থ হইতে বানপ্রস্থ ও পরিব্রাজকদিগের বিশেষ ধর্ম্ম বলিয়া জানা যায়। গৃহস্থগণ সপত্নীক হইয়া গ্রামে বাস করে, ঊর্দ্ধরেতা বানপ্রস্থ প্রভৃতির সপত্নীক বাসযুক্ত হয় না। গৃহস্থদিগেরই

দ্যান্ ষড়্দক্ষিণৈতি মাসাংস্তান্নৈতে সম্বৎসরমভিপ্রাপ্নুবন্তি ॥ ৩ ॥

দ্যান্তে। তয়াতিবাহিতা ধূমাদ্রাত্রিং রাত্রিদেবতাং রাত্রেরপরপক্ষদেবতাং এবমেব কৃষ্ণপক্ষাভিমানিনীমপরপক্ষাদ্যান্ ষণ্মাসান্ দক্ষিণা দক্ষিণাং দিশমেতি সবিতা। তান্ মাসান্ দক্ষিণায়নান্ ষণ্মাসাভিমানিনীর্দ্দেবতাঃ প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ। সঞ্চারিণ্যো হি ষণ্মাসদেবতা ইতি মাসানিতি বহুবচনপ্রয়োগস্তাসু নৈতে কর্ম্মিণঃ প্রকৃতাঃ সম্বৎসরং সম্বৎসরাভিমানিনীং দেবতামভিপ্রাপ্নুবন্তি। কুতঃ পুনঃ সম্বৎসরপ্রাপ্তিপ্রসঙ্গো যতঃ প্রতিষিধ্যতে। অস্তি হি সম্বৎসরস্য প্রসঙ্গোঽহোরাত্রাবয়বভূতে দক্ষিণোত্তরায়ণে তত্রার্চ্চিরাদিমার্গপ্রবৃত্তানামুদগয়নমাসেভ্যোঽবয়বিনঃ সম্বৎসরস্য

গ্রামবাস অসাধারণ ধর্ম্ম, উহা ঊর্দ্ধরেতোদিগের ধর্ম্ম নহে। যেমন গৃহস্থদিগের গ্রামে সপত্নীক বাস স্বধর্ম্ম এবং উহাদ্বারাই বানপ্রস্থ পরিব্রাজকদিগকে ব্যাবৃত্ত করা যায়, সেইরূপ ঊর্দ্ধরেতা বানপ্রস্থ পরিব্রাজকদিগের বনবাস স্বধর্ম্ম এবং উহাদ্বারা তাহাদিগকে গৃহস্থ হইতে পৃথক্ বলিয়া জানা যায়। গৃহস্থগণ অগ্নিহোত্রাদি বৈদিক কর্ম্ম, বাপীকূপ তড়াগাদিকরণ, শক্তি অনুসারে যোগ্যাপাত্রে দান এই সকল কর্ম্মদ্বারা উপাসনা, অর্থাৎ গুরুশুশ্রূষা ও রক্ষণ করিয়া থাকেন। অনন্তর তাঁহারা ধূমাভিমানিনী দেবতাকে পাইয়া থাকেন এবং সেই দেবতা-কর্ত্তৃক অতিবাহিত হইয়া ধূম হইতে রাত্রিদেবতা, রাত্রি হইতে শুক্ল কৃষ্ণপক্ষ দেবতা, এইরূপ ষণ্মাস উৎপন্ন হইয়া দক্ষিণাদিক্ প্রাপ্ত হয়, ইহাই দক্ষিণায়ণ, অর্থাৎ এই ছয়মাস সবিতা দক্ষিণদিকে অবস্থান করেন। ষণ্মাসাভিমানিনী দেবতারা এই ছয় মাসকে প্রাপ্ত হয়েন, যেহেতু ষণ্মাস দেবতারা সঞ্চারিণী। প্রকৃতকর্ম্মীরা সম্বৎসরাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়েন না কিরূপে সম্বৎসর প্রসঙ্গ হইতে পারে, যেহেতু সম্বৎসর প্রতিষিদ্ধ হইতেছে। কিন্তু সম্বৎসরের প্রসঙ্গ আছে, দক্ষিণায়ণ ও উত্তরায়ণ ইহারা এক সম্বৎসরেরই অবয়ব ভূত। তাহাতেও অর্চ্চিঃ প্রভৃতি মার্গপ্রবৃত্তদিগের উত্তরায়ণ মাস হইতে

মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশা-
চ্চন্দ্রমসমেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষ-
য়ন্তি ॥ ৪ ॥

প্রাপ্তিরুক্তা। অত ইহাপি তদবয়বভূতানাং দক্ষিণায়নমাসানাং প্রাপ্তিং শ্রুত্বা তদবয়বিনঃ সম্বৎসরস্যাপি পূর্ব্ববৎপ্রাপ্তিরাপন্নেত্যতস্তৎপ্রাপ্তিং প্রতিষিধ্যতে নৈতে সম্বৎসরমভিপ্রাপ্নুবন্তীতি ॥ ৩ ॥

মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমসম্। কোঽসৌ যস্তৈঃ প্রাপ্যতে চন্দ্রমা য এষ দৃশ্যতেঽন্তরিক্ষে সোমো রাজা ব্রাহ্মণানাং তদন্নং দেবানাং তং চন্দ্রমসমন্নং দেবতা ইন্দ্রাদয়ো ভক্ষয়ন্তি। অতস্তে ধূমাদিনা গত্বা চন্দ্রভূতাঃ কর্ম্মিণো দেবৈর্ভক্ষ্যন্তে নন্বনর্থায়েষ্টাদিকরণং যদন্নভূতা দেবৈর্ভক্ষ্যেরন্ নৈষ দোষঃ। অন্নমিত্যুপকরণমাত্রস্য বিবক্ষিতত্বাৎ। ন হি তে কবলোৎক্ষেপেণ দেবৈর্ভক্ষ্যন্তে। কিং তর্হ্যুপকরণমাত্রং দেবানাং ভবন্তি। তে স্ত্রীপশুভৃত্যাদিবৎ। দৃষ্টশ্চান্নশব্দ উপকরণেষু

অবয়বী সম্বৎসরের প্রাপ্তি উক্ত আছে। অতএব এই স্থলেও সেই সম্বৎসরের অবয়বস্বরূপ দক্ষিণায়ন মাস সকলের প্রাপ্তি শ্রবণ করিয়া অবয়বীভূত সম্বৎসরেরও পূর্ব্ববৎ প্রাপ্তি হইতে পারে। এই নিমিত্তই মাস সকল সম্বৎসরকে প্রাপ্ত হয় না এই বলিয়া প্রতিষেধ উক্ত হইয়াছে। ॥ ৩ ॥

মাসসকল হইতে পিতৃলোক, পিতৃলোক হইতে আকাশ, আকাশ হইতে চন্দ্রকে প্রাপ্ত হয়। কে প্রাপ্ত হয়? এই আশঙ্কায় বলিতেছেন।—এই যে আকাশে চন্দ্র দৃষ্ট হইতেছে, ইহাই সোমরাজা এবং ব্রাহ্মণদিগের অন্ন। ইন্দ্রাদি দেবতারাও এই অন্ন ভক্ষণ করিয়া থাকেন। অতএব ধূমাদিরূপে গমন করিয়া কর্ম্মিরা চন্দ্রভূত হইয়াথাকে, তাহাই দেবগণ ভক্ষণ করেন। এইক্ষণ এই আশঙ্কা হইতেছে যে যাগানুষ্ঠান অনর্থের নিমিত্ত হইতেছে। যেহেতু যাগাদিকর্ম্ম করিলে অন্নভূত হইতে হয় এবং সেই অন্ন দেবগণ ভক্ষণ করে; সুতরাং যাগাদিকার্য্য যে অনর্থের কারণ তাহাই দেখা যাইতেছে। এই আশঙ্কা হইতে পারে না, কারণ এইস্থলে অন্নশব্দ উপকরণমাত্রে বিব-

স্ত্রিয়োঽন্নং পশবোঽন্নং বিশোঽন্নং রাজ্ঞামিত্যাদি। ন চ তেষাং স্ত্র্যাদীনাং পুরুষোপভোগ্যত্বেঽপ্যুপভোগো নাস্তি। তস্মাৎকর্ম্মিণো দেবতানামুপভোগ্যাপি সন্তঃ সুখিনো দেবৈঃ ক্রীড়ন্তে। শরীরঞ্চ তেষাং সুখোপভোগযোগ্যং চন্দ্রমণ্ডলে আপ্যমারভ্যতে। তদুক্তং পুরস্তাচ্ছ্রদ্ধা শব্দা আপো দ্যুলোকাগ্নৌ হুতাঃ সোমো রাজা সম্ভবতীতি তা আপঃ কর্ম্মসমবায়িন্য ইতরৈশ্চ ভূতৈরনুগতাঃ দ্যুলোকং প্রাপ্য চন্দ্রত্বমাপন্নাঃ শরীরাদ্যারম্ভিকা ইষ্টাদ্যুপাসকানাং ভবন্তি। অন্ত্যায়াঞ্চ শরীরাহুতাবগ্নৌ হুতায়ামগ্নিনা দহ্যমানে শরীরে তদুত্থা আপো ধূমেন সহোর্দ্ধং যজমানমাবেষ্ট্য চন্দ্রমণ্ডলং প্রাপ্য কুশমৃত্তিকাস্থানীয়া বাহ্যশরীরারম্ভিকা ভবন্তি ॥ ৪ ॥

ক্ষিত হইতেছে। দেবতারা তাহা গ্রাস করিয়া ভক্ষণ করেন না। উহা দেবতাদিগের উপকরণ মাত্র, ইহাই প্রতীত হয়। যেমন স্ত্রী, পশু, ভৃত্য, ইহারা সকলেই মনুষ্যের উপকরণ, সেইরূপ ঐ অন্ন সকলও দেবগণের উপকরণ জানিবে। স্ত্রী অন্ন ও পশু ইত্যাদিপ্রয়োগে অন্ন শব্দের উপকরণবাচকতা দৃষ্ট হয়। যদি বল, কর্ম্মীরা দেবতাদিগেরই উপকরণ হয়, তাহাদিগের উপভোগাভাবে যাগাদি অনর্থক হইতেছে, তাহা নহে। স্ত্রী প্রভৃতির পুরুষোপভোগ্যত্বসত্ত্বেই আপন উপভোগ স্বীকার আছে, অতএব কর্ম্মীরা দেবগণের উপভোগ্য হইয়াই দেবগণদ্বারা ক্রীড়া করিয়া থাকে। তাহাদিগের শরীরই সুখোপভোগ্য, উহা চন্দ্রমণ্ডলে বৃদ্ধি পায়। উক্ত আছে যে, প্রথমতঃ শ্রদ্ধাশব্দবাচ্য জল আকাশরূপ অগ্নিতে আহুত হইলে সোমরাজার সম্ভব হইয়া থাকে, পরে সেই জল কর্ম্ম সমব্যায়ী ও অন্যান্য ভূতগণের অনুগত হইয়া আকাশলোকে গমনপূর্ব্বক চন্দ্রত্ব প্রাপ্ত হয়, তাহাই ইষ্টোপাসকদিগের শরীরারম্ভক হইয়া থাকে। আর যখন অন্ত সময়ে অগ্নিতে শরীরাহুতি প্রদান করা যায় এবং অগ্নি শরীরকে দগ্ধ করে, তখন সেই শরীর হইতে উত্থিত জল ধূমরূপে যজমানকে আবেষ্টন করিয়া ঊর্দ্ধে চন্দ্রমণ্ডলে লইয়া যায় এবং তাহারাই কুশমৃত্তিকাস্থানীয় বাহ্য শরীরারম্ভক হয় ॥ ৪ ॥

তস্মিন্যাবৎসম্পাতমুষিত্বাথৈতমধ্বানং পুনর্নিবর্ত্তন্তে

তদারব্ধেন চ শরীরেণেষ্টাদিফলমুপভুঞ্জানা আসতে যাবত্তদুপভোগনিমিত্তস্য ক্ষয়ঃ কর্ম্মণঃ। সম্পতন্তি যেনেতি সম্পাতঃ কর্ম্মণঃ ক্ষয়ো যাবৎসম্পাতং যাবৎকর্ম্মণঃ ক্ষয় ইত্যর্থঃ। তাবত্তস্মিংশ্চন্দ্রমণ্ডলে উষিত্বা অথানন্তরমেতমেব বক্ষ্যমাণমধ্বানং মার্গম্ পুনর্নিবর্ত্তন্ত ইতি প্রয়োগাৎপূর্ব্বমপ্যসকৃচ্চন্দ্রমণ্ডলং গতা নিবৃত্তাশ্চাসন্নিতি গম্যতে। তস্মাদিহ লোকে ইষ্টাদিকর্ম্মোপচিত্য চন্দ্রং গচ্ছন্তি। তৎক্ষয়ে চাবর্ত্তন্তে ক্ষণমাত্রমপি তত্র স্থাতুং ন লভ্যতে। স্থিতিনিমিত্তকর্ম্মক্ষয়াৎ। স্নেহক্ষয়াদিব প্রদীপস্য। কিং তত্র যেন কর্ম্মণা চন্দ্রমণ্ডলমারূঢ়স্তস্য সর্ব্বস্য ক্ষয়ে তস্মাদবরোহণং কিং বা সাবশেষ ইতি কিন্তুতঃ যদি সর্ব্বস্যৈব ক্ষয়ঃ কর্ম্মণশ্চন্দ্রমণ্ডলস্থস্যৈব মোক্ষঃ প্রাপ্নোতীতি। তিষ্ঠতু তাবত্তত্রৈব মোক্ষঃ স্যান্ন-

---

অনন্তর সেই আরব্ধ শরীরদ্বারা যাগাদির ফলভোগ করিতে থাকে। যাবৎ সেই উপভোগ নিমিত্ত কর্ম্মের ক্ষয় না হয়, তাবৎ সেই ফলভোগ করে, অতএব শরীরই ভোগায়তন। কর্ম্মক্ষয়পর্য্যন্ত চন্দ্রমণ্ডলে বাস করিয়া অনন্তর পুনর্ব্বার বক্ষ্যমাণমার্গে প্রতিনিবৃত্ত হয়, ইহাতে জানা যায় যে, বারম্বার চন্দ্রমণ্ডলে গমন এবং পুনঃ পুনঃ তথাহইতে নিবৃত্ত হইয়া থাকে। এই নিমিত্ত ইহলোকে যাগাদিকর্ম্ম করিয়া চন্দ্রলোকে গমন করে এবং সেই যাগাদিকর্ম্মজন্য ফলক্ষয় হইলে তৎক্ষণাৎ ইহলোকে আবর্ত্তন করে, কর্ম্মক্ষয় হইলে আর ক্ষণমাত্র কেহ তথাতে অবস্থান করিতে পারে না। যেহেতু যেমন তৈলক্ষয় হইলে প্রদীপের স্থিতি হয় না, সেইরূপ কর্ম্মফল ক্ষয় হইলে আর চন্দ্রলোকে অবস্থিতি হইতে পারে না। এইক্ষণ এই আশঙ্কা হইতেছে যে, যে কর্ম্মদ্বারা চন্দ্রমণ্ডলে আরোহণ করে, তাহার সমুদায় ক্ষয় হইলে তথা হইতে আরোহণ হয়? কি তদতিরিক্ত অন্যান্য যাবতীয় কর্ম্মক্ষয় হইলে চন্দ্রমণ্ডল হইতে নিবৃত্ত হইয়া থাকে? যদি সর্ব্ব কর্ম্মক্ষয়ে মোক্ষ হয়, ইহা স্বীকার কর, তাহাহইলে চন্দ্রমণ্ডলস্থ ব্যক্তিরই মোক্ষ হইতে পারে এবং সেই ব্যক্তি চন্দ্রমণ্ডলেই

যথেতমাকাশমাকাশাদ্বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাভ্রং ভবতি ॥ ৫ ॥

বেতি। তত আগতস্যেহ শরীরোপভোগাদি ন সম্ভবতি। ততঃ শেষেণেত্যাদিস্মৃতিবিরোধশ্চ স্যাৎ। নন্বিষ্টাপূর্ত্তদত্তব্যতিরেকেণাপি মনুষ্যলোকে শরীরোপভোগনিমিত্তানি কর্ম্মাণ্যনেকানি সম্ভবন্তি ন চ তেষাং চন্দ্রমণ্ডল উপভোগঃ। অতঃ ক্ষীণানি তানি। যন্নিমিত্তং চন্দ্রমণ্ডলমারুঢ়স্তান্যেব ক্ষীণানীত্যবিরোধঃ। শেষশব্দশ্চ সর্ব্বেষাং কর্ম্মত্বসামান্যাদবিরুদ্ধঃ। অতএব চ তত্রৈব মোক্ষঃ স্যাদিতি দোষাভাবঃ। বিরুদ্ধানেকযোন্যুপভোগফলানাঞ্চ কর্ম্মণামেকৈকস্য জন্তোরারম্ভকত্বসম্ভবাৎ। ন চৈকস্মিঞ্জন্মনি সর্ব্বকর্ম্মণাং ক্ষয় উপপদ্যতে। ব্রহ্মহত্যাদেশ্চৈকস্য কর্ম্মণোঽনেকজন্মারম্ভকত্বস্মরণাৎ। স্থাবরাদিপ্রাপ্তানাঞ্চাত্যন্তমূঢ়ানামুৎকর্ষহেতোঃ কর্ম্মণ আরম্ভ-

---

থাকুক, মোক্ষ হউক আর না হউক কিছুতেই বিশেষ নাই। কারণ চন্দ্রমণ্ডল হইতে আগতের শরীরগ্রহণ ও শুভাশুভাদি ফলভোগ সম্ভবে না; সুতরাং যুক্তি বিরোধ হইল। আর কর্ম্মশেষে মোক্ষ স্বীকার করিলে যুক্তিবিরোধ বিশেষতঃ স্মৃতিবিরোধও ঘটিয়া উঠে। চন্দ্রলোকে ভোক্তব্য কর্ম্মের ভোগদ্বারা ক্ষয় হইলে অবশিষ্ট অনুপভুক্ত কর্ম্মদ্বারা জন্ম প্রতিপাদিত হয়, এইরূপ স্মৃতিতে লিখিত আছে। এইক্ষণ সর্ব্বকর্ম্ম ক্ষয় স্বীকার করিলে উক্ত স্মৃতির বিরোধ হইতেছে। যদি বল, অগ্নিহোত্রাদি যাগ, বাপীকূপ তড়াগাদিকরণ ও দানাদি ব্যতিরিক্ত মনুষ্যলোকে শরীরোপভোগনিমিত্ত অনেকানেক কর্ম্ম আছে, তাঁহাদিগের চন্দ্রমণ্ডলে উপভোগ হয় না। অতএব তাহারাই ক্ষীণ হইয়া থাকে [redacted] যে নিমিত্ত চন্দ্রমণ্ডলে আরোহণ হয়, সেই সকল কর্ম্মই ক্ষীণ হইয়া থাকে, অতএব স্মৃতিবিরোধদোষ নিবারিত হইতেছে। অতএব তাহাতেই মোক্ষ হয়, এইরূপে দোষাভাব প্রতিপন্ন হইল। আর যে যে কর্ম্ম বিরুদ্ধ, অর্থাৎ যাহাদিগের কর্ম্মফল অনেক যোনিতে উপভোগ্য, তাহারাও এক জন্মের আরম্ভক হইতে পারে। কখনও এক জন্মেতে সর্ব্বকর্ম্মক্ষয় উপপন্ন হয়

কত্বাসম্ভবাৎ। গর্ভভূতানাঞ্চ ভ্রংসমানানাং কর্ম্মাসম্ভবে সংসারানুপপত্তিঃ। তস্মান্নৈকস্মিন্ জন্মনি সর্ব্বেষাং কর্ম্মণামুপভোগঃ। যত্তু কৈশ্চিদুচ্যতে সর্ব্বকর্ম্মাশ্রয়োপমর্দ্দেন প্রায়েণ কর্ম্মণাং জন্মারম্ভকত্বম্। তত্র কানিচিৎ-কর্ম্মণ্যনারম্ভকত্বেনৈব তিষ্ঠন্তি কানিচিজ্জন্মান্তরমারভন্ত ইতি নোপপদ্যতে। মরণঞ্চ সর্ব্বকর্ম্মাভিব্যঞ্জকত্বাৎ স্বগোচরাভিব্যঞ্জকপ্রদীপবদিতি। তদসৎ সর্ব্বস্য সর্ব্বাত্মকত্বাভ্যুপগমাৎ। ন হি সর্ব্বস্য সর্ব্বাত্মকত্বে দেশকালনিমিত্তা-বিরুদ্ধত্বাৎ সর্ব্বাত্মনোপমর্দ্দঃ। কস্যচিৎকচিদভিব্যক্তির্ব্বা সর্ব্বাত্মনোপপ-দ্যতে। তথা কর্ম্মণামপি সাশ্রয়াণামুপমর্দ্দো ভবেৎ। যথা চ পূর্ব্বানু-ভূতমনুষ্যময়ূরমর্কটাদিজন্মাভিলংস্কৃতাবিরুদ্ধানেকবাসনা মর্কটত্বপ্রাপকেন কর্ম্মণা মর্কটজন্মারম্ভমাণেন নোপমৃদ্যন্তে তথা কর্ম্মাণাপ্যন্যজন্মপ্রাপ্তি-

---

না। যেহেতু ব্রহ্মহত্যাদি এক কর্ম্মই অনেক জন্মের আরম্ভক হয়। স্থাবরাদি যোনিপ্রাপ্ত অত্যন্ত মূঢ়দিগের উৎকর্ষহেতু কর্ম্মের শরীরারম্ভকত্ব নাই এবং যাহারা গর্ভ হইতে পতিত হয়, তাহাদিগের কর্ম্ম অসম্ভবপ্রযুক্ত সংসারেরই অনুপপত্তি হয়, অতএব এক জন্মেতে সর্ব্বকর্ম্মের উপভোগ হইতে পারে না। কেহ কেহ বলেন যে, প্রায়শই সর্ব্বকর্ম্মাশ্রয়ের বিনাশ হইলেই কর্ম্মের জন্মারম্ভকত্ব হইতে পারে, তাহাতে জানা যায় যে, কোন কোন কর্ম্ম জন্মারম্ভক আর কোন কোন কর্ম্ম জন্মান্তরের আরম্ভক হয় না। ইহা উপপন্ন হইতেছে না। যেহেতু মরণই সর্ব্বকর্ম্মের অভিব্যঞ্জক। যেমন প্রদীপ স্বগোচর পদার্থই প্রকাশ করে, সেইরূপ মরণকালে প্রতি-বন্ধকাভাবহেতু সর্ব্বকর্ম্মের আশ্রয়ীভূত শরীরের বিনাশপ্রযুক্ত তাহাদিগের উত্তর শরী[illegible]ন্তকত্ব অবিরুদ্ধ। ইহা সৎকল্প নহে, কারণ মরণকালে যে সকল কর্ম্ম প্রকাশ পায়, তাহারাই উত্তর শরীরের আরম্ভক হইয়া থাকে। "সকলই সকলের কারণ ও কার্য্য হয়," এই ন্যায়বশত সকলের সর্ব্বাত্মকত্বপ্রযুক্ত কোন পদার্থেরও সাকল্যরূপে বিনাশ সম্ভবেনা এবং আশ্রয়যুক্ত সকল কর্ম্মের বিনাশ হইতে পারে। যেমন পূর্ব্বানুভূত মনুষ্য-ময়র মর্কটাদি জন্মসম্পাদিত অবিরুদ্ধ যে অনেক বাসনা হয়, তাহা মর্কট-ত্বাদি প্রাপক কর্ম্মদ্বারা বিনষ্ট হয় না, সেইরূপ অন্য জন্মপ্রাপ্তি নিমিত্ত

নিমিত্তানি নোপমৃদ্যন্ত ইতি যুক্তম্। যদি হি সর্ব্বাঃ পূর্ব্বজন্মানুভববাসনা উপমৃদ্যেরন্ মর্কটাদিজন্মনিমিত্তেন কর্ম্মণা মর্কটজন্মারম্ভে মর্কটস্য জাতমাত্রস্য মাতুঃ শাখায়াঃ শাখান্তরগমনে মাতুরুদরসংলগ্নত্বাদিকৌশলং ন প্রাপ্নোতি। ইহ জন্মন্যনভ্যস্তত্বাৎ। ন চাতীতানন্তরজন্মনি মর্কটত্বমেবাসীত্তস্যেতি শক্যং বক্তুম্। তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্ব্বপ্রজ্ঞা চেতি শ্রুতেঃ। তস্মাদ্বাসনাসন্নাশেষকর্ম্মোপমর্দ্দ ইতি শেষকর্ম্মসম্ভবঃ। যত এবং তস্মাচ্ছেষেণোপযুক্তাৎ কর্ম্মণঃ সংসারঃ উপপদ্যত ইতি ন কশ্চিদ্বিরোধঃ। কোঽসাবধ্বা যং প্রতি নিবর্ত্তন্ত ইত্যুচ্যতে। যথেতং যথাগতং নিবর্ত্তন্তে। নন্বু মাসেভ্যঃ পিতৃলোকঃ পিতৃলোকাদাকাশমাকাশাচ্চান্দ্রমসমিতি গমনক্রম উক্তো ন তথা নিবৃত্তিঃ। কিন্তর্হ্যাকাশাদ্বায়ুমিত্যাদি কথং যথেতমিত্যুচ্যতে। নৈষ দোষঃ। আকাশপ্রাপ্তেস্তল্যত্বাৎ পৃথিবী-

---

কর্ম্মসকলও নিবারিত হয় না, ইহাই যুক্তিযুক্ত। যদি পূর্ব্বজন্মানুভূত সর্ব্ব বাসনাই বিনষ্ট হয়, তথাপি মর্কটাদি জন্মনিমিত্ত কর্ম্মদ্বারা মর্কট জন্মের আরম্ভ হইলে মর্কটের জন্মমাত্রই তাহার মাতার ন্যায় শাখা হইতে শাখান্তর গমনে মাতার উদর সংলগ্নত্বাদি কৌশল জানিতে পারে না। কারণ তাহাদিগের ঐ কৌশল ইহজন্মে অভ্যস্ত নাই। আর তাহারা যে অতীত কিম্বা আগামী জন্মে মর্কটই ছিল, তাহাও বলিতে পার না। যে হেতু শ্রুতিপ্রমাণে জানা যায় যে, বিদ্যা, কর্ম্ম ও প্রজ্ঞা ইহারা কর্ত্তার সহিত আরম্ভক হয়। অতএব জানা যায় যে, বাসনাবশতই অশেষ কর্ম্মের বিনাশ হয় না; সুতরাং কর্ম্মশেষ সম্ভব আছে। যেহেতু এইরূপ মীমাংসিত হইল, অতএব ভোগাবশিষ্ট কর্ম্ম হইতেই সংসার উপপন্ন হয়, অতএব শ্রৌত, স্মার্ত্ত, যৌক্তিক অথবা লৌকিক কোনরূপ বিরোধ নাই। এইক্ষণ জিজ্ঞাস্য এই যে, কাহাকে প্রকৃতপন্থা বলা যায়, ইহার উত্তর এই যে, যাহা আশ্রয় করিলে নিবৃত্ত হইতে পারে, তাহাই প্রকৃত পন্থা। মাসসকল হইতে পিতৃলোক, পিতৃলোক হইতে আকাশ, আকাশ হইতে চন্দ্রকে প্রাপ্ত হয়, এইরূপ যে গমনক্রম উক্ত আছে এবং চন্দ্রমণ্ডলস্থ জল সকল বায়ু হইয়া ধূম হয় এবং ধূম হইতে অভ্র হইয়া থাকে। এইরূপে

অভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি ত ইহ ব্রীহি যবা ওষধিবনস্পতয়স্তিলমাষা ইতি জায়ন্তে-

---

প্রাপ্তেশ্চ। ন চাত্র যথেতমেবেতি নিয়মোনৈবংবিধমপি নিবর্ত্তন্তে পুনর্নিবর্ত্তন্ত ইতি তু নিয়মঃ। অত উপলক্ষণার্থমেতদ্যথেতমিতি। অতো ভৌতিকমাকাশং তাবৎপ্রতিপদ্যন্তে ॥ ৫ ॥

যান্তেষাং চন্দ্রমণ্ডলে শরীরারম্ভকা আপ আসংস্তান্তেষাং তত্রোপভোগনিমিত্তানাং কর্ম্মণাং ক্ষয়ে বিলীয়ন্তে। ঘৃত সংস্থানমিবাগ্নিসংযোগে তা বিলীনা অন্তরিক্ষাদ্বায়ুর্ভবন্তি। বায়ুপ্রতিষ্ঠা বায়ুভূতা ইতশ্চামুতশ্চোহ্যমানাস্তাভিঃ সহ ক্ষীণকর্ম্মা বায়ুভূতো ভবতি। বায়ুর্ভূত্বা তাভিঃ সহৈব ধূমো ভবতি। ধূমো ভূত্বাভ্রং অবভরণমাত্ররূপো ভবতি। অভ্রং ভূত্বা ততঃ সেচনসমর্থো মেঘো ভূত্বা উন্নতেষু প্রদেশেষ্বথ প্রবর্ষতি। বর্ষধারারূপেণ শেষকর্ম্মা পততীত্যর্থঃ। ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাষা ইত্যোবম্প্র

ক্রমে জগৎ উৎপন্ন হয়, তবে আকাশাদিক্রম কিরূপে সঙ্গত হইতে পারে, এই দোষ গ্রাহ্য নহে, কারণ আকাশ প্রাপ্তি ও পৃথিবী-প্রাপ্তি উভয়ের তুল্যতা আছে। আর আকাশাদি উৎপত্তিক্রম এইরূপে নিবৃত্তি হয় না, অতএব ভৌতিক আকাশই প্রতিপন্ন হইতেছে ॥ ৫ ॥

চন্দ্রমণ্ডলেতে যে শরীরারম্ভক জল আছে, উপভোগ নিমিত্ত কর্ম্মক্ষয় হইলে তাহা লীন হয়। অগ্নিসংযোগে ঘৃতের ন্যায় অন্তরীক্ষস্থ জলসকল সূক্ষ্ম হইয়া থাকে। অনন্তর সেই জল অন্তরীক্ষে থাকিয়া বায়ুরূপে পরিণত হয়, যাহা বায়ুতে অবস্থিত ও বায়ুভূত, তাহা ইহলোকে ও পরলোকে বাহিত হইয়া থাকে, তাহাদিগের সহিত জীব ক্ষীণকর্ম্মা হইয়া বায়ুভূত হইয়া থাকে এবং বায়ু হইয়াই তাহাদিগের সহিত ধূম হয়, আর ধূম হইয়া অভ্র, অর্থাৎ জলধারক রূপমাত্র হয়, অনন্তর অভ্র হইতে মেঘ, অর্থাৎ সেচনকারী, অথবা বর্ষপ্রদ হয়। পরে ঐ মেঘ উন্নত প্রদেশে বর্ষণ করিতে থাকে, অর্থাৎ বর্ষধারকরূপে শেষকর্ম্মা ব্যক্তি পতিত হয়। অনন্তর সেই বর্ষজন্য জলসকল ব্রীহি, যব, ওষধি, বনস্পতি, তিল, মাষ ইত্যাদিপ্রকারে

হতো বৈ খলু দুর্নিষ্প্রপতরং যো যো হ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি তদ্ভূয় এব ভবতি ॥ ৬ ॥

কারো ক্ষীণকর্ম্মাণো জায়ন্তে। ক্ষীণকর্ম্মণামনেকত্বাদ্বহুবচননির্দ্দেশঃ। মেঘাদিষু পূর্ব্বেষ্বেকরূপত্বাদেকবচননির্দ্দেশঃ। যস্মাদিগরিতটদুর্গনদীসমুদ্রারণ্যমরুদেশাদিসন্নিবেশসহস্রাণি বর্ষধারাভিঃ পতিতানাম্। অতস্তস্মাদ্ধেতোর্ব্বৈ খলু দুর্নিষ্প্রপতরং দুর্নিষ্ক্রমণং দুর্নিঃসরণম্। যতো গিরিতটাদুদকস্রোতসোহ্যমানা নদীঃ প্রাপ্নুবন্তী ততঃ সমুদ্রম্। ততো মকরাদিভির্ভক্ষ্যন্তে। তেঽপ্যন্যেন। তত্রৈব চ সহ মকরেণ সমুদ্রে বিলীনাঃ সমুদ্রাম্ভোভির্জ্জলধরৈরাকৃষ্টাঃ পুনর্ব্বর্ষধারাভির্মরুদেশে শিলাতটে বাগম্যে পতিতাস্তিষ্ঠন্তি কদাচিদ্ব্যালমৃগাদিপীতাভক্ষিতাশ্চান্যৈঃ। তেঽপ্যন্যৈরিত্যেবম্প্রকারাঃ পরিবর্ত্তেরন্। কদাচিদভক্ষ্যেষু স্থাবরেষু জাতাস্তত্রৈব শুষ্যেরন্। ভক্ষ্যে-

---

কর্ম্মা হইয়া উৎপন্ন হয়। যেহেতু পতিত জলধারাদ্বারাই গিরিতট, দুর্গনদী, সমুদ্র, অরণ্য, মরুদেশাদি সহস্র সহস্র সন্নিবেশ হইয়াছে। অতএব জলের নিঃসরণ অতি দুষ্কর। গিরিতট হইতে জল স্রোত কর্ত্তৃক বাহিত হইয়া নদীকে প্রাপ্ত হয়। অনন্তর সমুদ্রে প্রবেশ করে। পরে সেই জলমকরাদি জলচরগণ ও অন্যান্য জন্তুরা ভক্ষণ করিয়া থাকে। সেই সমুদ্রেই মকরের সহিত বিলীন হইয়া সমুদ্রজলের সহিত জলধর-কর্ত্তৃক আকৃষ্ট হয়, পুনর্ব্বার বর্ষধারায় মরুদেশে, গিরিতটে, অথবা অগম্য স্থানে পতিত হইয়া বর্ত্তমান থাকে, কখন বা সর্পমৃগাদিরা পান করে ও অন্যান্য জন্তুগণ ভক্ষণ করিয়া থাকে। এই প্রকারে অন্যান্য জন্তু কর্ত্তৃক ভক্ষিত হইয়া পরিবর্ত্তন হয়, কদাচিৎ অভক্ষ্য স্থাবরপদার্থে পতিত হইয়া তাহাতেই শুষ্ক হইয়া যায়। আর ভক্ষ্যমাণ স্থাবরেতে জাত হইলে রেতঃসেকবশত দেহাদিরূপে পরিণত হয়, অতএব এই জলের সম্বন্ধ পরিজ্ঞান অতিদুর্ল্লভ, স্থাবরাদি অনন্ত পদার্থে আশক্ত হইয়া সেই জল নানারূপে পরিবর্ত্তিত হইয়া থাকে। এই নিমিত্তই জলের পরিণাম দুর্ব্বিজ্ঞেয় বলিয়া উক্ত হইয়াছে। অথবা এই জল হইতে ব্রীহিযবাদি উৎপন্ন হইয়া বিবিধ-

ঽপি স্থাবরেষু প্রজাতানাং রেতঃ সিগ্দেহসম্বন্ধো দুর্লভ এব। বহুত্বাৎ স্থাবরাণামিতি। অতো দুর্নিষ্ক্রমণত্বম্। অথবাতোঽস্মাদ্ব্রীহিয়বাদিভাবাদ্দুর্নিষ্প্রপতরং দুর্নিগমনতরম্। দুর্নিষ্প্রপতরমিতি তকার একো লুপ্তো দ্রষ্টব্যঃ। ব্রীহিযবাদিভাবো দুর্নিষ্প্রপততরস্তস্মাদপি দুর্নিষ্প্রপতরাদ্রেতঃ সিগ্দেহসম্বন্ধো দুর্নিষ্প্রপততর ইত্যর্থঃ। যস্মাদূর্দ্ধরেতোভির্ব্বালৈঃ পুংস্ত্বরহিতৈঃ স্থবিরৈর্ব্বা ভক্ষিতা অন্তরালে শীর্য্যন্তে। অনেকত্বাদন্নাদীনাম্। কদাচিৎকাকতালীয়ন্যায়েন রেতঃসিগ্ভির্ভক্ষ্যন্তে যদা তদা রেতঃসিগ্ভাবং গতানাং কর্ম্মণো বৃত্তিলাভঃ। কথং যো যো হ্যন্নমত্তি অনুশয়িভিঃ সংশ্লিষ্টং রেতঃসিক্ যশ্চ রেতঃ সিঞ্চত্যতুকালে যোষিতি তদ্ভূয় এব তদাকৃতিরেব ভবতি। রেতোরূপেণ তদবয়ব আকৃতিভূয়স্ত্বং ভূয় ইত্যুচ্যতে রেতোরূপেণ যোষিতি। রেতসো রেতঃসিগাকৃতিভাবিতত্বাৎ। সর্ব্বেভ্যোঽঙ্গেভ্যস্তেজঃ সম্ভূতমিতি হি শ্রুত্যন্তরাৎ। অতো রেতঃসিগাকৃতিরেব

রূপে পরিবর্ত্তন হয়, ইহাও দুর্ব্বিজ্ঞেয় জানিবে। যেহেতু ব্রীহিযবাদিভাবই দুর্জ্ঞেয় এবং তাহা হইতে রেতঃসেকাদি অন্যান্যরূপে যে পরিবর্ত্তিত হয়, তাহা সমধিক দুর্জ্ঞেয় হইতেছে। যেহেতু ঊর্দ্ধরেতা বালক ও পুংস্ত্বরহিত বৃদ্ধেরা ভক্ষণ করিলে তাহা শীর্ণ হইয়া যায়। কদাচিৎ কাকতালীয় ন্যায়ে রেতঃসেকাদিদ্বারাও ভক্ষণ হইয়া থাকে, সেই সময়ে রেতঃসেকভাবপ্রাপ্তদিগের কর্ম্মের বৃত্তিলাভ হয়। পরে অন্ন ভক্ষণ করে, সেই অন্ন অনুশায়াখ্য কর্ম্মদ্বারা সংশ্লিষ্ট হইয়া রেতোরূপে পরিণত হয়, আর যে ঋতুকালে স্ত্রীতে সেই রেতঃসেক করে সেই রেত পুনর্ব্বার সেককর্ত্তার আকার বিশিষ্ট হয়, সেককর্ত্তার অবয়বাকৃতি রেতোরূপে স্ত্রীতে প্রবেশ করে। আবার সেই রেতঃ তাহার আকৃতিবিশিষ্ট হইয়া উৎপন্ন হয়, শ্রুতিপ্রমাণে জানা যায় যে, সকল অঙ্গ হইতেই তেজঃসম্ভূত হয়। অতএব রেতঃসেকদ্বারা আকৃতি হয়। ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, পুরুষ হইতে পুরুষ উৎপন্ন হয়, গো হইতে গবাকৃতি জন্মে। এক জাতি হইতে জাত্যন্তরের উৎপত্তি হয় না। এই নিমিত্তই পুনর্ব্বার জন্ম হয়, ইহা যুক্তিযুক্ত বোধ হয়। যাহারা চন্দ্রমণ্ডলে আরোহণ না করিয়া ঘোর পাপ কর্ম্মদ্বারা

ভবতীত্যর্থঃ। তথা হি পুরুষাৎপুরুষো জায়তে গোর্গবাকৃতিরেব ন জাত্যন্তরাকৃতিস্তস্মাদ্যুক্তং তদ্ভূয় এব ভবতীতি। যে ত্বন্তেঽনুশয়িভ্যশ্চন্দ্রমণ্ডলমনারুহৈব পাপকর্ম্মভির্ঘোরৈর্ব্রীহিযবাদিভাবং প্রতিপদ্যন্তে পুনর্ম্মনুষ্যাদিভাবং গতাস্তেষাং নানুশায়িনামিব দুর্নিষ্প্রপতরং। কস্মাৎ কর্ম্মণা হি তৈর্ব্রীহিযবাদিদেহ উপাত্ত ইতি। তদুপভোগনিমিত্তক্ষয়ে ব্রীহ্যাদেস্তদ্দেহবিনাশে যথা কর্ম্মার্জ্জিতং দেহান্তরং নবং নবং জলূকাবৎ সংক্রমন্তে সবিজ্ঞানা এব। সবিজ্ঞানো ভবতি সবিজ্ঞানমেবানবক্রামতীতি শ্রুত্যন্তরাৎ। যদ্যপ্যুপসংহৃতকরণাঃ সন্তো দেহান্তরং গচ্ছন্তি তথাপি স্বপ্নবদ্দেহান্তরপ্রাপ্তিনিমিত্তকর্ম্মোদ্ভাবিতবাসনাজ্ঞানেন সবিজ্ঞানা এব দেহান্তরং গচ্ছন্তি। শ্রুতিপ্রামাণ্যাৎ। তথার্চ্চিরাদিনা ধূমাদিনা চ গমনম্। স্বপ্ন ইবোদ্ভূতবিজ্ঞানেন লব্ধবৃত্তিকর্ম্মনিমিত্তত্বাদ্গমনস্য। ন তথানুশয়িনাং ব্রীহ্যাদিভাবেন জাতানাঞ্চ সবিজ্ঞানমেব রেতঃ সিগ্‌যোষি-

---

ব্রীহিযবাদিভাব প্রাপ্ত হয়, পুনর্ব্বার মনুষ্যাদিভাব পাইয়া থাকে, তাহাদিগের কার্য্যগতি দুর্জ্ঞেয় নহে। যেহেতু কর্ম্মদ্বারাই তাহারা ব্রীহিযবাদি ভাব প্রাপ্ত হয় এবং সেই উপভোগের নিমিত্ত ক্ষয় হইলেই ব্রীহিযবাদি দেহেরও বিনাশ হয় এবং কর্ম্মার্জ্জিত নূতন নূতন দেহ পাইয়া থাকে, যেমন জলৌকা এক তৃণ পরিত্যাগ করিয়া তৃণান্তর গ্রহণ করে, সেইরূপ জীব কর্ম্মার্জ্জিত দেহপ্রাপ্ত হইয়া উপভোগ ক্ষয় হইলে দেহান্তর প্রাপ্ত হয়। শ্রুত্যন্তরপ্রমাণে জানাযায় যে, বিজ্ঞানবান্ হইয়াই অন্যত্র আক্রমণ করে, যদিও করণবিহীন হইয়া দেহান্তর গমন করে বটে, তথাপি স্বপ্নের ন্যায় দেহান্তর প্রাপ্তি নিমিত্ত কর্ম্মজন্য বাসনা জ্ঞানদ্বারা বিজ্ঞানের সহিতই দেহান্তরে গমন করিয়া থাকে; ইহাই শ্রুতিপ্রমাণে প্রকাশ পায়। এইরূপ জ্ঞানিদিগের অর্চ্চিরাদিদ্বারা ও কর্ম্মীদিগের ধূমাদিদ্বারা গমন হইয়া থাকে, যেহেতু স্বপ্নগত ব্যক্তির ন্যায় সকলের গমনই উৎপন্ন জ্ঞানদ্বারা লব্ধবৃত্তিক-কর্ম্ম নিমিত্তক। ব্রীহিযবাদিরূপে দাতাদিগের জ্ঞানপূর্ব্বক স্ত্রীশরীরে রেতঃসেক সম্বন্ধ উপপন্ন হয় না। চন্দ্রমণ্ডল হইতে অবরোহণ ও দেহান্তর গমন উভয়ই তুল্য। উভয়স্থলেই জলৌকাবন্ন্যায় আশ্রয়ান্তর গ্রহণ

দেহসম্বন্ধ উপপদ্যতে। ন হি স্ত্রীহাদিলবণকণ্ডনপেষণাদৌ চ সবিজ্ঞানানাং স্থিতিরস্তি। নমু চন্দ্রমণ্ডলাদপ্যবরোহতাং দেহান্তরগমনস্য তুল্যত্বাজ্জলূকাবৎসবিজ্ঞানতৈব যুক্তা। তথা সতি ঘোরো নরকানুভবঃ। ইষ্টাপূর্ত্তাদিকারিণাং চন্দ্রমণ্ডলত্বাদারভ্য প্রাপ্তো যাবৎ ব্রাহ্মণাদিজন্ম। তথা চ সত্যনর্থায়ৈবেষ্টাপূর্ত্তাদ্যুপাসনং বিহিতং স্যাৎ। শ্রুতেশ্চাপ্রামাণ্যং প্রাপ্তং বৈদিকানাং কর্ম্মণামনর্থানুবন্ধিত্বাৎ। ন বৃক্ষারোহণপতনবৎ বিশেষসম্ভবাৎ। দেহাদ্দেহান্তরং প্রতিপিৎসোঃ কর্ম্মণা লব্ধবৃত্তিত্বাৎ। কর্ম্মণোদ্ভাবিতেন বিজ্ঞানেন সবিজ্ঞানত্বং যুক্তম্। বৃক্ষাগ্রমারোহত ইব ফলং জিঘৃক্ষোঃ। তথার্চ্চিরাদিনা গচ্ছতাং সবিজ্ঞানত্বং ভবেৎ। ধূমাদিনা চ চন্দ্রমণ্ডলমারুরুক্ষতাং ন তথা চন্দ্রমণ্ডলাদবরুরুক্ষতাং বৃক্ষাগ্রাদিব পততাং সচেতনত্বম্। যথা চ মুদ্গরাদ্যভিহতানাং তদভিঘাতবেদনানিমিত্তসংমূর্চ্ছিতপ্রতিবন্ধকরণানাং স্বদেহেনৈব দেশাদ্দেশান্তরং নীয়-

---

করিয়া পূর্ব্বায়তন পরিত্যাগ করে। অতএব সেস্থলে সবিজ্ঞানতাই যুক্ত, তাহাহইলে ঘোরতর নরকানুভব হয়। যাগাদিকারিদিগের চন্দ্রমণ্ডল হইতে যাবৎ ব্রাহ্মণাদি যোনিপ্রাপ্তি হয়, তাবৎ তাহাদিগের ঘোরতর নরকভোগ হইয়া থাকে, তাহাহইলে যাগাদির অনুষ্ঠানদ্বারা উপাসনা অনর্থহেতু হইতেছে, এইরূপ হইলে বৈদিককর্ম্মের অনিষ্টানুবন্ধিত্বপ্রযুক্ত শ্রুতির অপ্রমাণ্য হয়। বৃক্ষেতে আরোহণ ও তথা হইতে অবরোহণের ন্যায় কোন বিশেষ সম্ভাবনা নাই। যেমন বুদ্ধিপূর্ব্বক বৃক্ষে আরোহণ করে এবং অজ্ঞানবশত তথা হইতে পতিত হয়, সেইরূপ চন্দ্রমণ্ডলে আরোহণকারীর জ্ঞানসত্ত্বেও তথা হইতে পতনকালে অবিজ্ঞান হয় না। দেহ হইতে দেহান্তরপ্রাপ্তিকামীদিগের কর্ম্মদ্বারাই বৃত্তিলাভ হয়। তাহাদিগের কর্ম্মোৎপন্ন বিজ্ঞানদ্বারাই সবিজ্ঞানত্ব যুক্ত হয়। যাহারা ফলগ্রহণে সমুৎসুক, তাহারাই বৃক্ষের অগ্রে আরোহণ করে। এইরূপ যাহারা অর্চ্চিরাদিদ্বারা গমন করে, তাহাদিগের সবিজ্ঞানতা হইতে পারে। আর যাহারা ধূমাদিরূপে চন্দ্রমণ্ডলে গমন করে, তাহাদিগের সেইরূপ সম্ভব নাই। যাহারা চন্দ্রমণ্ডল হইতে অবরোহণ করে, তাহাদিগেরও বৃক্ষাদি

সানানাং বিজ্ঞানশূন্যতা দৃষ্টা তথা চন্দ্রমণ্ডলাদ্যানুষাদিদেহান্তরং প্রত্যবরুরুক্ষতাং স্বর্গভোগনিমিত্তকর্ম্মক্ষয়াদ্যুদিত্যাদ্দেহানাং প্রতিবন্ধকরণানাম্। অতস্তেঽপরিত্যক্তদেহবীজভূতাভিরদ্ভির্মূর্চ্ছিতা ইবাকাশাদিক্রমেণেমামবরুহ্য কর্ম্মনিমিত্তজাতিস্থাবরদেহৈঃ সংশ্লিষ্যন্তে। প্রতিবন্ধকরণতয়ানুদ্ভূতবিজ্ঞানা এব। তথা লবণকণ্ডনপেষণসংস্কারভক্ষণরসাদিপরিণামরেতঃসেককালেষু মূর্চ্ছিতবদেব দেহান্তরারম্ভকস্য কর্ম্মণোঽলব্ধবৃত্তিত্বাৎ। দেহবীজভূতাপ্সম্বন্ধাপরিত্যাগেনৈব সর্ব্বাস্ববস্থাসু বর্ত্তন্ত ইতি জলূকাবচ্চেতনাবত্ত্বং ন বিরুধ্যতে। অন্তরালে ত্ববিজ্ঞানং মূর্চ্ছিতবদেবেত্যদোষঃ। ন চ বৈদিকানাং কর্ম্মণাং হিংসাযুক্তত্বেনোভয়হেতুত্বং শক্যমনুমাতুম্।

হইতে পতিতের ন্যায় সচেতনত্ব জানা যায়। যাহারা বৃক্ষ হইতে অবরোহণ করে, সেই সকল জীবের বিজ্ঞানশূন্যতা উক্ত হইয়াছে, তাহাদিগের চৈতন্যস্বভাবহেতু বৃক্ষহইতে পতনকালেও বিজ্ঞান থাকে। যেমন মুদ্গরাভিহত ব্যক্তি মুদ্গরাঘাতজন্য বেদনাবশত মূর্চ্ছিত ও ইন্দ্রিয়বিহীন হইয়া স্বদেহের সহিত দেশান্তরে নীয়মান হয়। তখন তাহাদিগের বিজ্ঞান শূন্যতা দৃষ্ট হইতে থাকে, সেইরূপ চন্দ্রমণ্ডল হইতে মনুষ্যাদি দেহান্তরে অবরোহণকারীদিগের স্বর্গভোগ নিমিত্ত কর্ম্মক্ষয়হেতু দেহ নষ্ট এবং করণ সকল অবরুদ্ধ হইয়া যায়। অতএব তাহারা অপরিত্যক্ত দেহ বীজভূত জলদ্বারা মূর্চ্ছিতের ন্যায় আকাশাদিক্রমে অবরোহণ করিয়া কর্ম্মনিমিত্ত জাতিগত অপর দেহে সংশ্লিষ্ট হয়। এই সময়ে তাহাদিগের ইন্দ্রিয় সকল অবরুদ্ধ হয় বলিয়াই অজ্ঞানী থাকে। এইরূপ ব্রীহিযবাদিকে লবণাদি সহযোগে পেষণ ও সংস্কার করিয়া ভক্ষণ করিলে সেই ভক্ষণজনিত রসাদি পরিণামভূত রেতঃসেককালে মূর্চ্ছিতের ন্যায় থাকে, যেহেতু তখন দেহান্তরারম্ভক কর্ম্মের বৃত্তিলব্ধ হয় না। দেহের কারণীভূত জলসম্বন্ধের অপরিত্যাগবশতই সকল অবস্থাতে জীব বর্ত্তমান থাকে। এই নিমিত্ত জলৌকার ন্যায় জীবের চৈতন্য বিরুদ্ধ নহে। যেমন জলৌকা এক তৃণ গ্রহণ করিয়া অপর তৃণ পরিত্যাগ করে, সেইরূপ জীব ও এক দেহ গ্রহণ করিয়া পূর্ব্বদেহ পরিত্যাগ করে। এক দেহ হইতে অপর দেহ গ্রহণের

তদ্য ইহ রমণীয়চরণা অভ্যাশো হ যত্তে রমণীয়াং যোনিমাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা

হিংসায়াঃ শাস্ত্রচোদিতত্বাৎ। অহিংসন্ সর্ব্বভূতান্যন্যত্র তীর্থেভ্য ইতি শ্রুতেঃ। শাস্ত্রচোদিতায়া হিংসায়া নাধর্ম্মহেতুত্বমভ্যুপগম্যতে। অভ্যুপগতেঽপ্যধর্ম্মহেতুত্বে মন্ত্রৈর্ব্বিষাদিবত্তদপনয়োপপত্তের্ন দুঃখকার্য্যারম্ভকত্বোপপত্তির্ব্বৈদিকানাং কর্ম্মণাং মন্ত্রেণেব বিষভক্ষণস্যেতি ॥ ৬ ॥

তত্তত্র তেষ্বনুশয়িনাং য ইহ লোকে রমণীয়ং শোভনং চরণং শীলং যেষাং তে রমণীয়চরণা রমণীয়চরণেনোপলক্ষিতঃ শোভনোঽনুশয়ঃ পুণ্যং কর্ম্ম যেষাং তে রমণীয়চরণা উচ্যন্তে। ক্রৌর্য্যানৃতমায়াবর্জ্জিতানাং হি শক্য উপলক্ষয়িতুং শুভানুশয়সম্ভাবঃ। তেনানুশয়েন পুণ্যেন কর্ম্মণা চন্দ্র-

---

যে অজ্ঞান, তাহা মুদ্গরাভিহত ব্যক্তির মূর্চ্ছার ন্যায় জানিতে হইবে। বৈদিক কর্ম্মসকল হিংসাদিযুক্ত বলিয়া তাহা উভয়হেতু, এইরূপ অনুমান করা যায় না, যেহেতু হিংসাও শাস্ত্রোক্ত আছে। শ্রুতিপ্রমাণে জানা যায় যে, দেবতার উদ্দেশভিন্ন হিংসা করিবে না। অতএব যাগাদিতে যে দেবতার উদ্দেশে বলিদানাদি শাস্ত্রোক্ত হিংসা করা যায়, তাহার অধর্ম্ম জনকতা স্বীকৃত নহে। আর যদি বল, শাস্ত্রোদিত পশুবলিদানাদি হিংসাতেও অধর্ম্মহেতুতা আছে, তাহা নহে, কারণ বৈদিক কর্ম্মে পশুবলিদানাদিতে মন্ত্রদ্বারা হিংসাজনিত অধর্ম্মহেতু বলিদানাদির দুঃখারম্ভকত্বদোষ নিবারিত হয়। যেমন মন্ত্রপ্রয়োগদ্বারা বিষের দোষ সংশোধন করিলে সেই বিষ অনায়াসে ভক্ষণ করিতে পারে, সেইরূপ মন্ত্রাদিপ্রয়োগে বৈদিককর্ম্মে বিহিত পশুবলিদানে হিংসাদিরূপ দোষ থাকিতে পারে না ॥ ৬ ॥

পূর্ব্বোক্ত ক্রিয়ামার্গীদিগের মধ্যে যাহারা সুশীল ও পুণ্যকর্ম্মরত, অর্থাৎ ক্রূরতা, মিথ্যা ও মায়াদিদোষবর্জ্জিত, তাহারা স্ব স্ব কর্ম্মবলে চন্দ্রমণ্ডলে ভোগ করিয়া অবশিষ্ট কর্ম্মদ্বারা রমণীয় অর্থাৎ ক্রূরতাদিদোষবর্জ্জিত যোনিপ্রাপ্ত হয়। স্ব স্ব কর্ম্মানুসারে কেহ বা ব্রাহ্মণযোনি, কেহ ক্ষত্রিয়-

বৈশ্যযোনিং বাথ য ইহ কপূয়চরণা অভ্যাশো হ যত্তে কপূয়াং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বা ॥ ৭ ॥

মণ্ডলে ভুক্তশেষেণাভ্যাশো হ ক্ষিপ্রমেব যদিতি ক্রিয়াবিশেষণম্। তে রমণীয়াং ক্রৌর্য্যাদিবর্জ্জিতাং যোনিমাপদ্যেরন্ প্রাপ্নুয়ুঃ। ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বা স্বস্বকর্ম্মানুরূপেণ। অথ পুনর্যে তদ্বিপরীতাঃ কপূয়চরণোপলক্ষিতকর্ম্মাণোঽশুভানুশয়া অভ্যাশো হ যত্তে কপূয়াং যথা কর্ম্মযোনিমাপদ্যেরন্ কপূয়ামেব। ধর্ম্মসম্বন্ধবর্জ্জিতাং জুগুপ্সিতাং যোনি মাপদ্যেরন্। শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বা স্বকর্ম্মানুরূপেণৈব। যে তু রমণীয়চরণাদ্বিজাতয়স্তেস্বকর্ম্মস্থাশ্চেদিষ্টাপূর্ত্তাদিকারিণস্তেধূমাদিনা গচ্ছন্ত্যাগচ্ছন্তি চ পুনঃ পুনর্যটীযন্ত্রবদ্বিদ্যাৎ চেৎপ্রাপ্নুযুস্তদার্চ্চিরাদিনা গচ্ছন্তি ॥ ৭ ॥

যোনি, কেহ বা বৈশ্যযোনিতে জন্মগ্রহণ করে। আর যাহারা ইহাদিগের বিপরীত, অর্থাৎ অশুভাশয় ও পাপাচরণে নিরত, তাহারাও আপন আপন কর্ম্মানুসারে ক্রমশঃ নিকৃষ্টযোনিতে উৎপন্ন হয়, পাপিষ্ঠেরা কর্ম্মফলভোগ করিয়া অবশিষ্ট কর্ম্মবলে কেহ কুক্কুরযোনিতে, কেহ বা শূকরযোনিতে, অপর কেহ বা চাণ্ডালযোনিতে জন্মগ্রহণ করে। যাহারা পুণ্যশীল ব্রাহ্মণ, তাহারা যদি স্বকর্ম্মনিরত হয়, তাহাহইলে অগ্নিহোত্রাদি যাগ বাপীকূপ তড়াগাদিকরণ ও দানশীল হইয়া ধুমাদিদ্বারা গমনাগমন করে। যাহারা শুভাশয়-বিশিষ্ট তাহারা ব্রাহ্মণাদিযোনিতে জন্মগ্রহণ করিয়া স্ববর্ণাশ্রমবিহিত কর্ম্মসাধনপূর্ব্বক যাগাদি কার্য্যসাধনান্তে দক্ষিণমার্গে চন্দ্রলোকে গমন করে, তথাতে ভোক্তব্য কর্ম্মফল ভোগ করিয়া সেই কর্ম্ম ক্ষীণ হইলে অবশিষ্ট কর্ম্মফল ভোগার্থ পৃথিবীতে আগমন করিয়া থাকে ॥ ৭ ॥

অথৈতয়োঃ পথোর্ন কতরেণ চ ন তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি জায়স্ব ম্রিয়স্বেত্যেতত্তৃতীয়ং

যদা তু ন বিদ্যাসেবিনো নাপীষ্টাপূর্ত্তাদিকর্ম্ম সেবন্তে তদাথৈতয়োঃ পথোর্গথোক্তয়োরর্চ্চির্ধূমাদিলক্ষণয়োর্ন কতরেণান্যতরেণ চ নাপি যন্তি। তানীমানি ভূতানি ক্ষুদ্রাণি দংশমশককীটাদীন্যসকৃদাবর্ত্তীনি ভবন্ত্যত উভয়মার্গপরিভ্রষ্টা হ্যসকৃজ্জায়ন্তে ম্রিয়ন্তে চেত্যর্থঃ। তেষাং জননমরণসন্ততেরনুকরণমিদমুচ্যতে। জায়স্ব ম্রিয়স্বেতি ঈশ্বরনিমিত্তচেষ্টোচ্যতে। জননমরণক্ষণেনৈব কালযাপনং ভবতি। ন তু ক্রিয়াসু শোভনেষু ভোগেষু বা কালেঽস্তীত্যর্থঃ। এতৎক্ষুদ্রজন্তুলক্ষণং তৃতীয়ং পূর্ব্বোক্তৌ পন্থানাবপেক্ষ্য স্থানং সংসরতাম্। যেনৈবং দক্ষিণমার্গগা অপি পুনরাগচ্ছন্তি। অনধিকৃতানাং জ্ঞানকর্ম্মণোরগমনমেব দক্ষিণেন পথেতি। তেনাসৌ লোকো ন সম্পূর্য্যতে। পঞ্চমস্ত প্রশ্নঃ পঞ্চাগ্নি-

যখন লোক সকল বিদ্যার সেবা করে না, অথচ যাগাদিকার্য্যের অনুষ্ঠানেও তৎপর হয় না, তখন সেইসকল মানব অর্চ্চিরাদিলক্ষণ ও ধূমাদিলক্ষণ এই উভয়মার্গের কোন পথে গমন করিতে পারে না, সেই প্রাণী সকল ক্ষুদ্র মশককীটাদি হইয়া পুনঃ পুনঃ আবর্ত্তন করে। অতএব যাহারা উভয়মার্গ ভ্রষ্ট, তাহারা বারম্বার জন্মগ্রহণ করিয়া পুনঃ পুনঃ মৃত্যুমুখে পতিত হয়। তোমরা পুনঃ পুনঃ জন্মগ্রহণ কর ও বারম্বার মৃত্যুর অধীন হও। এইরূপ ঈশ্বর চেষ্টানুসারে জানা যায় যে, উভয় মার্গভ্রষ্ট মানবদিগের জন্মমরণদ্বারাই কালযাপন হয়। কোনরূপ সৎক্রিয়া, অথবা শোভন ফলভোগের কাল পায় না। ইহাই ক্ষুদ্র জন্তুদিগের পন্থা, এই পন্থাই পূর্ব্বোক্ত পন্থাদ্বয় অপেক্ষায় তৃতীয় পন্থা বলিয়া অভিহিত হয়। যে মার্গদ্বারা দক্ষিণমার্গগামীরাও পুনর্ব্বার আগমন করে, যাহারা জ্ঞানকর্ম্মের অনধিকারী, তাহাদিগের দক্ষিণ পথে গমন হয় না। এই নিমিত্তই লোকসকল সম্পূর্ণ হইতে পারে না। এইরূপে পঞ্চাগ্নিবিদ্যাতে পঞ্চম প্রশ্ন ব্যাখ্যাত হইল। প্রথম দক্ষিণেতরমার্গ হইতে অপাকৃত হইয়া দক্ষিণেতর পথে

স্থানং তেনাসৌ লোকো ন সম্পূর্য্যতে তস্মাজ্জুগুপ্সেত তদেষঃ শ্লোকঃ ॥ ৮ ॥

দ্যায়াং ব্যাখ্যাতঃ। প্রথমো দক্ষিণেতরমার্গাভ্যামপাকৃতো দক্ষিণেতরয়োঃ পথোর্ব্যাবর্ত্তনাপি মৃতানামগ্নৌ প্রক্ষেপঃ সমানঃ। ততো ব্যাবর্ত্তনান্তচ্চিরাদিনা যন্ত্যন্যে ধূমাদিনা। পুনরুত্তরদক্ষিণায়নে ষণ্মাসান্ প্রাপ্নুবন্তঃ সংযুজ্য পুনর্ব্যাবর্ত্তন্তে। অন্যে সংবৎসরমন্যে মাসেভ্যঃ পিতৃলোকমিতি ব্যাখ্যাতা। পুনরাবৃত্তিরপি ক্ষীণানুশয়ানাং চন্দ্রমণ্ডলাদাকাশাদিক্রমেণোক্তা। অমুষ্য লোকস্যাপূরণং স্বশব্দেনৈবোক্তম্। তেনাসৌ লোকো ন সম্পূর্য্যত ইতি। যস্মাদেবং কষ্টা সংসারগতিস্তস্মাজ্জুগুপ্সেত। যস্মাচ্চ জন্মমরণজনিতবেদনানুভবকৃতক্ষণাঃ ক্ষুদ্রজন্তবো ধ্বান্তে ঘোরে দুস্তরে প্রবেশিতাঃ সাগর ইবাগাধে অপ্লবে নিরাশাশ্চোত্তরণং প্রতি তস্মাচ্চৈবংবিধাং সংসারগতিং জুগুপ্সেত বীভৎসেত ঘৃণী ভবেৎ। মাভূদেবং-

---

ব্যাবৃত্তমান হয়। মৃতব্যক্তিদিগের অগ্নিপ্রক্ষেপ সকলের পক্ষেই সমান। তাহা হইতে ব্যাবৃত্ত হইয়া অর্চিরাদিমার্গে এবং অন্য ব্যক্তিরা ধূমাদিমার্গে গমন করে। পুনর্ব্বার উত্তরায়ন, দক্ষিণায়ণ, ষণ্মাসপ্রাপ্ত হইয়া সংযোগ হেতু পুনর্ব্বার ব্যাবৃত্ত হয়। অপর মাস হইতে সম্বৎসর, সম্বৎসর হইতে পিতৃলোক, এইরূপ ব্যাখ্যাত হইয়াছে। যাহাদিগের আশয় অতিক্ষীণ, তাহাদিগেরই পুনরাবৃত্তি হইয়া থাকে। উহা চন্দ্রমণ্ডল হইতে আকাশাদিক্রমে উক্ত হইয়াছে। সংসারগতি এইরূপ কষ্টতর বলিয়াই উহা নিন্দিত। যেহেতু সর্ব্বদাই ক্ষুদ্র জন্তুরা জন্মমরণজনিত বেদনার অনুভব করিয়া মোহান্ধকার পরিপূর্ণ ঘোরতর দুস্তর সংসারে প্রবেশিত হয়। প্লবরহিত অগাধসাগরে পতিত হইলে তাহা হইতে উত্তরণের আশা থাকে না, সেইরূপ এই সংসার পতিত ব্যক্তিরও আর উদ্ধারের আশা নাই। এই নিমিত্তই উক্তরূপ সংসার গতিকে নিন্দা করিয়া তাহাতে ঘৃণা করে। অতএব যাহাতে এইরূপ ঘোরতর সংসার মহোদধিতে পতন না হয়, তাহাই কর্ত্তব্য, এই নিমিত্তই পঞ্চাগ্নিবিদ্যার স্তুতির নিমিত্ত উক্তরূপ বিদ্যা

স্তেনো হিরণ্যস্য সুরাং পিবংশ্চ গুরোস্তল্পমাবসন্ ব্রহ্মহা চৈতে পতন্তি চত্বারঃ পঞ্চমশ্চাচরংস্তৈরিতি ॥৯॥

অথ হ য এতানেবং পঞ্চাগ্নীন্ বেদ ন স হ তৈরথাচরন্ পাপ্মনা লিপ্যতে শুদ্ধঃ পূতঃ পুণ্যলোকো ভবতি য এবংবেদ য এবংবেদ ॥ ১০ ॥

ইতি দশমঃ খণ্ডঃ ॥ ১০ ॥

বিধে সংসারে মহোদধৌ ঘোরে পাত ইতি। তদেতস্মিন্নর্থে এব শ্লোকঃ পঞ্চাগ্নিবিদ্যাস্তরয়ে ॥ ৮ ॥

স্তেনো হিরণ্যস্য ব্রাহ্মণসুবর্ণস্য হর্ত্তা। সুরাং পিবন্ ব্রাহ্মণঃ সন্। গুরোশ্চ তল্পং দারানাবসন্। ব্রহ্মহা ব্রাহ্মণস্য হন্তা চেত্যেতে পতন্তি চত্বারঃ। পঞ্চমশ্চ পতিতৈঃ সহাচরন্নিতি ॥ ৯ ॥

অথ হ পুনর্যো যথোক্তান্ পঞ্চাগ্নীন্ বেদ স তৈরপ্যাচরন্মহাপাতকিভিঃ সহ ন পাপ্মনা লিপ্যতে শুদ্ধ এব। তেন পঞ্চাগ্নিদর্শনেন পাবিতো

বিবৃত হইল। যাহারা উক্ত পঞ্চাগ্নিবিদ্যার পর্য্যালোচনা করেন, তাঁহাদিগের সংসারসাগরে পতন হয় না ॥ ৮ ॥

এইক্ষণ পঞ্চ মহাপাতকী নির্দ্দেশ করিতেছেন।—ব্রাহ্মণের সুবর্ণাপহারী, সুরাপায়ী, গুরুভার্য্যাপহারী ও ব্রহ্মহা এই চারি ব্যক্তি মহাপাতকী, ইহারা নিশ্চয় পতিত হয়। আর যাহারা উক্ত মহাপাতকিদিগের সংসর্গ করে, তাহারাও মহাপাতকিমধ্যে গণ্য। অতএব জানা যায় যে, যাহারা পতিতের সংসর্গ করে, তাহারাও পতিত ॥ ৯ ॥

যিনি যথোক্ত লক্ষণ পঞ্চাগ্নি জানিতে পারেন, তিনি যথাবিধি পঞ্চাগ্নি সমাচরণ করিয়া পূর্ব্বোক্ত পঞ্চ মহাপাতকিদিগের সহিত পাপকর্ম্মদ্বারা লিপ্ত হয়েন না, তিনি সর্ব্বদা পরিশুদ্ধ থাকেন। অর্থাৎ সেই

একাদশঃ খণ্ডঃ।

প্রাচীনশাল ঔপমন্যবঃ সত্যযজ্ঞঃ পৌলুষিরিন্দ্রদ্যুম্নো ভাল্লবেয়ো জনঃ শার্করাক্ষ্যো বুড়িল আশ্বতরাশ্বিস্তে হৈতে

যস্মাৎপৃতঃ পুণ্যলোকঃ প্রাজাপত্যাদির্যস্ত সোঽয়ং পুণ্যলোকো ভবতি য এবং বেদ যথোক্তং সমস্তং পঞ্চভিঃ প্রশ্নৈঃ পৃষ্টমর্থজাতং বেদ। দ্বিরুক্তিঃ সমস্তপ্রশ্ননির্ণয়প্রদর্শনার্থা ॥ ১০ ॥

ইতি দশমঃ খণ্ডঃ ॥ ১০ ॥

দক্ষিণেন পথা গচ্ছতামন্নভাব উক্তস্তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তীতি ক্ষুদ্রজন্তুলক্ষণা চ কষ্টা সংসারগতিরুক্তা। তদুভয়দোষপরিজিহীর্ষয়া বৈশ্বানরাত্মভাবপ্রতিপত্ত্যর্থমুত্তরো গ্রন্থ আরভ্যতে। অৎস্যন্নং পশ্যসি প্রিয়মিত্যাদিলিঙ্গাদাখ্যায়িকা সুখাববোধার্থা বিদ্যাসম্প্রদানন্যায়প্রদ-

---

পঞ্চাগ্নিদর্শনদ্বারা পবিত্র হইতে পারেন। আর যিনি উক্ত প্রকার পঞ্চ প্রশ্নদ্বারা জিজ্ঞাসিত অর্থসমূহ জানেন, তিনি প্রাজাপত্যাদি পুণ্যলোকবাসী হইতে পারেন ॥ ১০ ॥

ইতি দশম খণ্ড ॥ ১০ ॥

যাহারা দক্ষিণপথে গমন করে, তাহাদিগের অন্নভাবপ্রাপ্তি উক্ত হইয়াছে, সেই অন্নও দেবতারা ভক্ষণ করেন এবং ক্ষুদ্র জন্তুদিগের সংসারগতি যে অতিকষ্টতর, তাহাও কথিত হইয়াছে, এই উভয় দোষ পরিহারমানসে বৈশ্বানরই অন্নভক্ষণ করেন, ইহা প্রতিপাদনের নিমিত্ত উত্তর গ্রন্থে আখ্যায়িকা আরম্ভ করিতেছেন।—এই আখ্যায়িকা অন্নভক্ষণকর

মহাশালা মহাশ্রোত্রিয়াঃ সমেত্য মীমাংসাঞ্চক্রুঃ কো ন আত্মা কিং ব্রহ্মেতি ॥ ১ ॥

র্শনার্থা চ। প্রাচীনশাল ইতি নামত উপমন্যোরপত্যমৌপমন্যবঃ। সত্যযজ্ঞো নামতঃ পুলুষস্যাপত্যং পৌলুষিঃ। তথেন্দ্রদ্যুম্নো নামতো ভল্লবেরপত্যং ভাল্লবিস্তস্যাপত্যং ভাল্লবেয়ঃ। জন ইতি নামতঃ শর্করাক্ষ্যস্যাপত্যং শার্করাক্ষ্যঃ। বুড়িলো নামতোঽশ্বতরাশ্বস্যাপত্যমাশ্বতরাশ্বিঃ। পঞ্চাপি তে হৈতে মহাশালা মহাগৃহস্থা বিস্তীর্ণাভিঃ শালাভির্যুক্তাঃ সম্পন্নাঃ। মহাশ্রোত্রিয়াঃ শ্রুতাধ্যয়নবৃত্তসম্পন্না ইত্যর্থঃ। ত এবম্ভূতাঃ সন্তঃ সমেত্য সম্ভূয় ক্বচিন্মীমাংসাং বিচারণাঞ্চক্রুঃ কৃতবন্ত ইত্যর্থঃ। কথম্ কো নোঽস্মাকমাত্মা কিং ব্রহ্মেত্যাত্মব্রহ্মশব্দয়োরিতরেতরবিশেষণবিশেষ্যত্বং ব্রহ্মেত্যধ্যাত্মপরিচ্ছিন্নমাত্মানং নিবর্ত্তয়ত্যাত্মেতি চ আত্মব্যতিরিক্তস্যাদিত্যাদিব্রহ্মণ উপাস্যত্বং নিবর্ত্তয়তি। অভেদেনাত্মৈব ব্রহ্ম ব্রহ্মৈবাত্মেত্যেবং সর্ব্বাত্মা বৈশ্বানরো ব্রহ্ম স আত্মেত্যেতৎসিদ্ধং ভবতি। মূর্দ্ধা তে ব্যপতিষ্যদন্ধোঽভবিষ্যদিত্যাদিলিঙ্গাৎ ॥ ১ ॥

এবং প্রিয়সন্দর্শকর ইত্যাদি লিঙ্গহেতু সুখাববোধার্থ এবং বিদ্যাসম্প্রদায়ন্যায়-প্রদর্শনার্থ জানিবে। উপমন্যুতনয় প্রাচীনশাল, পুলুষতনয় সত্যযজ্ঞ, ভাল্লবিতনয় ইন্দ্রদ্যুম্ন, শর্করাক্ষ্যতনয় জন এবং অশ্বতরাশ্বতনয় বুড়িল এই পঞ্চজনের মধ্যে সকলেই মহাগৃহস্থ। ইহারা সকলে সমবেত হইয়া কোন সময়ে বিচার করিয়াছিলেন। "কে আমাদিগের আত্মা?" ইহাই তাহাদিগের বিচারের বিষয় ছিল। যদি বল ব্রহ্মই আত্মা, তাহাতেও কিছু নির্ণয় হইতেছে না, কারণ আত্মশব্দ ও ব্রহ্মশব্দ ইহাদিগের পরস্পর বিশেষ্যবিশেষণভাব দৃষ্ট হয়। কখনও আত্মশব্দের বিশেষণরূপে ব্রহ্মশব্দ, কখন বা ব্রহ্মশব্দের বিশেষণরূপে আত্মশব্দ প্রযুক্ত হইয়া থাকে। অতএব ব্রহ্মই অধ্যাত্ম পরিবিচ্ছন্ন আত্মাকে নিবর্ত্তিত করিতেছেন। আত্মাই ব্রহ্ম এবং ব্রহ্মই আত্মা এইরূপ অভেদবশতঃ সর্ব্বাত্মা বৈশ্বানরই ব্রহ্ম, তিনিই

তে হ সম্পাদয়াঞ্চক্রুরুদ্দালকো বৈ ভগবন্তোঽয়মারুণিঃ সম্প্রতীমমাত্মানং বৈশ্বানরমধ্যেতি তꣳ হন্তাভ্যাগচ্ছামেতি তꣳ হাভ্যাজগ্মুঃ ॥ ২ ॥

স হ সম্পাদয়াঞ্চকার প্রক্ষ্যন্তি মামিমে মহাশালা মহাশ্রোত্রিয়াস্তেভ্যো ন সর্ব্বমিব প্রতিপৎস্যে হন্তাহমন্যমভ নুশাসানীতি ॥ ৩ ॥

তে হ মীমাংসন্তোঽপি নিশ্চয়মলভমানাঃ সম্পাদয়াঞ্চক্রুঃ সম্পাদিতবন্ত আত্মন উপদেষ্টারম্। উদ্দালকো বৈ প্রসিদ্ধো নামতঃ। হে ভগবন্তঃ পূজ্যবন্তোঽয়মারুণিঃ অরুণস্যাপত্যং সম্প্রতি সমাগিমমাত্মানং বৈশ্বানরমস্মদভিপ্রেতমধ্যেতি স্মরতি। তং হন্তেদানীমভ্যাগচ্ছামেত্যেবং নিশ্চিত্য তং হাভ্যাজগ্মুস্তং গতবন্তঃ ॥ ২ ॥

আরুণিঃ স হ তান্ দৃষ্ট্বৈব তেষামাগমনপ্রয়োজনং বুদ্ধা সম্পাদয়াঞ্চকার। কথম্ প্রক্ষ্যন্তি মাং বৈশ্বানরং ইমে মহাশালা মহাশ্রোত্রিয়াস্তেভ্যোঽহং ন সর্ব্বমিব পৃষ্টং প্রতিপৎস্যে বক্তুং নোৎসহে। অতো

আত্মা ইহাই সিদ্ধ হইতেছে। এইরূপে প্রাচীনশাল, সত্যযজ্ঞ, ইন্দ্রদ্যুম্ন, জন ও বুড়িল, ইহারা আত্মতত্ত্বনিরূপণার্থ বিচার করিয়াছিলেন ॥ ১ ॥

প্রাচীনশাল প্রভৃতি নানাপ্রকার মিমাংসা করিয়াও তত্ত্বনির্ণয় করিতে পারিলেন না, তখন তাঁহারা আত্মোপদেশক গুরুর অনুসন্ধান করিতে লাগিলেন। তাঁহারা মনে করিলেন আরুণি উদ্দালক সম্প্রতি আমাদিগের অভিপ্রেত আত্মতত্ত্ব অধ্যয়ন করিতেছেন, আমরা এইক্ষণ তাঁহার নিকট গমন করি, এইরূপ স্থির করিয়া প্রাচীনশাল প্রভৃতি উদ্দালকের সমীপে গমন করিলেন ॥ ২ ॥

আরুণি উদ্দালক প্রাচীনশাল প্রভৃতিকে সমাগত দেখিয়া তাহাদিগের আগমন প্রয়োজন জানিতে পারিয়াও তাহাদিগকে যথোচিত সম্মান করিয়াছিলেন এবং মনে মনে ভাবিলেন, ইহারা সকলেই মহাশ্রোত্রিয়,

তান্ হোবাচাশ্বপতির্বৈ ভগবন্তোঽয়ং কৈকেয়ঃ সম্প্রতীমমাত্মানং বৈশ্বানরমধ্যেতি তꣳ হন্তাভ্যাগচ্ছামেতি তꣳ হাভ্যাজগ্মুঃ ॥ ৪ ॥

তেভ্যো হ প্রাপ্তেভ্যঃ পৃথগর্হাণি কারয়াঞ্চকার স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ ন মে স্তেনো জনপদে ন কদর্য্যো

হন্তাহমিদানীমন্যমেষামভ্যনুশাসানি বক্ষ্যাম্যুপদেষ্টারমিত্যেবং সম্পাদ্য তান্ হোবাচ ॥ ৩ ॥

অশ্ব পতির্বৈ নামতো ভগবন্তোঽয়ং কেকয়স্যাপত্যং কৈকেয়ঃ সমাগিমমাত্মানং বৈশ্বানরমধ্যেতীত্যাদি সমানম্ ॥ ৪ ॥

তেভ্যো হ রাজা প্রাপ্তেভ্যঃ পৃথক্ পৃথগর্হাণ্যর্হণানি পুরোহিতৈর্ভৃত্যৈশ্চ কারয়াঞ্চকার কারিতবান্। স হান্যেদ্যুরাজা প্রাতঃ সংজিহান

অর্থাৎ স্বাধ্যায় সদ্‌বৃত্তসম্পন্ন এবং মহাগৃহস্থ, অতএব আমি ইহাদিগের অভিলষিত উপদেশপ্রদান করিতে পারিব না; সুতরাং অন্য কোন উপদেশকের নির্দ্দেশ করিয়া দিতে হইবে, ইহারা তথায় যাইয়া সদুপদেশ গ্রহণ করুক্। আরুণি উদ্দালক এইরূপ স্থির করিয়া প্রাচীনশাল প্রভৃতিকে অন্য গুরুর নিকটে যাইতে আদেশ করিলেন ॥ ৩ ॥

আরুণি উদ্দালক প্রাচীনশালাদিকে কহিলেন, এইক্ষণ কৈকয়বংশোৎপন্ন ভগবান অশ্বপতি বৈশ্বানর আত্মতত্ত্ব উপদেশ করিতে পারেন। তোমরা তথায় উপস্থিত হইয়া তত্ত্বজিজ্ঞাসু হইলে উপদেশ করিবেন, আমি তোমাদিগের অভিলষিত বিষয় উপদেশ করিতে পারিব না। উদ্দালকের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহারা অশ্বপতির নিকট গমন করিতে অভিলাষ করিলেন এবং সকলে সমবেত হইয়া তাঁহার সমীপে উপস্থিত হইলেন ॥ ৪ ॥

যখন প্রাচীনশালপ্রভৃতি রাজা অশ্বপতির নিকট উপস্থিত হইলেন, তখন রাজা অশ্বপতি তাহাদিগকে সমাগত দেখিয়া পুরোহিত ও ভৃত্যবর্গ-

ন মদ্যপো নানাহিতাগ্নির্নাবিদ্বান্ন স্বৈরী স্বৈরিণী কুতো যক্ষ্যমাণো বৈ ভগবন্তোঽহমস্মি যাবদেকৈকস্মা ঋত্বিজে ধনং দাস্যামি তাবদ্ভগবন্ত্যো দাস্যামি বসন্ত ভগবন্ত ইতি ॥ ৫ ॥

উবাচ বিনয়েনোপগম্যৈতদ্ধনং মত্ত উপাদধ্বমিতি। তৈঃ প্রত্যাখ্যাতো ময়ি দোষং পশ্যন্তি নূনং যতো ন প্রতিগৃহ্ণন্তি মত্তো ধনমিতি মন্বান আত্মনঃ সদ্বৃত্ততাং প্রতিপিপাদয়িষয়াহ। ন মে কদর্য্যোঽদাতা সতি বিভবে। ন মদ্যপো দ্বিজোত্তমঃ সন্। নানাহিতাগ্নিঃ শতগুঃ। নাবিদ্বানধিকারানুরূপম্। ন স্বৈরী পরদারেষু গন্তা। অতএব স্বৈরিণী কুতো দুষ্টচারিণী ন সম্ভবতীত্যর্থঃ। তৈশ্চ ন বয়ং ধনার্থিন ইত্যুক্ত আহাল্পং মত্বৈতে ধনং ন গৃহ্ণন্তীতি। যক্ষ্যমাণো বৈ কতিভিরহোভিরহং হে ভগ-

---

দ্বারা পৃথক্ পৃথক্ যথোচিত অতিথিসৎকার সম্পাদন করিলেন। পর দিবস প্রাতঃকালে বিনয়পূর্ব্বক তাহাদের নিকট গমন করিয়া কহিলেন, তোমরা আমার নিকট এই ধন গ্রহণ কর। তখন প্রাচীনশাল প্রভৃতি বলিল, আমরা আপনার নিকট ধনগ্রহণ করিতে পারি না, অনন্তর অশ্বপতি মনে করিলেন, ইহারা আমার কোন দোষ দর্শন করিতেছে, এই নিমিত্ত আমার প্রতিগ্রহ স্বীকার করিতেছে না। অশ্বপতি এইরূপ আত্মদোষ চিন্তা করিয়া আপনার নির্দ্দোষতা প্রতিপাদনার্থ কহিলেন, আমার রাজ্যমধ্যে কোন ব্যক্তি পরস্ব অপহরণ করে না, কেহ কুৎসিত কার্য্যে প্রবৃত্ত হয় না, বিভবসত্ত্বে অদাতা (কৃপণ) কেহ নাই, কোন ব্রাহ্মণ আমার অধিকারে মদ্যপান করিতে পারে না, কেহ শতগোসত্ত্বে অনগ্নিক নহে, কোন ব্যক্তিও অবিদ্বান নাই, সকলেই অধিকারানুরূপ বিদ্যাধ্যয়ন করিয়া থাকে। এই জনপদে পরদার রত কেহ নাই; সুতরাং পরপুরুষগামিনী নারীও নাই। তবে আপনারা ধনগ্রহণ করিবেন না কেন? তখন তাহারা কহিল, আমরা ধনার্থী নহি, অশ্বপতি মনে করিলেন, আমি অতিঅল্পমাত্র ধন দিয়াছি, এই নিমিত্ত ইহারা আমার ধনগ্রহণ করিতেছেন না। পুনর্ব্বার

তে হোচুর্যেন হৈবার্থেন পুরুষশ্চরেত্তঞ্চ হৈব বদে-
দাত্মানমেবেমং বৈশ্বানরঞ্চ সম্প্রত্যধ্যেষি তমেব নো
ব্রূহীতি ॥ ৬ ॥

তান্ হোবাচ প্রাতর্ব্বঃ প্রতিবক্তাস্মীতি তে হ

বস্তোঽস্মি। তদর্থং কৃপ্তং ধনং মা যাবদেকৈকস্মৈ যথোক্তমৃত্বিজে ধনং দাস্যামি তাবৎপ্রত্যেকং ভগবদ্ভ্যোঽপি দাস্যামি। বসন্তুভগবন্তঃ পশ্যন্তু চ মম যাগমিত্যুক্তাস্তে হোচুঃ যেন হৈবার্থেন প্রয়োজনেন যং প্রতি চরেদগচ্ছেৎপুরুষঃ তং হৈবার্থং বদেৎ। ইদমেব প্রয়োজনমাগমনস্যেত্যয়ং ন্যায়ঃ সতাম্। বয়ঞ্চ বৈশ্বানরজ্ঞানার্থিনঃ। আত্মানমেবেমং বৈশ্বানরং সম্প্রত্যধ্যেষি সম্যগ্‌জানাসি অতস্তমেব নোঽস্মভ্যং ব্রূহীত্যুক্তস্তান্ হোবাচ। প্রাতর্ব্বো যুষ্মভ্যং প্রতিবক্তাস্মি প্রতিবাক্যং দাতাস্মীত্যুক্তাস্তে হ রাজ্ঞো-ঽভিপ্রায়জ্ঞাঃ সমিৎপাণয়ঃ সমিদ্ভারহস্তা অপরেদ্যুঃ পূর্ব্বাহ্ণে রাজানং প্রতিচক্রমিরে গতবন্তঃ। যত এবং মহাশালা মহাশ্রোত্রিয়া ব্রাহ্মণাঃ

অশ্বপতি কহিলেন, হে ব্রাহ্মণগণ! আমি কতিপয় দিবস যাগ করিতেছি, সেই যজ্ঞ সমাপণার্থ এই সকল ধন পরিকল্পিত হইয়াছে। আমি যে পরিমাণ ধন এক এক ব্রাহ্মণকে অর্পণ করিব, সেই পরিমাণ আপনাদিগের প্রত্যেককে দিতেছি, আপনারা এইস্থানে বাস করুন এবং আমার এই যজ্ঞ দর্শন করুন ॥ ৫ ॥

তাহারা কহিলেন, মহাত্মন্! যাহার যে অর্থে প্রয়োজন, তাহাকে সেই অর্থ প্রদান করিবে, ইহাই সাধুদিগের পদ্ধতি এবং যে ব্যক্তির যাহা অভিলাষ, সেই ব্যক্তি তাহার উদ্দেশে আগমন করে। ভগবন্! আমরা ধনার্থী নহি, বৈশ্বানর আত্মপরিজ্ঞানই আমাদিগের উদ্দেশ্য, আপনি সেই বৈশ্বানর আত্মাকে সম্যকরূপে জানেন। অতএব সেই আত্মতত্ত্বোপদেশ-রূপ ধন আমাদিগকে প্রদান করুন ॥ ৬ ॥

অনন্তর অশ্বপতি প্রাচীনশাল প্রভৃতিকে কহিলেন, আমি প্রাতঃকালে তোমাদিগকে ইহার প্রত্যুত্তর প্রদান করিব, এই কথা বলিলে প্রাচীনশাল

সমিৎপাণয়ঃ পূর্ব্বাহ্ণে প্রতিচক্রমিরে তান্ হানুপনীয়ৈবৈতদুবাচ ॥ ৭ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

সন্তো মহাশালত্বাদ্যভিমানং হিত্বা সমিদ্ভারহস্তা জাতিতো হীনং রাজানং বিদ্যার্থিনো বিনয়েনোপজগ্মুঃ। তথাস্মৈর্ব্বিদ্যোপাদিৎসুভির্ভবিতব্যম্। তেভ্যশ্চাদাদ্বিদ্যাং বিবক্ষুরনুপনীয়ৈবাপনয়নমকৃত্বৈব তান্ যথাযোগ্যেভ্যো বিদ্যামদাৎ তথান্যেনাপি বিদ্যা দাতব্যেত্যাখ্যায়িকার্থঃ। এতদ্বৈশ্বানর-বিজ্ঞানমুবাচেতি বক্ষ্যমাণেন সম্বন্ধঃ ॥ ৫-৭ ॥

ইতি একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

প্রভৃতি অশ্বপতির অভিপ্রায় জানিয়া হোমার্থ সমিদ্ভার গ্রহণপূর্ব্বক পরদিবস পূর্ব্বাহ্ণে সেই অশ্বপতির নিকট উপস্থিত হইলেন। অতএব জানাযায় যে, উক্ত প্রাচীনশালাদিরা মহাগৃহস্থ, স্বাধ্যায় সদ্বৃত্তসম্পন্ন ও ব্রাহ্মণ হইয়াও আত্মতত্ত্বলাভের জন্য আপনাদিগের জাতীয় গৌরবাদি পরিত্যাগ করিয়াও সমিদ্ভার গ্রহণপূর্ব্বক অপেক্ষাকৃত হীনজাতি রাজাকে বিনয়সহকারে উপাসনা করিতে লাগিলেন এবং অন্যান্য বিদ্যাগ্রহণ সমুৎসুক হইয়া রহিলেন। অশ্বপতি তাঁহাদিগের নিকট যথোক্ত বিদ্যার উপদেশ প্রদানে উৎসাহী হইয়া উপনয়ন না করিয়াও যথাযোগ্য বিদ্যা প্রদান করিলেন ॥ ৭ ॥

ইতি একাদশ খণ্ড ॥ ১১ ॥

দ্বাদশঃ খণ্ডঃ।

ঔপমন্যব কং ত্বমাত্মানমুপাস্মে ইতি দিবমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ সুতেজা আত্মা বৈশ্বানরোঽয়ং ত্বমাত্মানমুপাস্মে তস্মাত্তব সুতং প্রসুতমাসুতং কুলে দৃশ্যতে ॥ ১ ॥

স কথমুবাচেত্যাহ। হে ঔপমন্যব কমাত্মানং বৈশ্বানরং ত্বমুপাস্ম ইতি পপ্রচ্ছ। নন্বয়মাচার্য্যায় আচার্য্যঃ সন্ শিষ্যং পৃচ্ছতীতি। নৈষ দোষঃ যদ্বেত্থ তেন মোপসীদ ততস্ত ঊর্দ্ধং বক্ষ্যামীতি ন্যায়দর্শনাৎ। অন্যত্রাপ্য-প্রতিভানবতি শিষ্যে প্রতিভোৎপাদনার্থঃ প্রশ্নো দৃষ্টোঽজাতশত্রোঃ। কৈষ তদাভূৎ কুত এতদাগাদিতি। দিবমেব দ্যুলোকমেব বৈশ্বানর-মুপাস্মে ভগবো রাজন্নিতি হোবাচ। এষ বৈ সুতেজাঃ শোভনং তেজো যস্য সোঽয়ং সুতেজা ইতি প্রসিদ্ধো বৈশ্বানর আত্মা। অয়মাত্মনোঽব-য়বভূতত্বাদ্যং ত্বমাত্মানমাত্মৈকদেশমুপাস্মে তস্মাৎসুতেজসো বৈশ্বানরস্যোপা সনাত্তব সুতমভিসুতং সোমরূপং কর্ম্মাণি প্রসুতং প্রকর্ষেণ চ সুতমাসু-

---

অশ্বপতি উপমন্যুতনয় প্রাচীনশালকে সম্বোধন করিয়া কহিলেন, হে প্রাচীনশাল! তুমি কাহাকে বৈশ্বানর আত্মা বলিয়া উপাসনা কর? যদি বল, ইহা ন্যায়বিরুদ্ধ হইতেছে, কারণ শিষ্যই গুরুর নিকট জিজ্ঞাসা করিবেন, ইহাই অবিরুদ্ধ প্রাচীন নীতি, তবে এইক্ষণ শিষ্যের নিকট গুরুর জিজ্ঞাসা সঙ্গত হইতেছে না। ইহা নহে, যেহেতু পূর্ব্বে শিষ্য প্রশ্ন করিলে যদি গুরু বলেন, তোমাদিগের অভিলষিত প্রশ্নের প্রত্যুত্তর পরে বলিব, তাহাহইলে অগ্রে গুরুবাক্যে দোষ হইতে পারে না। গুরু প্রথ-মতঃ প্রশ্নদ্বারা শিষ্যের জ্ঞান জানিয়া পরে উপদেশদ্বারা শিষ্যের জ্ঞান সমুৎপাদন করিবেন, এইরূপ ন্যায়দৃষ্ট আছে। বৃহদারণ্যকেও অজ্ঞানী

অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চ্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে মূর্দ্ধাত্বেষ আত্মন ইতি হোবাচ মূর্দ্ধা তে ব্যপতিষ্যদ্যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

তত্রাহর্গণাদিষু তব কুলে দৃশ্যতে অতীব কর্ম্মিণস্বৎকুলীনা ইত্যর্থঃ। অৎস্যন্নং দীপ্তাগ্নিঃ সন্ পশ্যসি চ পুত্রপৌত্রাদিপ্রিয়মিষ্টম্ ॥ ১ ॥

অন্যোঽপ্যন্নমত্তি পশ্যতি চ প্রিয়ং ভবত্যস্য সুতং প্রসূতমাসূতমিত্যাদিকর্ম্মিত্বং ব্রহ্মবর্চ্চসং কুলে যঃ কশ্চিদেতং যথোক্তমেব বৈশ্বানরমুপাস্তে-মূর্দ্ধা তু বৈশ্বানরস্যৈব ন সমস্তো বৈশ্বানরঃ। অতঃ সমস্তবুদ্ধ্যা বৈশ্বানরস্যোপাসনাচ্ছিরো মূর্দ্ধা তে বিপরীতগ্রাহিণো ব্যপতিষ্যদ্বিপতিতম ভবিষ্যৎ। যদ্যদি মাং নাগতোঽভবিষ্যৎ সাধ্বকার্ষীর্মামাগতোঽসীত্যভিপ্রায়ঃ ॥ ২ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

শিষ্যের জ্ঞানোৎপাদনার্থ গুরুর প্রশ্ন দৃষ্ট আছে। এই নিয়মানুসারেই অশ্বপতি জিজ্ঞাসা করিলেন। প্রাচীনশাল কহিলেন, হে ভগবন্ রাজন্! আমি স্বর্গলোককেই বৈশ্বানর আত্মা বলিয়া উপাসনা করি। অশ্বপতি বলিলেন, এই বৈশ্বানর আত্মা, সাতিশয় তেজস্বী। আত্মার অবয়বভূতত্ব প্রযুক্ত যাহাকে তুমি আত্মৈকদেশরূপে উপাসনা কর, সেই সুতেজা বৈশ্বানরের উপাসনাহেতু তোমার কুলে পুত্রাদি মহাকুলীন, অর্থাৎ সাতিশয় কুলীন হইবে ॥ ১ ॥

হে প্রাচীনশাল! তুমি দীপ্তাগ্নি হইয়া অন্ন ভোজনকরত পুত্রপৌত্রাদি প্রিয়দর্শন কর এবং অন্যব্যক্তিও অন্ন ভক্ষণ করে এবং পুত্রপৌত্রাদিপ্রিয় দর্শন করে। যিনি বৈশ্বানররূপে আত্মাকে উপাসনা করেন, তাঁহার কুলে

ত্রয়োদশঃ খণ্ডঃ।

অথ হোবাচ সত্যযজ্ঞং পৌলুষিং প্রাচীনযোগ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যাদিত্যমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ বিশ্বরূপ আত্মা বৈশ্বানরোঽয়ং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্তব বহু বিশ্বরূপং কুলে দৃশ্যতে প্রবৃত্তোঽশ্বতরীরথো দাসীনিষ্কো ॥ ১ ॥

অথ হোবাচ সত্যযজ্ঞং পৌলুষিং হে প্রাচীনযোগ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যাদিত্যমেব ভগবো রাজন্নিতি হোবাচ। শুক্লনীলাদিরূপত্বাদিশ্বরূপত্বমাদিত্যস্য সর্ব্বরূপত্বাদ্বা। সর্ব্বাণি রূপাণি হি দ্বাষ্ট্রাণি যতো-

---

সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণীতি ॥ ২ ॥

তৎপুরুষপক্ষাদি। উদ্ভিজ্জং উদ্ভিৎ স্থাবরং ততো জাতমুদ্ভিজ্জং ধানা বোদ্ভিত্ততো জায়ত ইত্যুদ্ভিজ্জং স্থাবরবীজং স্থাবরাণাং বীজমিত্যর্থঃ। স্বেদজসংশোকজয়োরাণ্ডজোদ্ভিজ্জয়োরেব যথাসম্ভবমন্তর্ভাবঃ। এবং ত্রিবিধারণং ত্রীণ্যেব বীজানীত্যুপপন্নং ভবতি ॥ ১ ॥

সেয়ং প্রকৃতা সদাখ্যা তেজোঽবন্নযোনির্দ্দেবতোক্তা ঈক্ষতেক্ষিতবতী যথা পূর্ব্বং বহু স্যামিতি। তদেব বহুভবনং প্রয়োজনং নাদ্যাপি নিবৃত্তমিত্যত ঈক্ষাং পুনঃ কৃতবতী বহুভবনমেব প্রয়োজনমুররীকৃতা কথং হন্তেদানীমহমিমা যথোক্তাস্তেজ আদ্যাস্তিস্রো দেবতা অনেন জীবেনেতি স্ববুদ্ধিস্থং পূর্ব্বসৃষ্টানুভূতং প্রাণধারণমাত্মানমেব স্মরন্ত্যাহানেন জীবেনাত্মনেতি প্রাণধারণকর্ত্রাত্মনেতি বচনাৎ। স্বাত্মনোঽব্যতিরিক্তেন চৈতন্যস্বরূপতয়া অবিশিষ্টেনেত্যেতদ্দর্শয়তি। অনুপ্রবিশ্য তেজোঽবন্নভূতমাত্রাসংসর্গেণ লব্ধবিশেষবিজ্ঞানা সতী নাম চ রূপঞ্চ

তাঁহারা জীবজ। মনুষ্যপশুপ্রভৃতি জরায়ুজদিগকেই জীবজ বলা যায় এবং বৃক্ষতৃণাদি স্থাবরসকল উদ্ভিজ্জ। এই বৃক্ষাদিই স্থাবরপদার্থের বীজ, স্বেদজমশকাদিরা অণ্ডজাদির অন্তর্গত ॥ ১ ॥

জীবপ্রবিষ্ট ভূত সকল যে ব্রহ্মের কার্য্য, তাহা উক্ত হইয়াছে, এইক্ষণ জীব বিশিষ্টরূপে ব্রহ্মের কার্য্য হইলেও বাস্তবিক উহা ব্রহ্মের কার্য্য নহে, উপাধিবিশিষ্ট ব্রহ্মেই জীব ব্যবহার স্বীকৃত আছে; সুতরাং ব্রহ্মবিজ্ঞানেই জীববিজ্ঞান সিদ্ধ আছে, পরন্তু জীবসকলের যে ভোগায়তন, তাহারা ভৌতিক কার্য্য বটে, ইহাই বিবৃত হইতেছে। সেই তেজ, জল ও অন্নাদির যোনিরূপ দেবতাই দর্শন করিয়া থাকেন, পূর্ব্বে তেজঃপ্রভৃতির যে বহুভবন হইয়াছে, তাহা এখনও নিবৃত্ত হয় নাই, এই নিমিত্তই পুনর্ব্বার দর্শন উক্ত হইল। আমি সেই তেজঃ, জল ও অন্নের যোনিরূপা তিন দেবতা উক্ত জীবরূপে প্রবেশ করিয়া নামরূপ

নামরূপে ব্যাকরবাণি বিস্পষ্টমাকরবাণি অনেন নামারমিদংরূপমিতি ব্যাকুর্য্যামীত্যর্থঃ। নন্থ ন যুক্তমিদমসংসারিণ্যাঃ সর্ব্বজ্ঞায়া দেবতায়া বুদ্ধিপূর্ব্বকমনেকশতসহস্রানর্থাশ্রয়ং দেহমনুপ্রবিশ্য দুঃখমনুভবিষ্যামীতি সঙ্কল্পনম্। অনুপ্রবেশশ্চ স্বাতন্ত্র্যে সতি। সত্যমেবং ন যুক্তং স্যাদ্‌ যদি স্বেনৈবাবিকৃতেন রূপেণানুপ্রবিশেয়ং দুঃখমনুভবেয়মিতি চ সঙ্কল্পিতবতী নত্বেবম্। কথং তর্হ্যনেন জীবেনাত্মনানুপ্রবিশ্যেতি বচনাৎ জীবো হি নাম দেবতায়া আভাসমাত্রম্। বুদ্ধ্যাদিভূতমাত্রাসংসর্গজনিত আদর্শ ইব প্রবিষ্টঃ পুরুষপ্রতিবিম্বো জলাদিষ্বিব চ সূর্য্যাদীনাম্। অচিন্ত্যানন্তশক্তিমত্যা দেবতায়া বুদ্ধ্যাদিসম্বন্ধঃ। চৈতন্যাবভাসো দেবতাস্বরূপবিবেকাগ্রহণনিমিত্তঃ। সুখী দুঃখী মূঢ় ইত্যাদ্যনেকবিকল্পপ্রত্যয়হেতুঃ। ছায়ামাত্রেণ জীবরূপেণানুপ্রবিষ্টত্বাৎ দেবতা

প্রকাশ করিতেছি, অর্থাৎ ইহার এই নাম এবং এই বস্তুরই এইরূপ ইত্যাদিরূপে নির্দ্দেশ করিতেছি। যদি বল, অসংসারিণী সর্ব্বজ্ঞ দেবতার বুদ্ধি-পূর্ব্বক অনেক শত সহস্র অনর্থের আশ্রয় দেহ প্রবেশ করিয়া দুঃখানুভবসঙ্কল্প যুক্ত হয় না। বিশেষতঃ অনুপ্রবেশও স্বতন্ত্রেরই সম্ভবে, অর্থাৎ যদি সেই দেবতার স্বাতন্ত্র্য থাকে, তাহাহইলেই অনুপ্রবেশ সম্ভবিতে পারে। কেহই "আমি স্বীয়রূপে প্রবেশ করি ও দুঃখ অনুভব করি" এইরূপ সঙ্কল্প করে না। তবে কিরূপে এই জীব স্বয়ং প্রবেশ করে, ইহা বলা যাইতে পারে। এইক্ষণ বক্তব্য এই যে, জীব দেবতাদিগের আভাসমাত্র। বুদ্ধিপ্রভৃতি ভূতমাত্র সংসর্গ-জনিত আদর্শের ন্যায় প্রবিষ্ট হয়। যেমন জলাদিতে চন্দ্র সূর্য্যাদির আভা প্রবেশ করে, সেইরূপ পুরুষ প্রতিবিম্বে প্রবিষ্ট হয়। ইহাই অনন্ত ও অচিন্ত্য শক্তিমতী দেবতার বুদ্ধ্যাদি সম্বন্ধ হইয়া থাকে। তাবৎ যে চৈতন্যাবভাস হয়, তাহা দেবতা স্বরূপের অবিবেকগ্রহনিমিত্ত জানিবে এবং ঐ চৈতন্যাবভাসই সুখী, দুঃখী, মূঢ় ইত্যাদি অনেক বিকল্প প্রত্যয়ের কারণ। ছায়ামাত্র জীবরূপে অনুপ্রবেশ করে, দেবতারা দৈহিক সুখদুঃখাদিদ্বারা সম্বদ্ধ হয় না। যেমন পুরুষ ও আদিত্যাদি আদর্শ

ন দৈহিকৈঃ স্বতঃ সুখদুঃখাদিভিঃ সম্বধ্যতে। যথা পুরুষাদিত্যাদয় আদর্শোদকাদিষু ছায়ামাত্রেণানুপ্রবিষ্টা আদর্শোদকাদিদোষৈর্ন সম্বধ্যন্তে তদ্বদ্দেবতাপি। সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈরেকস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্য আকাশবৎ। সর্ব্বগতশ্চ নিত্য ইতি হি কাঠকে। ধ্যায়তীব লেলায়তীবেতি চ বাজসনেয়কে। নমু বাচারম্ভণমাত্রত্বেজ্জীবো মৃষৈব প্রাপ্তঃ তথা পরলোকেহলোকাদি চ কথং তস্য। নৈষ দোষঃ। সদাত্মনা সত্যত্বাভ্যুপগমাৎ। সর্ব্বঞ্চ নামরূপাদি সদাত্মনৈব সত্যং বিকারজাতং স্বতস্ত্বনৃতমেব। বাচারম্ভণং বিকারো নামধেয়মিত্যুক্তত্বাৎ। তথা জীবোঽহমীতি। যক্ষানুরূপো হি বলিরিতি ন্যায়প্রসিদ্ধঃ অতঃ শব্দাত্মনা সর্ব্বব্যবহারাণাং সর্ব্ববিকারাণাঞ্চ সত্যত্বং সতোঽন্যত্বে চানৃতত্বমিতি ন কশ্চিদ্দোষস্তার্কিকৈরিহানুবক্তুং শক্যঃ। যদপেতরেতরবিরুদ্ধবৈতবাদাঃ স্ববুদ্ধিবিকল্পনামাত্রা অতত্ত্বনিষ্ঠা ইতি শক্যং বক্তুম্ ॥ ২ ॥

জলাদিতে ছায়ারূপে প্রবিষ্ট হয়, পরন্তু আদর্শ জলাদিতে প্রবিষ্ট হয় বটে, কিন্তু আদর্শের দোষে সম্বদ্ধ হয় না, সেইরূপ তেজঃপ্রভৃতি দেবতারাও সংসারিত্বাদি দোষে লিপ্ত হয়েন না। আর যেমন সূর্য্য সর্ব্বলোকের চক্ষুঃ, কিন্তু সেই সূর্য্য চক্ষুর বাহ্যদোষে দুষ্ট হয় না, সেইরূপ সর্ব্বভূতান্তরাত্মা লোকদুঃখে লিপ্ত হয়েন না। কাঠক শ্রুতিতে লিখিত আছে যে অন্তরাত্মা বাহ্য আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য। বাজসনেয়ক শ্রুতিপ্রমাণে জানা যায় যে, উপাধিদ্বারা অন্তরাত্মার সংসারিত্ব আছে। যদি জীব ব্রহ্মের কার্য্য না হইয়া বাক্য মাত্রেই তাহার আরম্ভ হয়, তাহাহইলে জীবের মিথ্যাত্বই প্রাপ্ত হওয়া যায়, তবে কিরূপে সেই জীবের ইহলোক ও পরলোক হইতে পারে; এইরূপ দোষাশঙ্কা হইতে পারে না, কারণ সৎস্বরূপ পরমাত্মাদ্বারাই সত্যত্ব স্বীকৃত আছে। বিশেষতঃ সেই সদাত্মাদ্বারাই সকল নামরূপাদি হইয়া থাকে। আরম্ভ বিকারজাত সমুদায়ই মিথ্যা, কেবল সৎপুরুষই নিত্য; এই নিমিত্তই শ্রুতিতে উক্ত হইয়াছে যে, বিকারজাত সমুদায়ই মিথ্যা,

তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং করবাণীতি সেয়ং দেবতেমাস্তিস্রো দেবতা অনেনৈব জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ ॥ ৩ ॥

তাসাং ত্রিবিতং ত্রিবিতমেকৈকামকরোদ্‌যথা নু খলু

সৈবং তিস্রো দেবতা অনুপ্রবিশ্য স্বাত্মাবস্থে বীজভূতেঽব্যাকৃতে নামরূপে ব্যাকরবাণীতীক্ষিত্বা তাসাঞ্চ তিসৃণাং দেবতানামেকৈকাং ত্রিবৃতং ত্রিবৃতং করবাণি একৈকস্যাঃ ত্রিবিৎকরণে একৈকস্যাঃ প্রাধান্যং স্বয়োর্যয়োর্গুণভাবোঽন্যথা হি রজ্জ্বা ইবৈকমেব ত্রিবিৎকরণং স্যাৎ। ন তু তিসৃণাং পৃথক্ ত্রিবিৎকরণমিতি। এবং হি তেজোবন্নানাং পৃথঙ্নামপ্রত্যয়লাভঃ স্যাত্তেজ ইদমিমা আপোঽন্নমিদমিতি চ। পৃথঙ্নামপ্রত্যয়লাভে দেবতানাং সম্যগ্‌ব্যবহারস্য প্রসিদ্ধিঃ প্রয়োজনং স্যাৎ ॥ ৩ ॥

এবমীক্ষিত্বা সেয়ং দেবেতেমাস্তিস্রো দেবতা অনেনৈব যথোক্তে-

কেবল সৎপুরুষই নিত্য, এই নিমিত্তই শ্রুতিতে উক্ত হইয়াছে যে, বিকারজাত সমুদায় পদার্থই কেবল বাক্যে আরম্ভ হইয়া থাকে, অর্থাৎ নানা নামে অভিহিত হয় এবং জীবও সেইরূপ মিথ্যা, অর্থাৎ উপাধিবিশিষ্টমাত্র ॥ ২ ॥

সেই তিন দেবতা, অর্থাৎ তেজঃ, জল ও অন্নরূপ দেবতাত্রয় বীজভূত অব্যাকৃত স্বাত্মাবস্থাতে অনুপ্রবেশ করিয়া ইহাদিগের নাম রূপ ব্যক্ত করিব, এই অভিপ্রায়ে দর্শনকর্ত্তা সেই দেবতাত্রয়ের এক একটিকে ত্রিবৃত করিলে, যেমন সমাণ পরিমাণে সূত্রত্রয় দ্বারা ত্রিবৃত হইয়া রজ্জু হয়, সেইরূপ তেজঃ, জল ও অন্ন ইহাদিগের ত্রিবৃৎকরণ জানিবে। কিন্তু তিনের পৃথক্ পৃথক্ নাম হইয়াছে; অর্থাৎ এই তেজঃ, এই জল, এই অন্ন ইত্যাদিরূপে তেজঃ প্রভৃতিকে বিশেষ করা যায়। এই ত্রিবৃৎকরণ স্থানান্তরে বিশেষরূপে বিবৃত হইবে ॥ ৩ ॥

উক্ত তেজঃপ্রভৃতি দেবতারা উক্তরূপে যথোক্ত জীবের সহিত অন্তঃপ্রবিষ্ট হইয়া প্রথমে বৈরাজ পিণ্ড, অর্থাৎ দেবতাদিগের পিণ্ডে

সোম্যেমাস্তিস্রো দেবতাস্ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি ॥ ৪ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

নৈব জীবেন সূর্য্যবিম্ববদন্তঃ প্রবিশ্য বৈরাজং পিণ্ডং প্রথমং দেবতাদীনাং চ পিণ্ডাননুপ্রবিশ্য যথা সঙ্কল্পমেব নামরূপে ব্যাকরোদসৌ নামায়মিদং-রূপং ইতি তাসাঞ্চ দেবতানাং গুণপ্রধানভাবেন ত্রিবৃতং ত্রিবৃতমেকৈ-কামকরোৎকৃতবতী দেবতা। তিষ্ঠতু তাবদ্দেবতাদিপিণ্ডানাং নাম-রূপাভ্যাং ব্যাকৃতানাং ভোজোঽবন্নময়ত্বেন ত্রিধাত্বং যথা তু খলু বহিরিমাঃ পিণ্ডেভ্যস্তিস্রো দেবতাস্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে মম নিগদতো বিজা-নীহি বিস্পষ্টমবধারয়োদাহরণতঃ ॥ ৪ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

অনুপ্রবেশপূর্ব্বক ইহার এই নাম এবং ইহার এই রূপ ইত্যাদিপ্রকারে নামরূপ ব্যক্ত করিয়াছেন। যেরূপে এই বহিঃস্থ পিণ্ড হইতে তিন দেব-তার ত্রিবৃৎকরণ হইয়াছে, তাহার বিশেষ আমি বলিতেছি শ্রবণ কর ॥৪॥

ইতি তৃতীয় খণ্ড ॥ ৩ ॥

চতুর্থঃ খণ্ডঃ।

যদগ্নে রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎকৃষ্ণং তদন্নস্যাপাগাদগ্নেরগ্নিত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্ ॥ ১ ॥

যত্তদ্দেবতানাং ত্রিবৃৎকরণমুক্তং তস্যৈবোদাহরণমুচ্যতে। উদাহরণং নামৈকদেশপ্রসিদ্ধ্যাশেষপ্রসিদ্ধ্যর্থমুদাহ্রিয়ত ইতি। তদেতদাহ যদগ্নেঃ ত্রিবৃৎকৃতস্য রোহিতং রূপং প্রসিদ্ধং লোকে তদত্রিবৃৎকৃতস্য তেজসো রূপমিতি বিদ্ধিঃ। তথা চ যচ্ছুক্লং রূপমগ্নেরেব তদপামত্রিবৃৎকৃতানাং যৎকৃষ্ণং তস্যৈবাগ্নে রূপং তদন্নস্য পৃথিব্যা অত্রিবিৎকৃতায়া ইতি বিদ্ধি। তত্রৈবং সতি রূপত্রয়ব্যতিরেকেণাগ্নিরিতি যন্মন্যসে ত্বং তস্যাগ্নেরগ্নিত্ব-

---

পূর্ব্বখণ্ডে যে দেবতাদিগের ত্রিবৃৎকরণ উক্ত হইয়াছে, তাহার উদাহরণ কথিত হইতেছে।—অগ্নির যে লোহিতরূপ দেখিতেছ, উহা উক্ত তেজের রূপ জানিবে, ঐ অগ্নিতে যে শুক্লরূপ দৃষ্ট হয়, তাহা জলের এবং উহাতে যে কৃষ্ণরূপ আছে, তাহা অন্নের রূপ, অর্থাৎ অত্রিবৃৎকৃত পৃথিবীরই ঐ কৃষ্ণরূপ জানিবে। তথাপি তুমি যে অগ্নিকে রূপত্রয় ব্যতিরিক্ত জানকর, ইহাতেই অগ্নির অগ্নিত্ব অপগত হইয়াছে, পূর্ব্বে যে রূপত্রয় বিবেকবিজ্ঞানবশতঃ অগ্নিবুদ্ধি ছিল, তেজঃদ্বারা সেই অগ্নিবুদ্ধি ও অগ্নিশব্দ অপগত হইয়াছে, রক্তোপধানসংযুক্ত স্ফটিকমণি গ্রহণ করিলে ইহা পদ্মরাগমণি এইরূপ বুদ্ধি হয় এবং ঐ স্ফটিকমণিতে পদ্মরাগশব্দপ্রযুক্ত হইয়া থাকে, কিন্তু সেই রক্তোপধান ও স্ফটিকমণির বিবেক বিজ্ঞানের পূর্ব্বেই তাহাতে পদ্মরাগবুদ্ধি থাকে ও পদ্মরাগশব্দপ্রযুক্ত হয়, পরন্তু যখন ঐ রক্তোপধান ও স্ফটিকমণির বিবেক বিজ্ঞান হয়,

মিদানীমপাগাদপগতম্ । প্রাগুপত্রয়বিবেকবিজ্ঞানাদ্বাগ্নিবুদ্ধিরাসীত্তে-জসাগ্নিবুদ্ধিরপগতাগ্নিশব্দশ্চেত্যর্থঃ । যথা দৃশ্যমানরক্তোপধানসংযুক্তঃ স্ফটিকো গৃহ্যমাণঃ পদ্মরাগোঽয়মিতিশব্দবুদ্ধ্যোঃ প্রয়োজকো ভবতি প্রাগু পধানস্ফটিকয়োর্বিবেকবিজ্ঞানাত্তদ্বিবেকবিজ্ঞানে তু পদ্মরাগশব্দবুদ্ধী নিব-র্ত্তেতে তদ্বিবেকবিজ্ঞাতৃস্তদ্বৎ । নন্থ কিমত্র বুদ্ধিশব্দকল্পনয়া ক্রিয়তে প্রাগুপত্রয়বিবেককরণাদগ্নিরেবাসীত্তদপ্রেয়গ্নিত্বং রোহিতাদিরূপবিবেক-করণাদপাগাদিতি যুক্তম্ । যথা তত্ত্বপকর্ষণে পটাভাবঃ । নৈবং বুদ্ধি-শব্দমাত্রমেব হ্যগ্নির্যত আহ বাচারম্ভণমগ্নির্নাম ত্রিকারো নামধেয়ং নাম-মাত্রমিত্যর্থোঽতোঽগ্নিবুদ্ধিরপি মৃষৈব । তর্হি কিং তত্র সত্যং ত্রীণি রূপাণীত্যেব সত্যং নাণুমাত্রমপি রূপত্রয়ব্যতিরেকেণ সত্যমস্তীত্যবধার-ণার্থঃ ॥ ১ ॥

তখন উক্ত পদ্মরাগবুদ্ধি ও পদ্মরাগশব্দ নিবৃত্ত হইয়া থাকে। সেইরূপ যাবৎ অগ্নিতে পূর্ব্বোক্ত গুণত্রয়ের বিবেক বিজ্ঞান না হয়, তাবৎ অগ্নি বুদ্ধি ও অগ্নিশব্দ থাকে, কিন্তু উক্ত গুণত্রয়ের বিবেকপরিজ্ঞান হইলে তাহাতে অগ্নি বুদ্ধি থাকে না, এবং অগ্নিশব্দের প্রয়োগ হয় না। যদি বল, অগ্নিতে অগ্নিবুদ্ধিও অগ্নিনাম পরিকল্পনার প্রয়োজন কি? রূপত্রয় বিবেকের পূর্ব্বেই অগ্নি বলিয়া বোধ ও অগ্নিনাম থাকে, পরন্তু ঐ রূপ-ত্রয়ের বিবেকের পর অগ্নি বলিয়া জ্ঞান থাকে না। যেমন সূত্রের অভাব হইলেই বস্ত্রের অভাব হয়, সেইরূপ গুণত্রয়ের বিবেকে অগ্নির অভাব হইয়া থাকে। ইহাতে বক্তব্য এই যে, শব্দ বুদ্ধিমাত্রই অগ্নি, অর্থাৎ অগ্নি এইটি কেবল কথাতেই নাম জানা যায়, যে পর্য্যন্ত এইটি অগ্নি এইরূপ বুদ্ধি থাকে, সেপর্য্যন্তই অগ্নিকে সত্য বলিয়া জ্ঞানহয় এবং অগ্নি শব্দের প্রয়োগ হয়। পরন্তু রূপত্রয়ের বিজ্ঞান হইলে অগ্নিশব্দ বা অগ্নি-বুদ্ধি নিবৃত্তিহয়। বাস্তবিক উহা বিকার মাত্র, কেবল রূপত্রয়ই সত্য জানিবে। অগ্নি বলিয়া যে পদার্থ স্বীকার করা যায়, উহা মিথ্যা। ঐ রূপত্রয় ব্যতিরেকে কিঞ্চিন্মাত্রও সত্য নহে ॥ ১ ॥

যদাদিত্যস্য রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎকৃষ্ণং তদন্নস্যাপাগাদাদিত্যাদিত্যস্যাদিত্যত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্ ॥ ২ ॥

যচ্চন্দ্রমসো রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং

তথা যদাদিত্যস্য যচ্চন্দ্রমসো যদ্বিদ্যাত ইত্যাদি সমানম্। নন্বু যথাদ্ভ্য এব সোম্যোমাস্তিস্রো দেবতাস্ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীত্যুক্ত্বা তেজস এব চতুর্ভিরপ্যুদাহরণৈরন্ন্যাদিভিস্ত্রিবৃৎকরণং দর্শিতং নাবন্নয়োরুদাহরণং দর্শিতং ত্রিবৃৎকরণে। নৈষ দোষঃ। অবন্নবিষয়াণ্যপ্যুদাহরণান্যেবমেব চ দ্রষ্টব্যানীতি মন্যতে শ্রুতিঃ। তেজস উদাহরণমুপলক্ষণার্থম্। রূপবত্ত্বাৎ স্পষ্টার্থত্বোপপত্তেশ্চ। গন্ধরসয়োরনুদাহরণং ত্রয়াণামসম্ভবাৎ। ন হি গন্ধরসৌ তেজসি স্তঃ। স্পর্শশব্দয়োরনুদাহরণং বিভাগেন দর্শয়িতুমশক্যত্বাৎ। যদি সর্বং জগত্ত্রিবৃৎকৃতমিত্যগ্ন্যাদিবত্ত্রীণি রূপাণীত্যেব সত্যমগ্নেরগ্নিত্বমপাগাজ্জগতো জগত্ত্বম্। তথান্নস্যাপি

আদিত্যের যে লোহিতরূপ দেখিতেছ, উহা তেজের রূপ জানিবে, ঐ আদিত্যের যে শুক্লরূপ দৃষ্ট হয়, ঐ শুক্লরূপ জলের এবং উহার যে কৃষ্ণরূপ আছে, তাহা অন্নের রূপ, অর্থাৎ অত্রিবিৎকৃত পৃথিবীরই উক্ত কৃষ্ণরূপ জানিবে। যাবৎ আদিত্যের উক্ত গুণত্রয়ের বিবেক পরিজ্ঞান না হয়, তাবৎই আদিত্যবুদ্ধি ও আদিত্যশব্দ থাকে, কিন্তু যখন উক্ত গুণত্রয়ের বিবেক পরিজ্ঞান হয়, তখন আদিত্য বুদ্ধি থাকেনা এবং আদিত্য শব্দের প্রয়োগ হয় না। শব্দ ও বুদ্ধিমাত্রই আদিত্য, অর্থাৎ আদিত্য এইটি কেবল বাক্যেই নাম জানা যায়, উহা বিকার মাত্র, রূপত্রয়ই সত্য। আদিত্য বলিয়া যে পদার্থ স্বীকার করা যায়, তাহা মিথ্যা। ঐ রূপ ত্রয় ব্যতিরেকে কিছুই সত্য নহে ॥ ২ ॥

চন্দ্রের যে লোহিত রূপ দেখিতেছ, উহা তেজের রূপ জানিবে, ঐ চন্দ্রের যে শুক্লরূপ দৃষ্ট হয়, ঐ শুক্লরূপ জলের এবং উহার যে কৃষ্ণরূপ

তদপাং যৎকৃষ্ণং তদন্নস্যাপাগাচ্চন্দ্রাচ্চন্দ্রত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্ ॥ ৩ ॥

যদ্বিদ্যুতো রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং

অপশুদ্ধত্বাদাপ ইত্যেব সত্যং বাচারম্ভণমাত্রমন্নম্। তথাপামপি তেজঃশুদ্ধত্বাদ্বাচারম্ভণত্বে তেজ ইত্যেব সত্যম্। তেজসোঽপি সচ্ছুদ্ধত্বাদ্বাচারম্ভণত্বং সদিত্যেব সত্যমিত্যেষোঽর্থো বিবক্ষিতঃ। নন্বু বায্বন্তরিক্ষে ত্রিবৃৎকৃতে তেজঃপ্রভৃতিষ্বনন্তর্ভূতত্বাদবিশিষ্যেতে। এবং গন্ধরসশব্দস্পর্শাশ্চাবিশিষ্টা ইতি। কথং সতো বিজ্ঞানেন সর্ব্বমন্তদবিজ্ঞাতং ভবত্তদ্বিজ্ঞানে বা প্রকারান্তরং বাচ্যম্। নৈষ দোষো রূপবদ্দ্রব্যে সর্ব্বস্য দর্শনাৎ। কথং তেজসি তাদ্রূপ্যবতি শব্দস্পর্শয়োরপ্যুপলম্ভাদ্বায্বন্তরিক্ষয়োস্তত্র স্পর্শশব্দগুণবত্তোঃ সদ্ভাবোঽনুমীয়তে। তথাবন্নয়ো রূপবতো

আছে, তাহা অন্নের রূপ, অর্থাৎ অত্রিবিৎকৃত পৃথিবীরই উক্ত কৃষ্ণজানিবে। যাবৎ চন্দ্রের উক্ত গুণত্রয়ের বিবেকপরিজ্ঞান না হয়, তাবৎই চন্দ্রবুদ্ধি ও চন্দ্রশব্দ থাকে, কিন্তু যখন উক্ত গুণত্রয়ের বিবেকপরিজ্ঞান হয়, তখন চন্দ্রবুদ্ধি থাকে না এবং চন্দ্রশব্দের প্রয়োগ হয় না। শব্দ ও বুদ্ধি মাত্রই আদিত্য, অর্থাৎ চন্দ্র এইটি কেবল বাক্যেই নাম জানা যায়। উহা বিকার মাত্র, রূপত্রয়ই সত্য। চন্দ্র বলিয়া যে পদার্থ স্বীকার করা যায়, তাহা মিথ্যা। ঐ রূপত্রয় ব্যতিরেকে কিছুই সত্য নহে ॥ ৩ ॥

বিদ্যুতের যে লোহিতরূপ দেখিতেছে, উহা তেজের রূপ জানিবে, ঐ বিদ্যুতের যে শুক্লরূপ দৃষ্ট হয়, ঐ শুক্লরূপ জলের এবং উহার যে কৃষ্ণরূপ আছে, তাহা অন্নের রূপ, অর্থাৎ অত্রিবিৎকৃত পৃথিবীরই উক্ত কৃষ্ণরূপ জানিবে। যাবৎ বিদ্যুতের উক্ত গুণত্রয়ের বিবেক পরিজ্ঞান না হয়, তাবৎই বিদ্যুৎবুদ্ধি ও বিদ্যুৎ শব্দ থাকে, কিন্তু যখন উক্ত গুণত্রয়ের বিবেক পরিজ্ঞান হয়, তখন বিদ্যুৎ বুদ্ধি থাকে না এবং

তদপাং যৎকৃষ্ণং তদন্নস্যাপাগাদ্বিদ্যুতো বিদ্যুত্ত্বং বাচা-রম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণিরূপাণীত্যেব সত্যম্ ॥ ৪ ॥

রসগন্ধান্তর্ভাব ইতি। রূপবতাং ত্রয়াণাং তেজোঽবন্নানাং ত্রিবৃৎকরণ-প্রদর্শনেন সর্ব্বং তদন্তর্ভূতং সদ্বিকারত্বাত্ত্রীণ্যেব রূপাণি বিজ্ঞাতং মন্যতে শ্রুতিঃ। ন হি মর্ত্ত্যং রূপবৎ দ্রব্যং প্রত্যাখ্যায় বায্বাকাশয়োস্তদ্গুণয়োর্গন্ধরসয়োর্বা গ্রহণমস্তি। অথবা রূপবত্তামপি ত্রিবৃৎকরণং প্রদর্শনার্থ-মেব মন্যতে শ্রুতিঃ। যথা তু ত্রিবৃৎকৃতে ত্রীণ্যেব রূপাণীত্যেব সত্যং তথা পঞ্চীকরণেঽপি সমানো ন্যায় ইত্যতঃ সর্ব্বস্য সদ্বিকারত্বাৎসতো বিজ্ঞানেন সর্ব্বমিদং বিজ্ঞাতং স্যাৎ সদেকমেবাদ্বিতীয়ং সত্যমিতি সিদ্ধি-মেব ভবতি। ২-৪।

বিদ্যুৎ শব্দের প্রয়োগ হয় না। শব্দ ও বুদ্ধি মাত্রই বিদ্যুৎ অর্থাৎ বিদ্যুৎ এইটি কেবল বাক্যেই নাম জানা যায়, উহা বিকার মাত্র। রূপত্রয়ই সত্য, বিদ্যুৎ বলিয়া যে পদার্থ স্বীকার করা যায়, তাহা মিথ্যা। ঐ রূপত্রয় ব্যতিরেকে কিছুই সত্য নহে। আরুণি বলিয়াছিলেন যে, তেজ, জল ও অন্ন যে রূপে এই দেবতা ত্রয়ের ত্রিবৃৎ করণে এক একটি হয়, তাহা আমার নিকট পরিজ্ঞাত হও। পূর্ব্বে এইরূপ তিনের ত্রিবৃৎ করণ বিস্তার প্রতিজ্ঞা করিয়া এইক্ষণ কথিত উদাহরণ চতুষ্টয়েই কেবল তেজঃ হইতে অগ্নি প্রভৃতির ত্রিবৃৎকরণ প্রদর্শন করিলেন, কিন্তু জল ও অন্ন ইহাদিগের ত্রিবৃৎ করণে কোনরূপ উদাহরণ প্রদর্শিত হইল না। এই আশঙ্কায় বলিতেছেন, এই স্থানে কেবল তেজেরই উদাহরণ প্রদর্শিত হইল, জল ও অন্ন ইহাদিগেরও এইরূপ উদাহরণ জানিতে হইবে। ইহাই শ্রুতির তাৎপর্য্য। তেজের উদাহরণ উপলক্ষণমাত্র জল ও অন্নেরও এইরূপ উদাহরণ স্বীকার করিতে হইবে। পৃথিবীর গন্ধ এবং জলের রস আছে, তেজঃপ্রভৃতি তিনের উহা অসম্ভব, যেহেতু গন্ধ ও রস সজেতে নাই। কেবল রূপই সত্য, অগ্নির ন্যায় সমস্ত জগৎই অসত্য। সকল জগৎই ত্রিবৃৎকৃত, অগ্ন্যাদির ন্যায় অসত্য, কেবল রূপত্রয়ই সত্য,

এতদ্ধস্ম বৈ তদ্বিদ্বাংস আহুঃ পূর্ব্বে মহাশালা মহা-শ্রোত্রিয়া ন নোঽদ্য কশ্চনাশ্রুতমমতমবিজ্ঞাতমুদাহরি-ষ্যতীতি হেভ্যো বিদাংচক্রুঃ ॥ ৫ ॥

তদেকস্মিন্ সতি জ্ঞাতে সর্ব্বমিদং জ্ঞাতং ভবতীতি সূক্তম্। এত-দ্বিদ্বাংসো বিদিতবন্তঃ পূর্ব্বেঽতিক্রান্তা মহাশালা মহাশ্রোত্রিয়া আহুর্ স্ম বৈ কিল। *কিমুক্তবন্ত ইত্যাহ। ন নোঽস্মাকং কুলেঽদ্যেদানীং যথোক্তবিজ্ঞানবতাং কশ্চন কশ্চিদপ্যশ্রুতমমতমবিজ্ঞাতমুদাহরিষ্যতি নোদাহরিষ্যতি সর্ব্বং বিজ্ঞাতমেবাস্মৎকুলীনানাং সদ্বিজ্ঞানত্বাদিত্যভি-প্রায়ঃ। তে পুনঃ কথং সর্ব্বং বিজ্ঞাতবন্ত ইত্যাহ। এতস্ত্রিভ্যো রোহিতাদিরূপেভ্যস্ত্রিবৃৎকৃতেভ্যো বিজ্ঞাতেভ্যঃ সর্ব্বমপ্যন্তচ্ছিষ্টমেব-

---

এইরূপ অন্নও জলনিষ্পাদ্য প্রযুক্ত জলই সত্য, অন্নের কেবল নাম মাত্র এবং সেই জলও তেজঃ সম্পাদ্য, সুতরাং জলও নামমাত্র, তেজই সত্য। আর তেজও সৎ পদার্থনিষ্পন্ন অতএব তেজ নামমাত্র সেই সৎ-পদার্থই সত্য। এইরূপ অর্থ বিবক্ষিত জানিবে। যদি বায়ু ও আকাশ ইহারা ত্রিবৃৎকৃত নহে এবং উহারা তেজঃ প্রভৃতির অন্তর্গতও নহে, এইরূপ গন্ধ, রস ও স্পর্শ ইহারাই অবশিষ্ট হইল, তবে কিরূপে সত্তের অবিজ্ঞানে অন্য সকল অপরিজ্ঞাত হইতে পারে এবং সত্তের বিজ্ঞানে সকলই পরিজ্ঞাত হইয়া থাকে। এই দোষ হইতে পারে না, যেহেতু রূপবদ্দ্রব্যেই সকলের দর্শন আছে। যেমন ত্রিবৃৎকরণে তিন রূপই সত্য, সেইরূপ পঞ্চীকরণেও জানিবে। অতএব সকলই সত্তের বিকার জাত প্রযুক্ত সত্তের বিজ্ঞানেই সমুদায় বিজ্ঞাত হয় এবং এক-মাত্র সৎস্বরূপ পরমাত্মাই সত্য, ইহা সিদ্ধ হইল ॥ ৪ ॥

একমাত্র সত্তের বিজ্ঞানেই সকল পদার্থ বিজ্ঞাত হইয়া থাকে, ইহাই উক্ত হইয়াছে, ইহা জানিয়াই পূর্ব্বতন মহাগৃহস্থ মহাশ্রোত্রিয় গণ বলিয়া থাকেন যে, এইক্ষণ আমাদিগের কুলে যথোক্ত বিজ্ঞান শালীদিগের

যদু রোহিতমিবাভূদিতি তেজসস্তদ্রূপমিতি তদ্বিদাঞ্চক্রুঃ যদু শুক্লমিবাভূদিত্যপাংতদ্রূপমিতি তদ্বিদাঞ্চক্রুর্যদু কৃষ্ণমিবাভূদিত্যন্নস্য রূপমিতি তদ্বিদাঞ্চক্রুঃ ॥ ৬ ॥

মেবেতি বিদাঞ্চক্রুর্বিজ্ঞাতবন্তো যস্মাত্তস্মাৎ সর্ব্বজ্ঞা এব সদ্বিজ্ঞানাত্ত আহুরিত্যর্থঃ ॥ ৫ ॥

অথ তৈভ্যো বিদাঞ্চক্রুরিত্যগ্ন্যাদিভ্যো দৃষ্টান্তেভ্যো বিজ্ঞাতেভ্যঃ সর্ব্বমন্তদ্বিদাঞ্চক্রুরিত্যেতৎক্ষণং যদস্তদ্রূপেণ সন্দিহ্যমানে কপোতাদিরূপে রোহিতমেব যদ্গৃহ্যমাণমভূত্তেষাং পূর্ব্বেষাং ব্রহ্মবিদাং তত্তেজসো রূপমিতি বিদাঞ্চক্রুঃ। তথা যচ্ছুক্লমিবাভূদ্গৃহ্যমাণং তদপাং যৎকৃষ্ণমিব গৃহ্যমাণং তদন্নস্যেতি বিদাঞ্চক্রুরেবমেবাত্যন্তদুর্লক্ষ্যং যৎ উ অপ্যবিজ্ঞাতমিব বিশেষতো গৃহ্যমাণমভূত্তদপ্যেতাসামেব তিসৃণাং দেবতানাং সমাসঃ সমুদায় ইতি বিদাঞ্চক্রু ॥ ৬ ॥

মধ্যে কেহই অশ্রুত, অমত ও অবিজ্ঞাত উদাহরণ করিবেন না। আমাদিগের কুলপুরুষেরা সকলেই সৎপুরুষকে জানেন। তাঁহারাও এইরূপ ত্রিবৃৎকৃত লোহিতাদি রূপত্রয় হইতে অবশিষ্ট সমুদায় জানিয়াছেন। যেহেতু সর্ব্ব পুরুষদিগের সৎস্বরূপের বিজ্ঞান আছে; অতএবই তাঁহারা এইরূপ বলিয়া থাকেন ॥ ৫ ॥

পূর্ব্বতন মহাশ্রোত্রিয়েরা অগ্ন্যাদি দৃষ্টান্ত হইতেই অন্যসকল জানিয়াছেন, যেহেতু অগ্ন্যাদিকে জানিতে পারিলেই অন্যান্য সমুদায় পরিজ্ঞাত হইতে পারে। সেই প্রাচীন মহাশ্রোত্রিয়েরা পদার্থ সকল গ্রহণ করিয়া জানিয়াছেন যে, যাহা লোহিত রূপ, তাহা তেজেররূপ, আর যাহা শুক্লরূপ, তাহা জলেররূপ এবং যাহা কৃষ্ণরূপ, তাহা অন্নের রূপ। এইরূপে সকল পদার্থেরই উক্ত রূপত্রয় পর্য্যালোচনা দ্বারা সমুদায় পদার্থের তত্ত্বনিরূপণ করিয়াছেন ॥ ৬ ॥

যদ্ধবিজ্ঞাতমেবাভূদিত্যেতাসামেব দেবতানাগুঁ সমাস ইতি। তদ্বিদাঞ্চক্রুর্যথানু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি ॥ ৭ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

এব· ভাবদ্বাক্যং বহ্ন্যাদিরবিজ্ঞাতং তথেদানীং যথাণু খলু সোম্যেমা যস্রোক্তাস্তিস্রো দেবতাঃ পুরুষ· শিরঃপাণ্যাদিলক্ষণং কার্য্যকারণসঙ্ঘাতং প্রাপ্য পুরুষেণোপযুজ্যমানাস্ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহি নিগদত ইত্যুক্ত্বা আহ ॥ ৭ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

এইরূপে বাহ্যে সমুদায়ই অগ্ন্যাদির ন্যায় বিজ্ঞাত হইয়াছে, এইক্ষণে যেরূপে উক্ত দেবতাত্রয় যেরূপে কার্য্যকারণস·ঘাতরূপ শিরঃপাণ্যাদি লক্ষণ পুরুষকে আশ্রয় করিয়া সেই পুরুষকর্ত্তৃক উপযুজ্যমান হয় এবং ত্রিবৃৎকরণদ্বারা এক একটি পদার্থ হয়, তাহা আমার নিকট অবগত হও। ইহা জানিতে পারিলেই যাবৎ পদার্থের তত্ত্ব অবগত হইতে পারিবে ॥ ৭ ॥

ইতি চতুর্থ খণ্ড ॥

পঞ্চমঃ খণ্ডঃ।

অন্নমশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তৎপুরীষং ভবতি যো মধ্যমস্তন্মাংসং যোঽণিষ্ঠস্তন্মনঃ ॥ ১ ॥

অন্নমশিতং ভুক্তং ত্রেধা বিধীয়তে জাঠরেণাগ্নিনা পচ্যমানং ত্রিধা বিভজতে। কথং তস্যান্নস্য ত্রেধা বিধীয়মানস্য যঃ স্থবিষ্টঃ স্থূলতমো ধাতুঃ স্থূলতমং বস্তু বিভক্তস্য স্থূলোংঽশস্তৎপুরীষং ভবতি। যো মধ্যমোংঽশো ধাতুরন্নস্য তদ্রসাদিক্রমেণ পরিণম্য মাংসং ভবতি যোঽণিষ্ঠোঽণুতমো ধাতুঃ স ঊর্দ্ধং হৃদয়ং প্রাপ্য সূক্ষ্মাসু হিতাখ্যাসু নাড়ীষ্বনুপ্রবিশ্য বাগাদিকরণসজ্ঘাতস্য স্থিতিমুৎপাদয়ন্মনোভবতি। মনোরূপেণ বিপরিণমন্মনস উপচয়ং করোতি। অতশ্চান্নোপচিতত্বান্মানসো ভৌতিকত্বমেব ন বৈশেষিকতন্ত্রোক্তং লক্ষণং নিত্যং নিরবয়বত্ববচ্চেতি গৃহ্যতে। যদপি মনোঽস্য দৈবঞ্চক্ষুরিতি বক্ষ্যতি তদপি ন নিত্যত্বাপেক্ষয়া কিং তর্হি সূক্ষ্মব্যহিতবিপ্রকৃষ্টাদিসর্ব্বেন্দ্রিয়বিষয়ব্যাপকত্বাপেক্ষয়া। যচ্চান্যে-

---

ভুক্ত অন্ন জঠরাগ্নিকর্ত্তৃক পচ্যমান হইয়া তিনপ্রকারে বিভক্ত হয়, অর্থাৎ সেই ত্রিধা বিভক্ত ভুক্ত অন্নের যে স্থূলতম অংশ, তাহা পুরীষ (বিষ্ঠা) রূপে পরিণত হয়। সেই ভুক্ত অন্নের যে মধ্যমভাগ, তাহা রসাদি রূপে পরিণত হইয়া মাংস হয় এবং সেই ভুক্ত অন্নের যে সূক্ষ্মতম অংশ, তাহা ঊর্দ্ধ হৃদয়কে পাইয়া সূক্ষ্মনাড়ীতে প্রবেশ পূর্ব্বক বাগাদি ইন্দ্রিয় সমূহের স্থিতি উৎপাদন করত মনঃ হয়, অর্থাৎ মনোরূপে পরিণত হইয়া সেই মনের উপচয় (বৃদ্ধি) করে। অতএব জানাযায় যে, মনঃ অন্নের উপচিত বিধায় তাহা ভৌতিক পদার্থ। বৈশেষিকেরা যে মনকে

আপঃ পীতাস্ত্রেধা বিধীয়ন্তে তাসাং যঃ স্থবিষ্ঠো ধাতুস্তন্মূত্রং ভবতি যো মধ্যমস্তল্লোহিতং যোঽণিষ্ঠঃ স প্রাণঃ ॥ ২ ॥

তেজোঽশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তদস্থি ভবতি যো মধ্যমঃ স মজ্জা যোঽণিষ্ঠঃ সা বাক্ ॥ ৩ ॥

স্ত্রিয়বিষয়াপেক্ষয়া নিত্যত্বং তদপ্যাপেক্ষিকমেবেতি বক্ষ্যামঃ। সদেকমেবাদ্বিতীয়মিতি শ্রুতেঃ ॥ ১ ॥

তথাপঃ পীতাস্ত্রেধাবিধীয়ন্তে তাসাং যঃ স্থবিষ্ঠো ধাতুস্তন্মূত্রং ভবতি। যো মধ্যমস্তল্লোহিতং ভবতি। যোঽণিষ্ঠঃ স প্রাণো ভবতি। বক্ষ্যতি হ্যাপোময়ঃ প্রাণো ন পিবতো বিচ্ছেৎস্যত ইতি ॥ ২ ॥

তথা তেজোঽশিতং তৈলঘৃতাদি ভক্ষিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তৎ অস্থি ভবতি। যো মধ্যমঃ স মজ্জাঽস্থ্যন্তর্গতস্নেহঃ।

নিরবদ্য ও নিরঞ্জন বলিয়া গ্রহণ করেন, তাহা খণ্ডিত হইল। আর মনই দৈবচক্ষু এইরূপ কথিত হইবে, তাহাও নিত্যত্বাপেক্ষায় নহে ॥ ১ ॥

জলপান করিলে সেই পীতজল জাঠরাগ্নিকর্ত্তৃক পচ্যমান হইয়া তিন প্রকারে বিভক্ত হয়, অর্থাৎ সেই পীত জলের যে স্থূলভাগ, তাহা মূত্ররূপে পরিণত হইয়া থাকে, আর সেই পীতজলের যে মধ্যম অংশ, তাহা রক্ত হয় এবং উহার যে সূক্ষ্মতম অংশ, তাহা প্রাণ হইয়া থাকে। অতঃপর কথিত হইবে যে, আপোময় প্রাণ বিচ্ছিন্ন হয় না, সেইস্থলে বিশেষ বিবৃত হইবে ॥ ২ ॥

তৈলঘৃতাদি যাহা কিছু তেজঃপদার্থ ভক্ষণ করা যায়, তাহা জাঠরাগ্নিকর্ত্তৃক পচ্যমান হইয়া তিনভাগে বিভক্ত হয়। ঐ ভুক্ত তেজঃপদার্থের যে স্থূলতম অংশ, তাহাই অস্থি হয়, আর উহার যে মধ্যম ভাগ, তাহা মজ্জারূপে পরিণত হয় এবং ঐ ভুক্ত তেজের যে সূক্ষ্মতম

অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৪ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

যোঽশিষ্ঠঃ সা বাক্। তৈলঘৃতাদিভক্ষণাদ্ধি বাগ্বিষয়াভাষণে সমর্থা ভবতীতি প্রসিদ্ধং লোকে ॥ ৩ ॥

যত এবমন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্। নন্বু কেবলান্নভক্ষিণ আখুপ্রভৃতয়ো বাগ্মিনঃ প্রাণবন্তশ্চ। তথাব্মাত্রভক্ষ্যাঃ সামুদ্রা মীনমকরপ্রভৃতয়ো মনস্বিনো বাগ্মিনস্তথা স্নেহপানানামপি প্রাণবত্ত্বং মনস্বিত্বং চানুমেয়ং যদি সন্তি তত্র কথমন্নময়ং হি সোম্যমন ইত্যাদ্যুচ্যতে। নৈষ দোষঃ। সর্ব্বস্য ত্রিবৃৎ করণত্বাৎসর্ব্বত্র সর্ব্বোপপত্তেঃ। ন হ্যত্রিবৃৎকৃতমন্নমশ্নাতি কশ্চিদাপো বা অত্রিবৃৎকৃতাঃ পীয়ন্তে

অংশ, তাহাই বাক্য হইয়া থাকে। লোকে প্রসিদ্ধ আছে যে, তৈল ঘৃতাদি ভক্ষণ করিলে বাক্‌শক্তি বিশদবাক্য প্রকাশ করিতে পারে ॥ ৩ ॥

হে সৌম্য! এইক্ষণ জানা যাইতেছে যে, মনঃ অন্নময়, প্রাণ জলময় এবং বাক্য তেজোময়। এইক্ষণ এই আশঙ্কা হইতেছে যে,—ইন্দুরাদি জন্তুরা অন্ন ভক্ষণ করে, তাহাদিগকে বাগ্মী ও প্রাণবান্ দেখা যায়, যদি অন্ন কেবল মনস্বিতারই কারণ হইল, তাহাহইলে ইন্দুরাদি কেবল মনস্বিতাই থাকিত, বাক্‌শক্তি ও প্রাণ থাকিতে পারিত না। আর সমুদ্রবাসী মীনমকরাদিরা জল ভক্ষণ করে, তাঁহাদিগের মনঃ ও বাক্‌শক্তি আছে, যদি জল কেবল প্রাণমাত্রেরই কারণ হইত, তাহাহইলে মীনমকরাদির কেবল প্রাণই থাকিতে পারে, মনঃ ও বাক্‌শক্তি থাকিতে পারে না এবং যাহারা তৈলঘৃতাদি পান করে, তাহাদিগের প্রাণ ও মন অনুমিত হয়। যদি তৈলঘৃতাদি কেবল বাক্যেরই কারণ হইত,

তেজো বা অত্রিবৃৎকৃতমশ্নাতি কশ্চিদিত্যন্নাদানামাখুপ্রভৃতীনাং বাগ্মিত্বং প্রাণবত্ত্বঞ্চেত্যাদ্যবিরুদ্ধম্। ইত্যেবং প্রত্যায়িতঃ শ্বেতকেতুরাহ ভূয় এব পুনরেব মা মাং ভগবান্নয়তং হি সোম্য মন ইত্যাদি বিজ্ঞাপয়তু দৃষ্টান্তেনাবগময়তু নাদ্যাপি মমাস্মিন্নর্থে সমাঙ্নিশ্চয়ো জাতঃ। যস্মাত্তেজোঽবন্ময়ত্বেনাবিশিষ্টে দেহ একস্মিন্নুপযুজ্যমানান্ত্রয়স্নেহভক্ষ্যাণি জাতান্যণিষ্ঠধাতুরূপেণ মনঃ প্রাণবাচমুপচিন্বন্তি স্বজাত্যনতিক্রমেণেতি দুর্ব্বিজ্ঞেয়মিত্যভিপ্রায়োঽতো ভূয় এবেত্যাদ্যাহ। তমেবমুক্তবন্তং তথাস্তু সোম্যেতি হোবাচ পিতা শৃণু এব যত্র দৃষ্টান্তং যথৈতদুপপদ্যতে যৎপৃচ্ছসি ॥ ৪ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

তাহাহইলে তৈলঘৃতাদিপায়ীদিগের কেবল বাক্‌শক্তিই থাকিত, মনঃ ও প্রাণ থাকিত না। এই দোষ হইতে পারে না, যেহেতু সর্ব্বত্রই সকল পদার্থের ত্রিবৃৎকরণ আছে; সুতরাং অন্ন, জল ও তেজ এই তিনেই তিনের অংশ অনুমিত হয়। কেহ কখনও অত্রিবৃৎকৃত অন্ন ভক্ষণ করে না, অত্রিবৃৎকৃত জলপান করে না এবং অত্রিবৃৎকৃত তেজঃ পদার্থ ভক্ষণ করে না। অতএব ইন্দুরাদি জীবের বাক্‌শক্তি ও প্রাণবত্ত্বাদি অবিরুদ্ধ জানিবে। শ্বেতকেতু এইরূপ জানিয়াও পিতাকে কহিলেন, মহাত্মন্! আপনি পুনর্ব্বার আমাকে অন্য দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক মনঃ প্রভৃতির উপদেশদ্বারা প্রবোধিত করুন, এখনও উক্ত মনঃ প্রভৃতির তত্ত্বপরিজ্ঞানে আমার সম্যক্ নিশ্চয় জন্মে নাই। কিরূপে এক দেহেতে তেজঃ, জল ও অন্নের উপচয় হইলে তাহাতে মনঃ প্রাণ ও বাক্যের উপচয় হইতে পারে, তদ্বিষয় সবিশেষ উপদেশ করুন। শ্বেতকেতু এইরূপে পিতাকে অনুরোধ করিলে "আরুণি" তথাস্তু বলিয়া পুত্রকে কহিলেন, যেরূপ দৃষ্টান্ত এই বিষয়ে উপপন্ন হইতে পারে, তাহাই বলিতেছি, শ্রবণ কর ॥ ৪ ॥

ইতি পঞ্চম খণ্ড ॥ ৫ ॥

ষষ্ঠঃ খণ্ডঃ।

দধ্নঃ সোম্য মথ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি তৎসর্পির্ভবতি ॥ ১ ॥

এবমেব খলু সোম্যান্নস্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি তন্মনো ভবতি ॥ ২ ॥

অপাং সোম্য পীয়মানানাং যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি স প্রাণো ভবতি ॥ ৩ ॥

দধ্নঃ সোম্য মথ্যমানস্য যোঽণিমাণুভাগঃ স ঊর্দ্ধঃ সমুদীষতি মন্থনোর্দ্ধং নবনীতভাবেন গচ্ছতি তৎসর্পির্ভবতি। যথাঽয়ং দৃষ্টান্ত এবমেব খলু সোম্যান্নস্যৌদনাদেরস্য ভুজ্যমানস্যৌদর্যেণাগ্নিনা বায়ুসহিতেন খর্জেনৈব মথ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি তন্মনো ভবতি। মনোঽবয়বৈঃ সহ সম্ভূয় মন উপচিনোতি ইত্যেতৎ ॥ ১-২ ॥

তথাপাং সৌম্য পীয়মানানাং যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি স প্রাণো ভবত্যেবমেব খলু সোম্য তোজসোঽশ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ

হে সৌম্য! দধি মন্থন করিলে তাহার সূক্ষ্মভাগ নবনীতরূপে ঊর্দ্ধে গমন করে, এবং তাহাই ঘৃতরূপে পরিণত হয়। যেমন দধি দণ্ডদ্বারা মথিত হইলে তাহার সূক্ষ্মাংশ উপরি উত্থিত হইয়া ঘৃত হয়, সেইরূপ ভুক্ত অন্ন বায়ুর সহিত উদরাগ্নিরূপ খর্জদ্বারা মথিত হইলে তাহার যে সূক্ষ্মাংশ, তাহা উপরি উত্থিত হয় এবং তৎপরেই ঐ সূক্ষ্মাংশ মনোরূপে পরিণত হইয়া থাকে। সেই মনই অবয়বের সহিত মিলিত হইয়া উপচিত হয় ॥ ১২ ॥

বৎস! জলসকল পান করিলে তাহার যে সূক্ষ্ম অংশ, তাহা ঊর্দ্ধে গমন করে এবং জলের সেই সূক্ষ্ম অংশই প্রাণরূপে পরিণত হইয়া থাকে ॥ ৩ ॥

তেজসঃ সোম্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদতি সা বাগ্‌ভবতি ॥ ৪ ॥

অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ভূয় এব মা ভগবান্‌বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৫ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

সমুদীষতি সা বাগ্‌ভবত্যন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ॥ ৩-৪ ॥

যুক্তমীত্যভিপ্রায়োঽস্তোঽপ্তেজসোরস্য এতৎ সর্ব্বমেবম্। মনস্বন্নময়মিত্যত্র নৈকান্তেন মম নিশ্চয়ো জাতো ভূয় এব মা ভগবান্মনসোঽন্নময়ত্বং দৃষ্টান্তেন বিজ্ঞাপয়ত্বিতি। তথা সোম্যেতি হোবাচ পিতা ॥ ৫ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

হে বৎস! তেজঃ পদার্থ ভক্ষণ করিলে তাহার যে সূক্ষ্ম অংশ, তাহা উপরিভাগে সমুত্থিত হয় এবং তেজের সেই সূক্ষ্ম অংশই বাক্যরূপে পরিণত হইয়া থাকে ॥ ৪ ॥

বৎস! এই নিমিত্তই বলিয়াছি মনঃ অন্নময়, প্রাণ জলময় এবং বাক্য তেজোময়। তখন শ্বেতকেতু কহিলেন, ভগবন্! আপনি জল ও তেজের যেরূপ উপদেশ করিলেন, তাহাতে আমার জল ও তেজের বিষয় নিশ্চয় হইল বটে, পরন্তু মনের অন্নময়ত্ববিষয়ে আমার একান্ত নিশ্চয় জন্মে নাই। অতএব আপনি আমার নিকট দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক মনের অন্নময়ত্ব প্রতিপাদন করিয়া উপদেশদ্বারা আমাকে প্রবোধিত করুন। তখন আরুণি

সপ্তমঃ খণ্ডঃ।

ষোড়শকলঃ সোম্য পুরুষঃ পঞ্চদশাহানি মাশীঃ কাম-মপঃ পিবাপোময়ঃ প্রাণো ন পিবতো বিচ্ছেৎস্যত ইতি ॥ ১ ॥

অন্নস্য ভুক্তস্য যোঽণিষ্ঠো ধাতুঃ স মনসি শক্তিমধাৎ সান্নোপচিতা মনসঃ শক্তিঃ ষোড়শধা প্রবিভজ্য পুরুষস্য কলাত্বেন নির্দ্দিদীক্ষিতা। তয়া মনস্যন্নোপচিতয়া শক্ত্যা ষোড়শধা প্রবিভক্তয়া সংযুক্তস্তদান্ কার্য্য-কারণসঙ্ঘাতলক্ষণো জীববিশিষ্টঃ ষোড়শকল উচ্যতে। যস্যাং সত্যাং দ্রষ্টা শ্রোতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞাতা সর্ব্বক্রিয়াসমর্থঃ পুরুষো ভবতি হীয়মানায়াং চ তস্যাং সামর্থ্যহানিঃ। বক্ষ্যতি চায়ম্ভাপি দ্রষ্টেত্যাদি। সর্ব্বস্য কার্য্যকারণসঙ্ঘাতস্য সামর্থ্যং মনঃকৃতমেব। মানসেন হি বলেন

"তথাস্তু" বলিয়া মনের অন্নময়ত্ব প্রতিপাদনদ্বারা উপদেশ করিতে লাগিলেন ॥ ৫ ॥

ইতি ষষ্ঠ খণ্ড ॥ ৬ ॥

ভুক্ত অন্নের যে সূক্ষ্মতর ধাতু তাহাই মনেতে শক্তিদান করে, সেই অন্নোপচিতা মনের শক্তি ষোড়শপ্রকারে বিভক্ত হইয়া পুরুষের কলারূপে নির্দ্দিষ্ট আছে। অনন্তর মনেতে অন্নোপচিতা সেই শক্তি ষোড়শ প্রকারে বিভক্ত হইয়া। এই শক্তিসংযুক্ত কার্য্যকারণ সংঘাত লক্ষণ জীববিশিষ্টকেই ষোড়শ কলপুরুষ বলিয়া থাকে। এই শক্তি থাকিলেই পুরুষ দ্রষ্টা, শ্রোতা, মননকর্ত্তা, বোদ্ধা, কর্ত্তা ও বিজ্ঞাতা ও সর্ব্বক্রিয়া সমর্থ হইতে পারে। কিন্তু ঐ শক্তিহীন হইলে সকলেরই সামর্থ্য হানি

সহ পঞ্চদশাহানি নাশাথ হৈনমুপসাদ কিং ব্রবীমি ভো ইত্যুচঃ সোম্য যজুংষি সামানীতি স হোবাচ ন বৈ মা প্রতিভান্তি ভো ইতি ॥ ২ ॥

সম্পন্ন বলিনো দৃষ্টান্তে লোকে। ধ্যানাহারাশ্চ কেচিদনন্ত সত্ত্বাত্মকত্বাৎ। অতোঽন্নকৃতং মানসং বীর্য্যম্। ষোড়শকলা যস্ত পুরুষস্ত সোঽন্নময় ষোড়শকলঃ পুরুষ এতচ্চেৎপ্রত্যক্ষীকর্ত্তুমিচ্ছসি পঞ্চদশসঙ্খ্যাকাহানি মাশীরশনং মাকার্ষীঃ কামমিচ্ছাতোঽপঃ পিব যস্মান্ন পিবতোঽপ্যন্তে প্রাণো বিচ্ছেদমাপৎস্যতে তস্মাদাপোময়োঽবিকারঃ প্রাণ ইত্যবোচাম। ন হি কার্য্যং স্বকারণোপষ্টম্ভমন্তরেণাবিভ্রংশমানং স্থাতুমুৎসহতে ॥ ১ ॥

স হ এবং শ্রুত্বা মনসোঽন্নময়ত্বং প্রত্যক্ষীকর্ত্তুমিচ্ছন্পঞ্চদশাহানি নাশাশনং ন কৃতবান্। অথ ষোড়শেঽহনি হৈনং পিতরমুপসসাদো পগতবানুপগম্য চোবাচ কিং ব্রবীমি ভো ইতি ইত্তম আহ ঋচঃ সোম্য যজুংষি সামান্যথীত্যেত্যেবমুক্তঃ পিত্রাহ। ন বৈ মা মামৃগা-

---

হইয়া থাকে। অতএব জানা যায় যে, কার্য্যকারণ সংঘাতরূপ পুরুষের সমর্থ ও মনোময়কার্য্য। যেহেতু লোকে দৃষ্ট আছে যে, মানসিকবলে সম্পন্ন হইলেই পুরুষ বলবান্ হয়। অতএব মানস বীর্য্যও অন্নকৃত জানিবে। পুরুষের মানসশক্তি ষোড়শপ্রকারে বিভক্ত বলিয়াই পুরুষকে ষোড়শকল বলাযায়। আর প্রাণ যে জলের বিকার, তাহা যদি প্রত্যক্ষ করিতে ইচ্ছা কর, তাহাহইলে পঞ্চদশ দিন অশন করিও না, পরন্তু আপন ইচ্ছানুসারে জলপান কর, তথাপি তোমার প্রাণবিয়োগ হইবে না। এই নিমিত্তই বলিয়াছি, প্রাণ আপোময়, অর্থাৎ জলের বিকারভূত। কার্য্য কখনও স্বীয় কারণে উপষ্টম্ভ ব্যতিরেকে অবিভ্রংশ হইয়া অবস্থান করিতে পারে না ॥ ১ ॥

শ্বেতকেতু স্বীয় জনক আরুণির বাক্য শ্রবণ করিয়া মনের অন্নময়ত্ব প্রত্যক্ষকরণার্থ সমুৎসুক হইয়া পঞ্চদশ দিন অশন পরিত্যাগ করিলেন। অনন্তর ষোড়শ দিবসে শ্বেতকেতু পিতার নিকট উপস্থিত হইয়া কহি-

তথ্ হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকোঽঙ্গারঃ খদ্যোতমাত্রঃ পরিশিষ্টঃ স্যাত্তেন তাবতাপি ন বহু দহেদেবথ্ সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টা স্যাত্তয়ৈতর্হি বেদানানু ভবস্যনেন মোপনিষত উদ্গীথমাপীতি ॥ ৩ ॥

দীনি প্রতিভান্তি মম মনসি ন দৃশ্যন্ত ইত্যর্থঃ। হে ভো ভগবন্নিত্যেবমুক্তবন্তং পিতরমাহ শৃণু। তত্র কারণং যেন তে তানুগাদীনি ন প্রতিভান্তীতি ॥ ২ ॥

তং হোবাচ যথা লোকে হে সোম্য মহতো মহৎপরিমাণস্যাভ্যাহিতস্যোপচিতস্যেন্ধনৈরগ্নেরেকোঽঙ্গারঃ খদ্যোতমাত্রঃ খদ্যোতপরিমাণঃ শাম্যন্ পরিশিষ্টোঽবশিষ্টঃ অন্তর্বেত্তেনাঙ্গারেণ তাবতোঽপি তৎপরিমাণাদীধসি ন বহু দহেদেবমেব খলু সোম্য তে তবায়োপচিতানাং ষোড়শানামেকা কলাবয়বোঽতিশিষ্টোঽবশিষ্টা স্যাত্তয়া ত্বং খদ্যোতমাত্রাঙ্গার-

---

লেন, পিতঃ! এইক্ষণ আমি কি অধ্যয়ন করিব। আরুণি কহিলেন, বৎস! তুমি ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয় অধ্যয়ন কর। পিতা আরুণি স্বীয় তনয়কে এইরূপ উপদেশ করিলে শ্বেতকেতু কহিলেন, ভগবন্! আমার চিত্তে ঋগাদিবেদত্রয় প্রতিভাত হইতেছে না। তখন আরুণি কহিলেন, বৎস! শ্রবণ কর, যে কারণে তোমার চিত্তে ঋগাদিবেদত্রয় প্রতিভাত হইতেছে না, তাহা বলিতেছি ॥ ২ ॥

আরুণি শ্বেতকেতুকে কহিলেন, বৎস! লোক যেমন মহৎ পরিমাণ ও কাষ্ঠাদিদ্বারা বর্দ্ধিত অগ্নি শান্ত হইয়া গেলে তাহার খদ্যোতপরিমাণ একটিমাত্র অঙ্গার অবশিষ্ট থাকিলে সেই অঙ্গারস্থ অগ্নি তৎপরিমাণ অঙ্গারভিন্ন কিঞ্চিৎমাত্র অধিক দগ্ধ করিতে পারে না। সেইরূপ তোমার অন্নোপচিত ষোড়শকলার এক কলামাত্র অবশিষ্ট আছে, সেই খদ্যোত পরিমাণ অঙ্গারস্থানীয় একমাত্র কলাদ্বারা বেদসকল অনুভব করিতে

স হাশাঞ্চক্রে তস্মৈ হ যৎকিঞ্চ পপ্রচ্ছ সর্ব্বং হ প্রতিপেদে ॥ ৪ ॥

তং হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকমঙ্গারং খদ্যোতমাত্রং পরিশিষ্টং তং তৃণৈরুপসমাধায় প্রজ্বালয়েৎ। তেন ততোঽপি বহু দহেৎ ॥ ৫ ॥

তুল্যস্তয়ৈতর্হীদানীং বেদান্নানুভবসি ন প্রতিপদ্যসে শ্রুত্বা চ মে মম বাচমথাশেষং বিজ্ঞাস্যস্যশান ভুঙ্ক্ষ। তাবৎ সহ তৈর্বাশ ভুক্তবানথানন্তরং তৈনং পিতরং শ্রদ্ধয়ুপসসাদ তং হোপাগতং পুত্র যৎকিঞ্চর্গাদিষু পপ্রচ্ছ। গ্রন্থরূপমর্থজাতং বা পিতা স শ্বেতকেতুঃ সর্বং হৈতৎ প্রতিপেদে ঋগাদ্যৎতো গ্রন্থতশ্চ ॥ ৩ ৪ ॥

তং হোবাচ পুনঃ পিতা যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যেত্যাদিসমানমেকমঙ্গারং শাম্যস্যাগ্নেঃ খদ্যোতমাত্রং পরিশিষ্টং তৎ তৃণৈশ্চ তৈশ্চোপসমাধায় প্রজ্বালয়েদ্বর্দ্ধয়েৎ। তেনেদ্ধেনাঙ্গারেণ ততোঽপি পূর্ব্বপরিমাণা বহু দহেদেবং সোম্য তে ষোড়শানামন্নবিকারাণাং সামর্থ্যরূপাণামেকা

পারিবে না। অতএব বৎস! তুমি আমার যথানুসারে ভক্ষণকর। তখন আমার বাক্য শ্রবণ করিলেই সকল বুঝিতে পারিবে. শ্বেতকেতু পিতার আদেশানুসারে ভক্ষণ করিলেন। অনন্তর শ্বেতকেতু পিতৃশুশ্রূষাতে সমুৎসুক হইয়া পিতৃসমীপে উপস্থিত হইলেন। তাঁহাকে উপস্থিত দেখিয়া পিতা আরুণি তাহাকে ঋগ্বেদাদি গ্রন্থজাত যাহা কিছু জিজ্ঞাসা করিয়াছিলেন, সেই সমুদায়ই শ্বেতকেতু জানিতে পারিলেন ছিলেন এবং পিতা সমুদায় বেদ তাহাকে কহিলেন ॥ ৩-৪ ॥

পিতা পুনর্ব্বার তাহাকে কহিলেন, বৎস! যেমন কাষ্ঠাদিদ্বারা বর্দ্ধিত অগ্নি প্রশান্ত হইলে যদি তাহার খদ্যোতমাত্র অঙ্গার অবশিষ্ট থাকে, তবে তাহাকে তৃণাদিদ্বারা বর্দ্ধিত করিলেই সেই খদ্যোতপরিমাণ অঙ্গারস্থ অগ্নিও পূর্ব্ব হইতে অধিক দগ্ধ করিতে পারে ॥ ৫ ॥

এবগু সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টাভূৎ সাঽন্নেনোপসমাহিতা প্রাজ্বালীত্তয়ৈতর্হি বেদাননুভবস্যন্নময়গু হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি ॥ ৬ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

কলাতিশিষ্টাঽভূদতিশিষ্টাসীৎ পঞ্চদশাহান্নভুক্তবত এষৈকেনাঽঽকা কলা চন্দ্রমস ইবাপরপক্ষে ক্ষীণাতিশিষ্টা কলা তবান্নেন ভুক্তেনোপসমাহিতা বর্দ্ধিতোপচিতা প্রাজ্বালীৎ। দৈর্ঘ্যং ছান্দসম্। প্রজ্বলিতা বর্দ্ধিতেত্যর্থঃ। প্রাজ্বলীদিতি পাঠান্তরম্। তদা তেনোপসমাহিতা সুপ্রজ্বলিতবতীত্যর্থঃ। তয়া বর্দ্ধিতয়ৈতর্হ্যেদানীং বেদাননুভবস্যুপলভসে। এবং ব্যাবৃত্ত্যনুবৃত্তিভ্যামন্নময়ত্বং মনসঃ সিদ্ধমিত্যুপসংহরত্যন্নময়ং হি সৌম্য মন ইত্যাদি। যথৈতন্মনসোঽন্নময়ত্বং তব সিদ্ধং তথাপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিত্যেতদপি সিদ্ধমেবেত্যভিপ্রায়স্তদেতদ্ধাস্য পিতুরুক্তং মন আদীনামন্নাদিময়ত্বং বিজজ্ঞৌ বিজ্ঞাতবান্ শ্বেতকেতুঃ। দ্বিরভ্যাসস্ত্রিবৃৎকরণপ্রকরণপরিসমাপ্ত্যর্থঃ ॥ ৫-৬ ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

বৎস! সেইরূপ তোমারও সামর্থ্যরূপা ষোড়শ অন্নকলার মধ্যে একটি মাত্র কলা অবশিষ্ট ছিল। যেমন কৃষ্ণপক্ষে পঞ্চদশ দিনে চন্দ্রের এক একটি করিয়া কলা ক্ষয় পাইয়া একটি মাত্র কলা অবশিষ্ট থাকে, সেইরূপ অষ্টদশ দিন অনাহারে তোমার সামর্থ্যরূপা অন্নকলার পঞ্চদশ কলা ক্ষয় পাইয়া একটি কলা অবশিষ্ট হয়, এইক্ষণ অন্ন ভোজনদ্বারা সেই অবশিষ্ট কলা বর্দ্ধিত হইয়াছে। তাহাতেই তুমি এইক্ষণ বেদ অনুভব করিতে পারিয়াছ, এইরূপে মনের অন্নময়ত্ব সিদ্ধ হইল। অত-

ষষ্ঠ প্রপাঠকে-

অষ্টমঃ খণ্ডঃ।

উদ্দালকো হারুণিঃ শ্বেতকেতুং পুত্রমুবাচ স্বপ্নান্তং মে সোম্য বিজানীহীতি যত্রৈতৎপুরুষঃ স্বপিতি নাম সতা

যস্মিন্মনসি জীবেনাত্মনানুপ্রবিষ্টা পরা দেবতাদর্শ ইব পুরুষঃ প্রতিবিম্বেন জলাদিষ্বিব সূর্য্যাদয়ঃ প্রতিবিম্বৈঃ। তন্মনোঽন্নময়ং তেজোঽবন্ময়াভ্যাং সঙ্গতমধিগতম্। যন্ময়ো যৎস্থশ্চ জীবোমননদর্শনশ্রবণাদিব্যবহারায় কল্পতে তদুপরমে চ স্বং দেবতারূপমেব প্রতিপদ্যতে। তদুক্তং শ্রুত্যন্তরে। ধ্যায়তীব লেলায়তীব সধীঃ স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি স বা অয়মাত্মা ব্রহ্মবিজ্ঞানময়ো মনোময় ইত্যাদিস্বপ্নেন শারীরমিত্যাদি প্রাণস্যেব প্রাণো নাম ভবতীত্যাদি। তস্মাস্ত মনস্থস্ত মন

এব বলিয়াছি, মনঃ অন্নময়, প্রাণ জলময় ও বাক্য তেজোময়। যেরূপে মনের অন্নময়ত্ব সিদ্ধ হইয়াছে, সেইরূপে প্রাণের জলময়ত্ব ও বাক্যের তেজোময়ত্ব সিদ্ধি আছে। এইরূপ পিতার উপদেশে শ্বেতকেতু মনের অন্নময়ত্ব প্রাণের জলময়ত্ব এবং বাকের তেজোময়ত্ব জানিয়াছিলেন। ৬।

ইতি সপ্তম খণ্ড। ৭॥

যেমন পুরুষ আদর্শেতে প্রতিবিম্বরূপে প্রবিষ্টহয় এবং যেমন সূর্য্য জলেতে প্রতিবিম্বরূপে প্রবেশ করে, সেইরূপ, মনেতে পরদেবতা জীবরূপে অনুপ্রবিষ্ট হয়। সেই জীব অন্নময় মনঃ, তেজোময় বাক্য এবং জলময় প্রাণ ইহাদিগের সহিত সঙ্গত হইয়া থাকে। শ্রবণ-মনন-দর্শনাদি ব্যবহারের নিমিত্ত যে মনকে ময়ময় ও যত্রস্থ কল্পনা করা যায়, তাহার উপরমে সেই মন স্বীয় দেবতা রূপেই প্রতিপন্ন হয়। "ধ্যায়তীব লেলায়তীব"

সোম্য সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে স্বং হ্যপীতো ভবতি ॥ ১ ॥

আখ্যাং গতস্য মন-উপশমদ্বারেণেন্দ্রিয়বিষয়েভ্যো নিবৃত্তস্য যস্যাং দেবতায়াং স্বাত্মভূতায়াং যদবস্থানং তৎপুত্রায়াচিখ্যাসুরুদ্দালকো হ কিলারুণিঃ শ্বেতকেতুং পুত্রমুবাচোক্তবান্। স্বপ্নান্তং স্বপ্নমধ্যং স্বপ্ন ইতি দর্শনবৃত্তেঃ স্বপ্নস্যাখ্যাতস্য মধ্যং স্বপ্নান্তং সুষুপ্তমিত্যেতৎ। অথবা স্বপ্নান্তং স্বপ্নসত্ত্বমিত্যর্থঃ। তত্রাপি অর্থাৎসুষুপ্তমেব ভবতি। স্বমপীতো ভবতীতি বচনাৎ। ন হ্যন্যত্র সুষুপ্তাৎ স্বপমপীতিং জীবত্বেচ্ছন্তি ব্রহ্মবিদঃ। তত্র হ্যাদর্শাপনয়নে পুরুষপ্রতিবিম্ব আদর্শগতো যথা স্বমেব পুরুষমপীতো ভবত্যেবং মন আদ্যাপরমে চৈতন্যপ্রতিবিম্বরূপেণ জীবেনাত্মনা মনসি প্রবিষ্টা নামরূপব্যাকরণায় পরা দেবতা সা স্বমেবাত্মানং প্রতিপদ্যতে জীবরূপতাং মন আখ্যাং হিত্বা। অতঃ সুষুপ্ত এব স্বপ্নান্তশব্দবাচ্য ইত্যবগম্যতে। যত্র তু সুপ্তঃ স্বপ্নান্ পশ্যতি তৎস্বাপ্নং দর্শনং সুখদুঃখসংযুক্তমিতি পুণ্যাপুণ্যকার্য্যম্। পুণ্যাপুণ্যয়ো হি সুখদুঃখারম্ভকত্বং প্রসিদ্ধম্। পুণ্যাপুণ্যয়োশ্চাবিদ্যাকামোপষ্টম্ভেনৈব সুখদুঃখতদ্দর্শনকার্য্যারম্ভকত্বমুপপদ্যতে নান্যথেত্যবিদ্যাকামকর্ম্মভিঃ সংসারহেতুভিঃ সংযুক্ত এব স্বপ্ন ইতি ন স্বমপীতো ভবতি। অনন্বাগতং পুণ্যো-

---

ইত্যাদি শ্রুতিতেও তাহাই প্রতিপাদিত হইয়াছে। সেই মনঃ উপশমদ্বারা ইন্দ্রিয় বিষয় হইতে নিবৃত্ত হইলে স্বাত্মভূত দেবতাতে যেরূপে অবস্থান হয়, তাহাই পুত্রকে কহিবেন, এই অভিপ্রায়ে ঔদ্দালক আরুণি স্বীয় তনয় শ্বেতকেতুকে কহিয়াছেন।—বৎস! আমি স্বপ্নতত্ত্ব বলিতেছি, শ্রবণ কর। যাহাতে সুপ্ত ব্যক্তি স্বপ্নকালে যাহা দর্শন করে, তাহাই স্বপ্ন দর্শন, উহা সুখদুঃখসংযুক্ত। ঐ সুখদুঃখ পুণ্যাপুণ্যের কার্য্য। পুণ্যাপুণ্যই সুখদুঃখের আরম্ভক বলিয়া প্রসিদ্ধ আছে। অবিদ্যা ও কামনাবশতই পুণ্যাপুণ্যের সুখদুঃখকার্য্যারম্ভকত্ব উপপন্ন হয়। অন্যথা সংসারের হেতুভূত অবিদ্যা কামিকর্ম্মসংযুক্ত জীবকেই স্বপ্ন বলা যাইতে পারে।

নানন্দাগচ্ছং পাপেন তীর্ণো হি তদা সর্ব্বাঞ্ছোকান্ হৃদয়স্য ভবতি তস্মা-
ইত্যৈতদতিচ্ছন্দা এব পরম আনন্দ ইত্যাদিশ্রুতিভ্যঃ সুষুপ্ত এব স্বং দেব-
ত্বারূপং জীবত্ববিনির্ম্মুক্তং দর্শয়িষ্যামীত্যাহ। স্বপ্নান্তং মে মম নিগদতো
হে সোম্য বিজানীহি বিস্পষ্টমবধারয়েত্যর্থঃ। কদা স্বপ্নান্তো ভবতী-
ত্যুচ্যতে। যত্র যস্মিন্ কালে এতন্নাম ভবতি পুরুষস্য স্বপ্নস্য প্রসিদ্ধং হি
লোকে স্বপিতীতি গৌণঞ্চেদং নামেত্যাহ। যদা স্বপিতীত্যুচ্যতে পুরুষ-
স্তদা তস্মিন্ কালে সতা সচ্ছব্দবাচ্যয়া প্রকৃতয়া দেবতয়া সম্পন্নো ভবতি
সঙ্গত একীভূতো ভবতি মনসি প্রবিষ্টং মন আদিসংসর্গকৃতং জীবরূপং
পরিত্যজ্য স্বং সদ্রূপং যৎপরমার্থসত্যমপীতোঽপি গতো ভবতি অতস্ত-
স্মাৎ স্বপিতীত্যেনমাচক্ষতে লৌকিকাঃ। স্বমাত্মানং হি যস্মাদপীতো
ভবতি। গুণানামপ্রসিদ্ধতোঽপি স্বাত্মপ্রাপ্তির্গম্যত ইত্যভিপ্রায়ঃ।
কথং পুনর্লৌকিকানাং প্রসিদ্ধা স্বাত্মসম্পত্তিঃ। জাগ্রচ্ছ্রমনিমিত্তসুখ-
দুঃখাদ্যনেকায়াসানুভবাচ্ছ্রান্তো ভবতি ততশ্চায়ন্তানাং করণানামনেক-
ব্যাপারনিমিত্তগ্লানানাং স্বব্যাপারেভ্য উপরমো ভবতি। শ্রুতেশ্চ শ্রামা-
ত্বেন বাক্ শ্রাম্যতি চক্ষুরিত্যেবমাদি। তথা চ গৃহীতা বাক্ গৃহীতশ্চক্ষু

অন্য শ্রুতিপ্রমাণেও জানা যায় যে, পাপসংযুক্ত ব্যক্তি পুণ্যদ্বারা হৃদ-
য়ের সকল শোক হইতে উত্তীর্ণ হইতে পারে। আমি এইরূপে
তোমাকে স্বপ্নতত্ত্ব বলিতেছি,—তুমি সম্যক্‌প্রকারে অবধারণ কর। যে
সময়ে পুরুষ নিদ্রাতে অভিভূত হয়, তখনই স্বপ্ন হইয়া থাকে। আর
যখন নিদ্রা ভোগ করে, সেইকালে সৎস্বরূপ দেবতাকর্ত্তৃক সঙ্গত
হয়, অর্থাৎ মনঃপ্রভৃতির সংসর্গকৃত জীবরূপ পরিত্যাগ করিয়া পর-
মার্থসত্য সদ্রূপ প্রাপ্ত হইয়া থাকে। অতএব লৌকিকজ্ঞ পুরুষেরা
"স্বপিতি" এইরূপ শব্দ প্রয়োগ করেন। জাগ্রদবস্থাতে যে সকল পরি-
শ্রম হয়, সেই পরিশ্রমনিমিত্তই নিদ্রার উদ্ভব হয়। জাগ্রদবস্থাতে
পুণ্যাপুণ্যনিমিত্ত সুখদুঃখাদি ভোগহেতু অনেক আয়াসানুভব হয়,
তাহাতে পুরুষ শ্রান্ত হইয়া থাকে। তৎপর সেই পরিশ্রান্ত পুরুষের
ইন্দ্রিয়সকল অনেক ব্যাপারসাধনে নিতান্ত গ্লানি-প্রাপ্ত হইয়া স্বীয়

স যথা শকুনিঃ সূত্রেণ প্রবদ্ধো দিশং দিশং পতিত্বা-
ঽন্যত্রায়তনমলব্ধ্বা বন্ধনমেবোপশ্রয়ত এবমেব খলু সোম্য

গৃহীতং শ্রোত্রং গৃহীতং মন ইত্যেবমাদীনি করণানি প্রাণগ্রস্তানি প্রাণ একোঽপ্রান্তো দেহে কুলায়ে যো জাগর্ত্তি তদা জীবঃ শ্রমাপনুত্তয়ে স্বং দেবতারূপমাত্মানং প্রতিপদ্যতে। নান্যত্র স্বরূপাবস্থানাচ্ছ্রমাপনোদঃ স্যাদিতি যুক্তা প্রসিদ্ধিলৌকিকানাং স্বং হ্যপীতো ভবতীতি। দৃশ্যতে হি লোকে জরাদিরোগগ্রস্তানাং তদ্বিনির্ম্মোকে স্বাত্মস্থানাং বিশ্রমণং তদ্বদিহাপি স্যাদিতি যুক্তম্। তদ্যথা শ্যেনো বা সুপর্ণো বা বিপরিপত্য শ্রান্ত ইত্যাদিশ্রুতেশ্চ ॥ ১ ॥

তত্রায়ং দৃষ্টান্তো যথোক্তেঽর্থে স যথা শকুনিঃ পক্ষী শকুনিঘাতকস্য হস্তগতেন সূত্রেণ প্রবদ্ধঃ পাশিতোদিশং দিশং বন্ধনমোক্ষার্থী সন্ প্রতি-দিশং পতিত্বান্যত্র বন্ধনাদায়তনমাশ্রয়ং বিশ্রমণায়ালব্ধ্বাঽপ্রাপ্য বন্ধন-মেবোপশ্রয়তে। এবমেব যথায়ং দৃষ্টান্তঃ খলু হে সোম্য তন্মনস্তৎ-

---

ব্যাপার হইতে বিরত হইয়া থাকে। শ্রবণেন্দ্রিয়ের আয়াস হইলেই বাগিন্দ্রিয় পরিশ্রান্ত হয় এবং বাগিন্দ্রিয়ের পরিশ্রমে চক্ষুরিন্দ্রিয় শ্রান্ত হইয়া থাকে। এইরূপে ক্রমশ সকল ইন্দ্রিয়ই অবসন্ন হইয়া পড়ে। তখন প্রাণ বাক্য, চক্ষুঃ, কর্ণ ও মন ইত্যাদি সকলকেই গ্রহণ করে, দেহরূপ কুলায়ে একমাত্র প্রাণই অশ্রান্ত ও জাগরিত থাকে। এই সময়ে জীব সকলের শ্রম-শান্তির নিমিত্ত স্বীয় দেবতারূপ আত্মাকে প্রাপ্ত হয়। স্বীয়রূপে অবস্থান ব্যতিরেকে কখনও শ্রমাপনোদন হয় না। এই নিমিত্তই স্বপ্ন এই শব্দে "স্বীয়রূপকে পায়" এইরূপ অর্থ লোক-প্রসিদ্ধ হইয়াছে ॥ ১ ॥

হে বৎস! যেমন শ্যেনপক্ষী পক্ষিঘাতক শাকুনিকের হস্তসূত্রদ্বারা বদ্ধ হইয়া বন্ধন মোচনের নিমিত্ত চতুর্দ্দিক গমন করে, কিন্তু বিশ্রা-মার্থ কোনস্থান না পাইয়া পুনর্ব্বার সেই শাকুনিকের হস্তে আসিয়া বিশ্রাম করে, সেইরূপ অন্নোপচিত ষোড়শকলাত্মক আত্মোপাধিক

তস্মনো দিশং দিশং পতিত্বান্যত্রায়তনমলব্ধ্বা প্রাণমেবোপশ্রয়তে প্রাণবন্ধনং হি সোম্য মন ইতি। ২॥

অশনাপিপাসে মে সোম্য বিজানীহীতি যত্রৈতৎপুরুষোঽশিশিষতি নামাপ এব তদশিতং নয়ন্তে তদযথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষনায় ইত্যেবং তদপ আচক্ষতে

প্রকৃতং ষোড়শকলময়োপচিতং মনোনির্দ্ধারিতং তৎপ্রবিষ্টস্তৎস্থস্তদুপলক্ষিতো জীবস্তন্মন ইতি নির্দ্দিশ্যতে। মক্ষাক্রোশনবৎ স মন আখ্যোপাধিজীবোঽবিদ্যাকামকর্ম্মোপদিষ্টো দিশং দিশং সুখদুঃখাদিলক্ষণাং জাগ্রৎস্বপ্নয়োঃ পতিত্বা গত্বানুভূয়েত্যর্থঃ। অন্যত্র সদাখ্যাৎ স্বাত্মন আয়তনং বিশ্রমণস্থানমলব্ধ্বা প্রাণমেব প্রাণেন সর্ব্বকার্য্যকারণাশ্রয়েণোপলক্ষিতা প্রাণ ইত্যুচ্যতে সদাখ্যা পরা দেবতা। প্রাণস্য প্রাণং প্রাণশরীরো ভারূপ ইত্যাদিশ্রুতেঃ। অতস্তাং দেবতাং প্রাণং প্রাণাখ্যামেবোপশ্রয়তে। প্রাণো বন্ধনং যস্য মনসস্তৎ প্রাণবন্ধনং হি যস্মাৎ সোম্য মনঃ প্রাণোপলক্ষিতদেবতাশ্রয়ং মন ইতি তদুপলক্ষিতো জীব ইতি॥ ২॥

এবং স্বপিতিনামপ্রসিদ্ধিদ্বারেণ যজ্জীবস্য সত্যং স্বরূপং জগতো মূলং পুত্রস্য দর্শয়িত্বাহ। অন্নাদিকার্য্যকারণপরং পরমপি জগতো মূলং সন্দিদর্শয়িষুরশনাপিপাসে অশিতুমিচ্ছাশনা সম্ যল্লোপেন। পাতুমিচ্ছা

জীব অবিদ্যা কাম্যকর্ম্মাদিরূপ রজ্জুবদ্ধ হইয়া চতুর্দ্দিকে গমন করে, অর্থাৎ সুখদুঃখাদি ভোগ করিতে থাকে, পরন্তু কোনস্থানেও বিশ্রামার্থ আয়তন লাভ করিতে না পারিয়া বিশ্রামার্থ প্রাণকে আশ্রয় করে। সেই প্রাণবন্ধনই জগতে মূলকারণ॥ ২॥

পূর্ব্বোক্ত-প্রকারে স্বপ্নতত্ত্ব নিরূপণ করিয়া এইক্ষণ অশনপানতত্ত্ব নিরূপণার্থ কহিতেছেন।—হে সৌম্য! জীবের যে অশনেচ্ছা ও পানেচ্ছা হয়, তাহার তত্ত্বনিরূপণ করিতেছি, তুমি তাহা অবহিতচিত্তে শ্রবণ কর।

হশনায়েতি তত্রৈতচ্ছুঙ্গমুৎপতিতং সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতীতি ॥ ৩ ॥

পিপাসা তে অশনাপিপাসেহশনাপিপাসয়োঃ সত্তত্ত্বং বিজানীহীত্যেতৎ। যত্র যস্মিন্ কালে এতদ্গ্রামপুরুষো ভবতি। কিং তদশিশিষত্যশিতুমিচ্ছতীতি। তদা তস্য পুরুষস্য কিং নিমিত্তং নাম ভবতীত্যাহ। যত্তৎ পুরুষেণাশিতমন্নং কঠিনং পীতা আপো নয়ন্তে দ্রবীকৃত্য রসাদিভাবেন, বিপরিণাময়ন্তে তদা ভুক্তমন্নং জীর্য্যতে। অথচ ভবত্যস্য নামাশিশিষতীতি গৌণম্। জীর্ণে হ্যন্নেশিতুমিচ্ছন্তি সর্ব্বে হি জন্তবঃ। তত্রাপামশিতনেতৃত্বাদশনায়া ইতি নাম প্রসিদ্ধমিত্যেতস্মিন্নর্থে। যথা গোনায়ো গাং নয়তীতি গোনায়ো গোপাল ইত্যুচ্যতে। তথাশ্বান্নয়তীত্যশ্বনায়োঽশ্বপাল ইত্যুচ্যতে। পুরুষ নায়ঃ পুরুষান্নয়তীতি রাজা সেনাপতির্বা। এবং তত্তদাপ আচক্ষতে লৌকিকা অশনায়েতি বিসর্জ্জনীয়লোপেন। তত্রৈবং সত্যন্নীরসাদিভাবেন নীতেনাশিতেনান্নেন নিষ্পাদিতমিদং শরীরং বটকণিকায়ামিব শুঙ্গোঽঙ্কুরোৎপত্তিত উদ্গতস্তমিমং শুঙ্গং কার্য্যং শরীরাখ্যং বটাদিশুঙ্গ

যখন পুরুষ হয়, তখন কি সে ভোজন করিতে ইচ্ছা করে? তাহা নহে, তবে কি নিমিত্ত ভোজনের ইচ্ছা হয়? এই আশঙ্কায় বলিতেছেন,—পুরুষ যে কঠিন অন্ন ভক্ষণ করে, জল তাহা দ্রবীভূত করিয়া রসাদিরূপে পরিণামিত করে, তখনই সেই ভুক্ত অন্ন জীর্ণ হয় এবং ভুক্ত অন্ন জীর্ণ হইলে সকল জন্তুই ভক্ষণ করিতে চাহে। জলই ভক্ষিত বস্তু সকলকে নয়ন করে। যেমন গোপাল গো সকলকে নয়ন করে বলিয়া তাহাকে "গোনায়" বলে, অশ্বপালক অশ্বগণ আনয়ন করে, এই নিমিত্ত অশ্বপালকে অশ্বনায় বলে এবং রাজা বা সেনাপতি পুরুষদিগকে পরিচালন করে, এইহেতু রাজারা সেনাপতিকে পুরুষনায় বলে, সেইরূপ জলকে অন্ননায় বলিয়া থাকে, অর্থাৎ জল ভক্ষিত অন্ন সকল রসাদিরূপে পরিণামিত করিয়া তদ্দ্বারা এই শরীর নিষ্পাদন করিয়াছে। যেমন বটাঙ্কুর উৎপত্তিমাত্র উদ্গত হয়, সেইরূপ কার্য্যভূত শরীর উৎপত্তি-

তস্য ক মূলং স্যাদন্যত্রান্নাদেবমেব খলু সোম্যান্নেন শুঙ্গেনাপো মূলমন্বিচ্ছদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজোমূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ। ৪ ॥

বহুৎপাততং হে সোম্য বিজানীহি। কিং তত্র বিজ্ঞেয়মিত্যুচ্যতে। শৃণ্বিদং শুঙ্গবৎকার্য্যত্বাচ্ছরীরং নামূলং মূলরহিতং ভবিষ্যতীত্যুক্ত আহ শ্বেতকেতুঃ। ৩ ॥

যদ্যেবং সমূলমিদং শরীরং বটাদিশুঙ্গবত্তস্যাস্য শরীরস্য ক মূলং স্যাদ্ভবেদিত্যেবং পৃষ্ট আহ পিতা। তস্য ক মূলং স্যাদন্যত্রান্নাদন্নং মূলমিত্যভিপ্রায়ঃ। কথম্ অশিতং অন্নমদ্ভির্দ্রবীকৃতং জাঠরেণাগ্নিনা পচ্যমানং রসাদিভাবেন পরিণমতে। রসাচ্ছোণিতং শোণিতান্মাংসং মাংসান্মেদো মেদসোঽস্থীন্যস্থিভ্যো মজ্জা মজ্জাতঃ শুক্রম্। তথা যোষিদ্ভুক্তমন্নং রসাদিক্রমেণৈবং পরিণতং লোহিতং ভবতি। তাভ্যাং শুক্রশোণিতাভ্যামন্নকার্য্যাভ্যাং সংযুক্তাভ্যামন্নেনৈবং প্রত্যহং ভুজ্যমানেনাপূর্য্য-

---

মাত্রই উদ্গত হইতে থাকে। বৎস! অবহিতচিত্তে শ্রবণ কর, এই শরীর বটশুঙ্গের ন্যায় কার্য্যভূত, মূলরহিত নহে। ৩।

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে, এই শরীর অমূল নহে, অবশ্যই ইহার মূল আছে। শ্বেতকেতু ইহা শ্রবণ করিয়া কহিলেন,—পিতঃ! যদি এই শরীরের মূল থাকে, তবে সেই মূল কি? পিতা আরুণি স্বীয় তনয় শ্বেতকেতুর বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন। অন্ন ভিন্ন আর তাহার মূল কি আছে? অর্থাৎ অন্নই শরীরের মূল। যেহেতু ভক্ষিত অন্ন জলদ্বারা দ্রবীভূত হয় এবং জাঠরাগ্নিকর্ত্তৃক পচ্যমান হইয়া রসাদিরূপে পরিণত হয়, অর্থাৎ অন্ন হইতে রস, রস হইতে শোণিত, শোণিত হইতে মাংস, মাংস হইতে মেদঃ, মেদঃ হইতে অস্থি, অস্থি হইতে মজ্জা এবং মজ্জা হইতে শুক্র জন্মে। এইরূপ যোষিদ্ভুক্ত অন্নও রসাদিক্রমে পরিণত হইয়া রক্ত উৎপন্ন হয় এবং অন্নের কার্য্যভূত শুক্র ও শোণিত মিলিত

মাণাভ্যাং কুড্যমিব মৃৎপিণ্ডৈঃ প্রত্যহমুপচীয়মানোঽন্নমূলো দেহস্তজঃ পরিনিষ্পন্ন ইত্যর্থঃ। যত্তু দেহস্তজস্য মূলমন্নং নির্দ্দিষ্টং তদপি দেহবদ্বিনাশোৎপত্তিমত্ত্বাৎ কস্মাচ্চিন্মূলাদুৎপন্নং তৎ শুঙ্গমেবেতি কৃত্বা আহ। যথা দেহস্তজোঽন্নমূলঃ এবমেব খলু সোম্যান্নেন শুঙ্গেন কার্য্যভূতেনাপো মূলমস্য শুঙ্গস্যান্বিচ্ছ প্রতিপদ্যস্ব। অপামপি বিনাশোৎপত্তিমত্ত্বাচ্ছুঙ্গত্বমেবেতি। অদ্ভিঃ সোম্য শুঙ্গেন কার্য্যেণ কারণং তেজোমূলমন্বিচ্ছ। তেজসোঽপি বিনাশোৎপত্তিমত্ত্বাচ্ছুঙ্গত্বমিতি। তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলং একমেবাদ্বিতীয়ং পরমার্থসত্যম্। যস্মিন্ সর্ব্বমিদং বাচারম্ভণং বিকারো নামধেয়মনৃতং রজ্জ্বামিব সর্পাদিবিকল্পজাতমধ্যস্তম্। অবিদ্যয়া তদস্য জগতো মূলং অতঃ সন্মূলাঃ সৎকারণা হে সোম্যেমাঃ স্থাবরজঙ্গ-

---

হইয়া প্রতিদিন ভুক্ত অন্নদ্বারা বর্দ্ধিত হইতে থাকে। পরে যেমন মৃৎপিণ্ডদ্বারা কুড্য উৎপন্ন হয়, সেইরূপ সেই সংযুক্ত শুক্রশোণিতপিণ্ড বর্দ্ধিত হইয়া দেহ উৎপন্ন হইয়া থাকে; সুতরাং অন্নই দেহের মূল বলিয়া প্রতীয়মান হইতেছে। যে অন্ন দেহের মূল বলিয়া নির্দ্দিষ্ট হইল, সেই অন্নও দেহের ন্যায় উৎপত্তিশালী; সুতরাং তাহাও কোন কারণ হইতে উৎপন্ন হইয়াছে সন্দেহ নাই, অর্থাৎ যেমন অন্ন দেহের মূল, সেইরূপ জল অন্নের মূল জানিবে এবং অন্নের মূলীভূত জলেরও উৎপত্তিবিনাশ আছে। অতএব তাহারও আবার মূল আছে, অর্থাৎ তেজই জলের মূল বলিয়া জানা যায়। আর জলের মূল কারণস্বরূপ তেজের উৎপত্তিবিনাশ দেখা যায়। অতএব তেজ ও কোন কারণ হইতে উৎপন্ন হইয়া থাকিবে, সেই কারণ কি? এই জিজ্ঞাসায় বলিতেছেন,—একমাত্র সৎপার্থই তেজের মূলকারণ, সেই সৎপদার্থ অদ্বিতীয় এবং তাহাই পরমার্থ সত্য। এই জগৎ সমুদায়ই তাঁহার বিকারমাত্র ও মিথ্যা; কেবল বাক্যে তাহাদিগের নামমাত্রই জানা যায়, বাস্তবিক সৎভিন্ন সমুদায়ই অসত্য, যেমন ভ্রান্তিবশতঃ রজ্জুতে সর্পবুদ্ধি হয়, সেইরূপ অবিদ্যাবশতঃ জগতের সদ্বুদ্ধি জানিবে। হে বৎস! এইক্ষণ বিবেচনা করিয়া দেখ, সেই সৎপদার্থই জগতের মূলকারণ। এই সচরা-

অথ যত্রৈতৎপুরুষঃ পিপাসতি নাম তেজ এব তৎপীতং নয়তে তদ্যথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষনায় ইত্যেবং তত্তেজ আচষ্ট উদন্যেতি তত্রৈতদেব শুঙ্গমুৎপতিতঞ্চ সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতীতি ॥৫॥

মলক্ষণাঃ সর্ব্বাঃ প্রজা ন কেবলং সন্মূলা এব। ইদানীমপি স্থিতিকালে সদায়তনাঃ সদাশ্রয়া এব। ন হি মৃদমনাশ্রিত্য ঘটাদেঃ সত্ত্বং স্থিতির্ব্বাস্তি। অতো মৃদ্বৎসদায়তনং যাসাং প্রজানাং তন্মূলত্বাৎসদায়তনাঃ প্রজাঃ। অন্তে চ সৎপ্রতিষ্ঠাঃ সদেব প্রতিষ্ঠা লয়ঃ সমাপ্তিরবসানং পরিশেষে যাসান্তাঃ সৎপ্রতিষ্ঠাঃ ॥ ৪ ॥

অথেদানীমপ্তেজদ্বারেণ সতো মূলস্যানুগমঃ কার্য্য ইত্যাহ। যত্র যস্মিন্ কাল এতন্নাম পিপাসতি পাতুমিচ্ছতীতি পুরুষো ভবতি। অশিশিষতীত্যেবদিদমপি গৌণমেব নাম ভবতি। দ্রবীকৃতস্যাশিতস্যান্নস্য নেত্র্যা আপোঽন্নশুঙ্গং দেহং ক্লেদয়ন্ত্যঃ শিথিলীকুর্য্যুরব্বাহুল্যাদযদি

চর সমস্ত প্রজারই কারণ সেই অদ্বিতীয় সৎস্বরূপ পরব্রহ্ম। আর সেই সৎপদার্থ যে কেবল জগতের কারণ এমত নহে, স্থিতিকালেও সমুদায় জগৎ সেই সৎস্বরূপকে আশ্রয় করিয়া বিদ্যমান আছে। যেমন ঘটাদির কারণ মৃত্তিকা এবং সেই মৃত্তিকা ব্যতিরেকে কদাচ ঘটাদির বিদ্যমানতা ও অবস্থান সম্ভবে না, সেইরূপ জগৎকারণ সৎপার্থ ব্যতিরেকে জগতের সত্তা ও স্থিতি হইতে পারে না। প্রজাসকল সেই সৎপদার্থকে আশ্রয় করিয়া আছে এবং অন্তকালেও এই জগৎ সৎপদার্থেই লয় পায় ॥ ৪ ॥

এইক্ষণ জলবিবরণদ্বারা সৎপদার্থের জগৎকারণতা প্রতিপাদন করিতেছেন।—যে সময়ে পুরুষ জলপান করিতে ইচ্ছা করে, সেই সময়ে সেই জলই পুরুষস্বরূপ হইয়া ভুক্ত অন্নের নেতা হয়, অর্থাৎ ভক্ষিত অন্ন দ্রবীভূতকরতঃ দেহকে ক্লেদীভূত করিয়া শিথিল করে এবং জলবাহুল্যপ্রযুক্ত তেজঃ তাহা শুষ্ক করিতে পারে না। আর যখন তেজঃ সেই

তস্য ক মূলম্ স্যাদন্যত্রান্ন্যোঽদ্ভিঃ সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সদায়-

---

তেজসা ন শোষ্যতে। নিতরাং চ তেজসা শোষ্যমাণাস্বপ্সু দেহভাবেন পরিণমমানাসু পাতুমিচ্ছা পুরুষস্য জায়তে তদা পুরুষঃ পিপাসতি নাম তদেতদাহ। তেজএব তদ্যদা পীতমবাদি শোষয়েদ্দেহগতলোহিতপ্রাণভাবেন নয়তে পরিণময়তি। তদ্যথা গোনায় ইত্যাদি সমানমেব। তত্তেজ আচষ্টে লোকঃ। উদন্তেতি উদকং নয়তীত্যুদন্তং উদন্তেতীতি ছান্দসম্ ॥ ৫ ॥

তত্রাপি পূর্ব্ববৎ অপামপোত্তদেব শরীরাখ্যং শুঙ্গং নান্যদিত্যেবমাদি। সমানমন্যৎ সামর্থ্যাত্তেজসোঽপ্যেতদেব শরীরাখ্যং শুঙ্গম্। অতোঽপ্শুঙ্গেন দেহেনাপো মূলং গম্যতে। অদ্ভিঃ শুঙ্গেন তেজো মূলং গম্যতে। শুঙ্গেন সন্মূলং গম্যতে পূর্ব্ববৎ। এবং হি তেজোবন্নময়স্য

জলকে শোষণ করিতে থাকে, তখন সেই জল দেহরূপে পরিণত হয়; সুতরাং পুরুষের জলপানে ইচ্ছা জন্মে এবং যখনই পুরুষ জলপান করিতে চাহে। তখন তেজই সেই জলকে শোষণ করে, অর্থাৎ সেই জলকে দেহগত রক্তরূপে পরিণামিত করে। যেমন গোপাল গো-সকলের অশ্বপতি অশ্বগণের এবং রাজা কিম্বা সেনাপতি প্রজার অধিনায়ক হয়, সেইরূপ তেজঃ জলের অধিনায়ক হইয়া জলকে লোহিত (রক্ত)-রূপে পরিণামিত করে। তেজঃ জলকে পরিণামিত করে বলিয়াই লোকে তাহাকে উদন্ত (উদকের পরিণামকারী) বলিয়া থাকে। হে সৌম্য! এইরূপে দেহের উৎপত্তি জানিবে; সুতরাং এই দেহ অমূল নহে, অর্থাৎ কারণ ভিন্ন দেহ উৎপন্ন হইতে পারে না ॥ ৫ ॥

পূর্ব্বশ্রুতিতে দেহের অন্নমূলত্ব প্রতিপাদন করিয়া এইক্ষণ সেই দেহের জলমূলত্ব প্রমাণ করিতেছেন।—শ্বেতকেতু পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, পিতঃ! দেহের মূল কি? পিতা আরুণি শ্বেতকেতুর বাক্য শ্রবণ করিয়া কহিলেন, বৎস! জল ভিন্ন এই দেহের মূল কি আছে?

তনাঃ সৎপ্রতিষ্ঠা যথা তু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তদুক্তং পুরস্তা-

---

দেহশুদ্ধস্য বাচারম্ভণমাত্রত্বান্নাদিপরম্পরয়া পরমার্থসত্যাং সন্মূলমন্বয়মস-ন্ত্রাসং নিরায়াসং সন্মূলমন্বিচ্ছেতি পুত্রং গময়িত্বাশিশিষতি পিপাসতীতি নামপ্রসিদ্ধিদ্বারেণ। যদস্তদিহাস্মিন্ প্রকরণে তেজোঽন্নানাং পুরুষে-ণোপযুজ্যমানানাং কার্য্যকারণসঙ্ঘাতস্য দেহশুদ্ধস্য স্বজাত্যা সাঙ্কর্য্যেণোপ-চয়করত্বং বক্তব্যং প্রাপ্তং তদিহোক্তমেবেষ্টব্যমিতি পূর্ব্বোক্তং ব্যপ-দিশতি। যথা তু খলু যেন প্রকারেণেমাস্তেজোঽন্নাখ্যাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তদুক্তং পুরস্তাদেব। ভবত্যন্ন-মশিতং ত্রেধা বিধীয়ত ইত্যাদি। তত্রেবোক্তং অন্নাদীনামশিতানাং যে মধ্যমা ধাতবস্তে সাপ্তধাতুকং শরীরমুপচিন্বন্তীত্যুক্তং মাংসং ভবতি লোহিতং ভবতি মজ্জা ভবত্যস্থি ভবতি যে ত্বনিষ্ঠা ধাতবো মনঃ প্রাণং

পুনর্দেহাভিমানাদশরীরস্বরূপবিজ্ঞানেন নিবর্ত্ততা বিবেকজ্ঞানমশরীরং সন্তং প্রিয়াঽপ্রিয়ে ন স্পৃশতঃ। স্পৃশিঃ প্রত্যেকং সম্বধ্যত ইতি। প্রিয়ং ন স্পৃশত্যপ্রিয়ং ন স্পৃশতীতি বাক্যদ্বয়ং ভবতি। ন ম্লেচ্ছাদ্যচার্য্যধার্ম্মিকৈঃ সহ সম্ভাবেতেতি যদ্বৎ। ধর্ম্মাধর্ম্মকার্য্যে হিতাহিতে যতোঽশরীরতা তু স্বরূপস্থিতি। তত্র ধর্ম্মাধর্ম্ময়োরসম্ভবাত্তৎকার্য্যভাবো দূরত এবেত্যতো ন প্রিয়াপ্রিয়ে স্পৃশতঃ। নতু যদি প্রিয়মপ্যশরীরং ন স্পৃশতীতি যন্মদ্বচস্তোক্তং সুষুপ্তস্থো বিনাশমেবাপীতো ভবতীতি তদেবেহাপ্যাপন্নম্। নৈষ দোষো ধর্ম্মাধর্ম্মকার্য্যয়োঃ শরীরসম্বন্ধিনোঃ প্রিয়াপ্রিয়য়োঃ প্রতিষেধস্য বিবক্ষিতত্বাৎ। অশরীরং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশত ইত্যাদিশ্রুতিঃ। আগমাপায়িনোর্হ্যে স্পৃশশব্দৌ দৃষ্টৌ যথা শীতস্পর্শ উষ্ণস্পর্শ ইতি। ন ত্বগ্নেরুষ্ণপ্রকাশয়োঃ স্বভাবভূতয়োরগ্নিনা স্পর্শ ইতি ভবতি। তথাগ্নেঃ সবিতুর্বোষ্ণপ্রকাশবৎস্বরূপভূতস্যানন্দস্য প্রিয়স্যাপি নেহ প্রতিষেধো বিজ্ঞান-

---

নিবৃত্ত হইয়া বিবেকজ্ঞান উৎপন্ন হয়; সুতরাং সৎস্বরূপ সেই আত্মাকে প্রিয়, কিম্বা অপ্রিয় স্পর্শ করিতে পারে না, অর্থাৎ আত্মার প্রিয় বা অপ্রিয় কিছুই নাই। যেমন অশুচি অধার্ম্মিক ম্লেচ্ছাদির সহিত সম্ভাষণ করিবে না, সেইরূপ আত্মা প্রিয় ও অপ্রিয় স্পর্শ করেন না। যেহেতু আত্মা অশরীরী; সুতরাং তাহার ধর্ম্ম বা অধর্ম্ম কোন কার্য্যই নাই, অতএব ধর্ম্মাধর্ম্মের কার্য্যভূত প্রিয় বা অপ্রিয় সম্ভাবনা নাই, এই নিমিত্তই আত্মা প্রিয়াপ্রিয় স্পর্শ করে না, ইহা উক্ত হইয়াছে। যদিও প্রিয় অশরীরকে স্পর্শ করে না, এইরূপ যে ইন্দ্রোক্তি আছে, এস্থলে তাহারই আপত্তি হইতেছে, এই দোষ হইতে পারে না, কারণ ধর্ম্মাধর্ম্মের কার্য্যভূত শরীরসম্বন্ধী প্রিয়াপ্রিয়েরই প্রতিষেধ বিবক্ষিত হইয়াছে। শ্রুতিতেও লিখিত আছে যে, অশরীরকে প্রিয় কিম্বা অপ্রিয় স্পর্শ করিতে পারে না। যাহাদিগের উৎপত্তি ও বিনাশ আছে, তাহাদিগেরই স্পর্শ ও শব্দ দৃষ্ট হয়, যেমন শরীর বিশিষ্টেরই শীতল স্পর্শ ও উষ্ণ স্পর্শ হইয়া থাকে। অগ্নির স্বভাবভূত উষ্ণস্পর্শ ও প্রকাশের অগ্নিকর্ত্তৃক স্পর্শ হয় না। সেইরূপ সূর্য্য অথবা অগ্নির প্রকাশ ও উষ্ণতার ন্যায়, অশরীর আত্মার

যানন্দমানন্দো ব্রহ্মেতি শ্রুতিভ্যঃ। ইহাপি ভূমৈব সুখমিত্যুক্তত্বাৎ। নন্থ ভূয়ঃ প্রিয়স্যৈকত্বেঽসংবেদ্যত্বাৎ। স্বরূপেণৈব বা নিত্যসংবেদ্যত্বান্নির্ব্বিশেষতেতি নেন্দ্রস্য তদিষ্টম্। নাহ খল্বয়ং সম্প্রত্যাত্মানং জানাত্যয়মহমস্মীতি নো এবেমানি ভূতানি বিনাশমেবাপীতো ভবতি। নাহমত্র ভোগ্যং পশ্যামীত্যুক্তত্বাৎ। তদীন্দ্রস্যেষ্টং যদ্ভূতানি চাত্মান চ জানাতি। ন চাপ্রিয়ং কিঞ্চিদ্বেত্তি। স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামান্ যেন জানেন। সত্যমেতদিষ্টমিন্দ্রস্যেমানি ভূতানি মত্তোঽন্যানি লোকাঃ কামাশ্চ সর্বে মত্তোঽন্যেঽহমেষাং স্বামীতি। ন ত্বেতদিন্দ্রস্য হিতম্। হিতঞ্চেন্দ্রস্য প্রজাপতিনা বক্তব্যম্। ব্যোমবদশরীরাত্মতয়া সর্বভূতলোককামাস্বাপোপগমেন যা প্রাপ্তিস্তদ্ধিতমিন্দ্রায় বক্তব্যমিতি প্রজাপতিনাঽভিপ্রে-

---

স্বরূপভূত আনন্দ ও প্রিয়ের প্রতিষেধ সম্ভবেনা। বিজ্ঞান, আনন্দ ও ব্রহ্ম ইত্যাদি বহুবিধ শ্রুতি প্রমাণে আত্মার আনন্দস্বরূপত্ব প্রতীয়মান আছে; সুতরাং আত্মা অশরীর হইলেও তাহার প্রিয়াস্পর্শ সম্ভব হইতে ছেনা। বিশেষতঃ পূর্ব্বে 'ভূমৈব সুখং" ইত্যাদি শ্রুতিতে আত্মার সুখময়ত্ব উক্ত হইয়াছে।

এইক্ষণ যদি সুখ ও প্রিয় উভয়ই এক হইল, তাহাহইলে সুখের অসংবেদ্যতা হেতু স্ব স্বরূপে নিত্য সংবেদ্যতা প্রযুক্ত নির্ব্বিশেষতা হয়, কিন্তু ইন্দ্রের তাহা ইষ্ট নহে। "ইনি সম্প্রতি আত্মাকে জানেন না, আমিই আত্মা এই ভূতসকল আত্মা নহে, যেহেতু সমুদায় ভূতই বিনাশ পায়, সুতরাং আমি এই বিষয়ে কোন ফল দেখিতেছিনা" ইত্যাদি রূপে উক্ত আছে। ইন্দ্রের ইহাই ইষ্ট যে, আত্মা ভূত সকলকে জানেন না এবং আত্মার অপ্রিয় বোধ নাই। তিনি যেজ্ঞানদ্বারা সকল লোক লাভ করিয়া থাকেন, সেই জ্ঞানই দেবরাজের ইষ্ট। এই সমুদায় ভূতই আত্মা হইতে অন্য এবং সকল লোক ও সকল কাম সমুদায়ই আত্মা হইতে পৃথক এবং আমিই সমুদায় ভূত ও লোকসকলের স্বামী এই জ্ঞানই ইন্দ্র ইচ্ছাকরেন, আর প্রজাপতির যাহা বক্তব্য, তাহাই ইন্দ্রের হিতকর। আত্মার আকাশের ন্যায় অশরীরতা হেতু সর্ব্বভূত, সর্ব্বলোক ও সর্ব্বকামের

ভম্। ন ভূম্নাঽন্যো রাজ্যাপ্তিবদস্তীতি। তদৈক্যং সতি কং কেন বিজানীয়াদাত্মৈকত্বে ইমানি ভূতান্যহমস্মীতি। নন্বস্মিন্ পক্ষে স্ত্রীভির্বা যানৈর্বা স যদি পিতৃলোককামঃ স একধা ভবতীত্যাদ্যৈশ্বর্য্যশ্রুতয়োঽনুপপন্নাঃ। ন সর্ব্বাত্মনঃ সর্ব্বফলসম্বন্ধোপপত্তেরবিরোধাৎ। মৃদ ইব সর্ব্বঘটকরককুণ্ডাদ্যাপ্তিঃ। নন্বু সর্ব্বাত্মত্বে দুঃখসম্বন্ধোঽপি স্যাদিতি চেন্ন। দুঃখস্যাপ্যাত্মত্বোপগমাদবিরোধঃ। আত্মন্যবিদ্যাকল্পনানিমিত্তানি দুঃখানি রজ্জ্বামিব সর্পাদিকল্পনানিমিত্তানি। সা চাবিদ্যা শরীরাত্মকত্বস্বরূপদর্শনেন দুঃখনিমিত্তোচ্ছিত্তেতি দুঃখসম্বন্ধাশঙ্কা ন সম্ভবতি। শুদ্ধসত্ত্বসঙ্কল্পনিমিত্তানান্তু কামানামীশ্বরদেহসম্বন্ধঃ সর্ব্বভূতেষু মানসানাং পর এব সর্ব্বসম্বোপাধিত্বারেণ ভোক্তেতি সর্ব্বাবিদ্যাকৃতসংব্যবহারাণাং পর এবাত্মাস্পদং নান্যোঽস্তীতি বেদান্তসিদ্ধান্তঃ। য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যত ইতি ছায়াপুরুষ এব প্রজাপতিনোক্তঃ স্বপ্নসুষুপ্তয়োশ্চান্ত এব। ন পরোঽপহতপাপ্মত্বাদিল-

---

আত্মত্বোপগম প্রযুক্ত যে জ্ঞানপ্রাপ্তি হয়, তাহাই ইন্দ্রের হিতজনক এবং ইহাই প্রজাপতি ইন্দ্রকে বলিতে অভিপ্রায় করিয়াছিলেন। কিন্তু রাজার রাজ্যপ্রাপ্তির ন্যায় অন্য কোনরূপে বলিতে অভিপ্রায় নাই। যদি এইরূপ হইল, তাহা হইলে কে কাহাকে জানিতে পারে; আত্মার একত্বপ্রযুক্ত এইভূতসকলই আমি, এইরূপ প্রতীতি হয়। এইপক্ষে "স্ত্রীভির্বা যানৈর্বা" ইত্যাদি ঐশ্বর্য্য শ্রুতি সকল অনুপপন্ন হইতেছে। সর্ব্বফল সম্বন্ধোপপত্তির অবিরোধ প্রযুক্ত সর্ব্বাত্মার সর্ব্বৈশ্বর্য্য সম্ভব নাই। যেমন মৃত্তিকা হইতে সর্ব্বপ্রকার ঘট, করকা ও কুণ্ডাদি প্রাপ্তি হয়, সেইরূপ আত্মা হইতে সর্ব্বপ্রকার ফল প্রাপ্তি হইতে পারে। এইক্ষণ যদি সর্ব্বাত্মত্ব হইল, তাহা হইলে আত্মার দুঃখসম্বন্ধও হইতে পারে, ইহা বক্তব্য নহে; কারণ দুঃখের আত্মত্বোপগম হেতু কোন বিরোধ নাই। যেমন রজ্জুতে সর্পাদি জ্ঞান কল্পনা নিমিত্ত, সেইরূপ অবিদ্যানিমিত্ত আত্মাতে দুঃখসম্বন্ধ জানিবে। সেই অবিদ্যাও শরীরাত্মকত্বস্বরূপ দর্শন হইয়া থাকে। এবং যাহা দুঃখ নিমিত্ত তাহা উচ্ছিন্ন হয়। অতএব আত্মার দুঃখসম্বন্ধের আশঙ্কাও হইতে পারে না।

ক্ষণো বিরোধাদিতি কেচিন্মন্যন্তে। ছায়াদ্যাত্মনাকোপদেশে প্রয়োজনমাচক্ষতে। আদাবেবোচ্যমানে কিল দুর্ব্বিজ্ঞেয়ত্বাৎ পরস্যাত্মনোঽত্যন্তবাহ্যবিষয়াসক্তচেতসোঽত্যন্তসূক্ষ্মবস্তুশ্রবণে ব্যামোহো মাভূদিতি। যথা কিল দ্বিতীয়ায়াং সূক্ষ্মং চন্দ্রং দিদর্শয়িষুর্বৃক্ষং কঞ্চিৎ প্রত্যক্ষমাদৌ দর্শয়তি। পশ্যামুমেষ চন্দ্র ইতি। ততোঽসৌ চন্দ্রং পশ্যতি এবমেতদ্য এষোঽক্ষিণীত্যাদ্যুক্তং প্রজাপতিনা ত্রিভিঃ পর্য্যায়ৈর্ন পর ইতি। চতুর্থে তু পর্য্যায়ে দেহাত্মর্ত্ত্যাৎ সমুত্থায়াঽশরীরতামাপন্নো জ্যোতিঃস্বরূপম্ যস্মিন্নুত্তমপুরুষে স্ত্র্যাদিভির্জ্জক্ষন্ ক্রীড়ন্নমমাণো ভবতি স উত্তমঃ পুরুষঃ উক্ত ইতি চাহুঃ। সত্যং রমণীয়া তাবদিয়ং ব্যাখ্যা শ্রোতুম্। ন ত্বর্থোঽস্য গ্রন্থস্যৈব সম্ভবতি। কথমক্ষিণি পুরুষো দৃশ্যত ইত্যুপন্যস্য শিষ্যাভ্যাং ছায়াত্মনি গৃহীতে তয়োস্তদ্বিপরীতগ্রহণং মত্বা তদপনয়ায়োদশরাবোপন্যাসঃ। কিং পশ্যথ ইতি চ প্রশ্নঃ। সাধ্বলঙ্কারোপদেশশ্চানর্থকঃ স্যাৎ। যদি ছায়াত্মৈব প্রজা-

---

পূর্ব্বোক্ত কারণ সমূহে প্রতীয়মান হইতেছে যে, শুদ্ধসত্ব ও শুদ্ধসঙ্কল্প নিমিত্ত কাম সকলেই ঈশ্বরদেহ সম্বন্ধ আছে। আর সর্ব্বভূতেই মনের পরম সম্বন্ধ হয়। সর্ব্বপ্রকার সম্বোপাধিদ্বারা আত্মাকেই ভোক্তারূপে জানা যায়। সর্ব্বপ্রকার অবিদ্যাকৃত ব্যবহারসমূহের আস্পদও অন্য নাই, ইহাই বৈদান্তিক সিদ্ধান্ত। অতএব জানা যায় যে "যে অক্ষিগত পুরুষ দৃষ্ট হয়" ইত্যাদি বাক্যে প্রজাপতি ছায়া পুরুষকেই নিরূপণ করিয়াছেন। কেহ কেহ বলেন বিরোধ হেতু আত্মা অপহতপাপ্মাদিলক্ষণ নহেন, এই নিমিত্তই ছায়াত্মার উপদেশ-প্রয়োজন কথিত হয়। প্রথমতঃ তত্ত্ব নিরূপণ করিতে গেলে দুর্ব্বিজ্ঞেয়ত্ব প্রযুক্ত যাহারা অত্যন্ত বাহ্যবিষয়াসক্তচিত্ত, তাহাদিগের অত্যন্ত সূক্ষ্ম পরমাত্মতত্ত্বশ্রবণে ব্যামোহ না হউক এই নিমিত্ত দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক বলিতেছেন। যেমন দ্বিতীয়াতে কোন ব্যক্তিকে সূক্ষ্ম চন্দ্র প্রদর্শন করিতে হইলে প্রথমত প্রত্যক্ষীভূত কোন বৃক্ষ দেখাইয়া বলে, এই চন্দ্র দর্শন কর। তৎপরে চন্দ্রসমীপবর্ত্তী পর্ব্বতচূড়াকে লক্ষ্য করিয়া অঙ্গুলি নির্দ্দেশ পূর্ব্বক দেখাইয়া দেয় যে, এই চন্দ্র অবলোকন

পতিনাঽক্ষিণি দৃশ্যত ইত্যুপদিষ্টঃ। কিঞ্চ যদি বা তেন স্বয়মুপদিষ্টগ্রহণস্যাপ্যপনয়নকারণং বক্তব্যং স্যাৎ। স্বপ্নসুষুপ্তাত্মগ্রহণয়োরপি তদপনয়নকারণং চ স্বয়ং ব্রূয়াৎ। ন চোক্তং তেন মন্যামহে। নাক্ষিণি ছায়াত্মা প্রজাপতিনোপদিষ্টঃ। কিঞ্চান্যদক্ষিণি দ্রষ্টা চেদ্দৃশ্যত ইতি উপদিষ্টঃ স্যাত্তত ইদং যুক্তম্। এতস্মেব ত ইত্যুক্ত্বা স্বপ্নেঽপি দ্রষ্টুরেবোপদেশঃ। ন দ্রষ্টোপদিষ্ট ইতি চেন্নাপি রোদিতীবাপ্রিয়বেত্তেবেত্যুপদেশাৎ। ন চ দ্রষ্টুরন্যঃ কশ্চিৎ স্বপ্নে মহিমানশ্চরতি। অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতিরিতি ন্যায়তঃ শ্রুত্যন্তরে সিদ্ধত্বাৎ। যদ্যপি স্বপ্নে সধীর্ভবতি তথাপি ন ধীঃ স্বপ্নভোগোপলব্ধিং প্রতি করণত্বং ভজতে। কিন্তর্হি পটচিত্রবজ্জাগ্রদ্বাসনাশ্রয়া দৃষ্টশ্রুত ধীর্ভবতীতি। ন দ্রষ্টুঃ স্বয়ং জ্যোতিষ্ট্বাধঃ স্যাৎ।

কর। এইরূপ করিলেই সেই ব্যক্তি চন্দ্রদর্শন করিয়া থাকে। এইরূপ প্রজাপতি "এই যে অক্ষিগত পুরুষ" ইত্যাদিরূপে ত্রিবিধ পর্য্যায়ে আত্মতত্ত্ব নিরূপণ করিয়াছেন বটে, কিন্তু তাহাতে পরমাত্মতত্ত্ব উপদেশ করেন নাই। চতুর্থ পর্য্যায়ে প্রজাপতি "দেহ হইতে সমুত্থিত হইয়া অশরীরতা প্রাপ্তি পূর্ব্বক জ্যোতিঃস্বরূপ প্রাপ্ত হয়েন এবং যে উত্তম পুরুষের স্ত্রীপ্রভৃতি দ্বারা যজন করত তাহাতে রমণ করেন, সেই উত্তম পুরুষই পরমাত্মা" এইরূপে পরমাত্মতত্ত্ব নিরূপণ করিয়াছেন। এই ব্যাখ্যাটী শুনিতে অতিরমনীয় বটে, কিন্তু এইরূপ গ্রন্থার্থ সম্ভব হইতেছে না। "এই যে অক্ষিগত পুরুষ দেখিতেছ" ইত্যাদি রূপে উপন্যাস করিয়া ইন্দ্র ও বিরোচন এই শিষ্যদ্বয়ের ছায়াত্মা পরিগৃহীত হইলে ইহা বিপরীত জ্ঞান মনে করিয়া তাহার অপনয়নার্থ উদক শরাবাদি দৃষ্টান্তোপন্যাস কিরূপে সম্ভবিতে পারে? এবং এই উদকপূর্ণ শরাবে কি দেখিতেছ? এইরূপ প্রশ্নইবা কিপ্রকারে উপপন্ন হয়? বিশেষতঃ অলঙ্কারাদি দৃষ্টান্তোপন্যাসও অনর্থক হইয়া উঠে। যদি প্রজাপতি ছায়াত্মাকেই অক্ষিগত পুরুষরূপে উপদেশ করিয়া থাকেন, অথবা তিনি স্বয়ং যাহা উপদেশ করিয়াছেন, যদি তাহার অন্যথারূপে গ্রহণের কারণ বক্তব্য হয় এবং স্বপ্ন সুষুপ্তায়

কিঞ্চান্যৎ। জাগ্রৎস্বপ্নয়োর্ভূতানি চাত্মানং চ জানাতীমানি ভূতান্যহমস্মীতি প্রাপ্তৌ সত্যাং প্রতিষেধো যুক্তঃ স্যান্নাহ খল্বয়মিত্যাদি। তথা চেতনস্যৈবাবিদ্যানিমিত্তয়োঃ সশরীরত্বে সতি প্রিয়াপ্রিয়য়োরপহতির্নাস্তীত্যুক্ত্বা তস্যৈবাশরীরস্য সতোঽবিদ্যায়াং সত্যাং সশরীরত্বে প্রাপ্তয়োঃ প্রতিষেধো যুক্তোঽশরীরং বাব সন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশত ইতি। এক-শ্চাত্মা স্বপ্নবুদ্ধান্তয়োর্ম্মহামৎস্যবদসঙ্গঃ সঞ্চরতীতি শ্রুত্যন্তরে সিদ্ধম্। যথোক্তং সম্প্রসাদঃ শরীরাৎ সমুত্থায় যস্মিন্ স্ত্র্যাদিভীরমমাণো ভবতি সোঽন্যঃ সম্প্রসাদাদধিকরণনির্দ্দিষ্ট উত্তমঃ পুরুষ ইতি। তদপ্যসৎ। চতুর্থেঽপি পর্য্যায়ে এতস্মৈব ত ইতি বচনাৎ। যদি ততোঽন্যোঽভিপ্রেতঃ স্যাৎ পূর্ব্ববদেতস্মৈব ত ইতি ন ব্রূয়ান্মৃষা প্রজাপতিঃ। কিঞ্চান্যস্তেজোঽব-

---

গ্রহণেতেও যদি তদপয়নের কারণ স্বয়ং বলিলেন, তথাপি আমরা তাহা স্বীকার করি না। যেহেতু প্রজাপতি অক্ষিস্থ পুরুষকে ছায়াত্মা বলিয়া উপদেশ করেন নাই। পরন্তু "এই যে অক্ষিগত পুরুষ ইনিই দ্রষ্টা" এইরূপে উপদেশ করিয়াছেন; সুতরাং ইহাই যুক্তিযুক্ত হইতেছে যে, ইনিই পরমাত্মা, এইরূপ বলিয়া স্বপ্নে দ্রষ্টার উপদেশ করা কর্ত্তব্য। যদি বল, স্বপ্নে দ্রষ্টা উপদিষ্ট হয়েন না, তাহাও নহে, যেহেতু আত্মাই রোদন করেন ও প্রিয়দর্শন করেন, এইরূপ উপদেশ আছে। সেই দ্রষ্টা পুরুষ ভিন্ন অন্য কেহই স্বপ্নকালে মহিমা প্রকাশ করিতে পারে না। আর এই পুরুষই স্বয়ং জ্যোতিঃস্বরূপ ইহাই ন্যায়ত শ্রুত্যন্তরে প্রসিদ্ধ আছে। যদিও স্বপ্নকালে পুরুষ বুদ্ধিবিশিষ্ট হউক, তথাপি সেই বুদ্ধি স্বপ্নভোগোপলব্ধির প্রতি কারণ হয় না, কিন্তু পটস্থিত চিত্রের ন্যায় জাগ্রদ্বাসনাদৃশ্য বুদ্ধি হয়। তাহাহইলে দ্রষ্টা পুরুষের জ্যোতির্ম্ময়ত্বের বাধ হয় না। আর দেখ, জাগ্রৎ ও স্বপ্নকালে ভূত সকল আত্মাকে জানিতে পারে না এবং এই ভূত সকলই আমি ইত্যাকার বুদ্ধি উপস্থিত হইলেই প্রতিষেধযুক্ত হয়। এইক্ষণ আত্মার সশরীরত্ব হইলেও চেতন পদার্থের অবিদ্যার কারণ প্রিয় ও অপ্রিয়ের অপহৃতি অর্থাৎ বিনাশ নাই, এইরূপ নিরূপণ

ন্নাদীনাং দ্রষ্টুঃ সতঃ স্ববিকারদেহে গুহে প্রবেশং দর্শয়িত্বা প্রবিষ্টায় পুনস্তত্ত্বমসীত্যুপদেশো মৃষা প্রসজ্যেত। তস্মিং ত্বং স্ত্র্যাদিভী রন্তা ভবিষ্যসীতি যুক্ত উপদেশোঽভবিষ্যদ্যদি সম্প্রসাদাদন্য উত্তমঃ পুরুষো ভবেৎ। তথা ভূম্যহমেবেত্যাদিশ্চাত্মৈবেদং সর্ব্বমিতি নোপসমহরিষ্যদ্যদি ভূমা জীবাদন্যোঽভবিষ্যৎ। নান্যোঽতোঽস্তি দ্রষ্টেত্যাদিশ্রুত্যন্তরাচ্চ। সর্ব্বপ্রতিষু চ পরস্মিন্নাত্মশব্দপ্রয়োগো নাভবিষ্যৎ প্রত্যগাত্মা চেৎ সর্ব্বজন্তূনাং পর আত্মা ন ভবেৎ। তস্মাদেক এবাত্মা প্রকরণী সিদ্ধঃ। ন চাত্মনঃ সংসারিত্বম্। অবিদ্যাধ্যস্তত্বাদাত্মনি সংসারস্য। ন হি রজ্জুশুক্তিকাগগনাদিষু সর্পরজতমলাদীনি মিথ্যাজ্ঞানাধ্যস্তানি তেষাং ভবন্তীতি। এতেন সশরী-

---

করিয়া অবিদ্যাহেতু সেই অশরীরত্ব বোধ হয়। তাহাতেই প্রিয়া প্রিয়ের প্রতিষেধ উক্ত হইয়াছে; সুতরাং অশরীর আত্মাকে প্রিয় ও অপ্রিয় স্পর্শ করে না, ইহা যুক্তিযুক্ত হইল। শ্রুত্যন্তরে প্রসিদ্ধি আছে যে, মহামৎস্যের ন্যায় একই আত্মা নিঃসঙ্গ হইয়া স্বপ্ন ও জাগ্রৎকালে সঞ্চরণ করেন। আর ইতিপূর্ব্বে উক্ত হইয়াছে যে, সম্প্রসাদলক্ষণ আত্মা শরীর হইতে সমুত্থিত হইয়া স্ত্রী প্রভৃতিদ্বারা রমমাণ হয়েন, সেই আত্মাই সম্প্রসাদহেতু অধিকরণরূপে নির্দ্দিষ্ট উত্তম পুরুষ, ইহা সৎকল্প নহে। যেহেতু চতুর্থ পর্য্যায়ে, "এতত্ত্বেব" ইত্যাদি বচনে বিশেষ উক্ত হইয়াছে। যদি তাহা হইতে অন্যই অভিপ্রায়সিদ্ধ হইত, তাহাহইলে প্রজাপতি পূর্ব্বে "এতত্ত্বেব" ইত্যাদি মিথ্যাবাক্য বলিতেন না। আর তেজ, জল ও অন্নাদির দ্রষ্টা সৎস্বরূপ আত্মার স্ববিকার ভূত দেহেতে প্রবেশ দর্শাইয়া প্রবিষ্ট শিষ্যের প্রতি পুনর্ব্বার "তত্ত্বমসি" এইরূপে উপদেশ মিথ্যা হয়। বিশেষতঃ যদি সম্প্রসাদলক্ষণ হইতে অন্য কোন উত্তম পুরুষ থাকিবে, তাহাহইলে তুমিই সেই পুরুষে স্ত্রী প্রভৃতিদ্বারা রন্তা হইবে, এইরূপ উপদেশ যুক্ত হয়। আর যদি পুরুষাখ্য আত্মা জীবভিন্ন থাকিত, তাহাহইলে ভূমাখ্য আত্মা আমি আছি, এইরূপ উপদেশ করিয়া আত্মাই সর্ব্বময়, এইরূপ উপসংহার হইত না। যেহেতু অন্য দ্রষ্টা নাই, ইহাই শ্রুত্যন্তরে প্রসিদ্ধ আছে।

রস্য প্রিয়াপ্রিয়য়োরপহতির্নাস্তীতি ব্যাখ্যাতম্। যচ্চ স্থিতমপ্রিয়বেত্তেতি না প্রিয়াবেত্তেবেতি সিদ্ধম্। এবঞ্চ সতি সর্ব্বপর্য্যায়েঽপ্যেতদমৃতমভয় মেতদ্ব্রহ্মেতি প্রজাপতের্ব্বচনম্। যদি বা প্রজাপতেশ্ছদ্মরূপায়াঃ শ্রুতের্ব্বচনং সত্যমেব ভবেৎ। ন চ তৎকুতর্কবুদ্ধ্যা মৃষাকর্ত্তুং যুক্তম্। ততো গুরুতরস্য প্রমাণান্তরস্যানুপপত্তেঃ। নন্বু প্রত্যক্ষং দুঃখাদ্য-প্রিয়বেত্তৃত্বমব্যভিচার্য্যনুভূয়ত ইতি চেন্ন। জরাদিরহিতো জীর্ণোঽহং জাতোঽহমায়ুষ্মান্ গৌরঃ কৃশো মৃত ইত্যাদিপ্রত্যক্ষানুভববত্তদুপ-পত্তেঃ সর্ব্বমপ্যেতৎ সত্যমিতি চেদস্ত্যেবৈতদেবং দুরবগমং যেন দেব-

---

বিশেষত যদি পরমাত্মা সর্ব্বজন্তুর প্রত্যগাত্মা না হইতেন, তাহাহইলে সর্ব্ব-শ্রুতিতে পরমাত্মশব্দ প্রয়োগ হইত না। অতএব এক আত্মাই এই প্রকরণ-সিদ্ধ। সেই আত্মা কদাচ সংসারী নহেন, যেহেতু আত্মার সংসার কল্পনা অবিদ্যার কার্য্য। মিথ্যাজ্ঞানভিন্ন কদাচ রজ্জুতে সর্প, শুক্তিতে রজত এবং আকাশে মলজ্ঞান হইতে পারে না। এই নিমিত্তই প্রিয় ও অপ্রিয়ের বিনাশ নাই, ইহা ব্যাখ্যাত হইয়াছে। এইরূপ হইলে সর্ব্বপর্য্যায়েই এই ব্রহ্ম অমৃত ও অভয় এইরূপ প্রজাপতির বচন সিদ্ধ হয়। যদিও প্রজা-পতির পক্ষে ছদ্মরূপা শ্রুতির বচন সত্য হয়, তথাপি কুতর্কদ্বারা তাহা মিথ্যাজ্ঞান করা যুক্তিযুক্ত হইতেছে না। অতএব গুরুতর প্রমাণান্তরের অনুপপত্তি হয়। যদি বল, আত্মার দুঃখাদি অপ্রিয় জ্ঞান প্রত্যক্ষ সিদ্ধ, কিন্তু তাহা অব্যভিচারী প্রযুক্ত অনুভূত হয়, তাহা নহে যেহেতু আমি জরাদিরহিত, আমি জীর্ণ, আমি জন্মিয়াছি, আমি আয়ুষ্মান, আমি গৌর, আমি কৃশ ইত্যাদিরূপ প্রত্যক্ষানুভবের ন্যায় তাহার উপপত্তি আছে। যদি এই সকলই সত্য হয়, তাহা হউক, কিন্তু ইহা অতি দুরব-গম্য। যেহেতু দেবরাজকে উদকপূর্ণ শরাবাদি দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন; সুতরাং বিনাশযুক্তিও অভ্রান্ত হইতেছে, অতএব "বিনাশমেবাপীতো-ভবতি" এই বাক্যের সুসঙ্গতিই হইতেছে এবং বিরোচনও মহাপ্রাজ্ঞ-ছিলেন, এই নিমিত্ত প্রজাপতির বাক্যে দেহমাত্রে আত্মদর্শন হইয়াছিল।

রাজোঽপ্যুদশরাবাদিদর্শিতা বিনাশযুক্তিরপি মুমোহৈবাত্র বিনাশমেবাপীতো ভবতীতি। তথা বিরোচনো মহাপ্রাজ্ঞঃ প্রাজাপত্যোঽপি দেহমাত্রাত্মদর্শনো বভূব। তথেন্দ্রস্তাত্মবিনাশভয়সাগরে এব বৈনাশিকাঃ ন্যমজ্জন্। তথা সাঙ্খ্যাঃ দ্রষ্টারং দেহাদিব্যতিরিক্তমবগম্যাপি ত্যক্তাগম-প্রাণত্বাৎ মৃত্যুবিষয় এবাস্তত্বদর্শনে তস্থুঃ। তথাঽন্যে কাণাদাদিদর্শনাঃ কষায়রক্তমিব ক্ষারাদিভির্ব্বস্ত্রং নবভিরাত্মগুণৈর্যুক্তমাত্মদ্রব্যং বিশোধয়িতুং প্রবৃত্তাঃ তথাঽন্যে কর্ম্মিণো বাহ্যবিষয়াপহৃতচেতসো বেদপ্রমাণা অপি পরমার্থসত্যমাত্মৈকত্বং বিনাশমিবেন্দ্রবন্মন্যমানা ঘটীযন্ত্রবদারোহাবরোহপ্রকারৈরনিশং বভ্রমন্তি। কিমন্যে ক্ষুদ্রজন্তবো বিবেকহীনাঃ স্বভাবত এব বহির্ব্বিষয়াপহৃতচেতসঃ। তস্মাদিদং ত্যক্তসর্ব্ববাহ্যৈষণৈঃ অনন্তশরণৈঃ পরমহংসপরিব্রাজকৈরত্যাশ্রমিভির্ব্বেদান্তজ্ঞানপরৈরেব বেদনীয়ং পুজ্যতমৈঃ। প্রাজাপত্যঞ্চেমং সম্প্রদায়মনুসরন্নিরূপনিবন্ধং প্রকরণচতুষ্টয়েন। তথাঽনুশাসন্ত্যদ্যাপি তে এব নাস্ত ইতি ॥ ১ ॥

অতএব ইন্দ্রের যে আত্মাবিনাশাশঙ্কা হইয়াছে, তাহাতে বৈনাশিকেরা অভিভূত হইয়াছেন। এইরূপ সাঙ্খ্যবাদীরাও দ্রষ্টা দেহাদির অতিরিক্ত, ইহা জানিয়াও আগমপ্রমাণ পরিত্যাগ পূর্ব্বক মৃত্যুবিষয় দর্শন করিয়া থাকেন। অন্য কার্ণাদাদি দর্শনবাদীরা যেমন ক্ষারাদিদ্বারা কষায় বস্ত্রকে শোধন করা যায়, সেইরূপ আত্মগুণদ্বারা আত্মাকে বিশোধিত করিতে চাহেন। আর অন্যান্য কর্ম্মমার্গীরা বাহ্যবিষয়ে আশক্ত হইয়াই তাঁহাদিগের চিত্ত অপহৃত হইয়াছে। তাঁহারা বেদপ্রমাণ জানিয়াও পরমার্থ সত্য আত্মার বিনাশ হয়, এইরূপে ইন্দ্রের ন্যায় জ্ঞান করিয়া ঘটীযন্ত্র যেমন নিরন্তর আরোহণ ও অবরোহণ করিয়া থাকে, সেইরূপ নিয়ত এই সংসার পুনঃ পুনঃ পরিভ্রমণ করিতেছে। যদি সর্ব্বপ্রকার দর্শনাভিজ্ঞেরাই এইরূপ হইলেন, তাহাহইলে অল্পজ্ঞানী বিবেকহীন ক্ষুদ্রজন্তুগণের চিত্ত যে বাহ্য বিষয়ে আশক্ত হইয়া অপহৃত হইবে, তাহা আশ্চর্য্য নহে। সর্ব্বথা বাহ্যবিষয়াসক্তি পরিত্যাগ করিয়া আত্মার শরণাপন্ন হইবে।

অশরীরোবায়ুরভ্রং বিদ্যুৎ স্তনয়িত্নুরশরীরাণ্যেতানি

তত্রাশরীরস্য সম্প্রসাদস্যাবিদ্যয়া শরীরেণাবিশেষতাং সশরীরতামেব সম্প্রাপ্তস্য শরীরাৎ সমুত্থায় স্বেন রূপেণ যথাঽভিনিষ্পত্তিস্তথা বক্তব্যেতি দৃষ্টান্ত উচ্যতে। অশরীরো বায়ুরবিদ্যমানং শিরঃপাণ্যাদিমচ্ছরীরমস্যেত্য শরীরঃ। কিঞ্চাভ্রং বিদ্যুৎ স্তনয়িত্নুরিত্যেতানি চাশরীরাণি। তত্তত্রৈবং সতি বর্ষাদিপ্রয়োজনাবসানে যথা। অমুষ্মাদিতি ভূমিষ্টা শ্রুতিদ্যুর্লোকসম্বন্ধিনমাকাশদেশং ব্যপদিশতি এতানি যথোক্তান্যাকাশসমানরূপতামাপন্নানি স্বেন বায্বাদিরূপেণাগৃহ্যমাণানি আকাশাখ্যতাঞ্জতানি। যথা সম্প্রসাদোঽবিদ্যাবস্থায়াং শরীরাত্মভাবমেবাপন্নস্তানি চ তথা ভূতানি অমুষ্মাদ্দ্যুলোকসম্বন্ধিন আকাশদেশাৎ সমুত্তিষ্ঠন্তি বর্ষণাদিপ্রয়োজনাভিনির্বৃত্তয়ে। কথং

পূজতম পরমহংস পরিব্রাজকগণ আশ্রম পরিত্যাগ পূর্ব্বক বেদান্তজ্ঞানতৎপর হইয়া পরমাত্মতত্ত্ব জানিবে। প্রাজাপত্যমতানুসারীরা এই প্রাজাপত্যমত প্রকরণ চতুষ্টয়ে উপনিবদ্ধ করিয়াছেন। এবং তাহারা অদ্যাপিও সেইরূপ অনুশাসন করিয়া থাকেন। ১।

অবিদ্যাহেতু সশরীরতাপ্রাপ্ত সম্প্রসাদলক্ষণ আত্মা যেরূপে শরীর হইতে সমুত্থিত হইয়া স্বীয়রূপ প্রাপ্ত হয়েন, তাহাই দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক বলিতেছেন। বায়ু অশরীর, অর্থাৎ বায়ুর শিরঃপাণিপ্রভৃতি শরীর বিদ্যমান নাই। এইরূপ অভ্র, বিদ্যুৎ ও মেঘ এই সমুদায়ই অশরীর। যেমন উক্ত আকাশ সমান-রূপতাপ্রাপ্ত বায়ু, অভ্র, বিদ্যুৎ ও মেঘ এই সকল আকাশরূপ প্রাপ্ত হয়, তখন তাহাদিগকে বায্বাদিরূপে গ্রহণ করা যায় না। আর যেমন সম্প্রসাদলক্ষণ আত্মা অবিদ্যাবস্থাতে শরীরাত্মভাব প্রাপ্ত হয়, সেইরূপ ভূত সকল এই স্বর্গলোকসম্বন্ধী আকাশ হইতে সমুত্থিত হয়। পৃথিবীতে বর্ষণ করিবার নিমিত্ত মেঘ সকল আকাশে উত্থিত হইয়া থাকে। শিশিরকালের অপগম হইলে সূর্য্যদেবের পরমজ্যোতিঃ প্রকটিত হয়, পরে গ্রীষ্মকাল উপস্থিত হইলে সেই জ্যোতিঃ সূর্য্যাভি-

তদ্‌যথৈতান্যুন্মাদাকাশাৎসমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যন্তে ॥ ২ ॥

এবমেবৈষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং

শিশিরাপায়ে সাবিত্রং পরং জ্যোতিঃ প্রাকৃতং গ্রৈষ্মকমুপসম্পদ্য সাবিত্রমভিতাপং প্রাপ্যেত্যর্থঃ। আদিত্যাভিতাপেন পৃথগভাবমাপাদিতাঃ সন্তঃ স্বেন স্বেন রূপেণ পুরোবাতাদিনা বায়ুরূপেণ স্তিমিতভাবং হিত্বা অভ্রমপি পর্ব্বতহস্ত্যাদি রূপেণ। বিদ্যুদপি স্বেন জ্যোতির্লতাদিচপলরূপেণ। স্তনয়িত্নুরপি স্বেন গর্জ্জিতাশনিরূপেণেত্যেবং প্রাবৃড়াগমে স্বেন স্বেন রূপেণাভিনিষ্পদ্যন্তে ॥ ২ ॥

যথাঽয়ং দৃষ্টান্তো বায্বাদীনামাকাশাদিসাম্যগমনবদবিদ্যয়া সংসারাবস্থায়াং সশরীরসাম্যমাপন্নোঽহমমুষ্য পুত্রো জাতো জীর্ণোমরিষ্য ইত্যেবপ্রকারম্। প্রজাপতিনেব মঘবান্ যথোক্তেন ক্রমেণ নাসি ত্বং দেহেন্দ্রিয়াদিধর্ম্মা তত্ত্বমসীতি প্রতিবোধিতঃ সন্ স এষ সম্প্রসাদো জীবোঽস্মা-

---

তাপ প্রাপ্ত হয়। ভূত সকল আদিত্যাভিতাপে পৃথক্ ভাব প্রাপ্ত হইয়া পূর্ব্ব বায্বাদি দ্বারা স্তিমিতভাব পরিত্যাগ পূর্ব্বক পর্ব্বত হস্ত্যাদিরূপে মেঘভাব ধারণ করে; বিদ্যুৎ ও স্বীয় জ্যোতির্লতাদিরূপ প্রাপ্ত হয়, এবং মেঘ স্বীয় গর্জ্জিত বজ্রাদিরূপ পাইয়া থাকে, এইরূপে বর্ষার আগমে ভূত সকল স্ব স্ব রূপে অভিনিষ্পন্ন হয় ॥ ২ ॥

পূর্ব্ব শ্রুতিতে যেরূপ দৃষ্টান্ত প্রদর্শিত হইল, অর্থাৎ যেরূপে বায়ু প্রভৃতির আকাশাদির সাম্য প্রাপ্তি হয়, অবিদ্যাহেতু সংসারাবস্থাতে শরীর সাম্যভাব প্রাপ্ত হইয়া আমি অমুকের পুত্র, আমি জীর্ণ হইয়াছি এবং আমি মরিব, এইরূপ জ্ঞান হয়। বাস্তবিক প্রজাপতি ইন্দ্রকে এই রূপে জ্ঞানোপদেশ করিলেন যে, দেবরাজ! তুমি যথোক্তরূপ দেহেন্দ্রিয়াদি ধর্ম্মবিশিষ্ট নহ, তুমি সেই আত্মস্বরূপ। ইন্দ্র এইরূপে প্রজাপতি কর্ত্তৃক প্রবোধিত হইয়া এই সম্প্রসাদলক্ষণ জীব, এই শরীর হইতে

জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ

চ্ছরীরাৎ আকাশাদিব বায়্বাদয়ঃ সমুত্থায় দেহাদিবৈলক্ষণ্যমাত্মনো রূপমবগম্য দেহাত্মভাবনাং হিত্বেত্যেতৎ স্বেন রূপেণ সদাত্মনৈবাভিনিষ্পদ্যত ইতি ব্যাখ্যাতং পুরস্তাৎ। স যেন স্বেন রূপেণ সম্প্রসাদোঽভিনিষ্পদ্যতে প্রাক্ প্রতিবোধাৎ তদ্‌ভ্রান্তিনিমিত্তাৎ সর্পো ভবতি যথা রজ্জুঃ। পশ্চাৎকৃতপ্রকাশাদ্রজ্জ্বাত্মনা স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে। অত এবঞ্চ স উত্তমপুরুষঃ। উত্তমশ্চাসৌ পুরুষশ্চেত্যুত্তমপুরুষঃ স এবোত্তমপুরুষঃ। অক্ষিস্থপুরুষো ব্যক্তাব্যক্তশ্চ সুষুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নোঽশরীরশ্চ স্বেন রূপেণেতি। এষামেব স্বেন রূপেণাবস্থিতঃ ক্ষরাক্ষরৌ ব্যাকৃতাঽব্যাকৃতাবপেক্ষ্যোত্তমপুরুষকৃতনির্ব্বচনো হ্যয়ং গীতাসু স সম্প্রসাদঃ স্বেন রূপেণ তত্র স্বাত্মনি স্বস্থতয়া সর্ব্বাত্মভূতঃ পর্য্যেতি ক্বচিদিন্দ্রাদ্যাত্মনা জক্ষদ্বসন্ ভক্ষয়ন্ বা ভক্ষ্যানুচ্চাবচানীপ্সিতান্ ক্বচিন্মনোমাত্রৈঃ সঙ্কল্পাদেব সমুত্থিতৈর্ব্রাহ্ম-

---

আকাশাদি ও বায়্বাদির ন্যায় সমুত্থিত হইয়া থাকে এবং আত্মা দেহ হইতে অতিরিক্ত, এইরূপ জানিয়া দেহেতে আত্মভাব পরিত্যাগপূর্ব্বক সদাত্মরূপে অভিনিষ্পন্ন হইলেন, ইহাই পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে। সেই সম্প্রসাদলক্ষণ জীব যে প্রকারে স্বীয়রূপে অভিনিষ্পন্ন হয়, তাহা জ্ঞানোৎপত্তির পূর্ব্বে ভ্রান্তি সমাচ্ছন্ন থাকে। যেমন যাবৎ রজ্জুরূপে পরিজ্ঞান না হয়, তাবৎই সেই রজ্জুতে সর্প জ্ঞান থাকে, পরে যখন প্রমাণাদিদ্বারা সেই রজ্জুকে প্রকৃত রজ্জু বলিয়া জানিতে পারে, তখন আর সর্প জ্ঞান থাকে না, রজ্জুরূপে অভিনিষ্পন্ন হয়। সেইরূপ যাবৎ আত্মতত্ত্ব পরিজ্ঞান না হয়, তাবৎ আত্মাতে সশরীরত্বাবোধ থাকে, আত্মতত্ত্ব পরিজ্ঞাত হইলে আর আত্মার সশরীরতা বোধ থাকে না; অতএব সেই উত্তম পুরুষই আত্মা। অক্ষিস্থ পুরুষ ও স্বপ্ন পুরুষ ইহারা ব্যক্ত ও অব্যক্ত। যিনি সুষুপ্ত, তিনি সম্প্রসন্ন অশরীর হইয়াও স্বীয়রূপে প্রকাশ পাইতেছেন। ইহাদিগের মধ্যে সম্প্রসাদলক্ষণ আত্মাই স্বীয়রূপে অবস্থিত আছেন। ব্যক্ত

পূরুষঃ স তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্নমমাণঃ স্ত্রীভির্ব্বা

লৌকিকৈর্ব্বা ক্রীড়ন্ স্ত্র্যাদিভী রমমাণশ্চ মনসৈব নোপজনং স্মরন্ স্ত্রীপুংসয়োরন্যোন্যোপগমেন জায়ত ইত্যুপজনমাত্মভাবেন বাত্মসামীপ্যেন জায়ত ইত্যুপজনমিদং শরীরং তন্ন স্মরন্। তৎস্মরণে হি দুঃখমেব স্যাৎ। দুঃখাত্মকত্বাত্তস্য। নন্বনুভূতং চেন্ন স্মরেদসর্ব্বজ্ঞত্বমুক্তং স্যাৎ। নৈষ দোষো যেন মিথ্যাজ্ঞানাদিনা জনিতং তচ্চ মিথ্যাজ্ঞানাদি-বিদ্যয়োচ্ছেদিতমতস্তত্রানুভূতমেবেতি ন তদস্মরণে সর্ব্বজ্ঞত্বহানিঃ। ন হ্যুন্মত্তেন গ্রহগৃহীতেন বা যদনুভূতং তদুন্মাদাদ্যপগমেঽপি স্মর্ত্তব্যং স্যাত্তথেহাপি সংসারিভিরবিদ্যাদোষবদ্ভির্যদনুভূয়তে তৎসর্ব্বাত্মানমশরীরং ন স্পৃশতি। অবিদ্যাদিনিমিত্তাভাবাৎ। যে তূচ্ছিন্নদোষৈর্মৃদিতকষায়ৈর্ম্মানসা সত্যাঃ কামা অনৃতাপিধানা অনুভূয়ন্তে বিদ্যাভিব্যঙ্গত্বাৎ ত এবমুক্তেন সর্ব্বাত্মভূতেন সম্বধ্যন্তে ইত্যাত্মজ্ঞানস্তুতয়ে নির্দ্দিশ্যন্তেঽতঃ সাধ্যে তদ্বিশিনষ্টি।

ও অব্যক্ত অপেক্ষায়ই গীতাতে উত্তম পুরুষরূপে প্রকৃত নির্ব্বাচন আছে। সেই সম্প্রসাদলক্ষণ আত্মা স্বীয়রূপে অবস্থিত প্রযুক্ত সর্ব্বাত্মরূপ প্রাপ্ত হইয়াছেন। ঐ আত্মাই কদাচিৎ ইন্দ্রাদিরূপে অভিলষিত উৎকৃষ্ট ভক্ষ্যবস্তু সকল যে ভক্ষণ করেন, তাহাও সঙ্কল্পমাত্র, মনঃ দ্বারা ব্রহ্মলৌকিক সমুত্থানপূর্ব্বক হইয়া থাকে এবং সেই আত্মাই স্ত্রী প্রভৃতিদ্বারা ক্রীড়া করিয়া স্ত্রী-পুরুষের পরস্পর সহযোগে জন্মগ্রহণ করেন। এই শরীরগ্রহণও আত্মসামীপ্য বশত হইয়া থাকে। ইহা কদাচ স্মরণ করিবে না, যেহেতু স্মরণমাত্র দুঃখ হয়, ঐ সমুদাই দুঃখাত্মক। বিদ্বান্‌মুক্ত ব্যক্তির যদি অনুভূত দেহারম্ভ স্মরণ হয় না, তাহাহইলে সর্ব্বজ্ঞত্ব হানি হইয়া উঠে। এই দোষ হইতে পারে না, যেহেতু মিথ্যাজ্ঞানাদিদ্বারা দেহ জন্মে, বিদ্যাদ্বারা সেই মিথ্যাজ্ঞানের উচ্ছেদ হয়, অতএব তাহাতে অনুভূত দেহই হইতে পারে; সুতরাং তাঁহার অস্মরণে সর্ব্বজ্ঞত্বের হানি হইতে পারে না। যেমন উন্মত্ত বা গ্রহাভিভূত ব্যক্তির যাহা অনুভব হয়, উন্ম-

যানৈর্ব্বা জ্ঞাতিভির্ব্বা নোপজনং স্মরন্নিদং শরীরং

য এতে ব্রহ্মলোক ইতি। যত্র কচন ভবন্তোঽপি ব্রহ্মণ্যেব হিতে লোকে ভবন্তীতি সর্ব্বাত্মত্বাদ্ব্রহ্মণ উচ্যন্তে। নন্থ কথমেকঃ সন্নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতীতি স ভূমা কামাংশ্চ ব্রাহ্মলৌকিকান্ পশ্যন্নমত ইতি চ বিরুদ্ধম্। যথৈকো যস্মিন্নেব ক্ষণে পশ্যতি স তস্মিন্নেব ক্ষণে ন পশ্যতি চেতি। নৈষ দোষঃ। শ্রুত্যন্তরে পরিহৃতত্বাদ্দ্রষ্টুর্দৃষ্টেরবিপরিলোপাৎ পশ্যন্নেব ভবতি। দ্রষ্টুরন্যত্বেন কাম্যানামভাবান্ন পশ্যতি চেতি। যদ্যপি সুষুপ্তে তদুক্তম্। মুক্তস্যাপি সর্ব্বৈকত্বাৎ সমানো দ্বিতীয়াভাবঃ। কেন কং পশ্যেদিতি চোক্তমেব। অশরীরস্বরূপোঽপহতপাপ্মাদিলক্ষণঃ সন্ কথমেষ পুরুষোঽক্ষিণি দৃশ্যত ইত্যুক্তঃ প্রজাপতিনা। তত্র যথাঽসাবক্ষিণি সাক্ষাদ্দৃশ্যতে তদ্বক্তব্যমিতীদমারভ্যতে। তত্র কো হেতুরক্ষিণি

ত্তা ও গ্রহাবেশের অপগমে তাহার স্মরণ হয় না। সেইরূপ অবিদ্যাদিদোষশালী সংসারীরা যাহা অনুভব করে, তাহা অশরীর সর্ব্বাত্মাকে স্পর্শ করিতে পারে না, যেহেতু তাঁহার অবিদ্যাদি নিমিত্ত নাই। দোষরহিত ব্যক্তিরা যে সত্য কাম ও সত্যসঙ্কল্প আত্মার অনুভব করে, সেই সত্যকাম সর্ব্বাত্মভূতে সম্বন্ধ হয়, এইরূপ জ্ঞানস্তুতির নিমিত্ত নির্দ্দেশ করিতেছেন। এই হেতু সাধ্যেও তাহা বিশেষ করিয়া বলিতেছেন। ব্রহ্মের সর্ব্বাত্মপ্রযুক্ত তাহাতে সকল লোক বিদ্যমান থাকে, ইহাই উক্ত হয়। যদি ব্রহ্ম এক হইলেন, তবে কিরূপে অন্য দর্শন করেন, অন্য শ্রবণ করেন এবং অন্য জানিতে পারেন এবং সেই ভূমাই ব্রাহ্মলৌকিক কাম ভোগ করত রমণ করেন, ইত্যাদি শ্রুতি উপপন্ন হইতে পারে, পরন্তু উক্ত শ্রুতিসকল বিরুদ্ধ হইতেছে। যেমন এক ব্যক্তি যে সময়ে দর্শন করে, সেই ব্যক্তি সেই সময়ে শ্রবণ করিতে পারে না। এই দোষের পরিহারার্থ বলিতেছেন। অন্য শ্রুতিতে উক্ত দোষ পরিহৃত হইয়াছে। দ্রষ্টা পুরুষের দৃষ্টির বিলোপ হইলে সে দেখিতে পারে না এবং দৃষ্টা ব্যক্তি

স যথা প্রয়োগ্য আচরণে যুক্ত এবমেবায়মস্মিঞ্ছরীরে প্রাণো যুক্তঃ ॥ ৩ ॥

দর্শন ইত্যাহ সদৃষ্টান্তঃ। যথাপ্রয়োগ্যঃ প্রয়োগ্যপরো বা সশব্দঃ। প্রযুজ্যত ইতি প্রয়োগ্যোঽশ্বো বলীবর্দ্দো বা। যথা লোকে আচরত্যনেনেত্যাচরণো রথোঽনো বা তস্মিন্নাচরণে যুক্তস্তদাকর্ষণায়। এবমস্মিঞ্ছরীরে রথস্থানীয়ে প্রাণঃ পঞ্চবৃত্তিঃ ইন্দ্রিয়মনোবুদ্ধিসংযুক্তঃ প্রজ্ঞাত্মা বিজ্ঞানক্রিয়াশক্তিদ্বয়-সংমূর্চ্ছিতাত্মা যুক্তঃ স্বকর্ম্মফলোপভোগনিমিত্তং নিযুক্তঃ। কস্মিন্নহমুৎক্রান্তো ভবিষ্যামি কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামীতীশ্বরেণ রাজ্ঞা ইব সর্ব্বাধিকারী দর্শনশ্রবণচেষ্টাব্যাপারেঽধিকৃতঃ। তস্যৈব তু মাত্রৈকদেশশ্চক্ষুরিন্দ্রিয়ং রূপোপলব্ধিদ্বারভূতম্ ॥ ৩ ॥

অন্য বিষয়ে আশক্ত হইলে তাহার কামনা ভাবপ্রযুক্ত দর্শন করিতে পারে না। যদিও সুষুপ্তিকালে তাহা উক্ত থাকুক, তথাপি সর্ব্বাত্মস্বরূপ মুক্ত পুরুষের কামনাভাব আছে, যেহেতু "কে কাহাকে দর্শন করে" ইত্যাদি শ্রুতি উক্ত আছে। অশরীর এবং অপহতপাপ্মাদিলক্ষণ আত্মাকে কিরূপে এই অক্ষিস্থ পুরুষ বলিয়া জানা যাইতে পারে? ইহাই প্রজাপতি বলিয়াছেন। তাহাতে যেরূপে এই অক্ষিস্থ পুরুষ দৃষ্ট হইতে পারেন, তাহাই বক্তব্য, এই হেতু এইক্ষণ গ্রন্থ আরম্ভ করিতেছেন।—উক্ত বিষয়ে হেতু কি? এই আশঙ্কায় সদৃষ্টান্ত হেতু প্রতি প্রদর্শন করিতেছেন। যেমন লোকে বলীবর্দ্দ (বলদ) অথবা অশ্বকে রথে নিযুক্ত করিলে তাহারা সেই রথ আকর্ষণ করে, সেইরূপে এই শরীরমধ্যে প্রাণ নিযুক্ত রহিয়াছে এবং সেই প্রাণই পঞ্চবৃত্তি, অর্থাৎ ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি সংযুক্ত হইয়া আত্মার কার্য্য করে। বিজ্ঞানাত্মা স্বীয় কর্ম্মফলোপভোগের নিমিত্ত প্রাণকে নিযুক্ত করিয়াছেন। আমরা কাহার উৎক্রমণে উৎক্রান্ত হই এবং কাহারই বা প্রতিষ্ঠাতে প্রতিষ্ঠিত হই, এই আশঙ্কায় বলিতেছেন। যেমন রাজা স্বীয় কার্য্য সাধনার্থ সর্ব্বাধিকারীকে নিযুক্ত করেন, সেইরূপ দর্শন

অথ যত্রৈতদাকাশমনুবিষণ্ণং চক্ষুঃ স চাক্ষুষঃ পুরুষো দর্শনায় চক্ষুরথ যো বেদেদং জিঘ্রাণীতি স আত্মা গন্ধায় ঘ্রাণমথ যো বেদদমভিব্যাহরাণীতি স আত্মাঽভিব্যাহা-

---

অথ যত্র কৃষ্ণতারোপলক্ষিতমাকাশং দেহচ্ছিদ্রমনুবিষণ্ণমনুসক্তমনুগতং তত্র স প্রকৃতোঽশরীর আত্মা চক্ষুষি ভবতীতি চাক্ষুষশ্চক্ষুষি ভব ইতি চাক্ষুষস্তস্য দর্শনায় রূপোপলব্ধয়ে চক্ষুঃ করণং যস্য তৎ। দেহাদিভিঃ সংহতত্বাৎ পরস্য দ্রষ্টুরর্থং সোঽত্র চক্ষুষি দর্শনেন লিঙ্গেন দৃশ্যতে পরোঽশরীরোঽসংহতঃ। অক্ষিণি দৃশ্যত ইতি প্রজাপতিনোক্তং সর্ব্বেন্দ্রিয়দ্বারোপলক্ষণার্থম্। সর্ব্ববিষয়োপলব্ধা হি স এবেতি। স্ফুটোপলব্ধিহেতুত্বাত্ত্বক্ষিণীতি বিশেষচনং সর্ব্বশ্রুতিষু। অহমদর্শমিতি তৎ সত্যং সম্ভবতীতি চ শ্রুতেঃ। অথাপি যোঽস্মিন্দেহে বেদ কথমিদং সুগন্ধি বা জিঘ্রাণীতি অস্য গন্ধং

শ্রবণাদি কার্য্য সাধনার্থ প্রাণ আত্মাকর্ত্তৃক নিযুক্ত হইয়া আছে। আর এই চক্ষুরিন্দ্রিয়ই আত্মার রূপলাভের দ্বারভূত ॥ ৩ ॥

যে দেহেতে কৃষ্ণতারোপলক্ষিত আকাশ দেহচ্ছিদ্রে অনুগত আছে, সেই দেহেতে প্রকৃত অশরীর আত্মা আছেন, এই চক্ষুঃ তাহারই কারণ স্বরূপ, অর্থাৎ সেই আত্মার স্বরূপোপলব্ধির নিমিত্ত চক্ষু করণরূপে আছে, দেহাদিদ্বারা সংহতত্বহেতু পরমদ্রষ্টার নিমিত্ত দর্শন লিঙ্গদ্বারা সেই পরমাত্মাই দৃষ্টা হয়েন। বাস্তবিক সেই পরমাত্মা অশরীর অসংহত। এই নিমিত্তই প্রজাপতি "অক্ষিণি দৃশ্যা" ইত্যাদিরূপে, অর্থাৎ যিনি অক্ষিস্থ হইয়া দর্শন করেন, তিনিই আত্মা এই প্রকারে উপদেশ করিয়াছেন। এই স্থলে অক্ষি-শব্দ সর্ব্ব ইন্দ্রিয়ের উপলক্ষণ, অর্থাৎ যিনি সর্ব্বপ্রকার ইন্দ্রিয়রূপ দ্বারদিয়া বস্তু গ্রহণ করেন, তিনিই আত্মা। সেই আত্মাই সর্ব্ববিষয়ের উপলাভ করেন। অন্যান্য শ্রুতিতেও এইরূপে দর্শনকে সর্ব্বেন্দ্রিয়ের উপলক্ষণ বলিয়া প্রকীর্ত্তিত হইয়াছে। আর যিনি এই দেহেতে সুগন্ধ দুর্গন্ধ জানেন অর্থাৎ এই বস্তু সুগন্ধি কি দুর্গন্ধি, আমি ইহা আঘ্রাণ করিয়া জানিতেছি, যাহার

রায় বাগথ যো বেদেদং শৃণ্বানীতি স আত্মা শ্রবণায় শ্রোত্রং ॥ ৪ ॥

অথ যো বেদেদং মন্বানীতি স আত্মা মনোঽস্য দৈবং

বিজানীয়ামিতি স আত্মা। তস্য গন্ধায় গন্ধবিজ্ঞানায় ঘ্রাণম্। অথ যো বেদেদং শৃণ্বানীতি স আত্মা শ্রবণায় শ্রোত্রম্ ॥ ৪ ॥

অথ যো বেদেদং মন্বানীতি মননব্যাপারমিন্দ্রিয়াসংপ্রযুক্তং কেবলং মন্বানীতি বেদ স আত্মা। যো বেদ স আত্মেত্যেবং সর্ব্বত্র প্রয়োগাদ্বেদনমস্য স্বরূপমিত্যবগম্যতে। যথা যঃ পুরস্তাৎ প্রকাশয়তি স আদিত্যো যো দক্ষিণতো যঃ পশ্চাদ্ব উত্তরতো য ঊর্দ্ধং প্রকাশয়তি স আদিত্য ইত্যুক্তে প্রকাশস্বরূপঃ স ইতি গম্যতে। দর্শনাদিক্রিয়ানির্ব্বর্ত্ত্যানি তু চক্ষুরাদিকরণানি। ইদঞ্চাস্যাত্মনঃ সামার্থ্যাদবগম্যতে। আত্মনঃ সত্তা-

---

এইরূপ বোধ হয়, তিনিই আত্মা। সেই আত্মার গন্ধবিজ্ঞানার্থই ঘ্রাণেন্দ্রিয় হইয়াছে। আর যিনি এইরূপ জানেন যে, আমিই বাক্যবলিব, তিনিই আত্মা। সেই আত্মার বাক্যকথন কার্য্য নিরূপণার্থই বাগিন্দ্রিয়রূপ করণ আছে এবং আমি শুনিতেছি, যিনি এইরূপ জানেন, তিনিই আত্মা, তাহারই শ্রবণের নিমিত্ত শ্রবণেন্দ্রিয় হইয়াছে ॥ ৪ ॥

আর যিনি এইরূপ জানেন যে, আমিই মনন করিতেছি, অর্থাৎ আমি মনন ব্যাপারে ইন্দ্রিয়গণ কর্ত্তৃক অসংপ্রযুক্ত হইয়া স্বয়ংই মনন করিতেছি, যিনি এই প্রকার জ্ঞান করেন, তিনিই আত্মা। যিনি পূর্ব্বোক্ত প্রকারে জানেন, তিনিই আত্মা, এইরূপ উক্তিদ্বারা আত্মার জ্ঞানস্বরূপত্ব জানা যাইতেছে। যেমন যিনি পূর্ব্বদিক্, পশ্চিমদিক্, উত্তরদিক্, দক্ষিণদিক্, ঊর্দ্ধ ও অধোদিক্ প্রকাশ করেন, তিনিই আদিত্য। এই কথা বলিলে আদিত্যের প্রকাশ স্বরূপতা জানা যায়, সেইরূপ চক্ষুরাদি দর্শনাদি ক্রিয়ার নিমিত্ত এই বাক্যও আত্মার সামার্থ্যবশতঃ তাহার সর্ব্বকর্ত্তৃত্ব প্রতীয়মান হইয়া থাকে। আত্মার সত্তামাত্রেই জ্ঞানকর্ত্তৃত্ব জানা যায়, কিন্তু ব্যাপারদ্বারা

চক্ষুঃ স বা এষ এতেন দৈবেন চক্ষুষা মনসৈতান্ কামান্ পশ্যন্ রমতে ॥ ৫ ॥

মাত্র এব জ্ঞানকর্ত্তৃত্বং ন তু ব্যাপৃততয়া। যথা সবিতুঃ সত্তামাত্র এব প্রকাশনকর্ত্তৃত্বং ন তু ব্যাপৃততয়েতি তদ্বৎ। মনোঽস্যাত্মনো দৈবমপ্রাকৃতমিতরেন্দ্রিয়ৈরসাধারণম্ চক্ষুশ্চষ্টে পশ্যত্যনেনেতি চক্ষুঃ। বর্ত্তমানকালবিষয়াণি চেন্দ্রিয়াণ্যতোঽদৈবানি তানি। মনস্তু ত্রিকালবিষয়োপলব্ধিকরণং মৃদিতদোষঞ্চ সূক্ষ্মব্যবহিতাদি সর্ব্বোপলব্ধিকরণঞ্চেতি দৈবঞ্চক্ষুরুচ্যতে। স বৈ মুক্তঃ স্বরূপাপন্নোঽবিদ্যাকৃতদেহেন্দ্রিয়মনোবিযুক্তঃ সর্ব্বাত্মভাবমাপন্নঃ সন্নেষ ব্যোমবদ্বিশুদ্ধঃ সর্ব্বেশ্বরো মন-উপাধিঃ সন্ এতেনৈবেশ্বরেণ মনসৈতান্ কামান্ সবিতৃপ্রকাশবন্নিত্যপ্রততেন দর্শনেন পশ্যন্ রমতে ॥ ৫ ॥

তাঁহার কর্ত্তৃত্ব অনুমিত হয় না। যেমন আদিত্যের সত্তামাত্রেই প্রকাশ কর্ত্তৃত্ব প্রতীত হয়, কোন ব্যাপারের অপেক্ষা করে না। সেইরূপ আত্মার সত্তাতেই সর্ব্বকর্ত্তৃত্ব জানা যায়। মনই আত্মার অপ্রাকৃত দৈবচক্ষুঃ, ইহা অন্য ইন্দ্রিয়ের সমান নহে। মনঃ দ্বারাই আত্মা সকল দর্শন করেন, এই নিমিত্তই মনঃ আত্মার চক্ষুঃ স্বরূপ। এইরূপ বর্ত্তমান কালবিষয়ক ইন্দ্রিয় ও দেহ সকলই আত্মার জ্ঞানের কারণ, এই নিমিত্ত আত্মার সকল ইন্দ্রিয়ই দেবতা স্বরূপ। পরন্তু মনঃ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয়ে উপলব্ধির কারণ। সেই মনের সর্ব্বদোষ নিবৃত্ত হইলেই তাহা সূক্ষ্ম ও ব্যবহিতাদি সর্ব্ববস্তু দর্শনের কারণ হয়। এই নিমিত্তই মনকে দৈবচক্ষুঃ বলা যায়। সেই আত্মা মুক্ত, অর্থাৎ স্বরূপাবস্থা প্রাপ্ত হইলেই অবিদ্যাকৃত দেহ, ইন্দ্রিয় ও মনোবিহীন হইয়া সর্ব্বাত্মভাব প্রাপ্ত হইয়া থাকেন, এবং আকাশের ন্যায় বিশুদ্ধ সেই সর্ব্বেশ্বর মনোরূপ উপাধি বিশিষ্ট হইয়া মনদ্বারা সকল কামভোগ করত রমণ করেন। যেমন সবিতা নিত্য প্রতাপদ্বারা সর্ব্বত্র প্রকাশ করেন, সেইরূপ আত্মা মনোরূপ চক্ষুদ্বারা সর্ব্ববিষয় দর্শন করিয়া ক্রীড়া করিতেছেন। ৫ ॥

য এতে ব্রহ্মলোকে তং বা এতং দেবা আত্মানমুপা-
সতং তস্মাত্তেষাং সর্ব্বে চ লোকা আত্তাঃ সর্ব্বে চ কামাঃ
স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্‌যস্তমাত্মান-

কান্ কামানিতি বিশিনষ্টি। য এতে ব্রহ্মণি লোকে হিরণ্যনিধিব-
দ্বাহ্যবিষয়াসঙ্গানৃতেনাপিহিতাঃ সঙ্কল্পমাত্রলভ্যাস্তানিত্যর্থঃ। যস্মাদেষ
ইন্দ্রায় প্রজাপতিনোক্ত আত্মা। ততঃ শ্রুত্বা তমাত্মানমদ্যত্বেঽপি দেবা
উপাসতে। তদুপাসনাচ্চ তেষাং সর্ব্বে চ লোকা আত্তাঃ প্রাপ্তাঃ সর্ব্বে চ
কামাঃ। যদর্থং হীন্দ্র এব শতং বর্ষাণি প্রজাপতৌ ব্রহ্মচর্য্যমুবাস তৎফলং
প্রাপ্তং দেবৈরিত্যভিপ্রায়ঃ। তদপ্যুক্তং দেবানাং মহাভাগ্যত্বান্ন ত্বিদানীং
মনুষ্যাণামত্যল্পজীবিতত্বান্মন্দতরপ্রজ্ঞত্বাচ্চ সম্ভবতীতি প্রাপ্তে ইদমুচ্যতে।
স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামানিদানীন্তনোঽপি। কোঽসা-

---

আত্মা কি কি কামভোগ করেন, তাহাই নিরূপিত হইতেছে।—যে কাম সকল ব্রহ্মেতে হিরণ্যনিধির ন্যায় বাহ্যবিষয়ে আসক্তিরূপ অবিদ্যাদ্বারা সমাচ্ছন্ন আছে, সঙ্কল্প মাত্রই সেই কামসকল লভ্য হয়। এই সকল কাম-লাভের নিমিত্তই প্রজাপতি ইন্দ্রের নিকট আত্মতত্ত্ব বলিয়াছেন, তাহা শুনিয়া দেবগণ আত্মার উপাসনা করেন, সেই উপাসনাতেই সেই দেবতা-দিগের সর্ব্বলোক প্রাপ্তি হয়। এই আত্মতত্ত্ব পরিজ্ঞানার্থই ইন্দ্র শতবর্ষ প্রজাপতির নিকট ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক বাস করিয়াছিলেন এবং দেবতারাও এই আত্মতত্ত্বোপদেশের ফল পাইয়াছিলেন। এই নিমিত্তই দেবতাদিগের মহাভাগ্য হইয়াছিল, এইক্ষণ মনুষ্যগণের অল্প জীবন ও মন্দবুদ্ধি প্রযুক্ত দেবগণের ন্যায় তাহাদিগের সৌভাগ্য সম্ভবে না। মনুষ্য-গণের শতবর্ষ ব্রহ্মচর্য্য অবলম্বনের শক্তি নাই এবং এতাদৃশ দুরূহবিষয় গ্রহণেও তাহারা অসমর্থ; সুতরাং মানবসকল দেবতাদিগের ন্যায় সৌভাগ্যলাভ করিতে পারেন নাই। পরন্তু ইদানীন্তন মানবগণের মধ্যে যদি সেই আত্মাকে জানিতে পারে, তাহাহইলে সেই ব্যক্তির সর্ব্বলোক

মনুবিদ্য জানাতীতি হ প্রজাপতিরুবাচ প্রজাপতি-রুবাচ ॥ ৬ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

বিদ্রাদিবদ্যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি হ সামান্যেন কিল প্রজাপতি-রুবাচ। অতঃ সর্ব্বেষামাত্মজ্ঞানং তৎফলপ্রাপ্তিশ্চ তুল্যৈব ভবতীত্যর্থঃ। দ্বির্ব্বচনং সমাপ্ত্যর্থম্ ॥ ৬ ॥

ইতি দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

ও সর্ব্ব কামলাভ হইয়া থাকে। প্রজাপতি সাধারণের জ্ঞানলাভের নিমিত্তই উক্তরূপে উপদেশ করিয়াছিলেন, অতএব আত্মধ্যান ও আত্ম বিজ্ঞানের ফলপ্রাপ্তি সকলের পক্ষেই সমান জানিবে, অর্থাৎ সকলেই আত্মধ্যান করিয়া আত্মতত্ত্ব পরিজ্ঞানলাভ করিতে ও সেই আত্মতত্ত্ব পরিজ্ঞানের ফল পাইতে পারেন। ৬ ॥

ইতি দ্বাদশ খণ্ড ॥ ১২ ॥

ত্রয়োদশঃ খণ্ডঃ।

শ্যামাচ্ছবলং প্রপদ্যে শবলাচ্ছ্যামং প্রপদ্যে অশ্ব ইব রোমাণি বিধূয় পাপং চন্দ্র ইব রাহোর্মুখাৎ প্রমুচ্য ধূত্বা

শ্যামাচ্ছবলং প্রপদ্যে ইত্যাদিমন্ত্রান্নায়ঃ পাবনো জয়ার্থশ্চ ধ্যানার্থো বা। শ্যামো গম্ভীরো বর্ণঃ শ্যাম ইব শ্যামো হার্দ্দং ব্রহ্ম। অত্যন্তদুরবগাহত্বাত্তদ্ধার্দ্দং ব্রহ্ম জ্ঞাত্বা ধ্যানেন তস্মাচ্ছ্যামাচ্ছবলমিব শবলোঽরণ্যাদ্যনেককামমিশ্রত্বাদ্‌ব্রহ্মলোকস্য শাবল্যং তং ব্রহ্মলোকং শবলং প্রপদ্যে মনসা। শরীরপাতাদ্ধোর্দ্ধং গচ্ছেয়ম্। যস্মাদহং শবলাদ্‌ব্রহ্মলোকান্নামরূপব্যাকরণাচ্ছ্যামং প্রপদ্যে হার্দ্দং ব্রহ্মভাবং প্রপন্নোঽস্মীত্যভিপ্রায়ঃ। অতস্তমেব প্রকৃতিস্বরূপমাত্মানং শবলং প্রপদ্য ইত্যর্থঃ। কথং শবলং ব্রহ্মলোকং প্রপদ্য ইত্যুচ্যতে। অশ্ব ইব স্বানি লোমানি বিধূয় কম্পনেন শ্রমং

"শ্যামাচ্ছবলং প্রপাদ্য" ইত্যাদি মন্ত্রপাঠ ও মন্ত্র জপ করিবে। যাহারা অল্পজ্ঞানী তাহাদিগের দুরবগম্য ব্রহ্মতত্ত্ব পর্য্যালোচনার শক্তি নাই, এই নিমিত্ত তাহারা উক্ত মন্ত্র পাঠ ও জপ করিলে পবিত্র হইতে পারে, জয়লাভ হয় এবং ব্রহ্মধ্যানের শক্তি জন্মিয়া থাকে। সেই হৃদয়পুণ্ডরীকস্থ ব্রহ্ম অতিগভীর শ্যামবর্ণ। ইহার স্বরূপ নির্ণয় অতি দুরবগম্যবিধায় সেই ব্রহ্মজ্ঞানে ধ্যান করিয়া মনে মনে উপাসনা করিতেছি এবং মরণের পর সেই ব্রহ্মকে পাইব, এই অভিপ্রায়ে ব্রহ্মের আরাধনা করিবে। যেহেতু আমি শবল ব্রহ্মলোক হইতে নামরূপ ব্যক্তীকরণের নিমিত্ত শ্যামবর্ণ হৃৎপুণ্ডরীকস্থ ব্রহ্ম ধ্যান করিতেছি এবং সেই ব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছি। অতএব প্রকৃতি স্বরূপ শবল সেই আত্মার শরণাপন্ন হইলাম, এইরূপে উক্ত ব্রহ্মমন্ত্র জপ ও ব্রহ্মধ্যান করিবে। যেমন পরিশ্রান্ত অশ্ব স্বীয় রোম কম্পিত

শরীরমকৃতং কৃতাত্মা ব্রহ্মলোকমভিসম্ভবামীত্যভিসম্ভবা-
মীতি ॥ ১ ॥

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

পাংশ্বাদি চ রোমতোঽপনীয় যথা নির্ম্মলো ভবত্যেবং হার্দ্দব্রহ্মজ্ঞানেন বিধূয় পাপং ধর্ম্মাধর্ম্মাখ্যং চন্দ্র ইব চ মুখদ্রাহুগ্রস্তস্তস্মাদ্রাহোর্ম্মুখাৎ প্রমুচ্য ভাস্বরো ভবতি যথৈবং ধূত্বা প্রহায় শরীরং সর্ব্বানর্থাশ্রয়মিহৈব ধ্যানেন কৃতাত্মা কৃতকৃত্যঃ সন্নকৃতং নিত্যং ব্রহ্মলোকমভিসম্ভবামীতি। দ্বির্ব্বচনং মন্ত্রপরিসমাপ্ত্যর্থম্ ॥ ১ ।

ইতি ত্রয়োদশঃ খণ্ড ॥ ১৩ ॥

করিয়া সেই রোম কল্পনদ্বারা পরিশ্রম নিবারণ করে এবং শরীরগত ধূলিসকল নিক্ষেপ করিয়া নির্ম্মল হয়, সেইরূপ মানবগণ ব্রহ্মধ্যানদ্বারা ধর্ম্মাধর্ম্মাখ্য পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া থাকে এবং চন্দ্র যেমন রাহুর মুখ হইতে বহির্গত হইয়া প্রকাশ পায়েন, সেইরূপ ব্রহ্মধ্যানদ্বারা আত্ম-জ্যোতিতে প্রকাশিত হইতে থাকে। পরে সর্ব্বপ্রকার অনর্থের আশ্রয় এই অপ্রকৃত শরীর পরিত্যাগ করিয়া ব্রহ্মধ্যানদ্বারা কৃতকৃত্য হয় এবং প্রকৃত ব্রহ্মলোক প্রাপ্ত হইতে পারে ॥ ১ ।

ইতি ত্রয়োদশ খণ্ড ॥ ১৩ ॥

অষ্টমপ্রপাঠকে-

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

আকাশো বৈ নাম নামরূপয়োর্নির্ব্বহিতা তে যদন্তরাতদ্ব্রহ্ম তদমৃতংতস-আত্মা প্রজাপতেঃ সভাং

আকাশো বৈ ইত্যাদি ব্রহ্মণো লক্ষণনির্দ্দেশার্থম্। আধ্যানায়াকাশো বৈ নাম শ্রুতিষু প্রসিদ্ধ আত্মা। আকাশ ইবাশরীরত্বাৎ সূক্ষ্মত্বাচ্চ স চাকাশো নাম। নামরূপয়োঃ স্বাত্মস্থয়োর্জ্জগদ্বীজভূতয়োঃ সলিলস্থেব ফেনসংস্থানীয়য়োর্নির্ব্বহিতা নির্ব্বোঢ়া ব্যাকর্ত্তা। তে নামরূপে যদন্তরা যস্ত ব্রহ্মণোঽন্তরা মধ্যে বর্ত্তেতে তয়োর্ব্বা নামরূপয়োরন্তরা মধ্যে যন্নামরূপাভ্যামস্পৃষ্টম্। যদি তদ্ব্রহ্ম নামরূপবিলক্ষণং নামরূপাভ্যামস্পৃষ্টং তথাপি তয়োর্নির্ব্বোঢ়ৈব লক্ষণং ব্রহ্মেত্যর্থঃ। ইদমেব মৈত্রেয়ীব্রাহ্মণোক্তং চিন্মাত্রানুগমাৎ সর্ব্বত্র চিৎ স্বরূপতৈবেতি গম্যতে একবাক্যতয়াত্মা।

পূর্ব্বে "আকাশোবৈ নাম ব্রহ্ম" ইত্যাদি শ্রুতিতে যে ব্রহ্মোপাসনা উক্ত হইয়াছে, এইক্ষণ সেই ব্রহ্মলক্ষণ নিরূপণ করিতেছেন।—"আধ্যানায়াকাশোবৈ নাম" ইত্যাদি শ্রুতিতে যে আত্মা প্রসিদ্ধ আছেন, সেই আত্মা আকাশের ন্যায় সূক্ষ্ম ও অশরীর। যেমন সলিলস্থ ফেনরাশি জলকে ব্যক্ত করে, সেইরূপ আত্মা স্বীয় নাম ও রূপের ব্যক্তীকরণকর্ত্তা, অর্থাৎ জল যেমন আত্মস্থ ফেন বহন করে, সেইরূপ আত্মা স্বীয় নামরূপ বহন করিয়া থাকেন। সেই নামরূপ যাঁহার মধ্যে বর্ত্তমান আছে, অথবা যিনি নামরূপের মধ্যে বর্ত্তমান থাকিয়াও সেই নামরূপকর্ত্তৃক অসংস্পৃষ্ট আছেন, তিনিই ব্রহ্ম। যদিও সেই ব্রহ্ম নামরূপের অতিরিক্ত এবং নামরূপকর্ত্তৃক অসংস্পৃষ্ট, তথাপি তিনিই নামরূপের বহন কর্ত্তা। এইরূপে ব্রহ্মলক্ষণ নির্দ্দিষ্ট আছে। মৈত্রেয়ীব্রাহ্মণেও এইরূপে ব্রহ্মলক্ষণ উক্ত আছে যে, ব্রহ্মের

বেশ্ম প্রপদ্যে যশোঽহং ভবামি ব্রাহ্মণানাং যশো রাজ্ঞাং যশো বিশাং যশোঽহমনুপ্রাপৎসি স হাহং যশসাং যশঃ

কথং তদবগম্যত ইত্যাহ স আত্মা। আত্মা হি নাম সর্ব্বজন্তূনাং প্রত্যক্ চেতনঃ স্বসংবেদ্যঃ প্রসিদ্ধস্তেনৈব স্বরূপেণোন্নীয় অশরীরো ব্যোমবৎ সর্ব্বগত আত্মা ব্রহ্মেত্যব গন্তব্যম্। তচ্চাত্মা ব্রহ্মামৃতমমরণধর্ম্মা। অত-ঊর্দ্ধং মন্ত্রঃ। প্রজাপতিশ্চতুর্মুখস্তস্য সভাং বেশ্ম প্রভূবিমতং বেশ্ম প্রপদ্যে গচ্ছেয়ম্। কিঞ্চ যশোঽহং যশো নামাত্মাহং ভবামি ব্রাহ্মণানাম্। ব্রাহ্মণা এব হি বিশেষতস্তমুপাসতে। অতস্তেষাং যশো ভবামি। তথা রাজ্ঞাং বিশাঞ্চ। তেঽপ্যধিকৃতা এবেতি তেষামপ্যাত্মা ভবামি। তদ্যশোঽহমনুপ্রাপৎসি প্রাপ্স্যামি প্রাপ্তুমিচ্ছামি। স হাহং যশসামাত্মনাং দেহেন্দ্রিয়মনোবুদ্ধিলক্ষণানাং যশসামাত্মা। কিমর্থমহমেবং প্রপদ্যে ইত্যুচ্যতে। শ্বেতং বর্ণতঃ পক্কবদরসমং রোহিতম্। তথাঽদৎকং দন্তরহিতমপ্যদৎকং

চিন্মাত্রানুগমপ্রযুক্ত সর্ব্বত্রই তাহার চিৎস্বরূপতা জানা যায়। উক্ত শ্রুতিদ্বয়ের একবাক্যতাহেতু আত্মার উক্ত স্বরূপই পরিজ্ঞেয়। কিরূপে সেই আত্মাকে জানিতে হয়, তাহাই বিবেচ্য। আত্মাই সর্ব্বজন্তুর প্রত্যক্‌চেতন, তিনি স্বসংবেদ্য বলিয়া প্রসিদ্ধ আছেন। সেই প্রকার ব্রহ্মস্বরূপের উন্নয়ন করিয়া আকাশের ন্যায় অশরীর ও সর্ব্বগ আত্মাই ব্রহ্ম এইরূপে তাহাকে জানিবে। সেই ব্রহ্ম অমৃত, অর্থাৎ তাঁহার মরণ নাই। এইরূপে ব্রহ্মলক্ষণ জানিয়া বক্ষ্যমাণরূপে আমি চতুর্ম্মুখের গৃহপ্রবেশ করি, আমি ব্রাহ্মণগণের যশোনাম আত্মা; যেহেতু ব্রাহ্মণগণই বিশেষরূপে তাঁহার উপাসনা করিয়া থাকেন, অতএব তাঁহাদিগের যশঃস্বরূপ হইতেছি। এইরূপ আমি ক্ষত্রিয়দিগের ও বৈশ্যগণের যশঃস্বরূপ হই, ক্ষত্রিয়গণ অধিকারী বিধায় তাহাদিগের আত্মা হইতেছি। আমি সেই ব্রহ্মের যশঃ পাইতে ইচ্ছা করি। আমি দেহ, ইন্দ্রিয়, মন ও বুদ্ধিরূপ যশের আত্মা, এক্ষণে এইরূপে মন্ত্রজপ করিবে। কি নিমিত্ত এইরূপ উপাসনা করিবে, তাহাই বক্তব্য।

শ্বেতমদৎকমদৎকং শ্বেতং লিন্দুমাভিগাং লিন্দুমাভি-
গাম্ ॥ ১ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

ভক্ষয়িতৃ তেজোবলবীর্য্যবিজ্ঞানধর্ম্মাণামপহন্তৃ বিনাশয়িত্রিত্যেতৎ। সৎ সেবিনাং স্ত্রীব্যঞ্জনং যদেব লক্ষণং শ্বেতং লিন্দু পিচ্ছলং তং মাভিগাং মাভিগচ্ছেয়ম্ দ্বির্ব্বচনমত্যন্তানর্থহেতুত্ব প্রদর্শনার্থম্ ॥ ১ ॥

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪ ॥

সেই আত্মা অদন্ত হইয়াও তিনিই ভক্ষক, অর্থাৎ তেজঃ, বল, বীর্য্য, বিজ্ঞান ও ধর্ম্ম এই সকলের বিনাশকর্ত্তা আত্মা ভিন্ন আর নাই। অতএব সেই আত্মার উপাসনা অবশ্য কর্ত্তব্য ॥ ১ ॥

ইতি চতুর্দ্দশ খণ্ড ॥ ১ ॥

পঞ্চদশঃ খণ্ডঃ।

তদ্ধৈতদ্‌ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্ম্মনবে মনুঃ প্রজাভ্য আচার্য্যকুলাদ্বেদমধীত্য যথা বিধানং গুরোঃ

তদৈতদাত্মজ্ঞানং সোপকরণমোমিত্যেতদক্ষরমিত্যাদ্যৈঃ সহোপাসনৈস্তদ্বাচকেন গ্রন্থেনাষ্টাধ্যায়লক্ষণেন সহ ব্রহ্মা হিরণ্যগর্ভঃ পরমেশ্বরো বা তদ্দ্বারেণ প্রজাপতয়ে কশ্যপায়োবাচ। অসাবপি মনবে স্বপুত্রায়। মনুঃ প্রজাভ্যঃ। ইত্যেবং শ্রুত্যর্থসম্প্রদায়পরম্পরয়াগতমুপনিষদ্বিজ্ঞানমদ্যাপি বিদ্বৎস্ববগম্যতে। যথেহ ষষ্ঠাদ্যধ্যায়ত্রয়ে প্রকাশিতাত্মবিদ্যা সফলাঽবগম্যতে তথা কর্ম্মণা ন কশ্চনার্থ ইতি প্রাপ্তে তদানর্থক্যপ্রাপ্তিপরিজিহীর্ষয়েদং কর্ম্মণো বিদ্বদ্ভিরনুষ্ঠীয়মানস্য বিশিষ্টফলবত্ত্বেনার্থবত্ত্বমুচ্যতে। আচার্য্যকুলাদ্বেদমধীত্য সহার্থতোঽধ্যয়নং কৃত্বা যথা বিধানং যথা শ্রুত্যুক্তৈর্নিয়মৈ-

---

হিরণ্যগর্ভ ব্রহ্মা, অথবা পরমেশ্বর ওঙ্কারাদির উপাসনা এবং তদক্ষর বাচক অষ্টাধ্যায়লক্ষণ গ্রন্থদ্বারা তত্ত্ববিজ্ঞান প্রজাপতি কশ্যপকে বলিয়াছিলেন, অনন্তর কশ্যপ মনুকে উক্ত আত্মতত্ত্ব উপদেশ করেন, তৎপরে মনু প্রজাবর্গের নিকট উহা প্রকাশ করিয়াছিলেন। এইরূপে গুরুপরম্পরায় শ্রুতির অর্থ সমুদায় উপনিষদ্বিজ্ঞানরূপে বিদ্বন্মণ্ডলীতে আগত হইয়াছে, ষষ্ঠাদি অধ্যায়ত্রয়ে যেরূপে আত্মবিদ্যা প্রকাশিত হইয়াছে, তাহাই সফল বলিয়া জানা যায়, পরন্তু কর্ম্মদ্বারা কোন অর্থই সাধিত হয় না। এইরূপে কর্ম্মের আনর্থক্য প্রাপ্তি হইলে সেই আনর্থক্য নিবারণেচ্ছায় বিদ্বদ্বর্গের অনুষ্ঠীয়মান কর্ম্মের সার্থকতা কথিত হইতেছে। আচার্য্যের নিকট বেদ অধ্যয়ন পূর্ব্বক সেই অধীত বেদের অর্থাবগতি করিয়া যথাবিধানে শ্রুত্যুক্ত নিয়ম সংযুক্ত হইয়া স্মৃত্যুক্ত সকল বিধির অনুষ্ঠান করিবে। এই

কর্ম্মাতিশেষেণাভিসমাবৃত্য কুটুম্বে শুচৌ দেশে স্বাধ্যায়-
মধীয়ানো ধার্ম্মিকান্ বিদধদাত্মনি সর্ব্বেন্দ্রিয়াণি সম্প্রতি-
ষ্ঠাপ্যাহিংসন্নং সর্ব্বভূতান্যন্যত্র তীর্থেভ্যঃ স খল্বেবং

র্যুক্তঃ সন্নিত্যর্থঃ। সর্ব্বস্যাপি বিধেঃ স্বত্যুক্তস্যোপকুর্ব্বাণকং প্রতি কর্ত্তব্যত্বে গুরুশুশ্রূষায়াঃ প্রাধান্যপ্রদর্শনার্থমাহ। গুরোঃ কর্ম্ম যৎকর্ত্তব্যং তৎকৃত্বা কর্ম্মশূন্যো যোঽতিশিষ্টঃ কালস্তেন কালেন বেদমধীত্যেত্যর্থঃ। এবং হি নিয়মবতাধীতো বেদঃ কর্ম্ম জ্ঞানফলপ্রাপ্তয়ে ভবতি নান্যথেত্যভিপ্রায়ঃ। অভিসমাবৃত্য ধর্ম্মজিজ্ঞাসাং সমাপয়িত্বা গুরুকুলান্নিবৃত্য ন্যায়তো দারানা-হৃত্য কুটুম্বে স্থিত্বা গার্হস্থ্যে বিহিতে কর্ম্মণি তিষ্ঠন্নিত্যর্থঃ। তত্রাপি গার্হস্থ্যবিহিতানাং কর্ম্মণাং স্বাধ্যায়স্য প্রাধান্যপ্রদর্শনার্থমুচ্যতে। শুচৌ বিবিক্তে অমেধ্যাদিরহিতে দেশে যথাবদাসীনঃ স্বাধ্যায়মধীয়ানো নিত্য-নৈমিত্তিকং কর্ম্মাধিকঞ্চ যথা শক্তিতো ঋগাদ্যভ্যাসঞ্চ কুর্ব্বন্ ধার্ম্মিকান্ পুত্রান্ শিষ্যাংশ্চ ধর্ম্মযুক্তান্ বিদধদ্ধার্ম্মিকত্বেন তান্নিয়ময়ন্নাত্মনি স্বহৃদয়ে

নিমিত্তই গুরুশুশ্রূষার প্রাধান্য কথিত হয়। গুরুর কর্ত্তব্য কর্ম্ম সকল সমাপন করিয়া কর্ম্মশূন্য হইবে এবং অবশিষ্টকাল বেদ অধ্যয়ন করিতে হইবে, এইরূপে নিয়ম পালন পূর্ব্বক বেদ অধ্যয়ন করিলেই অধীত বেদ কর্ম্মফল ও জ্ঞানফলপ্রাপ্তির নিমিত্ত হইয়া থাকে। অন্যথা কোন ফল-প্রাপ্তি হইতে পারে না। অনন্তর ধর্ম্মজিজ্ঞাসা সমাপনপূর্ব্বক গুরুকুল হইতে নিবৃত্ত হইয়া ন্যায়ানুসারে দারগ্রহণ করিবে। তৎপরে কুটুম্ববর্গের মধ্যবর্ত্তী হইয়া যথাবিহিত গার্হস্থ্যকর্ম্মে নিযুক্ত থাকিবে। এই গার্হস্থ্য-বিহিত কর্ম্মসকলের মধ্যেও অধ্যয়নের প্রাধান্য বলা যায়। নির্জ্জন পবিত্রস্থানে যথাবিধি উপবেশন করিয়া বেদ অধ্যয়ন করত যথাশক্তি নিত্য নৈমিত্তিক কর্ম্ম সমাপনপূর্ব্বক ঋগাদি বেদ অভ্যাস করিবে। অন-ন্তর ধার্ম্মিক পুত্রসকলকে এবং ধর্ম্মযুক্ত শিষ্যগণকে ধর্ম্মকার্য্যে নিয়োগ করিবে এবং পুত্র ও শিষ্যদিগকে নিয়মিত করিয়া হৃদয় পুণ্ডরীকস্থ ব্রহ্মেতে

বর্ত্তয়ন্ যাবদায়ুষং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে ন চ পুনরা-
বর্ত্ততে ন চ পুনরাবর্ত্ততে ॥ ১ ॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে অষ্টমঃ
প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৮ ॥

ইতি সামবেদীয়-ছান্দোগ্যোপনিষৎ সম্পূর্ণা।
॥ * ॥ ওঁ তৎ সৎ ওঁ ॥ * ॥

হার্দ্দে ব্রহ্মণি সর্ব্বেন্দ্রিয়াণি সম্প্রতিষ্ঠাপ্যোপসংহৃত্য সর্ব্বেন্দ্রিয়গ্রহণাৎ কর্ম্মাণি চ সন্ন্যস্যাহিংসয়ন্ হিংসাং পরপীড়ামকুর্ব্বন্ সর্ব্বভূতানি স্থাবর-জঙ্গমানি ভূতান্যপীড়য়ন্নিত্যর্থঃ। ভিক্ষানিমিত্তমটনাদিনাপি পরপীড়া স্যাদিত্যত আহ। অন্যত্র তীর্থেভ্যঃ। তীর্থং নাম শাস্ত্রানুজ্ঞা বিষয়স্ততো-ঽন্যত্রেত্যর্থঃ। সর্ব্বাশ্রমিণাং চৈতৎ সমানম্। তীর্থেভ্যোঽন্যত্রাহিংসৈ-বেত্যন্যে বর্ণয়ন্তি। কুটুম্বে এবৈতৎ সর্ব্বং কুর্ব্বন্ স খল্বধিকৃতো যাবদা-য়ুষং যাবজ্জীবমেবং যথোক্তেন প্রকারেণৈবং বর্ত্তয়ন্ ব্রহ্মলোকমভি-সম্পদ্যতে দেহান্তে। ন চ পুনরাবর্ত্ততে। শরীরগ্রহণায় পুনরাবৃত্তেঃ

সর্ব্বেন্দ্রিয় স্থাপন পূর্ব্বক, অর্থাৎ সর্ব্বেন্দ্রিয়ের কর্ম্ম সকল সংহার করিয়া স্থাবরজঙ্গমাত্মক সর্ব্বভূতের প্রতি হিংসা পরিত্যাগ করিবে, অর্থাৎ কোন-রূপে কাহাকেও পীড়ন করিবে না। যদি বল, ভিক্ষা নিমিত্ত অটনা-দিতে হিংসা হইয়া থাকে, কিন্তু তাহাতে দোষ নাই, যেহেতু শাস্ত্রপরি-প্রাপ্তবিষয়ে হিংসাজনিতদোষ হইতে পারে না। সর্ব্বাশ্রমীর পক্ষেই ভিক্ষা নিমিত্ত অটন শাস্ত্রে উক্ত আছে। অতএব জানা যায় যে শাস্ত্রোক্ত হিংসা ভিন্ন অন্য হিংসাই দোষজনক। পূর্ব্বোক্ত প্রকারে কুটুম্ব পরিপালন পূর্ব্বক যাবজ্জীবন যথোক্ত প্রকৃতকার্য্যে কালযাপন করিবে। তাহাহইলেই দেহ-

প্রাপ্তায়াঃ প্রতিষেধাৎ। অর্চ্চিরাদিনা মার্গেণ কার্য্যব্রহ্মলোকমভিসম্পদ্য যাবদ্‌ব্রহ্মলোকস্থিতিস্তাবত্তত্রৈব তিষ্ঠতি প্রাকৃতো নাবর্ত্তত ইত্যর্থঃ। দ্বিরভ্যাস উপনিষদ্বিদ্যাপরিসমাপ্ত্যর্থঃ ॥ ১ ॥

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ১৫ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎ-পূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে অষ্টমঃ প্রপাঠকঃ সমাপ্তঃ ॥ ৮ ॥

ইতি সামবেদীয় ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যং সমাপ্তম্।

॥ * ॥ ওঁ তৎ সৎ ওঁ ॥ * ॥

পাতাবসানে ব্রহ্মলোক লাভ করিতে পারে, তাহার আর এই সংসারে পুনরাবৃত্তি, অর্থাৎ জন্মগ্রহণ করিতে হয় না। যেহেতু ব্রহ্মপ্রাপ্তের শরীর গ্রহণের নিমিত্ত পুনরাগমনের নিষেধ আছে। অর্চ্চিরাদিমার্গদ্বারা ব্রহ্মলোকে গমন করিয়া যাবৎকাল ব্রহ্মলোকের অবস্থিতি থাকে, তাবৎকাল সেই ব্রহ্মলোকে অবস্থান করিতে পারে ॥ ১ ॥

ইতি পঞ্চদশ খণ্ড ॥ ১৫ ॥

ইতি অষ্টম প্রপাঠক সমাপ্ত ॥ ৮ ॥

ইতি সামবেদীয় ছান্দোগ্যোপনিষৎ ভাষার্থ সম্পূর্ণ।

॥ * ॥ ওঁ হরিঃ ওঁ ॥ * ॥

